# THE ray

PRIME UNIVERSITY MAGAZINE 2024



PRIME UNIVERSITY

PRIME UNIVERSITY MAGAZINE 2024

7TH ISSUE

# PRIME UNIVERSITY

*... a home for rendering prime knowledge*

# ADMISSION OPEN

UP TO **100% TUITION FEE WAIVER**

*Based on Academic Result*

## OUR PROGRAMS

### Faculty of Business Studies

- Bachelor of Business Admirations (BBA)
- Bachelor of Business Information System (BBIS)
- Master of Business Admiration (MBA)

### Faculty of Arts & Social Sciences

- BA (Hons) in Bangla
- BA (Hons) in English
- Bachelor of Education (BEd)
- Masters of Education (MEd)

### Faculty of Engineering

- BSc in Civil Engineering
- BSc in Computer Science & Engineering (CSE)
- BSc in Electrical & Electronic Engineering (EEE)

### Faculty of Law

- Bachelor of Laws (Hons)
- Master of Laws (LLM-Regular)
- Master of Law (Preli & Final)

### Faculty of IT

- BSc in Computer Science (CS)



International Collaboration

CENTURION UNIVERSITY

## Financial Facilities & Feature

- The student having GPA 5.00 both in SSC & HSC shall get 100% tuition fee waiver.
- The Children of Freedom Fighters shall get tuition fee waiver as per government rules.
- Spouse and Sibling of existing students shall get 100% tuition fee waiver.
- Physically Challenged, Tribal, Cultural activists and Sports persons shall get up to 50% tuition fee waiver.
- Tuition fees payable in monthly installments.
- Corporate and Group waiver facilities are available.
- Hostel facility for the students.

**Admission Office**

116/114 Mazar Road, Mirpur -1, Dhaka- 1216, Bangladesh
Mobile: +88 01710-996196, +88 01939-425030, +88 01687-191986
Tel: +88 0241002435, Fax: +88 048038149, PABX: 0241002432, EX-102
E-mail: admission@primeuniversity.edu.bd, admission.primeuniversity @gmail.com
Website: www.primeuniversity.ac.bd, facebook.com/primevarsity




# THE RAY

## 7th Issue 2024


## PRIME UNIVERSITY

**114/116, Mazar Road, Mirpur-1, Dhaka-1216**

# EDITORIAL BOARD

**Patrons:**

**Al-haj Tofazzal Hossain** — **Patron**
Senior Vice Chairman, Board of Trustees

**Nrepen Maitra** — **Patron**
Member, Board of Trustees

**Asia Zaman (Reta Zaman)** — **Patron**
Member, Board of Trustees

**Anwer Hossain Khan** — **Patron**
Member, Board of Trustees

**Advisor:**

**Professor Dr. Abdur Rahman**
Vice Chancellor (Acting)

**Editorial Board:**

**Dr. Rakibul Hassan** — **Editor**
Professor, Department of Bangla

**Md. Al-Amin** — **Associate Editor**
Lecturer, Dept. of Bangla

**M. A. Jabber** — **Member**
Registrar

**Rakib Uddin** — **Member**
Assistant Prof., Dept. of English

**Sujit Kumer Deb Nath** — **Member**
Assistant Prof., Dept. of Business Admin.

**Shirin Sultana** — **Member Secretary**
Assistant Director
Centre for Research, HRD and Publications

**Published by:** Centre for Research, HRD and Publications
Prime University
114/116, Mazar Road, Mirpur-1, Dhaka-1216



# MESSAGE
# OF
# THE CHAIRMAN
# BOARD OF TRUSTEES

It is with great pleasure that I extend my warmest greetings to all the members of the Prime University community as we unveil the 7th Issue of The Ray, our esteemed annual magazine. This publication serves not only as a chronicle of our achievements but also as a reflection of our enduring commitment to excellence in education, research and community service.

As we look back on another year of growth, we find ourselves standing at the crossroads of tradition and innovation. Prime University continues to thrive as a beacon of knowledge where academic rigor is harmonized with ethical values and where young minds are nurtured to become the leaders of tomorrow. The world is changing rapidly and we must equip our students to be adaptive, innovative and resilient in facing the challenges of the future. Through our concerted efforts I am confident that we are preparing a generation of graduates who will contribute significantly to the development of our nation and the global community.

The successes we have achieved this past year are the result of the dedication and hard work of many. I extend my sincere thanks to our faculty members who inspire and guide our students with their vast knowledge and unwavering commitment. To our administrative staff, your behind-the-scenes efforts ensure that the University runs smoothly and for that we are deeply grateful. Most importantly, I wish to acknowledge our students whose passion for learning and thirst for knowledge drive the University to continuously evolve and innovate.

In this issue of The Ray, we highlight not only academic accomplishments but also the creativity, talents, and voices of our diverse community. It is heartening to see how our students and faculty members are engaging in impactful research, contributing to social causes and participating in extracurricular activities that foster holistic growth. These stories remind us that education at Prime University goes beyond the classroom—it encompasses character building, personal development and community engagement.

As we move forward, the Board of Trustees remains committed to supporting the university's vision and mission to provide high-quality education that is accessible to

all while continuing to develop state-of-the-art facilities and ensuring a dynamic learning environment. We will continue to work closely with all stakeholders to maintain the highest standards of academic and institutional excellence.

I would like to express my heartfelt congratulations to the editorial team for their hard work in producing this remarkable publication. The Ray shines a light on the best of what Prime University stands for and I hope it will inspire all of us to strive for even greater heights in the future.

On behalf of the Board of Trustees, I wish everyone in the Prime University family continued success and looked forward to another year of progress and achievement.

With best wishes,

**Anwar Kamal Pasha**



# MESSAGE
# OF
# THE VICE CHANCELLOR

It is my distinct pleasure to address the Prime University community and esteemed readers of The Ray, our cherished annual magazine. As we publish 7$^{th}$ issue, we take a moment to reflect on the achievements, milestones, and progress that define our journey over the past year. This publication embodies the spirit of our university and showcases the hard work, creativity and excellence that flow through every corner of our academic environment.

Prime University stands tall as a center of learning, innovation, and holistic development. We have always remained committed to providing a high-quality education that equips our students not only with knowledge but also with the skills and values necessary to navigate an ever-changing world. In an era of rapid technological advancement and global interconnectedness, the role of universities has become more critical than ever. We must prepare our students to be forward-thinking, adaptable and resilient as they will take on the challenges of tomorrow.

Throughout the past year, Prime University continued to make significant strides in various domains. Our faculty members and students have engaged themselves in groundbreaking research, innovative projects and meaningful community service. We have introduced new academic programs and enhanced our infrastructure to ensure that our students have access to the best possible learning resources. Our unwavering focus on academic excellence is evident in the accomplishments of our students whose achievements make us immensely proud.

The dedication of our faculty members, staff, and students has been instrumental in shaping the University's ongoing success. I would like to extend my heartfelt gratitude to our esteemed faculty members whose passion for teaching and research inspire our students to reach new heights. To the staff whose tireless efforts behind the scenes enable the smooth functioning of Prime University we owe much of our success. On the other hand our students, you are the heart of this institution. Their energy, enthusiasm, and thirst for knowledge fuel our drive to continually improve and innovate.

The Ray serves as a testament to the diversity and dynamism of our university community. It highlights not only our academic achievements but also the rich array of extracurricular activities, social initiatives and creative endeavors that our students and

faculty are involved in. This issue captures the essence of Prime University where learning goes hand in hand with personal growth and social responsibility.

As I look ahead to the future, I am filled with optimism. Prime University is committed to embracing the evolving demands of education while staying true to our core mission of fostering intellectual curiosity, critical thinking and ethical values. Our vision for the future is one of continued growth where we will strengthen our academic offerings, deepen our engagement with industry and society and expand our global partnerships.

I would like to express my appreciation to the editorial team of The Ray for their hard work in bringing this wonderful publication to life. I encourage all readers to immerse themselves in the stories, reflections, and insights shared within these pages which are a celebration of what makes Prime University truly special.

With best wishes for another year of success and fulfillment,



**Prof. Dr. Abdur Rahman**



# সম্পাদকীয়

প্রাইম ইউনিভার্সিটির নিয়মিত প্রকাশনা হিসেবে ‘দ্যা রে’ (‘The Ray’) পত্রিকার ৭ম সংখ্যা প্রকাশিত হতে চলেছে, যা নিঃসন্দেহে অতি আনন্দ ও গৌরবের। বর্তমান সংখ্যা ঋদ্ধ হয়েছে প্রাইম ইউনিভার্সিটির শিক্ষার্থী ও শিক্ষকগণের সমৃদ্ধ রচনায়। দেশের স্বনামধন্য অনেক লেখক এই সংখ্যায় তাঁদের লেখা দিয়েছেন, যার ফলে পূর্ববর্তী সংখ্যাগুলো অপেক্ষা এই সংস্করণ সম্পূর্ণরূপে আলাদা আদল পেয়েছে মর্মে আশা করা যায়।

‘দ্যা রে’ (‘The Ray’) পত্রিকার এই সংখ্যা সকল শ্রেণির পাঠকদের দৃষ্টি আকর্ষণ করতে পারবে বলে আমার বিশ্বাস। মূলত প্রাইম ইউনিভার্সিটির শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভা বিকাশের প্রকাশমাধ্যম হিসেবে এই পত্রিকা সবিশেষ গুরুত্ব সংরক্ষণ করে এবং এই সংখ্যায় তা ভিন্নমাত্রা অর্জন করতে পেরেছে, যা পাঠকগণ খুব সহজেই বিচার করতে পারবেন।

প্রাইম ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্যগণ এই ধরনের প্রকাশনায় নিরন্তর সহযোগিতা অব্যাহত রেখেছেন, যা মহৎ মানসিকতার বহিঃপ্রকাশ। শিল্প, সাহিত্য, সংস্কৃতি বিকাশের ক্ষেত্রে তাঁদের এরূপ মানসিকতা অনন্য। তাঁদের প্রতি অশেষ কৃতজ্ঞতা। বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য সবগুলো রচনা পড়ে তার মূল্যবান মতপ্রকাশের মাধ্যমে এই সংখ্যার মানোন্নয়নে সক্রিয় ভূমিকা পালন করেছেন, সম্পাদনা পর্ষদের সকল সদস্য বিশেষ গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন; তাদের প্রতি সম্পাদনা পর্ষদ কৃতজ্ঞতা জ্ঞাপন করছে।

সবশেষে, এই সংখ্যার সফলতার কৃতিত্ব সকল লেখকের। অনিচ্ছাকৃত ত্রুটি, প্রমাদের দায় আপন স্কন্ধে বহন করছি।

সকলের জন্য শুভকামনা।



**অধ্যাপক ড. রকিবুল হাসান**

# PRIME UNIVERSITY

## Board of Trustees- 2024




**Engineer Md. Towhidur Rahman, CIP**
Chairman



**Al-haj Tofazzal Hossain**
Senior Vice Chairman



**Anwar Kamal Pasha**
Vice Chairman



**Md. Ashraf Ali**
Secretary General



**Firoj Mahmud Hossain**
Treasurer



**Mir Shahabuddin**
Member

# PRIME UNIVERSITY

## Board of Trustees- 2024




**Adv. Abul Kalam Azad**
Member



**Sajjatuz Jumma**
Member



**Nrepen Maitra**
Member



**Anwer Hossain Khan**
Member



**Asia Zaman (Reta Zaman)**
Member



**Prof. Dr. Abdur Rahman**
Member & Vice Chancellor (Acting)

# Contents

## প্রবন্ধ


| | | | |
|---|---|---|---|
| অধ্যাপক ড. রকিবুল হাসান | : | কবি-সাহিত্যিক-শিল্পীর ট্র্যাজেডি | ১৪ |
| ড. জাভেদ মাহমুদ | : | রাজশাহী, মার্চ ১৯৭১ - বাঙালি পুলিশ বাহিনীর বীরত্ব | ১৮ |
| Md. Jahidul Azad | : | William Shakespeare: The Bard of Avon | ২১ |
| তাহমিনা আক্তার নোভা | : | সংস্কৃতি : বর্তমান প্রেক্ষাপট | ২৫ |
| তনিমা সুলতানা | | বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা : অতীত, বর্তমান ও ভবিষ্যত | ২৯ |
| ফাহমিদা হাফিজ লুবনা | : | মহানায়ক তো এমনই হয়! | ৩১ |
| মো. শামীম রেজা | : | জীবনের জয়ধ্বনি | ৩৪ |
| আবু রায়হান | : | কেন আমরা বই পড়বো | ৩৬ |


## গল্প


| | | | |
|---|---|---|---|
| মো. পারভেজ হাসান | : | মোড় | ৩৮ |
| প্রতীক দাস শাওন | : | নেত্রকোনা উত্তর শহরের ছেলেটি!: প্রসঙ্গ ১৯৭১ | ৪২ |


## কবিতা (ফিরে দেখা)


| | | | |
|---|---|---|---|
| রবীন্দ্রনাথ ঠাকুর | : | সোনার তরী | ৪৫ |
| কাজী নজরুল ইসলাম | : | খেয়া-পারের তরণী | ৪৬ |
| Felicia Hemans | : | Casabianca | ৪৭ |


## কবিতা


| | | | |
|---|---|---|---|
| প্রফেসর ড. আবদুর রহমান খোকন | : | ঘোর অন্ধকার | ৪৯ |
| মাবিয়া মোমেন | : | অসময় নয় | ৫০ |
| মোহাম্মদ জসীম উদ্দিন খান | : | অপরূপা | ৫১ |
| মো. মিজান | : | জ্যোৎস্না রাতের কাব্যকথা | ৫২ |
| কে এম আশফিক মাহমুদ শুভ | : | অভিমান | ৫৩ |
| তানজিলা আক্তার চৈতী | : | কেমন আছে বাংলাদেশ! | ৫৪ |
| সাদিয়া মোবাশ্বিরা শশী | : | রুহ | ৫৫ |
| ইসরাত জাহান মুক্তি | : | যানজট | ৫৬ |
| Abu Bakar Ivna Mafuf | : | The Nightingale of My Garden | ৫৭ |
| জমির উদ্দিন মোল্লা | : | স্বাধীনতা মানে | ৫৮ |

## কবিতা


| | | | |
|---|---|---|---|
| ডা. মুহাম্মদ ইস্হাক তালুকদার | : | বাঙ্গালি প্রীতি | ৫৯ |
| ইয়াসিন আরাফাত | : | গন্তব্য | ৬০ |
| জুবায়ের আকন প্রান্ত | : | যেদিন আমি থাকব না | ৬১ |
| মোস্তাইন করিম মোজাদ্দেদ | : | কবিতা ও তুমি | ৬২ |
| Md. Manjurul Hossain | : | My Rain | ৬৩ |
| বেনি-আমিন যীম | : | নুনের সংসার | ৬৪ |
| ইফ্‌ফাত রেবেকা বৃষ্টি | : | বুলিং | ৬৫ |
| মো. আরিফুল ইসলাম | : | চার দেয়াল | ৬৫ |
| হাসিবুর রহমান জয় | : | আমি তো আড়াল করতে জানি | ৬৬ |


## অতিথি লেখকের লেখা


| | | | |
|---|---|---|---|
| মাহমুদ কামাল | : | সাম্প্রদায়িকতা ও ধর্মান্ধতা রোধে নজরুলের প্রাসঙ্গিকতা | ৬৮ |
| বিলু কবীর | : | আশ্চর্য আপ্যায়ন | ৭০ |
| আমিনুর রহমান সুলতান | : | তামাশার গান | ৭৫ |
| খসরু পারভেজ | : | আগন্তুকের ভেজা হাত | ৮০ |
| ড. সারিয়া সুলতানা | : | মুক্তচিন্তার আলোকবর্তিকা মহীয়সী বেগম রোকেয়া | ৮১ |
| মাসুদ রহমান | : | মিজোরামের মিনি তাজ ঘুরে : শুধু তব অন্তরবেদনা | ৮৪ |
| স. ম. শামসুল আলম | : | কাঁটা কিংবা অস্থির পাথর | ৮৯ |
| ওবায়েদ আকাশ | : | সার্থকতা | ৯৬ |
| নুরুন্নাহার মুন্নি | : | উন্নয়নের অগ্রযাত্রায় নারী এক হিরণ্ময় চরিত্র | ৯৭ |
| সৈয়দ তৌফিক জুহরী | : | চা-পাতার সৌরভ | ৯৯ |
| জান্নাতুল যূথী | : | রবীন্দ্রপ্রবন্ধে শিক্ষাদর্শন | ১০০ |
| আইরিন সুলতানা লিমা | : | মানুষ উৎপাদন জরুর | ১০৪ |
| মনি হায়দার | : | আহীর আলমের বাম পা | ১০৫ |
| মোহাম্মদ নূরুল হক | : | সমাজে সাহিত্যের প্রভাব ও লেখকের দায় | ১১৩ |

## অনুবাদ

মো. আল-আমীন : সুখী কর্মী ও সমৃদ্ধ প্রতিষ্ঠান: পর্যবেক্ষণ ১১৯
মূল : অ্যানি ম্যাকি

## ধর্মীয় রচনা

মোঃ মিনহাজুল ইসলাম : দুর্ব্যবহার ১২৩

## ভ্রমণকাহিনি

এনামুল হক নবীন : লাদাখ ডায়েরি ১২৬

## রম্যরচনা

রাকিব উদ্দীন : কাঁঠালকাণ্ড ১২৯

**Photo Gallery** 132

# প্রবন্ধ

# কবি-সাহিত্যিক-শিল্পীর ট্র্যাজেডি

## অধ্যাপক ড. রকিবুল হাসান [১]

মানুষের জীবনে আনন্দ ও বেদনা– জীবনের ডালে ভাই-বোনের মতো সম্পর্ক। অথবা নারীর কানে দুই দুলের মতো। একটাকে বাদ দিয়ে অন্যটা মানায় না। কিংবা নদীর দুকূলের মতো–এক কূলে নদী হয় না। জীনও তাই–আনন্দ বাদ দিয়ে শুধু দুঃখ নিয়ে জীবন হয় না, কিংবা শুধু দুঃখ নিয়ে আনন্দ বাদ দিয়ে জীবন হয় না। আনন্দ থাকলে বেদনা আসবে, কষ্ট আসবেই। আবার বেদনা থাকলে, কষ্ট থাকলে একদিন আনন্দ আসবে, সুখও আসবে। এটা চিরায়ত নিয়ম। যেন ভাইবোনের রক্তের সম্পর্কের মতো গভীর বন্ধনে আবদ্ধ–আনন্দ-বেদনা। যেমন সফলতা থাকলে একসময় ব্যর্থতা আসবে, আবার ব্যর্থতার সিঁড়ি বেয়েই সফলতা আসে। এ সবই জীবনের জন্য অনিবার্য। এড়িয়ে যাবার কোনো সুযোগ নেই। কিন্তু এসবের পেছনে একটা যুদ্ধ থাকে। ব্যর্থতাকে দূরে ঠেলে সফল হওয়ার, বেদনাকে ভুলে সুখী হওয়া, কষ্টকে ভুলে আনন্দে থাকা–এসবের জন্য মানুষের চেষ্টা চিরন্তন। মানুষ সারাজীবন হেরেও জিততে চায়–এ তার সাহস, এ তার প্রবল প্রবণতা। হারতে চায় না কেউই। কিন্তু সেই হারার ভেতর দিয়েই প্রবহমান নদীর মতো জীবন ভেসে চলে–ঝড়-ঝাপটা–প্রমত্ত ঢেউ–সবকিছুকে উপেক্ষা করে। জীবনজয়ী হতে চায় প্রত্যেকটা মানুষই। এ যেন জীবনেরই এক প্রবল শক্তি, যা জীবনের ভেতরেই থাকে, অধরা অচেনা হয়ে। কিন্তু ভেতরে ভেতরে তার যুদ্ধটা ঠিকই থাকে–এ যুদ্ধ মানুষের জন্ম থেকেই ছিল, এখনো আছে, ভবিষ্যতেও থাকবে। অতএব বেদনা কিংবা আনন্দ পৃথিবীতে ছিল, এখনো আছে, ভবিষ্যতেও থাকবে, প্রত্যেকটি মানুষের জীবনেই–তা সে যে দেশের যে প্রান্তের যে সমুদ্রপারেরই হোক। জীবনে আনন্দ-বেদনা সবচেয়ে বড় সত্য, যেমন সত্য মৃত্যু। কারো প্রকাশ কম, কারো বেশি। কেউ আনন্দে নগর-বন্দর গ্রামকে মাতোয়ারা করে তোলে, কেউ তোলে না। নীরবে নিভৃতে আনন্দ উপভোগ করে। আনন্দ উদ্‌যাপনেরও বহুমাত্রিকতা আছে। বেদনাও তাই। অনেকেই নীরবে কঠিন বেদনাকে আত্মস্থ করে নিয়ে চুপ থাকেন। কান্নাকাটি করে দশগ্রাম জানান দেন না। এক একজনের প্রকাশ একেকরকম। কিন্তু জীবনে আনন্দ-বেদনা যে অনিবার্য এটা অস্বীকারের কোনো সুযোগ নেই। তা যে মহারথীই হোন–যতবড় রাষ্ট্রনায়ক হোন–যতবড় লৌহমানব বা লৌহমানবী হোন–তার ভেতরও কষ্টের নীরব স্রোত থাকে, হয়তো বাইরে প্রকাশ ঘটে না। ব্যক্তিকজীবন থেকে শুরু করে প্রতিষ্ঠার চূড়ান্ত সিদ্ধি অর্জনের দীর্ঘ পথ পরিক্রমায় কঠিন শ্রম ত্যাগ কষ্ট অনিবার্যতায় পর্যবসিত, সেই দিনগুলো ভয়াবহ কষ্টের, সফলতায় তা হয়তো আড়ালে চলে যায়, কিন্তু ব্যক্তিমানুষটি যখন রাতের বিছানায় একা, মানসপটে তিনিই জানেন সেই যন্ত্রণার কষ্ট। আবার ব্যক্তিগত সম্পর্কেও ভয়াবহ বেদনা গভীর নদীর মতো হতে পারে। আনন্দেও ক্ষেত্রেও একই রূপ। পথের ভিখেরি থেকে শুরু করে রাজা-বাদশা-রাষ্ট্রনায়ক–সবার জীবনই আনন্দ-বেদনায় মোড়ানো।

পৃথিবীর অধিকাংশ কবি-সাহিত্যিক-শিল্পীদের জীবন দুঃখ-দৈন্য-দুর্দশার শিকার। চরম দুর্গতি আর মানুষের অবর্ণনীয় ঘৃণা-লাঞ্ছনা-অবজ্ঞা-অবহেলা-তুচ্ছ-তাচ্ছিল্য-অবমাননার ভেতর দিয়েই তাদের জীবনের চরম ভয়াবহ পরিণতি ঘটে। একি নিয়তির অমোঘ বিধান নাকি নিজেরাই নিজেদের এই ভয়াবহ জীবনের জন্য দায়ী– এসব উত্তর অমীমাংসিত। বাংলা সাহিত্যের প্রধান কবিদের মধ্যে অন্যতম প্রধান–রবীন্দ্রনাথ ঠাকুর, মাইকেল মধুসূদন দত্ত, কাজী নজরুল ইসলাম, জীবনানন্দ দাশ এবং সুকান্ত ভট্টাচার্য। তাঁদের জীবনের

[১] বহুমাত্রিক লেখক, অধ্যাপক এবং বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ

ইতিহাসও মোটেই সুখকর নয়। তাঁরাও বিভিন্নভাবে করুণ পরিণতির শিকার হয়েছেন। তাঁরাও অপমান-অবজ্ঞা-অসম্মানে জর্জরিত হয়েছেন। অথচ তাঁরা নিজস্ব চেষ্টায় বাংলা সাহিত্যকে অসামান্য উচ্চতায় প্রতিষ্ঠিত করেছেন। এঁদের কবিতার ধরন আলাদা–নিজস্বতায় উজ্জ্বল। প্রত্যেকেই কবিতার বাঁক পরিবর্তন করে কবিতার রাজ্যে নিজেদের রাজত্ব প্রতিষ্ঠা করে গেছেন। বিশেষ করে মাইকেল মধুসূদন, রবীন্দ্রনাথ ঠাকুর ও নজরুল ইসলাম বাংলা সাহিত্যকে যে পর্যায়ে উন্নীত করেছিলেন, তা একথায় অবিশ্বাস্য। এক্ষেত্রে তাঁদের সঙ্গে আর কোনো নাম উল্লেখে আসে না। মধুসূদন দত্ত কবিতায় নবজাগরণ ঘটান। তাঁর ট্রাজেডি মহাকাব্য–ব্যক্তিজীবন-পারিবারিক জীবন-অর্থনৈতিক–সর্বক্ষেত্রেই। রবীন্দ্রনাথ জমিদার, অর্থনৈতিক সমস্যা ও সঙ্কট না থাকলেও ব্যক্তিজীবন ছিল দুঃখ-শোকে-কষ্টে পূর্ণ। তাঁর দীর্ঘজীবনে মৃত্যু বহুবার হানা দিয়েছে। নিজের চোখের সামনে পুত্র-কন্যাদের মৃত্যু, এ বেদনা তাঁকে ক্ষতবিক্ষত করেছে। কাদম্বরী দেবীর আত্মহত্যা তাঁর চিন্তা-চেতনার জগতকেই পুরো বদলে দিয়েছিল। মৃণালিনী দেবীকেও হারিয়েছেন অসময়ে, যখন তাঁর যৌবন অস্তগামী। এসব মৃত্যুকে ধারণ করেই রবীন্দ্রনাথ সাহিত্য-সাধনায় ধ্যানমগ্ন থেকেছেন। পুরো রবীন্দ্রনাথই কঠিন শোক-দুঃখ-কষ্টেরই এক স্বরূপ ছিলেন।

কাজী নজরুল ইসলামের জন্মই হয়েছে দুঃখ-কষ্টের ভেতর। সেখান থেকে তাঁর মুক্তি ঘটেনি কখনোই, দারিদ্র্য-অসুস্থতা-প্রেম-বিরহ অবিচ্ছেদ্য হয়ে ছিল তাঁর জীবনে। ধূমকেতুর মতো তাঁর আবির্ভাব ঘটেছিল বাংলা সাহিত্যে, নিষ্প্রভও হয়ে গেছেন দ্রুত। সুকান্ত ভট্টাচার্য কবিতায় বারুদের মতো নিজের উপস্থিতি ঘটান, অল্পসময়ে যে বিস্ময় তিনি সৃষ্টি করেছিলেন, এখনো সে-বিস্ময় বাঙালি কবিতাপাঠক কাটিয়ে উঠতে পারেনি। শ্রেণি-সংগ্রামের দুঃসাহসী শ্লোগান-কবি হয়ে যে নতুনমাত্রা তিনি কবিতায় যুক্ত করেন, তা ছিল অভূতপূর্ব, একই সঙ্গে অসামান্য। জীবনানন্দ দাশের কবিতা এঁদের থেকে সম্পূর্ণ আলাদা ধরনের। তাঁর কবিতায় শব্দ ও চিত্রকল্প ব্যবহারের মাধ্যমে অনুভূতির গভীরতায় ঢুকে ঘ্রাণ-শ্রবণ-স্বাদের আস্বাদন তৈরি করে অসামান্য দক্ষতা দেখিয়েছেন। প্রয়োগ করেছেন বিবমিষা চিত্রকল্পের। তাঁর কবিতায় ভাবগত নতুনত্ব ও আঙ্গিকগত নতুনত্ব বাংলা কাব্যে একেবারেই নতুন সংযোজন। প্রকৃতিকে তিনি দেখেছেন নিখাদভাবে। আত্মমগ্ন জীবনানন্দ দাশের জীবনও সরলরেখায় চলেনি। তাঁকেও জীবন-জীবিকার জন্য নানারকম সংগ্রাম করতে হয়েছে, পেশা পরিবর্তন করতে হয়েছে। চাকরিচ্যুত হতে হয়েছে, সেটা আবার কবিতার কারণেই। দাম্পত্য জীবনের নানা সঙ্কট তাঁকে মানসিক যন্ত্রণায় ক্ষতবিক্ষত করেছে। তাঁর মৃত্যু আজও রহস্যেই বন্দি হয়ে আছে। ট্রামের চাকায় পিষ্ট হয়ে তাঁর যে মৃত্যু, তা কি স্বেচ্ছায় নাকি আত্মহত্যা, অমীমাংসিত।

বিশ্বসাহিত্যের ইতিহাসেও এ রকম দৃষ্টান্ত আছে। স্বল্পসময় সাহিত্য সাধনা করে গোটা বিশ্বকে বিস্মিত করে গেছেন। এসব লেখকদের অধিকাংশেরই সাহিত্য ও ট্রাজেডিজীবন পাঠকের কাছে সমান আগ্রহের বিষয়। একই সঙ্গে প্রশ্নটিও আফসোস ও বেদনার সঙ্গে শ্বাশত হয়ে থাকে, যদি তিনি সময় বেঁচে থাকতেন, কিংবা আরো সময় সাহিত্যচর্চা করতে পারতেন! যদিও বাস্তবে এর কোন মীমাংসা থাকে না। বিশ্বসাহিত্যেও এরকম উদাহরণ বিরল নয়। পৃথিবীখ্যাত অধিকাংশ সাহিত্যিকের পরিণতি প্রায় একইরকম ট্রাজিক। আমাদের মধুসূদন-নজরুল-সুকান্তের ভয়াবহ করুণ পরিণতি সে-সব পরিণতির সঙ্গে দারুণ রকমের মিলে যায়। স্বভাব কবি গোবিন্দচন্দ্র দাস ও কবি আবুল হাসানের মৃত্যুও এ প্রসঙ্গে উল্লেখযোগ্য।

নজরুল ইসলাম বিয়াল্লিশ সাল থেকে ছিয়াত্তর পর্যন্ত বাকরুদ্ধ ও বোধহীন হয়ে ছিলেন। সুকান্ত জীবন বোঝার আগেই হারিয়ে গেছেন। পোস্ট-ইমপ্রেশানিস্ট পল গগ্যাঁ ভয়াবহ দারিদ্রের মধ্যে জীবন কাটিয়েছেন। প্যারিসে জন্মেছিলেন তিনি। ভদ্র ছিলেন। ছিলেন ফ্যাশনেবল। সভ্য জগতের মানুষ ছিলেন।

শিল্পক্ষুধায় তিনি প্যারিসের চমৎকার জীবন ত্যাগ করে, স্ত্রী-সন্তান পরিবার-পরিজন সব ত্যাগ করে চলে যান দক্ষিণ সাগরের অচেনা দ্বীপে, যেখানে পৌঁছেনি সভ্যতার আলো। আদিম জীবনের সঙ্গে তিনি একাত্ম হয়ে ছবি এঁকেছেন, সেসব ছবি বিশ্বনন্দিত হয়েছে। তাঁর খ্যাতি ছড়িয়ে পড়ে বিশ্বজুড়ে। অথচ এতবড় একজন শিল্পী মৃত্যুবরণ করেন অভাব-অনটন-দারিদ্রের নির্মম শিকার হয়ে। নিজের বেহিসেবি জীবন ও সভ্য জগৎ থেকে বিচ্ছিন্নতা তাঁর জীবনে ভয়াবহ পরিণতি অপরিহার্য হয়ে ওঠে। কখনো তিনি নিজের জীবন নিয়ে ভাবেননি। অভাব-অনটনের যন্ত্রণায় অনেক ছবি তিনি বন্ধক রাখেন। তাঁর মৃত্যুর পরে সেসব ছবি বিক্রি হয়েছিল লক্ষ লক্ষ ফ্রাঁ। মৃত্যুতেও তিনি কোনো সম্মান পাননি। বরং ধিক্কারের শিকার হন। এতো বড় একজন শিল্পী তিনি, দক্ষিণ সাগরে তাঁর ঔরশজাত সন্তানেরা কখনোই সভ্যতার আলো লাভ করেনি। আদিম বাসীদের মতোই বড় হয়েছে। জীবিকার জন্য বেতের কাজ করেছে। তারা কখনোই জানতে পারেনি তাঁদের পিতা একজন বিশ্ববিখ্যাত চিত্রশিল্পী, যাঁর এক একটি ছবির দাম লক্ষ লক্ষ ফ্রাঁ। পল গগাঁও ধুকে ধুকে যে মৃত্যুও শিকার হন, তিনিও কখনো হিসাব করেননি বিশ্বজুড়ে তিনি কতোটা খ্যাতি অর্জন করেছিলেন। আর এক বিশ্বখ্যাত শিল্পী ভ্যান গঘ ছিলেন বাউন্ডুলে, ভবঘুরে, পাগলাটে, অস্থিরচিত্তের একজন মানুষ। একপর্যায়ে তিনি মৃগীরোগে উন্মাদ হয়ে গিয়েছিলেন। পাগলাগারদে তাঁর ঠিকানা হয়। পাগলাগারদে থাকা অবস্থায় তিনি আত্মহত্যা করেন। অথচ তিনি যে সব সৃষ্টি করে গেছেন তা কালজয়ী, পৃথিবীর ইতিহাসে অক্ষয় হয়ে থাকবে। শিল্পের জন্যই তিনি নিজের জীবন তিলে তিলে শেষ করে দেন। বিশ্ব-হোমার অন্ধ ছিলেন। তিনি ভিক্ষে করে জীবিকা নির্বাহ করতেন। মহাকবি জন মিলটনের জীবন ছিল চরম দুর্ভোগের শিকার। জীবনের একপর্যায়ে এসে তিনি দৃষ্টিশক্তি হারান। ছোটবেলা থেকেই তার দৃষ্টিশক্তি কমে আসতে থাকে। চিকিৎসকরা তাকে সকল রকম পড়াশোনা ও লেখার কাজ থেকে বিরত থাকতে বললেও তিনি তা মান্য করেননি। ১৬৫২ সালে দৃষ্টি হারিয়ে পুরোপুরি অন্ধ হয়ে যান। ১৬৬০ সালে প্রজাতন্ত্রী রাষ্ট্রের অবসান ঘটলে পুনঃপ্রতিষ্ঠিত হয় রাজতন্ত্র । মিল্টন দায়িত্ব হারান। তার সমস্ত রচনা আগুনে পুড়িয়ে ফেলা হয়। তার প্রতি যে রাজরোষ ছিল, অন্ধত্বের কারণে তা থেকে কোনোভাবে মুক্তি পান। লন্ডনের অদূরে এক গ্রামের ছোট্ট বাড়িতে পরিবার পরিজন নিয়ে আশ্রয় গ্রহণ করেন। এরকম বৈরী পরিবেশেও তিনি মাথা নত না করে, অন্ধ অবস্থাতেই সামান্য এক ছোট বাড়িতে বাস করেই সৃষ্টি করেন কালজয়ী মহাকাব্য ‘প্যারাডাইস লস্ট’ ও ‘প্যারাডাইস রিগেইন্ড’। মিল্টন তখন অন্ধ ও বৃদ্ধ। এ রকম পরিস্থিতিতেই তিনি মুখে বলে যেতেন, আর তার হয়ে লিপিবদ্ধ করতো তার কন্যা দিবোরা। তার অন্য দুই মেয়ে অসহযোগিতা ও নেতিবাচক মনোভাব প্রকাশ করতো।

এতে কবি মানসিকভাবে কষ্ট পেতেন, ব্যথিত হতেন। ব্যাপকভাবে ‘প্যারাডাইস লস্ট’ সমাদৃত হয়। বিশ্বসাহিত্যের ইতিহাসে নিজের অমরত্ব প্রতিষ্ঠা করেন মিলটন। তিনি জীবনের কঠিনতম সংকটকালেও ভেঙে পড়েননি। তার সংগ্রামের অর্জন প্রজাতন্ত্র ব্যবস্থা ভেঙ্গে পড়া, পুনরায় রাজতন্ত্রের প্রতিষ্ঠা, তার উপর শাসক শ্রেণির রোষানল আর তার অকাল অন্ধত্ব সব মিলিয়ে তিনি এক কঠিন পরিস্থিতির শিকার হন। কিন্তু তিনি কখনো নিজের বিশ্বাসকে হারাতে দেননি। ধুকে ধুকে মৃত্যুর দিকে এগিয়েও সেই বিশ্বাসকে সম্বল করেই তিনি রচনা করতে পেরেছিলেন ‘প্যারাডাইস লস্ট’ এর মতো বিশ্বখ্যাত মহাকাব্য।

দান্তে রাজনীতির শিকার হয়ে নিজের নগরী ফ্লোরেন্স থেকে নির্বাসিত হন। অথচ তিনি তার নগরীকে প্রাণের চাইতে বেশি ভালোবাসতেন। কিন্তু রাজনীতির প্রতিহিংসার শিকার হয়ে ফ্লোরেন্স থেকে চিরকালের মতো নির্বাসিত হয়ে, নিরাপদ আশ্রয়ের জন্য বিভিন্ন স্থানে ঘুরেছেন। কিন্তু নিরাপদ আশ্রয় তিনি কোথাও পাননি। পরিবার-পরিজন-আপনজন থেকে বিচ্ছিন্ন থেকে বিদেশবিভূয়ে তাকে মৃত্যুবরণ করতে হয়েছিল। তার সে

জীবন ছিল অসহনীয় অবর্ণনীয় কষ্টের। সারভানটিসকে শেক্সপীয়রের সমতুল্য প্রতিভা মনে করা হতো। তাঁর জীবনও ছিল ভয়াবহ বেদনাময়। ভাড়াটে সৈনিক হিসেবে তিনি যুদ্ধে যোগ দিতে গিয়ে নিজের একটা হাত হারিয়ে ফেলেন। এর পর আলজিরিয়ায় তাঁকে দীর্ঘকাল বন্দিজীবন কাটাতে হয়। দীর্ঘ বন্দিজীবন কাটিয়ে দেশে ফিরে এলেও সম্মানজনক জীবন তিনি পাননি। নিজের দেশেই নিজের জীবন নিয়ে তিনি কখনো স্বস্তিবোধ করেন নি। আর্মাডার জন্য গম আদায়ের চাকরি নিয়েছিলেন তিনি। সেখানে হিসেব না মেলায় তাঁকে আটবার জেল খাটতে হয়েছে। এখানেই শেষ হয়নি তাঁর জীবনের ট্রাজেডি। মানুষ হত্যার অভিযোগেও তাঁকে অভিযুক্ত হতে হয়েছিল। আধুনিক রুশ সাহিত্যের জনক পুশকিনও দীর্ঘজীবন পাননি। মাত্র আটত্রিশ বছর বয়সে প্রাণ হারান তিনি। দস্তয়েভস্তি যে জীবন কাটিয়েছেন, তাতে কোনো সম্মান ছিল না। মৃগিরোগ-অর্থাভাব-রাজনীতিক নিগৃহ– এসব নিয়ে এক ধীকৃত জীবন ছিল তাঁর। রাজনৈতিক কারণে তাঁর ফাঁসির আদেশ হয়েছিল। জারের কৃপায় বেঁচে যান একেবারে শেষ মুহূর্তে। এরপর তাঁকে পাঠিয়ে দেয়া হয় সাইবেরিয়ায়। সেখানে দশ বছরের কারাজীবনে অসহনীয় নির্যাতন ভোগ করতে হয়েছে। নোবেল বিজয়ী ঔপন্যাসিক ন্যুট হামসুন দারিদ্রের অভিশাপে দুর্বিষহ জীবনযাপন করেছেন। ম্যাক্সিম গোর্কি দারিদ্রের বিভীষিকা সহ্য করতে না পেরে একসময় আত্মহত্যা করতে চেয়েছিলেন।

গুস্তাব ফ্লবের ফরাসি সাহিত্যের বিখ্যাত ঔপন্যাসিক। 'মাদাম বোভারি' উপন্যাসের জন্য বিশ্বখ্যাত তিনি। অথচ তিনি রোগে-শোকে-হতাশা-একাকিত্বে জীবন পার করেছেন। তাঁর মধ্যে প্রচণ্ডরকম অতৃপ্তি ছিল। সেকারণে মানুষের প্রতি তিনি অসহিষ্ণু মনোভাব পোষণ করতেন। তাঁর রক্ষিতা লুই কোলে তাঁর সঙ্গে প্রায়ই খারাপ ব্যবহার করতেন। প্রচুর পরিমাণে ঘুমের ঔষুধ খেতেন। নিঃসঙ্গ অবস্থাতে তিনি মৃত্যুবরণ করেন। ম্যাক্সিম গোর্কিও পুরো জীবনই তো কষ্টে জর্জরিত ছিল। পাঁচ বছর বয়সে পিতৃহারা হন। মা বিয়ে করেন আবার। গোর্কি চলে যায় মাতামহের বাড়িতে। মাতামহ ছিলেন মাতাল। গোর্কির প্রতি নিষ্ঠুর আচরণ করতেন। একসময় মাতামহ তাঁকে বাড়ি থেকে বের করে দেন। কিশোর গোর্কি বাধ্য হয়ে কুলির কাজ করেছেন, ক্ষেতমজুর হিসেবে কাজ করেছেন, নৌকায় গুণ টেনেছেন। ভলগার স্টিমারে বাসন মেজেছেন। মাইটর নিচে প্রায় অন্ধকার কুঠুরির মধ্যে রুটির দোকানে কাজ করেছেন দিনে প্রায় ষোলো ঘণ্টা করে। জীবনের জ্বালা-যন্ত্রণা-দুঃখ-কষ্ট সহ্য করতে না পেরে আত্মহত্যা করার চেষ্টা করেন। বেঁচে যান সৌভাগ্যক্রমে। পিস্তলের গুলি ফুসফুস ছিদ্র করে হৃদপিন্ডের পাশ দিয়ে বের হয়ে যায়। বেঁচে যান তিনি। কিন্তু শ্বাসযন্ত্রের ক্ষত ছিল সারাজীবনই।

বোদলেয়ার, মায়াকোভস্কি, কীট্স, চেখব, মোঁপাসা, পুশকিন, পাবলো নেরুদা–বিশ্বখ্যাত এরকম অনেক নাম উচ্চারণ করা যাবে, যারা নিজেদের জীবনকে কখনোই গুরুত্বের সঙ্গে বিবেচনা করেননি, হিসেব করে চলেননি। নিজেরাই যেন নিজেদের আয়ুকে ছুঁড়ে ফেলে দিয়েছিলেন। অভাব-অনটন- ক্ষুধা-দারিদ্র- রোগ-শোক–অসম্মান-অপমান-তুচ্ছ-তাচ্ছিল্যভরা জীবন বেছে নিয়েছিলেন। উচ্চাকাঙ্ক্ষা–গভীর প্রণয়–দূরারোগ্য ব্যাধি–ভয়াবহ অভাব অনটন এর কোনোটি না কোনোটি তাঁদের জীবনে মরণ-তীর হয়ে বিঁধেছিল। মরণের আগমনীপথ নিজেরা রচনা করেই মরণের সঙ্গে পাল্লা দিয়ে স্বল্প সময়ে যে সাহিত্যকীর্তি তাঁরা করে গেছেন, তা অমূল্য তো বটেই, কালোত্তীর্ণ এবং অবশ্যই চিরকালের।

জীবনের রূপ হয়তো জীবন নিজেও জানে না। তবুও জীবন নদীর মতো প্রবহমান–নিজেই নিজের রূপ বদলায়–বাঁক খায়– আনন্দ-বেদনায় জড়িয়ে পেঁচিয়ে যায়। জীবন সত্যিই অদ্ভুত!

# রাজশাহী, মার্চ ১৯৭১ - বাঙালি পুলিশ বাহিনীর বীরত্ব

ড. জাভেদ মাহমুদ [২]

ইতিহাসকে অতীত সম্পর্কে একটি তাৎপর্যপূর্ণ এবং সত্য গল্প হিসাবে সংজ্ঞায়িত করা যেতে পারে। আমেরিকান লেখক জন মাইকেল ক্রিচটনের মতে, 'যদি আপনি ইতিহাস না জানেন, তবে আপনি কিছুই জানেন না। আপনি গাছের এমন একটা পাতা যে জানে না সে একটা বৃক্ষের অংশ।' কোন সন্দেহ নেই যে কোন সম্প্রদায়, জাতি, এমনকি একজন ব্যক্তির জন্যও তাদের অতীত সম্পর্কে জানা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

ইতিহাসের সঠিকভাবে লিপিবদ্ধ হওয়া অত্যাবশক। ইতিহাসবিদরা প্রত্নতাত্ত্বিক স্থান, নিদর্শন, মুখে মুখে প্রচারিত কথা এবং লিখিত/মুদ্রিত নথিসহ বিবিধ উৎস হতে অতীত সম্পর্কে তথ্য সংগ্রহ করেন। অবশ্য, প্রত্নতাত্ত্বিক স্থান ও নিদর্শন হতে তথ্য নির্ণয় করতে, সেগুলোর সঠিক বিশেষণের প্রয়োজন। তেমনি, মৌখিকভাবে প্রচারিত জ্ঞান সময়ের সাথে সাথে বিকৃত হয়ে যেতে পারে। ইতিহাসের সবচেয়ে প্রামাণিক উৎস হল যে ব্যক্তি অতীতের কোন গুরুত্বের ঘটনা প্রত্যক্ষ করেছেন তার নিজের লিখিত নথি।

বাংলাদেশের ইতিহাস এবং বিশেষ করে তার নয় মাসের স্বাধীনতা সংগ্রাম অত্যন্ত গৌরবময়। এটি একটি উচ্চ প্রশিক্ষিত এবং সুসজ্জিত হানাদার সেনাবাহিনীর বিরুদ্ধে বাংলাদেশের সাধারণ মানুষ লড়াইয়ের কাহিনী। আমি এই যুদ্ধের টুকরো টুকরো ঘটনা দেখেছি। ১৯৭১ সালের মার্চ মাসে আমি রাজশাহীতে বাংলাদেশি পুলিশ সদস্যদের প্রতিরোধের সাক্ষী। তবে তাদের বীরত্বের কোনো নথি আমি খুঁজে পাইনি। বেশ কিছু দিন যাবত, আমি এ সম্বন্ধে যা জানি তা লেখার প্রয়োজনীতা অনুভব করছি। যা জানি তা আরোও নিখাদ করার জন্য আমি অন্যান্য, অত্যন্ত নির্ভরযোগ্য উৎস থেকেও তথ্য সংগ্রহ করেছি। এই লেখা সেই সাহসী যোদ্ধাদের বীরত্বপূর্ণ কাহিনি লিপিবদ্ধ করার একটি ক্ষুদ্র প্রয়াস।

১৯৭১ সালের ৩রা মার্চ রাজশাহীতে পাকবাহিনী কয়েক জন বাঙালিকে হত্যা করে। এর প্রতিবাদে পুলিশের উপ-মহাপরিদর্শক (ডিআইজি) মামুন মাহমুদ (আমার বাবা) তার সরকারি বাসভবনে কালো পতাকা উত্তোলন করেন যা অবশ্যই পাকিস্তানি সেনাবাহিনীর নজর এড়ায়নি। এটি ১৯৭১ সালে বাঙালি পুলিশ সদস্যদের আনুগত্য কোন দিকে তার ইঙ্গিত দেয়।

এর আগেও বাবা পাকিস্তানিদের প্রতিরোধ করার প্রস্তুতি নিতে শুরু করেছিলেন। খ্যাতনামা মুক্তিযোদ্ধা এবং তৎকালে পাবনার ডিসি, মোহাম্মদ নুরুল কাদের তাঁর যুদ্ধকালীন আত্মজীবনী একাত্তর আমার বইতে লিখেছেন: "২৫শে ফেব্রুয়ারি সন্ধ্যায় রাজশাহী গেলাম। রাতেই বোয়ালিয়া ক্লাবে দেখা হলো পুলিশের ডিআইজি মামুন মাহমুদ সাহেবের সঙ্গে। তিনি সম্ভবত আমার চেহারা দেখেই অনুমান করতে পেরেছিলেন, আমি উদ্বিগ্ন। তিনি আমাকে বাসায় নিয়ে গেলেন। দীর্ঘ আলোচনা হলো তার সঙ্গে। তিনি গুরুত্বসহ সবকিছু বিবেচনা করলেন। আমরা ঐকমত্যে পৌঁছলাম আক্রমণ প্রতিহত করার জন্য প্রস্তুতি নেওয়ার ব্যাপারে। সিদ্ধান্ত হলো, পুলিশ বাহিনী ও সিভিলিয়ানদের সংগঠিত করার লক্ষ্যে বিভাগের বিভিন্ন জেলায় যোগাযোগ ও আলোচনা করতে হবে। স্থির হলো, একই সময় কিন্তু আলাদাভাবে আমরা বিভিন্ন জেলা সফরে যাবো। তিনি যাবেন পর্যবেক্ষণ সফরে। আমি ছুটি নিয়ে বেড়াতে। এটা করতে হয়েছিল নিরাপত্তার খাতিরে।"

---

[২] সহকারী অধ্যাপক, ব্যবসায় প্রশাসন বিভাগ

২৫শে মার্চ সন্ধ্যায় আমার বাবা তাঁর সরকারি বাসভবনে একটি বৈঠকের আয়োজন করেন। গোপন বৈঠকে রাজশাহীর কয়েকজন উচ্চপদস্থ বেসামরিক কর্মকর্তা ও আওয়ামী লীগের কয়েকজন স্থানীয় নেতা উপস্থিত ছিলেন। আমার বাবা রাজনীতিবিদদের প্রস্তুত হওয়ার পরামর্শ দিয়েছিলেন এবং সময় হলে তাঁকে প্রশিক্ষিত স্বেচ্ছাসেবক যোগান দিতে অনুরোধ করেন। তিনি পুলিশের অস্ত্রাগার থেকে অস্ত্র দিয়ে তাদের সজ্জিত করবেন বলে কথা দিয়েছিলেন।

পাক সেনাবাহিনী সেই বৈঠকের কথা জেনে গিয়েছিল। একাত্তরে বাঙালির সংগ্রাম ছিল সত্যিকার অর্থেই গণযুদ্ধ। মুক্তিযোদ্ধারা মাতৃভূমি রক্ষার জন্য অস্ত্র হাতে তুলে নিয়েছিল এবং দেশের জনগণ তাঁদের শুধু মানসিকভাবেই নয়, যে যেভাবে পেরেছে সাহায্য করেছে। আফসোসের বিষয়, জনসংখ্যার একটি ক্ষুদ্র অংশ পাকিস্তানি জান্তার পক্ষে ছিল। সেই বৈঠকেও এমনই একজন বিশ্বাসঘাতক উপস্থিত ছিল। সে ব্যক্তি শত্রুর নিকট সব খবর পৌঁছে দেয়।

এরপর আসে সেই অন্ধকার রাত যখন বাংলাদেশ রাষ্ট্রের জন্ম ঘটে। প্রথম ইঙ্গিতটি মধ্যরাতে এসেছিল যখন ফোন লাইনগুলি বন্ধ হয়ে যায়। রাজশাহীতে ডিআইজি পুলিশের সরকারি বাসভবন, রাজশাহী পুলিশ লাইন্স থেকে আনুমানিক ৩০০ মিটার দূরে। ১৯৭১ সালে, জায়গাটি ছিল বিচ্ছিন্ন; দুটির মধ্যেখানে ছিল ধানক্ষেত (বর্তমানে যেখানে শহীদ এ.এইচ.এম. কামারুজ্জামান সেন্ট্রাল পার্ক ও চিড়িয়াখানা অবস্থিত)। মধ্যরাতের পর আমার বাবা আমার মাকে জানান বাড়ির চারপাশে লোকজন (সৈন্য) রয়েছে। তারা পুলিশ লাইনের দিকে এগোচ্ছিল। তবে সেনাবাহিনী সেদিন খুব একটা অগ্রসর হতে পারেনি। তারা সম্ভবত পুলিশ সদস্যদের অপ্রস্তুত ঘুমন্ত অবস্থায় পাবে বলে আশা করেছিল। কিন্তু তার পরিবর্তে তারা দেখতে পায় বাঙালি পুলিশ বাহিনী তাদের মোকাবেলা করার প্রস্তুতি নিয়ে সশস্ত্র অবস্থায় পরিখায় অবস্থান করছে। রাজশাহীর পুলিশ কর্মকর্তারা অর্থাৎ ডিআইজি এবং পুলিশ সুপার (শহিদ শাহ আব্দুল মজিদ) সেই রাতে সেনাবাহিনী কিছু একটা করবার চেষ্টা করতে পারে বলে অনুমান করেছিলেন এবং তাঁদের বাহিনীকে সতর্ক ও প্রস্তুত রেখেছিলেন। সেনাবাহিনী কোনো গুলি না ছুঁড়ে পিছু হটে।

২৬শে মার্চ ভোরে একটি ঘটনা ঘটে যা আমার মনে গেঁথে আছে। আমি আমাদের বাড়ির সামনের বাগানে খেলছিলাম। বাবা এবং মজিদ চাচা (এসপি, রাজশাহী) ভোরের রোদে কিছু দূরে দাঁড়িয়ে গভীর আলোচনায় মগ্ন ছিলেন। একজন পুলিশ তাদের কাছে একটি কাগজ নিয়ে আসে। তারা এটি পড়েন এবং তারপর পুড়িয়ে ফেলেন। ব্যাপারটি আমাকে বিস্মিত করেছিল। পরে জানতে পারি, কাগজে লেখা ছিল রাজারবাগ পুলিশ লাইন থেকে প্রেরিত সেই বিখ্যাত বার্তা, 'Base for all stations from East Pakistan Police. I say again Base for all stations from East Pakistan Police. Very, very important message for you. Keep note. Keep listening, watch. We are already under attack by the Pak army. Try to save yourself. Over and out.'

পরবর্তীতে সেদিন সকালেই সেনাবাহিনী পুলিশ অস্ত্রাগারে প্রবেশের চেষ্টা করে। রক্ষীরা তাদের ঢুকতে দিতে বাধা দেয়। একজন ক্যাপ্টেন আমার বাবার কাছে এসে রক্ষীদের তাদের কাছে হস্তান্তরের দাবি জানায়। আমার বাবা সে দাবি প্রত্যাখ্যান করেন। তিনি বলেছিলেন যে রক্ষীরা সঠিক কাজ করেছে এবং তারা তাকেও পাসওয়ার্ড ছাড়া প্রবেশ করতে দেবে না। ক্যাপ্টেন জোরাজুরি করতে থাকলে বাবা বলেন, 'Then why have you come to me? You could have taken them away. You are in power. You can shoot anybody; you can kill anybody if you want to use the

power in that way.' ক্যাপ্টেন আর তর্ক না করে চলে যায়।

ওইদিন সন্ধ্যায় ডিআইজি মামুন মাহমুদকে রাজশাহী সেনানিবাসে রিপোর্ট করতে বলা হয় রংপুরে অবস্থিত ব্রিগেডিয়ার আবদুল্লাহর সঙ্গে ওয়্যারলেসে কথা বলার জন্য। নিজের গাড়িতে করে তিনি সেখানে যান। এরপর থেকে মামুন মাহমুদ, তার গাড়ির চালক ও দেহরক্ষীসহ নিখোঁজ রয়েছেন। প্রসঙ্গত, ১৯৭১ সালের ২৬শে মার্চ ছিল তাঁর ১৭তম বিবাহবার্ষিকী।

২৭শে মার্চ সকালে সেনাবাহিনী পুলিশ সদস্যদের অস্ত্র সমর্পণের নির্দেশ দেয়। বাঙালি পুলিশ সে আদেশ প্রত্যাখ্যান করে। বরং তারা সেনাবাহিনীকে তাদের ডিআইজিকে ফিরিয়ে দেওয়ার দাবি জানায়। সন্ধ্যার আগে ২৫তম পাঞ্জাব রেজিমেন্ট রাজশাহী পুলিশ লাইন আক্রমণ করে। পুলিশ এই আক্রমণের যথাযথ জবাব দেয়। তাদের হাতে ছিল দেশ ভাগের সময় ব্রিটিশ সেনাবাহিনীর ফেলে যাওয়া পুরনো অস্ত্র। তবুও তাদের প্রতিরোধ ছিল অসাধারণ। সারারাত গোলাগুলির পর সেনাবাহিনী পিছু হটতে বাধ্য হয়।

২৮শে মার্চ সকালে সেনাবাহিনী যুদ্ধবিরতির প্রস্তাব দেয়। তারা লাউডস্পিকারের মাধ্যমে ঘোষণা করে, 'আমরা উভয়েই মুসলমান ভাই ভাই, আমাদের যুদ্ধ করা উচিত নয়।' পুলিশ সদস্যরা তাদের কথা বিশ্বাস করে যুদ্ধ বন্ধ করে। বিকালে সেনাবাহিনী মর্টার এবং রকেটসহ অতর্কিত আক্রমণ চালায়। এবার পুলিশ বাহিনী অপ্রস্তুত ছিল। কেউ কেউ ঘুমিয়ে ছিল, অন্যরা তিন দিনের মধ্যে প্রথমবারের জন্য আহার করেছিলো। রাজশাহী পুলিশ লাইন্সের পবিত্র মাটিতে সেদিন আঠারোজন বীর দেশপ্রেমিক আত্মাহুতি দিয়েছিলেন। বাকিরা ছত্রভঙ্গ হয়ে যান; যাদের অধিকাংশই স্বাধীনতার বৃহত্তর লড়াইয়ে যোগ দেন, যার সমাপ্তি ঘটে ১৬ই ডিসেম্বর পাকিস্তান সেনাবাহিনীর আত্মসমর্পণের মধ্যে।

৩১শে মার্চ রাজশাহীর তৎকালীন পুলিশ সুপার (শহীদ) শাহ আব্দুল মজিদ গ্রেফতার হন। পরবর্তীতে তাঁর আর কোনো খোঁজ পাওয়া যায় নাই। তার চার সন্তানের মধ্যে ছোটজনের বয়স ছিল তখন মাত্র কয়েক মাস।

১৯৭১ সালের আগে, পাকিস্তানীরা সবসময় দাবি করত যে বাঙালিরা লড়াকু জাতি নয়। তাদের জন্য এটা নিশ্চই আফসোসের ব্যাপার, বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের সময় তারা ভ্রান্ত বলে প্রমাণিত হয়েছিল। রাজশাহীতে বীর পুলিশেরা হানাদার পাকিস্তানীদেরকে ভ্রান্ত প্রমাণিত করে দিয়েছিলেন। যুদ্ধে অনভিজ্ঞ হলেও উচ্চ প্রশিক্ষিত ও সুসজ্জিত পাকিস্তান সেনাবাহিনীকে তাঁরা প্রতিরোধ করছিলো; এদেরকে সংবরণ করতে প্রতারণার আশ্রয় নেয়া হয়েছিল। রাজশাহীর বাঙালি পুলিশ সদস্যরা কবি সুকান্ত ভট্টাচার্যের অবিস্মরণীয় চরণ, 'বাংলার মাটি দুর্জয় ঘাঁটি বুঝে নিক দুর্বৃত্ত'কে আবার সত্য বলে প্রমাণ করেন। প্রমাণিত হয় যে বাঙালি প্রয়োজনে লড়াই করতে জানে।

# William Shakespeare: The Bard of Avon

Md. Jahidul Azad [3]

*"It may be said of Shakespeare, that from his works may be collected a system of civil and economical prudence. He has been imitated by all succeeding writers; and it may be doubted whether from all his successors more maxims of theoretical knowledge or more rules of practical prudence can be collected than he alone has given to his country."*

*- Dr. Samuel Johnson.*

The glorified name William Shakespeare immediately comes to our mind when we hear the title "The Bard." William Shakespeare, also known as just "The Bard," is considered to be the most well-known playwright of the world and national poet of England. The meaning though changed throughout the time till today refers to a very skilled and well-known poet who is also extremely prolific. Shakespeare is a good fit as his thoughts on tragedy, love, grief, and other topics resonated with a large audience. He touched on a wide range of human emotions, appealing to both medieval and contemporary poetry enthusiasts. Shakespeare's plays, which were written in the late 16th and early 17th centuries for a small repertory theater, are now performed and read more frequently and in more countries than ever before. Other poets, like Homer and Dante, and novelists, like Leo Tolstoy and Charles Dickens, have also transcended national barriers but Shakespeare is positioned superior among them. His plays have been presented for audiences of all ages all over the world and have been translated into more than 50 languages to date. Shakespeare "was not of an age, but for all time," as famous contemporaneous poet and playwright Ben Jonson prophesied, and this has come to pass.

Shakespeare's writings, the works of his contemporaries, and historical sources have all allowed historians to confirm true information about his life, even if a large portion of it remains obscure, ambiguous, or up for debate. Nevertheless, these simply offer succinct summaries of particular incidents in his life and don't say anything about the person who was there. The first piece of evidence is found in the christening register of the parish church of Stratford-upon-Avon, a thriving market town in Warwickshire, England. There, the baptism of William Shakespeare, son of John Shakespeare, is recorded under the date of April 26, 1564. "Gulielmus filius Johannis Shakspeare" is the Latin entry. Before Stratford was granted a second charter in 1664, John Shakespeare, his father, was a burgess of the city. He was elected an alderman in 1565 and a bailiff, or mayor, in 1568. He traded in a variety of goods and seemed to have seen some ups and downs in his wealth. Mary Arden, a native of Wilmcote, Warwickshire,

[3] Assistant Professor, Department of English

was William's mother. Her family was well-established.

Although there is no proof to support the conventional wisdom that William Shakespeare was born three days prior to his baptism, this is not the case. The dramatist did not always spell the family name consistently, therefore it was spelled differently. The name is written "Shakespeare" on the baptism certificate, although it reads "Shakspere" in numerous genuine autographs belonging to the dramatist, and it is printed "Shakespeare" in the first edition of his works. Shakespeare scholar James Orchard Halliwell-Phillips of England reported that the Shakespeare family wrote their names in as many as thirty-four different ways. The playwright's father was a member of the Stratford Corporation, and his name was introduced one hundred and sixty-six times in the council book. Of these spellings, fourteen were used. Among them is not the "Shakespeare" of today. Shakespeare's father, an alderman in Stratford, doesn't seem to have been able to write his name, but given that, at the time, nine out of ten men were happy to sign their names, the fact isn't particularly bad for him.

William was his parents' third child. The two elder girls most likely passed away in infancy. William was followed in birth by three sons and one daughter. After Shakespeare's birth, his father's circumstances were easy for at least ten or twelve years. He served as Stratford's high bailiff or head magistrate in 1568. He then held the office of Alderman for several years, having previously held it for three years. Thus, it makes sense to assume that William Shakespeare would receive the greatest education Stratford could provide until the end of his tenth year. Stratford had a strong grammar school at the time, and the borough covered the schoolmaster's wages, thus education there was free. Although there are no surviving lists of the students from the 16$^{th}$ century, it would be ludicrous to think that the town bailiff did not send his son to the school. Shakespeare may not have attended this institution, yet there is no way to deny that he received his education there. There is nowhere his father could have found a better education for him. Shakespeare's works are replete with evidence that suggests he was well-versed in the knowledge that was taught at grammar schools, even for those who have not been swayed by the long-standing orthodox notion that he had a very limited education. The boy's education at that time would largely consist of studying Latin; he would study some of the Classical historians, moralists, and poets in addition to being quite proficient in the language's reading, writing, and speaking. Shakespeare did not continue his education, and it is improbable that he would have been interested in the academic pursuits of logic, rhetoric, and other subjects that were pursued there at the time.

Shakespeare married Anne Hathaway who was eight years his senior when he was eighteen years old. Although the location and exact date of the marriage are unknown, the episcopal church priest registry in Worcester holds a bond dated November 28, 1582, which was executed by two Stratford yeomen, Sandells and Richardson, as security to the bishop for the granting of a license for William Shakespeare and "Anne

Hathaway of Stratford," subject to her friends' approval and one request for the banns. The next noteworthy date may be found in the Stratford church records, where on May 26, 1583, William Shakespeare's daughter Susanna was christened. Hamnet and Judith, twins, were baptized on February 2, 1585. Shakespeare's recognized works were mostly written between 1589 and 1613. Shakespeare penned two narrative poems, 154 sonnets, and 37 plays. His early plays, which were mostly comedies and histories, are thought to be among the greatest in their respective genres. He composed mostly tragedies up until around 1608, including Hamlet, Othello, King Lear, and Macbeth which are all regarded as some of the best plays ever written in English. He composed tragicomedies and cooperated with other authors during the latter years of his life.

Shakespeare passed away at the age of 52 in Stratford on April 23, 1616. His mother passed away in 1608, while his father died in 1602 before him. His spouse lived till August of 1623. Hamnet, his lone child, passed away in 1596 at the age of eleven Susanna, One of his two daughters, married Dr. Hall, a Stratford physician in 1607. The sole child of this union was a daughter named Elizabeth who was born in 1608 and who married Sir John Barnard after first marrying Thomas Nasbe. Elizabeth did not have any children from either marriage. On February 10, 1616, Judith, the younger daughter of William Shakespeare wed Thomas Quincy, a Stratford nobleman. Through him she had three sons and all of whom passed away but without children. Therefore, William Shakespeare does not have any direct descendants.

Praise for the published works of the greatest playwright in the world cannot be finished here. They have been subjected to all available criticism and the best brains in England, Germany and America have committed their energies to explaining their value. He has made a genuinely great contribution to English literature, particularly to the development of theater. Even now, people can relate to and find charm in his universally relatable characters. In addition, William Shakespeare created or combined 1,700 new words into the English language by incorporating origins from various languages. He crafted enduring stories and incredibly complex characters with profound interiority in his plays which have since become touchstones for much of English literature. Because of his notoriety and impact he contributed to the popularization of the English sonnet form, sometimes referred to as the Shakespearean sonnet. Shakespeare's plays have been continuously reinterpreted and rediscovered by fresh trends in performance and study in the 20th and 21st centuries. His plays are still widely performed, analyzed and reinterpreted in a variety of global political and cultural contexts.

From the time of his death till the present, Shakespeare has had a big impact on plays, movies and poetry. His writings as well as the expressions and vocabulary he added to the English language have inspired and impacted a great number of writers. Shakespeare has been respected and as a result he has inspired and influenced many writers. Many English writers and poets have been influenced by him, mentionably

Romantic poets like Samuel Taylor Coleridge. The famous epitaph “An Epitaph on the admirable Dramatic Poet, W. Shakespeare” was written by English poet John Milton in the late 17th century. This piece may be found in the 1632 edition of William Shakespeare’s writings, the Second Folio. Milton discusses his immortality and the impact of Shakespeare in this piece, “Though, in our wonder and astonishment, hast built thyself a live-long monument.” He also had an impact on John Keats. Prominent authors including Herman Melville, Charles Dickens, Thomas Dickens, and William Faulkner have all been influenced by Shakespeare. Dickens incorporates several quotes from Shakespeare into his writing. At least twenty-five of Dickens’ titles are also taken directly from Shakespeare. Shakespeare had an even greater impact on Melville. In Moby-Dick, he employed more than just formal stage directions and lengthy soliloquies. Melville employed a traditional Shakespearean tragic character, with the primary adversary of his work being dragged down by his own shortcomings. It’s ironic that those who made fun of Shakespeare nonetheless adored him. George Bernard Shaw, a well-known writer, made fun of those who studied Shakespeare and coined the term “bardolatry” to describe this practice. In truth, he had a secret admiration for Shakespeare.

Shakespeare’s fellow performers, fellow dramatists, and those who had personal connections with him concur in praising and loving the man in addition to recognizing his brilliance. “I love the man and do honor his memory, on this side idolatry, as much as any,” declared Ben Jonson. He really was open free-spirited, and honest. On the second day following his passing, he was laid to rest on the north side of the Stratford Church Chancel. This inscription, which is supposedly inscribed by him, is found on a flat stone that lies above his tomb:

G*ood friend for Jesus sake forbeare To digg the dust encloased heare:*
*Blest be ye man yt spares these stones,*
*And curst be he yt moves my bones.*

# সংস্কৃতি : বর্তমান প্রেক্ষাপট

তাহমিনা আক্তার নোভা [৪]

সৎ, সুন্দর ও মহৎ জীবনসাধনাই সংস্কৃতি। সংস্কৃতি একটি পরিমার্জিত জীবনবোধ, পরিচ্ছন্ন জীবনাচরণ। জগৎ ও জীবন সম্পর্কে জীবন-বোদ্ধার আবিষ্কৃত সুন্দরতম সত্য-ই সংস্কৃতি। এই সত্য পরমসাধনা দ্বারা অর্জন সম্ভব। সাংস্কৃতিক জীবনসাধনার পরম সত্য-ই হচ্ছে মনুষ্যত্ব। জীবনে মনুষ্যত্ব তথা মানবিকতা ধারণ ও লালনই মূলত সংস্কৃতির চর্চা। সংস্কৃতিবান মানুষ বলতে মনুষ্যত্ববান ও সজ্জীবনযাপনকারী মানুষকেই বোঝায়। সংস্কৃতিবান মানুষ তৈরি হয় সমাজে বিরাজমান সুশিক্ষা, সুসভ্যতা ও সুসংস্কৃতির সংস্পর্শে। উল্লেখ্য, অবশ্যই সুশিক্ষা, সুসভ্যতা ও সুসংস্কৃতির মধ্যে-ই সংস্কৃতিবান গড়ে ওঠে। এই সাধনায় সিদ্ধিলাভ করতে হলে অবশ্যই যুক্তি, বিচার ও সুবুদ্ধি দ্বারা পরিচালিত হতে হবে। এধরনের সচেতন সাধনাই সংস্কৃতির বুনিয়াদ।

Clive Bell তাঁর Civilization গ্রন্থে একটি চমৎকার সত্য কথা বলেছেন, 'The civilled man is made not born'। সংস্কৃতি নিয়ে কেউ জন্মায় না বা উত্তরাধিকারসূত্রে পায় না । প্রতিদিন সচেতন সাধনার দ্বারা সংস্কৃতিকে আয়ত্ত করতে হয়। সংস্কৃতিবানের সচেতন সাধনার ফল তার আত্মসৃষ্ট উপলব্ধি, যা তার সংস্কৃতি। যে সংস্কৃতি হবে ব্যক্তিগত, জাতিগত না। ব্যক্তি সংস্কৃতির প্রতিচ্ছবি সামষ্টিকভাবে ফুটে উঠবে জাতিগত জীবনে। সংস্কৃতিবান মানুষের মনুষ্যত্বের সংস্কৃতিই পারে মানবজীবনে আলো বিকিরণ করতে; যে আলোকে আমরা তুলনা করতে পারি সার্বজনীন সত্য, সুন্দর, মঙ্গলের সাথে। যে আলোর নেই কোনো দেশ, কোনো কাল, কোনো জাত; যে আলো বিশ্বমানবতার। যার নেই কোনো সীমা, তা আকাশের মতোই অসীম-অনিঃশেষ।

মনে রাখতে হবে, সংস্কৃতি স্থানু না, সংস্কৃতি মানুষের জীবনযাপনের মতোই প্রগতিশীল। তাই মানুষকে সংস্কৃতিবান হতে হবে অর্থাৎ ভাব-ভাষা-কল্পনায় যে-কোনো কাজের অগ্রদূত হয়ে ওঠা। প্রগতিশীলদের বর্তমানে আমরা 'বামপন্থী' নামে আখ্যা দিয়ে থাকি কিন্তু বামপন্থীরাই যুগে যুগে নতুন চেতনার উন্মেষ করেছে। প্রগতিশীল রাজনীতি যেখানে মানুষকে করে ক্ষমতা সচেতন, প্রগতিশীল সংস্কৃতিচর্চা সেখানে মানুষকে করে মনুষ্যত্ব সচেতন। অবশ্যই রাজনীতি এবং সংস্কৃতি হবে সমাজতান্ত্রিক, বুর্জোয়া নয়; কেননা তা গণমুখী ও জীবনঘনিষ্ঠ ।

রাষ্ট্রের কাজ ব্যক্তিস্বাধীনতার পাশাপাশি জীবনের নিরাপত্তা ও অবসর সৃষ্টি করে দেওয়া। সেই নিরাপত্তা ও অবসরের ব্যবহার ব্যক্তিমানুষ কীভাবে করবে সেটা ব্যক্তিমানুষ নির্ধারণ করবে। নিশ্চয়ই সংস্কৃতি গড়ে ওঠে জীবনযাপনের মৌলিক সংস্থান, জীবনধারণের অবসর ও জীবনযাপনের নিরাপত্তার মধ্যে রুচিবান-সুন্দরচিত্ত মানুষের প্রভাবে। সংস্কৃতি মনের খোরাক, যাতে মন-মানসিকতার বিকাশ ও সম্প্রসারণ ঘটে।

সাহিত্য, শিল্প, নৃত্য, অভিনয়, চিত্র আর সঙ্গীত সবই সংস্কৃতির বুনিয়াদ। যার প্রভাবে ব্যক্তিসহ সমগ্র জাতির মন আর চরিত্র সংহত ও পরিণত হয়, হয়ে ওঠে রুচিশীল আর সুস্থ। তাই জাতীয় জীবনের এক অপরিহার্য অঙ্গ সংস্কৃতিচর্চা। সংস্কৃতিতে শুধু গণজীবনের প্রতিফলন ঘটে না, গণমানুষের অভীপ্সা-এষণা,

[৪] প্রভাষক, বাংলা বিভাগ

আশা-আকাঙ্ক্ষা আর স্বপ্ন-কল্পনার প্রতিফলন ঘটে। অর্থাৎ যা আছে তাতেই সন্তুষ্ট থাকা নয়, বরং যা হওয়া উচিত তাই সংস্কৃতিচর্চা। সংস্কৃতির বিভিন্ন মাধ্যমকে হতে হবে আরও ইঙ্গিতবহ আর পথিকৃৎ।

সংস্কৃতিবান হওয়ার জন্য ব্যক্তিমানুষের প্রতিভার চেয়ে গ্রহণশীলতা বা সমজদারিত্বই বেশি দরকার। সমাজে সাংস্কৃতিক বিকাশ ঘটে তখন যখন অতীত ও বর্তমানের উৎকৃষ্ট বস্তুগুলো মানুষ সাগ্রহে গ্রহণ করে এবং উপযুক্ত মূল্য দেয়। তবে দুঃখের বিষয় বর্তমান সময় এই গ্রহণশীলতা বা সমজদারিত্ব সমাজের মানুষের মধ্যে উপেক্ষিত। মানুষের মধ্যে আন্তরিকতা ও শ্রদ্ধার অভাবের ফলে গ্রহণশীলতা তুলনামূলক কম। শিল্পীর সৃষ্ট শিল্প সাধারণত প্রাকৃতিক ব্যাপার, যাকে বলা হয় প্রতিভা। সমজদারিত্ব বা গ্রহণশীলতা শিল্পীর মতো প্রতিভা নয় বরং শিল্পীর সৃষ্ট শিল্পের অন্তর্নিহিত সৌন্দর্য এবং বাণীকে গ্রহণ ও হজম করে নিতে পারার সক্ষমতা। অর্থাৎ নজরুলের মতো সাহিত্য রচনা করতে না পারলেও নজরুলের সাহিত্য অনুধাবন ও উপলব্ধি করতে পারা। যে-কোনো স্রষ্টা (সাহিত্যিক, বৈজ্ঞানিক, ধার্মিক), সবার সবরকম সৃষ্টিকে হজম করে, সৃষ্টির সংস্কৃতিকে আয়ত্ত করে সংস্কৃতিবান হয়ে উঠে। সমাজে এই সমঝদার ব্যক্তির মূল্যবোধ ও যুক্তিবিচার সম্পূর্ণ স্বভাব-চরিত্রের আলোক ও মাধুর্য বিকিরণ করে। ব্যক্তিমানুষের সমজদারিত্বের প্রয়াসকে সমাজের সুশোভিত ও আনন্দিত জীবনের প্রস্তুতি বলা যায় । এই সমজদারিত্বের প্রয়াস বর্তমান সময়ে দুর্লভ।

সমাজে এই সমঝদার ব্যক্তিমানুষ তথা ব্যক্তিমানুষের স্বকীয় মূল্যবোধ ও নিরপেক্ষ যুক্তিবিচার সৃষ্টির জন্য ব্যক্তিস্বাধীনতা প্রয়োজন। ব্যক্তিস্বাধীনতা সংস্কৃতি ও সাংস্কৃতিক জীবনের সহায়ক, কেননা স্বাধীনতার ছায়াতলে সুরুচিবান ব্যক্তি বিকশিত হয়। স্বতন্ত্র মননশীলতার চর্চা ও উৎকর্ষের দ্বারা ব্যক্তিমানুষ গড়ে উঠবে সমাজে, যেখানে তার জীবনদর্শন, রুচি ও দৃষ্টিভঙ্গি একান্ত তার নিজের। এই ব্যক্তিমানুষের উৎকর্ষের উপর নির্ভর করে ব্যক্তিমানুষের সাংস্কৃতিক জীবনের মান। ব্যক্তিস্বাধীনতা বর্তমান সময়ে তুলনামূলকভাবে অতীতের চেয়ে বেশি কিন্তু ব্যক্তিস্বাধীনতা কাঙ্ক্ষিত সুফল দেখা যাচ্ছে না অর্থাৎ ব্যক্তিসংস্কৃতি তৈরি হচ্ছে না।

দেশগত, কালগত, ব্যক্তিগত আচার-ব্যবহার ও রীতিনীতিকে আমরা সংস্কৃতি বলে নিজেদের গতানুগতিক কার্যকলাপের সমর্থন খুঁজি। বর্তমানের তথাকথিত সংস্কৃতিচর্চা আদতে মানুষের মধ্যে মনুষ্যত্বকে জাগ্রত করছে কি? মনোজগতে আলোড়ন সৃষ্টি করছে কি? প্রথমত, যে ললিতকলা চর্চা হচ্ছে সেটা কতখানি নন্দনতাত্ত্বিক গুণসমৃদ্ধ সেটা বিবেচ্য, সেটা ললিতকলা নামে অপসংস্কৃতি কিনা সেটা ভাববার বিষয়। দ্বিতীয়ত, যান্ত্রিকজীবনে মানুষ ললিতকলার সৌন্দর্যকে লালন ও ধারণ করতে ব্যর্থ হচ্ছে। কেননা সংস্কৃতি একটি সাধনা, যতক্ষণ না পর্যন্ত সেগুলো চিন্তা-চেতনাকে আবিষ্ট করছে ততক্ষণ পর্যন্ত সেগুলো থেকে কোনো ইতিবাচক উপলব্ধি নিঃসৃত হয় না। বর্তমান মানুষের মধ্যে নিবিষ্ট হাওয়ার ধৈর্য অপেক্ষাকৃত কম।

মানুষের মধ্যে সাহিত্য পাঠের অভ্যাস গড়ে তুলতে হবে এবং সাহিত্য রচনার প্রবণতা তৈরি করতে হবে। যে অভ্যাস নাগরিক জীবনের মানুষের মধ্যে নেই। মানুষ এখন লঘু-স্থূল রসে চিত্তরঞ্জনে স্বচ্ছন্দ বোধ করে ফলে 'টিকটক' নামক সমসাময়িক বিনোদনকে গ্রহণ করেছে ব্যাপকভাবে। অথচ কৃষ্টি বা সংস্কৃতি মূলকাণ্ড সাহিত্য। সাহিত্যিক-শিল্পী-সংস্কৃতিসেবী মাত্রই মনুষ্যত্বের সাধক। সাহিত্যকে অবলম্বন করেই সাধারণত সংস্কৃতির নানা শাখা-প্রশাখা দল মেলে। তাই সাহিত্যে জাতিগত সাহিত্য চরিত্র, বৈশিষ্ট্য ও স্বরূপ ফুটে উঠতে হবে, তবে মূলধর্ম হতে হবে কল্যাণ মানবতা।

রবীন্দ্রনাথ দুঃখ করে লিখেছেন, 'এখন ব্যস্ত লোকেরা ধমক দিয়ে বলে রেখে দাও তোমার সুন্দর, সুন্দর পুরোনো, সুন্দর সেকেলে। স্বল্পায়ু ফ্যাশান হঠাৎ নবাবের মত উদ্যত। তার প্রধান অহংকার এই যে সে আধুনাতম। অর্থাৎ তার বড়াই গুণ নিয়ে নয় কাল নিয়ে।' সত্যিকার সাহিত্য যেমন দেশ বা কালাকারের মধ্যে আবদ্ধ নয়, সত্যিকার সংস্কৃতিও দেশ-কাল বা সামাজিক গণ্ডির মধ্যে আবদ্ধ নয়। সাহিত্যের সৌন্দর্য, সত্য ও মহত্ত্বের মূল্যবোধ দেশ ও কালের সংকীর্ণ গণ্ডিতে ফেলে বিচার করা যায় না, গণ্ডিকে ছাড়িয়ে যায়। তাই সাংস্কৃতিবান মানুষ গড়তে সাহিত্যের মূল্যবোধের বিকল্প নেই।

আমাদের বর্তমান সময়ের জীবনের স্থূল প্রয়োজনগুলোই হয়ে উঠেছে একমাত্র, সবচেয়ে বড়। প্রয়োজন কাছে চরম আদর্শ, সৌন্দর্যের চর্চা ও মহত্ত্বের সাধনা পাচ্ছে পদে পদে বাধা। এই প্রয়োজন সর্বস্ব সমাজে প্রয়োজনকে প্রয়োজনের সীমার মধ্যে বাধতে না পারায় তা পদ্মবনে মত্ত হস্তীর মতোই জীবনের মহত্ত্ব ও সৌন্দর্য সাধনাকে দলিত-মথিত করছে। জীবন এখন প্রয়োজনে আবদ্ধ, প্রয়োজনই হয়ে উঠেছে জীবন। নিছক বেঁচে থাকার বা বাঁচার উপকরণটা বড় হয়ে উঠেছে, ফলে মহত্ত্ব ও সৌন্দর্যসাধনাকে মনে হয় বিলাস; জীবন হয় সংকীর্ণ ও দরিদ্র।

এখন হাজার হাজার টাকা বেতনের কর্মকর্তা করেন না শিল্প-সাহিত্যচর্চা, নেন ঘুষ। অথচ একজন স্বল্প আয়ের কর্মচারী মন চাইলে শিল্প-সাহিত্যচর্চা করে বা স্বল্পমূল্যের বই কিনে আত্মার উৎকর্ষ সাধন করে প্রকৃত সংস্কৃতমনা হয়ে উঠতে পারে। আসলে বৈষয়িক তথা জাগতিক আরাম-আয়েশ ত্যাগ করতে না পারলে প্রকৃত সংস্কৃতিসাধক হওয়া যায় না। অর্থনৈতিক সংকট সংস্কৃতিবোধের পরিপন্থি নয় বরং সংস্কৃতিবোধের অনুকূল। সমাজে অর্থ জীবনবোধগত অনর্থের মূল; সেই উদাহরণ অনেক আছে কিন্তু অর্থ সংস্কৃতিবোধের সমান্তরাল এই উদাহরণ বিরল। সম্রাট শাহজাহান বিপুল পরিমাণ ব্যয় করে সৌন্দর্যকে অমূল্য ভেবেছিলেন বলেই শাহজাহানের তাজমহল কালোত্তীর্ণ সৌন্দর্যকে ধারণ করে হয়েছে উত্তম সাংস্কৃতিক নিদর্শন এবং শাহজাহানের সংস্কৃতিবোধ পেয়েছে অমরত্ব।

যে ইংরেজি 'কালচার' শব্দের অনুবাদ হিসেবে আমরা সংস্কৃতিবান শব্দের ব্যবহার ও প্রয়োগ করি, সেটির আসলে অপপ্রয়োগ করি বেশি। সর্বক্ষেত্রে সংস্কৃতি শব্দের অপব্যবহার হয়ে আসছে যুগ যুগ ধরে। বিভিন্ন স্বার্থভিত্তিক কর্মকাণ্ডে সংস্কৃতির উদ্দেশ্যমূলক দোহাই দেয়া হয়, যার প্রমাণ আমরা পাই বৃটিশ শাসনামলে। সংস্কারের নামে বাঙালিকে শোষণের চেষ্টা, সংস্কৃতির নামে অপসংস্কৃতিকে বাঙালির জীবনবোধে ঢুকিয়ে দেয়া। ভারতবর্ষের ধর্মভিত্তিক দাঙ্গা-হাঙ্গামাও এই ধর্মীয় সংস্কৃতির ভুল ব্যাখ্যা। সারাবিশ্ব জুড়ে যে বিশ্বযুদ্ধের ডামাডোল ও হাঙ্গামা হয়েছে, তার পেছনেও ছিলো সভ্যতা ও সংস্কৃতির দোহাই। দুই বিপরীত পক্ষ তাদের যুদ্ধনীতির সমর্থনে দোহাই পেড়েছেন সভ্যতা ও সংস্কৃতির। বর্তমান সমাজে সংস্কৃতিচেতনা খানিকটা মূল জায়গা থেকে সরে এসেছে। সংস্কৃতিচেতনা এখন শুধু পুরাতন জীবনবোধ ও জীবনাচারকে অনুকরণমূলক প্রতিপালন করা।

রাষ্ট্রাচার বা সংস্কার যেমন সংস্কৃতি নয় তেমনি প্রচলিত ধর্মীয় আচার বা শিক্ষাও সংস্কৃতি নয়। এখনও ইউরোপীয় সংস্কৃতি বলতে আমাদের কাছে ইউরোপীয় রাষ্ট্ররূপ দেশাচার ও সংস্কারকে এবং হিন্দু বা মুসলমান সংস্কৃতি বলতে তাদের সামাজিক আচার-ব্যবহার-রীতিনীতি ও সংস্কারকে বোঝায়। কিন্তু এগুলো দেশগত বা রাষ্ট্রগত আচার, ধর্মগত বা সম্প্রদায় ও দলগত আচার-ব্যবহার, কোনো কোনো ক্ষেত্রে ব্যক্তিগত আচার।

এরকম বিভিন্ন দেশে বিভিন্ন শিক্ষাব্যবস্থা, বিভিন্ন সভ্যতার নাম (চীনা সভ্যতা, ব্যবিলনীয় সভ্যতা) ও সংস্কৃতির (ইউরোপীয়  সংস্কৃতি, হিন্দু সংস্কৃতি, মুসলিম সংস্কৃতি) প্রচলন আছে, সেগুলো আসলেই সংস্কৃতিবান মানুষ তৈরি করতে পারে না। এই সংস্কারই জাতীয় ধর্মীয় ও সাম্প্রদায়িক বৈশিষ্ট্যের লেবেল এঁটে বাধায় বিরোধ। তবে এটাও মনে রাখতে হবে, এককেন্দ্রিকতার অপর নাম কূপমণ্ডুকতা। যে-কোনো উৎকট বিশ্বাস ও অন্ধভাবাবেগ হচ্ছে সাংস্কৃতিক জীবনের অন্তরায়, যেটা মানুষের বুদ্ধি ও মনকে সম্মোহিত ও আচ্ছন্ন করে রাখে। সংকীর্ণ দেশাচার ও সাম্প্রদায়িক সংস্কারের মোহ ত্যাগ করতে না পারলে প্রকৃত সংস্কৃতিসাধক হওয়া যায় না

# বাংলাদেশের শিক্ষাব্যবস্থা : অতীত, বর্তমান ও ভবিষ্যত

তনিমা সুলতানা [৫]

জগতের সকল জীবের মধ্যে জ্ঞান বুদ্ধি ও প্রজ্ঞার দ্বারা মানুষ তার শ্রেষ্ঠত্বের প্রমাণ দেয়। অনুশীলনের মাধ্যমে জ্ঞান পূর্ণভাবে বিকশিত হয়। মানুষ মাত্রই জ্ঞানচর্চা করা অপরিত্যাজ্য। অন্যথায় জ্ঞানহীন ও নির্বোধ মানুষ পশুর সমতুল্য। জ্ঞান অন্বেষণ তখনই ফলপ্রসূ হবে যখন আমরা অর্জিত জ্ঞানকে অনুশীলনের মাধ্যমে বাস্তব জীবনে প্রয়োগ করতে পারবো। জীবনঘনিষ্ঠ জ্ঞানার্জনের জন্য আমাদের বর্তমান শিক্ষাব্যবস্থা যুগোপযোগী। কালের বিবর্তনে আমাদের জীবনবোধের ধারণা পাল্টে যাচ্ছে। রাষ্ট্রীয়-সামাজিক জীবনে কাঠামোগত ও অবকাঠামোগত আমূল পরিবর্তন এসেছে। এই চতুর্থ শিল্প বিপ্লবকে মোকাবিলা করতে দক্ষ ও যোগ্য জনশক্তি প্রয়োজন। সেই জনসম্পদ তৈরি করতে শিক্ষাব্যবস্থাকে অধিক সমুন্নত করা অপরিহার্য। এসকল বিষয় মাথায় রেখে যুগের সাথে তাল মিলিয়ে শিক্ষাঙ্গনে বর্তমান কারিকুলাম আধুনিক সংযোজন। বৈশ্বিক ও জাতীয় পর্যায়ের চ্যালেঞ্জের সম্মুখীন হতে হলে জনসমষ্টিকে উপযুক্ত করে গড়ে তুলতে ব্যবহারিক শিক্ষা অত্যাবশ্যক। বৈশ্বিক শিক্ষাব্যবস্থা উন্নতীকরণে বর্তমান কারিকুলাম সহায়ক ভূমিকা পালন করবে। বিদেশী শিক্ষার্থীদের উপস্থিতি বাংলাদেশের শিক্ষাব্যবস্থাকে আন্তর্জাতিক মর্যাদায় অধিষ্ঠিত করেছে তারই ইঙ্গিত বহন করে। এ মান যাতে অব্যাহত থাকে শিক্ষাপ্রতিষ্ঠানগুলো সেই লক্ষ্যে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

আমাদের অতীতে শিক্ষা কার্যক্রম ছিল গুরুকেন্দ্রিক। গুরু-শিষ্য মধ্যেকার শ্রুতি পদ্ধতিতে পাঠদান বিদ্যমান ছিল। সেসময় তিনটি বিষয় প্রধান ছিল যথা : শ্রবণ, চিন্তন ও প্রণিধান। প্রাচীন ভারতবর্ষে বিশ্ববিদ্যালয় বা উচ্চশিক্ষা বলতে গুরুকুল বা বিহারসমূহকে বোঝাতো। যার দরুণ শিক্ষকদের প্রতি অন্তর্লীন অভিব্যক্তি ছিল তুলনাহীন। আমরা কবি কাদের নেওয়াজের লেখা শিক্ষাগুরুর মর্যাদা কবিতায় অবগত হতে পারি তৎকালীন সময়ে শিক্ষকদের প্রতি শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের মনোভাব। একজন বাদশাহ রাজদরবারে শিক্ষককে ডেকে পাঠিয়েছেন কেননা তাঁর পুত্রসন্তান শ্রদ্ধাভাজন শিক্ষকের পায়ে শুধু পানি ঢেলেছে, পায়ে হাত দিয়ে কেন ধৌত করে দেয়নি এর উত্তর জানার জন্য। কেমন শিক্ষায় তাঁর উত্তরপুরুষ বেড়ে উঠছে। সময়ের সাথে সাথে সে মূল্যবোধ আমরা হারাতে বসেছি। তবে অনাধুনিক শিক্ষাব্যবস্থায় সাম্প্রদায়িকতা বিদ্যমান ছিল। হিন্দু-মুসলমান, উঁচু-নিচু, ধনী-গরিব জাতিভেদ লক্ষ্যণীয়। যার সাক্ষ্য বহন করছে মহাভারতের কর্ণ ও একলব্য। আধুনিক শিক্ষাকৌশলে এই অসাম্প্রদায়িক চেতনাবোধ সময়ের বৈপ্লবিক সাফল্য। সনাতন শিক্ষাব্যবস্থায় মুখস্থনির্ভর পড়াশোনা বিদ্যমান ছিল অর্থাৎ কোন একটি বিষয় মুখস্থ করে পরীক্ষার মাধ্যমে তা যাচাই করা হতো। তবে আধুনিক শিক্ষা ব্যবস্থায় মুখস্থ পড়ার পরিবর্তে সৃজনশীল শিক্ষা পদ্ধতির উপর বেশি গুরুত্ব আরোপ করেছে, যার মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের দক্ষতাকে কাজে লাগিয়ে নতুন কিছু উদ্ভাবনে প্রেরণা পায়। পাশাপাশি শিক্ষার্থীদের এই সৃজনশীল দক্ষতাকে আরো গতিশীল এবং যুগোপযোগী করার জন্যে শিক্ষাকাঠামোতে তথ্যপ্রযুক্তিকে (ডিজিটাল ক্লাসরুম সুবিধা) সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়েছে। তাছাড়াও অর্থনীতি-বান্ধব শিক্ষা নিশ্চিত এবং একুশ শতকের উপযোগী কর্মশক্তি গড়ে তোলার লক্ষ্যে কারিগরি শিক্ষার (কম্পিউটার প্রশিক্ষণ) সম্প্রসারণ ঘটানো হচ্ছে। আর অদূর ভবিষ্যতে বর্তমান শিক্ষা ব্যবস্থাকে আরো সম্প্রসারণের মাধ্যমে

[৫] প্রভাষক, বাংলা বিভাগ

একটি গুণগত মানসম্পন্ন বৈশ্বিক শিক্ষাকাঠামো বিনির্মাণের প্রচেষ্টা চলমান। পূর্বের তুলনায় বিদ্যমান শিক্ষাব্যবস্থা আধুনিক ডিজিটাল প্রযুক্তিনির্ভর এবং ধর্মীয় ও নৈতিক শিক্ষার পাশাপাশি জীবনমুখী শিক্ষা প্রদান করা হয়। অতীত শিক্ষা কার্যক্রমে কোন সুশৃঙ্খলিত নিয়ম ছিল না। তখন ইচ্ছামতো ভর্তি হতে পারতো আবার স্বকীয় অনুধাবিত জ্ঞানের উপর নির্ভর করে পাঠদান সম্পন্ন হয়েছে বলে ঘোষিত হত। বর্তমান শিক্ষাব্যবস্থা একটা সুষম কাঠামো দ্বারা পরিচালিত হয়। একই সঙ্গে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার উপর গুরুত্বারোপ করা হয়েছে। পূর্বের শিক্ষানীতি থেকে বের হয়ে এসে আনন্দময় পরিবেশে শিক্ষাদান নিশ্চিত করা হয়েছে। তবে একথা অস্বীকার করার উপায় নেই যে, প্রাচীন সংস্করণ কালে নৈতিকতার অবক্ষয় হয়নি। কয়েকদশক আগেও মানুষে মানুষে প্রেমমূলক ও সৌহার্দপূর্ণ সম্পর্ক বজায় ছিল। তথ্য-প্রযুক্তির যুগে মানুষ অনেক বেশি বস্তু নির্ভর হয়ে যাচ্ছে। ভাববাদী জীবন থেকে বের হয়ে এসে বস্তুগত জীবনে প্রবেশ করছে। সেসঙ্গে আদর্শিক ও নীতি-নৈতিকতা শিথিল হয়ে যাচ্ছে। তবে ভবিষ্যত ভাবনায় যদি এই দুর্বলতাকে কাটিয়ে উঠা সম্ভব না হয় তাহলে ভবিষ্যত শিক্ষাব্যবস্থা ব্যর্থতায় পর্যবসিত হওয়ার সম্ভবনা তৈরি হবে, যা কোন জাতির জন্য কাম্য নয়। সকল ভাষাভাষী ও সর্বস্তরের মানুষের প্রতি সম্মান বজায় রেখে সর্বজনীন সংস্কৃতি সহায়ক শিক্ষানীতি বাস্তবায়নের লক্ষ্যে বর্তমান শিক্ষাপ্রণালী কাজ করে যাচ্ছে।

আমাদের দেশে শিক্ষার স্তর তিনটি। যথা: প্রাথমিক স্তর, মাধ্যমিক স্তর, উচ্চতর স্তর। প্রথম পাঁচ বছর মেয়াদী প্রাতিষ্ঠানিক শিক্ষা গ্রহণই হলো প্রাথমিক শিক্ষা, পরবর্তী সাত বছর মেয়াদী শিক্ষা লাভকে মাধ্যমিক শিক্ষা এবং তৎপরবর্তী শিক্ষাকে উচ্চতর শিক্ষা বলে গণ্য করা হয়। উচ্চতর শিক্ষাকে ফলপ্রসূ করতে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা ভিত হিসেবে কাজ করবে। অদ্য বুনিয়াদি শিক্ষার মান নিশ্চিত করতে হবে এবং সমাজের সর্বস্তরের মানুষের সে শিক্ষা গ্রহণের শতভাগ সুযোগ প্রদান করতে হবে। আমাদের জ্ঞান আহরণের ক্ষেত্রগুলো পরিপুষ্ট হলে সুদূর চীনদেশকে আকৃষ্ট করা সম্ভবপর। বিদেশি শিক্ষার্থীদের আগমন আমাদের আর্থ-সামাজিক জীবনকেও সমৃদ্ধ করবে এবং বিদেশি বিনিয়োগ বাড়বে। আমাদের শিল্প-বাণিজ্যকে সমুন্নত রাখবে। গবেষণাধর্মী শিক্ষাব্যবস্থা আমাদের কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করবে। এই গবেষণার চারণভূমি হলো বিশ্ববিদ্যালয়। বর্তমান সময়ে এক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয় ও প্রাইভেট বিশ্ববিদ্যালয় সমানতালে ভূমিকা পালন করছে। এ ধারা ত্বরান্বিত রাখতে প্রয়োজন দক্ষ ও যোগ্য শিক্ষক। কেবল সঠিক শিক্ষাদানের ফলে ধর্মান্ধতা, গোঁড়ামি ও কুসংস্কার দূর করে সমৃদ্ধ সমাজ নির্মাণ করা সম্ভবপর। উৎকৃষ্ট লোকসমাজ উন্নত রাষ্ট্রগঠনে প্রধান সহায়ক ভূমিকা পালন করে। সুতরাং বিশ্বব্যাপী নিজেদের সমুজ্জ্বল জাতি হিসেবে পরিচিতি গঠনে মানদণ্ডে সর্বোত্তম শিক্ষাব্যবস্থা অক্ষুণ্ন রাখা আবশ্যক।



# মহানায়ক তো এমনই হয়!

ফাহমিদা হাফিজ লুবনা
৬২তম ব্যাচ, আইন বিভাগ

শিল্পীর হাত ধরে শুরু হয় সৃজনশীলতার অনন্য সব নিদর্শন। যার উপযুক্ত এক উদাহরণ হয়তো কোনো মহাকাব্য; যা কিনা কোনো জাতি, কোনো সভ্যতার নতুন ভাবমূর্তি সৃষ্টিতে উলেখযোগ্য হবে। কিছু কিছু সৃষ্টি এতোটাই জীবন্ত থাকে যে, তা চিরকাল অমর হয়ে থাকে, সাহিত্য নামের বিশাল ভবনের কোনো না কোনো কক্ষে। বাল্মিকী রচিত রামায়ণ এমন অমর কোনো নিদর্শনের অন্যতম কাব্য, মহাকাব্যের চরিত্রাবলীর নায়ক তো অনেকেই হয়, তবে মহানায়ক সবাই হতে পারে না! নায়ক আর মহানায়কের চরিত্রের পার্থক্যগুলি খুবই সূক্ষ্ম হয়ে দাঁড়ায় মানদণ্ডের পাল্লা গুলোতে। রামায়ণের মহানায়ক সম্পর্কে প্রশ্ন করা হলে নির্দ্বিধায় উত্তরে আসবে, অযোধ্যার রাজা দশরথের পুত্র রাম। সত্যিই তো এমন সর্বগুণ সম্পন্ন সদাচারী রাজপুত্র, মহানায়ক তো এমনই হতে হবে। নিঃসন্দেহে, রাম চরিত্রটি নায়ক বলে আমিও মনে করি! মহাকাব্য হোক বা কোনো নাট্যকর্ম, তাতে ভালো-খারাপ, উচিত- অনুচিতের নীতি নির্ধারককে কতটুকু আমরা মনে রাখি জানি না, তবে বিজয়ী দলকে সবসময় মনে রাখি।

হিন্দু মহাকাব্য রামায়ণের অন্যতম জ্ঞানী এবং শক্তিশালী রাক্ষসরাজ দশানন রাবণকে হত্যা করে, অন্যায়ের ইতি টেনে, আজ সর্বত্র মহানায়ক সেই চরিত্র রাম। কেনই বা হবে না! এমন ধার্মিক, বেদজ্ঞ, সদগুণপরায়ন, উত্তম বৈশিষ্ট্যের মানুষ! মহানায়ক তো এমনই হয়! বাবার কথার মর্যাদা রাখতে যে নির্দ্বিধায় রাজপ্রাসাদের সকল ভোগ বিলাসীতা ত্যাগ করে চৌদ্দ বছরের বনবাসে চলে যেতে পারে, মহানায়ক তো এমনই হতে হবে!

নির্বাসনকালে গোদাবরী নদীর তীরবর্তী পঞ্চবটী বনে অবস্থানকালে রাবণের বোন শূর্পনখা প্রলুব্ধ করতে চাইলে, লক্ষ্মণ তার নাক এবং কান কেটে তাকে অপমান করে। বোনের প্রতি করা এই অপমানের প্রতিশোধ নিতে সীতাকে অপহরণ করে রাবণ। স্ত্রীর অপহরণ হয়ে যাওয়া যে কোনো পুরুষের পৌরুষত্বে অঙ্কিত প্রশ্নচিহ্ন। রাম তো মহানায়ক ছিলো! এজন্যই তো সেই কালজয়ী রাম-রাবণ যুদ্ধের ঘোষণা হয়।

ব্যক্তির করা যে-কোনো কাজের উদ্দেশ্য যাই হোক না কেন, তার কাজের ধরন দ্বারা তাকে বিচার করা আমাদের বাহুল্য এক স্বভাব। ছয় শাস্ত্রের পণ্ডিত, বিজ্ঞ, শক্তিশালী দশানন রাবণকে যুদ্ধের আহ্বান জানানো যতোটা সহজ ছিল, রাজকীয় বিলাসিতা, সামন্ত সামর্থ্য সব বিসর্জন দিয়ে বনবাসে আসা রামের জন্য, মোটেও সহজ ছিল না। তবুও রাম বানরবাহিনী একত্রিত করে তাকে পরাস্ত করতে সক্ষম হয়েছিল পরাক্রমশালী রাবণকে। রামায়ণের প্রসঙ্গ শুরু হলে বানর সুগ্রীবের প্রসঙ্গ উঠবে না তা কী করে হয়? সীতার অনুসন্ধানকালে রাম নির্বাসিত বানর সুগ্রীবের সাথে পরিচিত হয়। অত্যাচারী বালী তার কনিষ্ঠ ভাই সুগ্রীবকে বঞ্চিত করে নির্বাসনে পাঠিয়েই ক্ষান্ত হয় না বরং তার স্ত্রী তারাকে নিজের রানী করে রাখে। রামের পরামর্শে দ্বন্দ্ব-যুদ্ধের মাধ্যমে বালীকে হারিয়ে নিজের অধিকার ফিরিয়ে নিতে চেষ্টা করে সুগ্রীব। কিন্তু শক্তিশালী বালী বারংবার অপরাজেয় থাকলে, রাম লুকিয়ে পেছন থেকে তীর বিদ্ধ করে বালীকে হত্যা

করে। ব্যক্তিকে বিচার করার উপায় তো তার কর্ম, কিন্তু-! রাম ছলনার আশ্রয় নেওয়াতে তার কাজটি কোন ভিত্তিতে বিবেচিত হয়, তা আমার জানা নেই। তবে সুগ্রীবের সাথে ন্যায়বিচার হলো বলেই হয়তো রাম আজও মহানায়ক! আর কেনই বা হবে না! এমন সদগুণপরায়ণ, বেদজ্ঞ মানুষ! মহানায়ক তো এমনই হয়, তাই না! সুগ্রীবের সহায়তায় চলতে থাকে সীতার সন্ধানপর্ব। রামায়ণের জনপ্রিয় চরিত্র হনুমানের পরিচয় হয় রামের সাথে এই যাত্রাপথে, সুগ্রীবের বানরসৈন্যের প্রমুখ হিসেবে।

সুগ্রীব তার সৈন্যদলকে চারিদিকে বিভক্ত করে দেন। দক্ষিণ প্রান্তে হনুমানের নেতৃত্বে থাকা দলটি দেবী সীতার সন্ধান পায়। হনুমানের উপস্থিত দৈব শক্তিবলে হনুমান পরবর্তী সমুদ্রপথের বাধা অতিক্রম করে, অবশেষে লঙ্কার অশোকবনে সীতার দেখা পায়। গুপ্তচর হনুমান প্রস্থানকালে উপদ্রব করলে, তাকে রাবণের রাজসভায় প্রস্তুত করা হলে, শাস্তিস্বরূপ তার লেজে আগুন লাগিয়ে দেওয়া হয়। সকলকে অবাক করে, হনুমান নিজের লেজের আগুন দিয়েই লঙ্কায় অগ্নিকান্ড ঘটিয়ে লঙ্কাপুরী ভস্মীভূত করে ফেরত আসে রামের কাছে, কিষ্কিন্ধ্যায়। এতোশত বাধা অতিক্রম করে প্রিয়তমার খোঁজ পেয়ে লঙ্কা থেকে তাকে ফিরিয়ে আনতে যুদ্ধের দ্বারস্থ হতে হয় রামকে। অগ্নিকান্ড ঘটিয়ে লঙ্কায় উৎপাত সৃষ্টি করা যতটা সহজতর ছিলো; পরাক্রমশালী রাবণকে তাও আবার তার এতো শক্তিশালী সৈন্যবহরসহ পরাস্ত করা অসম্ভবপ্রায় ছিল। মহামানব, মহানায়কদের জীবন; তাদের সংঘর্ষ এতোটা সহজতর হলে কি হতো! হয়তো বা যুগের পর যুগ তাদের মনে রাখা হতো না! হয়তো বা কোনো না কোনো কালের গর্ভে হারিয়ে যাওয়া ইতিহাস হয়ে যেত! রাম এবং তার সম্পূর্ণ সৈন্যদল রাবণের শক্তির প্রতিরোধ, প্রতিকার করে, নিজেদের প্রমাণ দিচ্ছিলো। বিপত্তি তখন হয় যখন রাবণের পুত্র মেঘনাদ যুদ্ধে সম্মিলিত হয়। এমন পরাক্রমশালী, শক্তিশালী কালজয়ী যোদ্ধার কথা হয়তো খুব কমই হবে ইতিহাসে। যার আতঙ্কে স্বর্গপুরীর দেবতারাও আতঙ্কিত ছিল।

মধুসূদনের মেঘনাদবধ কাব্যের কথা উল্লেখযোগ্য এখানে। কী করে ছলনার আশ্রয় নিয়ে লক্ষ্মণ মেঘনাদকে হত্যা করে, ঘটনা তো সর্বজনবিদিত প্রায়। কিন্তু! ব্যক্তিকে যদি তার কর্ম দ্বারা বিচার করা হয়, তবে রাম, লক্ষ্মণের এই কাজের বিচার কি করে হবে? তবুও যেহেতু তাদের কাজের উদ্দেশ্য সঠিক ছিল, তাই হয়তো রাম মহানায়ক। কেনই বা হবে না! তার মতো এমন সৎচরিত্রবান, ন্যায়পরায়ণ মানুষ; মহানায়ক তো এমনই হতে হবে। তাই হয়তো রাম আজও মহানায়ক।

যুদ্ধের পরিণতি নিশ্চিত হয় পরাক্রমশালী রাবণের মৃত্যুর মাধ্যমে। সীতাকে অপহরণ করে রামের পৌরুষত্বে যেই দাগ পড়ে গিয়েছিলো, তার মোচন ঘটে রাবণের মৃত্যু তথা রামের যুদ্ধ জয়ের মাধ্যমে। দীর্ঘ একসময় পড়ে রাম তার সীতার দেখা পেল, যুদ্ধে বিজয়লাভ করে। ততোদিনে অযোধ্যা থেকে পাওয়া চৌদ্দ বছরের বনবাসের মেয়াদ শেষ হয়ে গেলে তারা অযোধ্যায় আপন প্রাসাদে চলে যান। মর্যাদা পুরুষোত্তম রাম দশাননের রাবণের মতো এতো শক্তিশালী রাক্ষস রাজাকে দমন করে সীতাকে নিয়ে অযোধ্যায় প্রবেশ করলে রাজা হিসেবে তার অভিষেক হয়। সমস্ত রাজ্য খুশির জোয়ারে যখন ভাসছে ঠিক তখনি জোয়ারে ভাটা ফেলে, এক শ্রেণির লোক দেবী সীতার চরিত্রে আঙুল তুলতে শুরু করে। যেই সীতার সম্ভ্রম রক্ষার জন্য এতো দীর্ঘ সময়ের, বিশাল এক যুদ্ধ করতে হয়েছে; প্রশ্ন উঠেছে তারই সতীত্ব নিয়ে। তাদের উত্তরে, সীতার দেওয়া অগ্নিপরীক্ষাও যখন যথেষ্ট না হয়, রাম সেই সীতাকেই নির্বাসনে পাঠিয়ে দেন। কর্ম দ্বারাই যদি ব্যক্তি বিচার করতে হয়, তবে রামের সীতাকে নির্বাসনে পাঠানোটাকে কিভাবে বিবেচনা করা উচিত? কিন্তু রামের মতো মর্যাদাসম্পন্ন সদগুণপরায়ন মানুষ যখন সিদ্ধান্ত নিয়েছিলেন, হয়তো তা যথার্থই হবে! বাল্মিকীর আশ্রমে সীতার পুত্র লব, কুশের জন্মের পরে পিতৃপরিচয় ছাড়াই বেড়ে

উঠে তারা। বাল্মিকীর শিষ্যত্বে লব, কুশ রামায়ণগীতির শিক্ষা পায়, অন্যান্য জ্ঞানের পাশাপাশি। রামের আয়োজিত অশ্বমেধ যজ্ঞে সীতার বনবাসের গান শুনে রামকে কষ্ট পেতে দেখে বাল্মিকী সীতাকে তার সামনে নিয়ে আসে। আর তখন মহানায়ক রাম আবারও সীতাকে সতীত্ব প্রমান করতে, আবার অগ্নিপরীক্ষা দিতে বলেন! আর এই অপমানে লাঞ্ছিত সীতা ধরিত্রীকে আহ্বান করে, তাতে বিলীন হয়ে যান।

নিজের স্ত্রীর সম্মানের স্থলে বারংবার তাকে অগ্নিপরীক্ষা দিতে বলে অপমানিত করা, নির্বাসিত করা; বিশেষত তাকে যার সম্মানের জন্য শক্তিশালী রাবণ, বীর মেঘনাদ, প্রতাপশালী বালীর মতো যোদ্ধাকে ছলনার আশ্রয়ে হত্যা করা! সত্যিই এ তো সাধারণ মানুষের সাধ্য নয়! যার সম্মান ফিরিয়ে আনতে এতো বড় বানরবাহিনী প্রস্তুত করে, এতো বড় যুদ্ধ সম্পন্ন করা হয়েছে এসব তো সাধারণ কারো নাগালেরও বাইরে! এজন্যই হয়তো রাম কালের উৎকৃষ্ট অন্যতম মহানায়ক। কেনই বা হবে না! রামের মতো এমন সর্বগুণে গুণান্বিত মর্যাদা পুরুষোত্তম! মহানায়ক তো এমনই হয়!



# জীবনের জয়ধ্বনি

মো. শামীম রেজা
৬৩তম ব্যাচ, ইংরেজি বিভাগ

জীবন কী?

শিলাবৃষ্টির পর থেকে যাওয়া আমের মুকুল। ঝরে যাওয়া আমের মুকুলের দিকে মানুষের সতর্ক দৃষ্টি অল্পই। টিকে থাকা মুকুলের প্রতিই আশা ভরসা। এই মুকুল হতে কড়ি হবে, কড়ি থেকে ফল। তারপর পরিপক্ক হয়ে নতির বাণী প্রচার করবে। ঝরে গেলে মনুষ্য চক্ষু মিলিয়া দেখে না কিন্তু থাকলে আজ হোক বা কাল হোক প্রশংসায় আর ভালোবাসায় পঞ্চমুখ করবেই।

মোতাহের হোসেন চৌধুরী 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে জীবনকে বৃক্ষের সঙ্গে তুলনা করলেও রবীন্দ্রনাথ নদীর গতিতে জীবনের সাদৃশ্য দেখতে পান। তার মতে জীবনের বেদনা নদীর গতিতেই উপলব্ধি হয়।

নদীর গতি সহজ নয়। অনেক বাঁধা তাকে ডিঙ্গাতে হয়। মায়ের তলপেট ভেদ করে যেদিন দুনিয়ার আলো বাতাসের মোহ পেয়েছেন শিশু। সেদিন থেকেই সূর্য মামার মত দায়িত্ব বেড়ে গেছে।

সূর্যমামার দায়িত্ব কী?

পূর্বদিক থেকে উদিত হয়ে পশ্চিমে অস্ত যাবার আগে পৃথিবীর বুক আলোকিত করা। তোমার বেলায়ও তাই মৃত্যুর দ্বারপ্রান্তে পৌঁছানোর আগে শান্তি বাণী প্রচার করা। এই শান্তির বাণী প্রচার করতে হলে তোমাকে আগে দুঃখের মধ্য দিয়ে যেতে হবে। নিজের সুখের আগে অন্যের সুখ নিয়ে ভাবতে হবে। কেননা সুখে থাকাই জীবনের চরম সার্থকতা নয় বরং কাউকে সুখে রাখতে পারাটাই হলো জীবনের সব চেয়ে বড় স্বার্থকতা।

এই যে নিজে সুখী না হয়ে অন্যকে সুখে রাখার মন-মানসিকতা। এখানেই সুখের বীজ নিহিত। এটাই আত্মার বলী, আত্মার শান্তি। কেউ তোমাকে গালি ছুঁড়লে তুমি তারে ভাই বল এতে তুমি যে শান্তি পাবে, প্রতিশোধে সেই শান্তি পাবে না। মনে রেখো ক্ষমাই পরম ধর্ম। ক্ষমাতেই জীবনের প্রকৃত সুন্দর উজ্জীবিত হয় প্রতিশোধের মোহে নিজেকে দগ্ধ না করে চোখ বন্ধ করে ক্ষমা করে দিলে আত্মা শান্তি পায়। আত্মার শান্তির সাথে সাথে রবের সন্তুষ্টি অর্জিত হয়। [এক ঢিলে দুই পাখি মারার মতো] দুনিয়া হয় যদি অন্ধকার, তুমি হবে সেখানকার জোনাকি পোকা।

জোনাকি পোকার কাজ কী ?

অন্ধকারকে আলোকিত করা। অনুরূপভাবে- মনুষ্যের কাজ হবে দুনিয়াকে আলোকিত করা। এটাই হওয়া উচিত। দুনিয়াকে আলোকিত করার আগে নিজেকে আলোকিত করতে হবে।

প্রশ্ন থাকতে পারে নিজেকে আলোকিত করতে কি দরকার?

সহজ উত্তর, বই। বইকে ৫



# কেন আমরা বই পড়বো

আবু রায়হান
৬২তম ব্যাচ, এল এল বি (অনার্স)

পৃথিবীতে যত বই আছে তার সংখ্যা ধরা হয় ১৩০ মিলিয়নের মতো আর আমাদের বর্তমান গড় আয়ু হিসাব করা হয় ৭৫ বছর। এই ৭৫ বছরের শুরু ২০ বা ২৫ চলে যায় অবলীলায়। তাহলে আমাদের কাছে অবশিষ্ট থাকে আর মাত্র ৫০ বছরের মতো। এই বাকি ৫০ বছরে প্রতি সপ্তাহে একটা করে বই পড়লে ২৬০০ বই এবং প্রতিদিন ১ টা করে বই শেষ করলে ১৮২০০ বই শেষ করা সম্ভব। এখন আমাদের পড়া বইয়ের সংখ্যা এবং আমাদের বেঁচে থাকার ৫০ বছর দিয়ে ভাগ করলে দেখতে পাই পৃথিবীর মোট বইয়ের মাত্র ০.০২৪ শতাংশ বইও আমরা শেষ করতে পারি না। আরো এক গবেষণায় দেখা যায়, যারা অ্যাকাডেমিক পড়াশোনার বাইরে তেমন কোনো পড়াশোনা জীবদ্দশায় করেন না, তারা প্রতিদিন গড়ে মাত্র ১৬ মিনিট এবং যারা একাডেমিক পড়াশোনার পাশাপাশি আরো পড়াশোনাও করেন তারা গড়ে প্রতিদিন ৪৮ মিনিটের মতো পড়াশোনা করেন। আমরা যে প্রশ্নের উত্তরটা আজকে খোঁজার চেষ্টা করবো সেটা হলো পৃথিবীতে এতো বই কিন্তু এতো কম সময় তারপরে ও কেন বই পড়ার প্রতি এতো গুরুত্ব দেওয়া হয় যেখানে আমরা সারা জীবনে পৃথিবীর মোট বইয়ের ১ শতাংশ ও শেষ করতে পারি না। কেন আমরা বই পড়বো এ বিষয়ে আমার গবেষণায় কয়েকটা বিষয় উঠে এসেছে , সেগুলা হলো:

১। বই পড়ার মাধ্যমে বিগত শতাব্দীর সেরা মানুষজনের (বুদ্ধিজীবী, চিন্তাশীল, মেধাজীবী, সৃষ্টিশীল) চিন্তাধারা, মতাদর্শ সম্পর্কে জানতে পারবো। পৃথিবীতে এখন শেক্সপিয়ার, দান্তে, চমেস্কি, রবীন্দ্রনাথ, নজরুল, প্রফেসর আবদুর রাজ্জাক স্যার, আহমদ ছফা'র মতো লোকজন কেউই বেঁচে নেই কিন্তু বইয়ের মাধ্যমে আমরা খুব সহজেই তাঁদের কাছাকাছি যেতে পারবো।

২। বই পড়ার মাধ্যমে দুর্দান্ত, দুর্লভ সব তথ্যের সন্নিবেশ ঘটাতে পারবো। পৃথিবীর সবচেয়ে দামি বিষয়গুলোর মধ্যে অন্যতম হলো তথ্য, বই যে মাত্রার সঠিক তথ্য পাঠকদের দিতে পারবে সেটা আর অন্যকিছুতে পাওয়া সম্ভব নয়।

৩। বই পড়ার মাধ্যমে মস্তিষ্কের চিন্তা করার ক্ষমতা বৃদ্ধি পাবে।

৪। বই পাঠকদের নেতিবাচক আবেগ (Negative Emotions) থেকে বাঁচতে সাহায্য করবে। আমাদের বর্তমান সমাজকে বলা হয় রিস্ক সোসাইটি (Risk Society) এর অর্থ হলো মানুষের ভালো থাকা, খারাপ থাকা, কী করবে বুঝতে না পারা, মুড সুইং। এসব থেকে বই আমাদের রক্ষা করবে।

৫। বই জীবনের লক্ষ্য, উদ্দেশ্য বুঝতে সহকারী হবে।

৬। বই সমস্যা সমাধানের (Problem Solving) দক্ষতা বৃদ্ধি করবে।

৭। বই পাঠকদের কীভাবে চলছে, পৃথিবীর সমাজনীতি, রাজনীতি, অর্থনীতি বুঝতে সাহায্য করবে।

সর্বোপরি, নিজের অবস্থানের উন্নতি করতে বই পড়ার বিকল্প আর নাই। আসুন সবাই বই পড়ি। আমি ২০২৩ এ একচল্লিশটা বই শেষ করছি, ২০২৪ এ ৫২ টা বই শেষ করবো ইনশাল্লাহ, আর আপনি?

# গল্প



# মোড়


## মো. পারভেজ হাসান
৬৩তম ব্যাচ, সিএসই


চারদিকে জনমানব শূন্য স্তব্ধ পরিবেশ, শোঁ-শোঁ করে বাতাস বইছে, দূর থেকে ভেসে আসছে নদীর বুকে ঢেউগুলোর আছরে পড়ার শব্দ, জোনাকিপোকারা আজ আপন মনে খেলা করছে, সবুজ গাছপালা বাতাসের সাথে তাল মিলিয়ে পরিবেশটা যেন আরোও মনোমুগ্ধকর করে তুলেছে আর এরই সাথে জ্যোৎস্না প্রকৃতিকে সাজিয়ে দিয়েছে নতুন একরূপে। স্রষ্টার এই অপরূপ সৃষ্টিকে নাবিল আজ উপভোগ করছে আর বারবার তার কাছে কৃতজ্ঞতা জানাচ্ছে।

নাবিল সাহেব দেশের একজন মস্ত বড় ব্যবসায়ী। শহরে তার রয়েছে হাজার রকমের ব্যবসা। আর এই ব্যবসাগুলো একটি কোম্পানির অধীনেই হয়ে থাকে। কোম্পানিটির নাম 'এম.পি. গ্রুপ'। নাবিল সাহেব এই কোম্পানির একমাত্র মালিক। আজ তার কোনো কিছুরই অভাব নাই। সৃষ্টিকর্তা দুহাত ভরে তাকে আজ সবকিছু দিয়েছে।

ছোটবেলা থেকেই তিনি ছিলেন প্রকৃতি প্রেমিক। স্রষ্টার এই অপরূপ সৃষ্টি তিনি যতই দেখুক না কেন তার যেন মন ভরেই না। তার ছোটবেলা গ্রামে কেটেছে কিন্তু ব্যবসার জন্য তাকে এখন শহরে ব্যস্ত সময় পার করতে হয়। কিন্তু তিনি যতই ব্যস্ত থাকুক না কেন, মাসে একদিন তার এই প্রকৃতি উপভোগ করার পিপাসু মনটি ঠিকই সময় বের করে নেয় প্রকৃতির এই মনোমুগ্ধকর রূপকে উপভোগ করবে বলে। মাঝেমাঝে তিনি তার পরিবারকেও নিয়ে আসেন প্রকৃতি এবং গ্রাম-বাংলার এই দৃশ্যের সাথে পরিচয় করিয়ে দেওয়ার জন্য, শহর থেকে কয়েক'শ মাইল দূরে তার চিরচেনা গ্রামের এই বাড়িতে। তবে বেশির ভাগই তিনি একাই আসেন এবং সময়টাকে উপভোগ করেন।

এই স্তব্ধ পরিবেশ, আপন গতিতে বয়ে চলা বাতাস, আছরে পড়া ঢেউমালা, জোনাকিপোকার লুকোচুরি খেলা করা, বাতাসের সাথে সবুজ গাছপালার নৃত্য পরিবেশন করা যেমন তার মানসিক শান্তি দেয় তেমনি এই পরিবেশটা শরীরের জন্যও দারুন কার্যকরী। তাই আমাদের সবারই উচিত শত ব্যস্তটার মাঝেও নিজেকে অন্তত একদিন সময় দেওয়া এবং প্রকৃতির মাঝে হারিয়ে যাওয়া।

কিন্তু এরকম পরিবেশ নাবিল সাহেবের একটি বিশেষ দিনের কথা মনে করিয়ে দেয়। যা আজ থেকে বিশ বছর আগের কথা, 'দিনটি ছিল বুধবার, সময় সন্ধ্যা ৬টা কি ৭টা নাবিল সাহেব তার হতাশাগ্রস্থ মন নিয়ে আপন গতিতে হেঁটে চলছে। সে আজ তার জীবনের কঠিন এক সিদ্ধান্তে পৌঁছেছে। তবে সিদ্ধান্তটা অনেক ভেবেচিন্তেই নিয়েছে সে। মনটা তার অস্থির হয়ে ক্ষণ গুনছে শেষ পরিণতিটা দেখার জন্য। বারবার তার মনের মধ্যে উচ্চারিত হচ্ছে, আমি আজ জীবন যুদ্ধে হেরে যাওয়া পরাজিত এক সৈনিক, আমি আজ পৃথিবীর জন্য অভিশাপস্বরূপ, মা-বাবার এক অকেজো সন্তান, সমাজের চোখে আজ আমি আগাছা, সবার জন্য আজ আমি বোঝা, আমার মতো মানুষকে আজ কেউ মেনে নেবে না। মনটা তার চিৎকার করে বলছে,

তুই জীবন যুদ্ধে হেরে গেছিস, তুই হেরে গেছিস। তোর মতো মানুষের পৃথিবীতে বেঁচে থাকার কোন অধিকার নেই। হ্যাঁ, সে তো ঠিকই বলেছে। আমি আজ সবার জন্য, সবকিছুর জন্যই অকল্যাণকর। হতাশাগ্রস্থ জীবন নিয়ে আমার বেঁচে থাকার অধিকার নেই। অনেক পথ পাড়ি দিয়ে আজ আমি জীবন নামের এই পথের শেষ প্রান্তে দাঁড়িয়ে আছি। আমি জানি মৃত্যু মানেই সবকিছুর সমাধান নয়। জীবনে বারবার হেরে যাওয়ার পরেও যে সোজা হয়ে উঠে দাঁড়ায়, জীবনের লক্ষ্যে অটুট থেকে যথাযথভাবে নিজের লক্ষ্যকে পূরণ করে সেই আসল যোদ্ধা, সেই আসল জয়ী।

কিন্তু এ সবকিছু জেনেও আজ তিনি এক কঠিন সিদ্ধান্তে পৌঁছেছে, কোন বাধায় আজ তাকে এই সিদ্ধান্ত থেকে বের করে নিয়ে যেতে পারবে না। জীবনের শেষ প্রান্তে দাঁড়িয়ে আজ মা-বাবা দুজনের কথায় খুব মনে পড়ছে তার। যে মানুষ দুটি সবসময় তার ভালোর জন্য দিনের পর দিন নিজেদের শখ-আহ্লাদ, সুখ সবকিছুকে বিসর্জন দিয়ে তাকে এত বছর ধরে বড় করে তুলেছে, তার সুখের জন্য কোন কাজের কাছে হার মানেননি তা সে যত পরিশ্রমের কাজ হোক না কেন। কই তারা তো তার মতো এতো প্রশ্ন ছুঁড়ে দেয়নি কখনো, কখনো তারা তো মনে করেনি তাদের জীবন বৃথা, তারা জীবন যুদ্ধে হেরে গেছে, এতটা জীবন পার করে তারা তো কখনো ক্লান্ত হয়নি। আর তিনি আজ কাপুরুষের মতো নিজের কষ্টকে দূর করতে তাদের ছেড়ে দিচ্ছে। কথাগুলো তার বিবেককে একটু সাড়া জাগিয়ে দিল। জীবনে তিনি তো তাদের জন্য কিছুই করতে পারলেন না, আজ না হয় তাদের থেকে একটু ক্ষমা চেয়ে নিক, তাদের বলুক সেও তাদেরকে অনেক ভালোবাসে। তিনি হাঁটতে হাঁটতেই পকেট থেকে ফোনটা বের করে নিয়ে বাবার নাম্বারটা বের করে ফোন দিলেন। নিজেকে একটু শান্ত রাখতে চেষ্টা করলেন যেন তারা তার পরিস্থিতিটা বুঝতে না পারে। ফোন দেওয়ার কিছুক্ষণ পরেই বাবা ফোনটা রিসিভ করলো। ভেসে আসলো তার বাবার মায়া ভরা সেই কণ্ঠ, 'কেমন আছিস বাবা? এতদিন পর আমাদের কথা মনে পড়লো? তোর মা তো প্রায় পাগল হয়েই গেছে তোর কথা বলতে বলতে। আমরা কী তোর কাছে কোন অন্যায় করে ফেলেছি, তুই আমাদের ফোন ধরিস না, কথা বলিস না।' বাবার কথা শুনে তিনি আর চোখের পানি ধরে রাখতে পারলেন না। প্রতি উত্তরে তিনি বলতে শুরু করলেন, কেমনে তোমাদের সাথে কথা বলি বাবা? আর অন্যায় তো আমি করে ফেলেছি, মস্ত বড় অন্যায়। যার ফলশ্রুতিতে আজ আমি দাঁড়িয়ে আছি মৃত্যুর দ্বারপ্রান্তে। আমার জীবনটা আজ শুধু কালো মেঘে ছেয়ে গেছে বাবা। হাউমাউ করে কাঁদতে কাঁদতে বললেন, বাবা আমি তোমাদের অনেক ভালোবাসি, আমি তোমাদের অনেক ভালোবাসি। তোমাদের জন্য আমি কিছুই করতে পারলাম না। আমি আজ তোমাদের ছেড়ে অনেক দূরে চলে যাচ্ছি। আমাকে তোমরা ক্ষমা করে দিও। আমি হেরে গেছি বাবা, জীবনযুদ্ধে হেরে গেছি। আমাকে ক্ষমা করে দিও, আল-বিদা।

বাবার সাথে জীবনের শেষ কথাটুকু বলতে বলতেই হঠাৎ করেই তার পাশে একজন বয়স্ক লোক হাজির হলো। বয়স ৬৮ অথবা ৭০ হবে যতটুকু ধারণা করা যায়। তিনি তার উদ্দেশ্য করে বললেন, সাহেব আপনার সাথে একটু কথা বলতে চায়, একটু সময় হবে?

তিনি নিজেকে সামলে নিয়ে তার প্রতি উত্তর দিলেন, হ্যাঁ বলেন। সাথে সাথেই ঐজায়গায়ই তিনি বসে পড়লেন এবং ইশারায় তাকেও বসতে বললেন। তার ইশারায় তিনিও সম্মতি জানিয়ে তার পাশেই বসে পড়লেন। দুজনই বসে বসে কয়েকমিনিট আকাশের বুকে জ্বলজ্বল করা চাঁদের দিকে তাকিয়ে থাকতে শুরু করলেন। তিনি আকাশের দিকে তাকিয়ে থেকেই তাকে প্রশ্ন করলেন, 'দেখেন সাহেব, বিশাল এই আকাশের বুকে চন্দ্রের আশেপাশে ছড়িয়ে-ছিটিয়ে আছে অসংখ্য নক্ষত্রমালা, তবুও চাঁদ যেন একা। তাই

না? তার সঙ্গ দেওয়ার মতো কেউ নাই এই বিশাল আকাশের মাঝে। এমনকি তার নিজস্ব আলোও নেয় সবার মাঝে বিলিয়ে দেওয়ার মতো। তবুও পরের আলোর সাহায্যে নিঃস্বার্থভাবে আমাদেরকে উপহার দিচ্ছে উপভোগ্য এক রাতের। তবে সে যদি হতাশাগ্রস্থ হয়ে নিজেকে উজ্জ্বালিত না করতো সূর্যের আলোর সাহায্যে, ভেবে বসত তার নিজস্ব আলো না থাকার কথা, সূর্যের আলো নিজের গায়ে না মাখার কথা। অবশ্যই পারত, কিন্তু তবুও সে আমাদের মাঝে বিলিয়ে দিচ্ছে উপভোগ্য এই রাতের। তার সূচনাটা হয়ত আকাশের বিষয়বস্তু নিয়ে হলেও, পরক্ষণেই তিনি অবতরণ করেন মানব জীবনের মধ্যে।

তিনি বলেন, জানেন সাহেব? সৃষ্টিকর্তার উপহার দেওয়া এই জীবনটা আমাদের আবার আমাদের নয়। আমরা চাইলেও এই জীবনের আমাদের ইচ্ছা মতো কার্যসম্পাদন করতে পারি না। কারণ সৃষ্টিকর্তা জীবনকে আমাদের উপহার দেওয়ার পাশাপাশি আমাদের দিয়ে দিয়েছে হাজারো দায়িত্ব। পৃথিবীতে একজন মানুষ যখন জন্মগ্রহণ করে সাথে সাথেই সেই জন্মগ্রহণ করা সদ্য শিশুটির সাথে হাজারো মানুষের জীবনের মিলবন্ধন হয়ে যায় যা সেই চাইলেও খণ্ডন করতে পারে না। আর এই মিলবন্ধনই বয়স বেড়ে উঠার সাথে সাথে রূপ নেয় দায়িত্বের। তাই আমাদের কতগুলো বিশেষ সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা একমাত্র সৃষ্টিকর্তার রয়েছে, যা আমাদের মন মেনে নিতে না চাইলেও আমাদের নিজ দায়িত্বে মনকে সান্ত্বনাস্বরূপ বোঝানো উচিত।

তার কথাগুলোর সারাংশ হলো, চাঁদ যেমন নিজের আলোর জন্য চিন্তা না করে নিস্বার্থভাবে পৃথিবীকে রাতেও নিতান্তরে আলোকিত করছে। তেমনি আমাদেরও উচিত নিজের জীবনের না মেলা ক্যালকুলেশনগুলো পাশে রেখে সামনের দিকে এগিয়ে চলা। আর নিজের উপর থাকা দায়িত্বগুলো পরিপূর্ণ করার চেষ্টা করা যেমন চাঁদ প্রতিনিয়ত করে চলছে।

তবে তার এই কথাগুলো নাবিল সাহেবের উপর তেমন কোনো ফেলতে এখনও পর্যন্ত পারিনি। তাই তিনি একজন আদর্শ শ্রোতা হিসেবে শুধু শুনেই যাচ্ছিলেন। বয়স্ক লোকটি তার মনের অবস্থার কোনো পরিবর্তন বুঝতে না পেরে পরবর্তীতে নাবিল সাহেবকে তার সেই ভয়ংকর দিনগুলোর কথা বলতে শুরু করলেন।

সালটি ২০২০, বয়স্ক লোকটি ছিলেন শহরের স্বনামধন্য একজন ব্যবসায়ী। নতুন ব্যবসা শুরু করার জন্য তিনি বিভিন্ন প্রতিষ্ঠান যে ঋণ গ্রহণ করেছিলেন। সবেমাত্র ঋণগুলো পরিশোধ করে লাভের মুখ দেখতে শুরু করেছিলেন। তখনই শুরু হয় বিপত্তি, পৃথিবীজুড়ে হানা দেয় করোনা ভাইরাস। দিন দিন যা মহামারির রূপধারণ করতে থাকে। ফলে এই অবস্থা লোকটির ব্যবসার উপর ব্যাপকভাবে ক্ষতিসাধন করতে থাকে। তখন তার কাছে কিছু জমানো টাকা থাকলেও কয়েকমাসের ব্যবধানে তিনি প্রায় নিঃস্ব হয়ে যান। আবার ঋণ নিতে শুরু করে তবে ব্যাংকের প্রতিষ্ঠানগুলো থেকে। তবে এবার তারা আগের চেয়ে কয়েকগুণ চড়া সুদের শর্তাবলি জুড়ে দেয়। কিন্তু তার অবস্থা এতটাই খারাপ ছিল যে তাদের এই শর্তাবলি মেনেই তিনি ঋণের দারস্থ হন। আবার শুরু হয় ব্যবসার কাজ, তবে এই পরিস্থিতিতে ব্যবসা আর আগের মতো চালাতে তিনি ব্যর্থ হতে থাকেন। ফলে দিনদিন তিনি হতাশায় ভুগতে থাকেন। আর এই হতাশার মাঝেই তার স্ত্রী করোনায় আক্রান্ত হয়ে পড়ে, আর কিছুদিনের মধ্যেই অবস্থা আরোও খারাপ হয়ে যাওয়ায় তাকে আইসিইউ'তে ভর্তি করানো হয়। ফলে তার স্ত্রীর পিছনেও ব্যাপক খরচ হতে থাকে। ফলে তার আরোও অর্থের প্রয়োজন হতে থাকে। তার জমানো টাকার পাশাপাশি ঋণের টাকা-পয়সাও শেষ হতে থাকে। ফলশ্রুতিতে আবারও তাকে ঋণের দারস্থ হতে সিদ্ধান্ত নেন। কিন্তু সে আগের ঋণের টাকা ঠিকঠাকভাবে পরিশোধ করতে না পারায় এবার সবাই তাকে ফিরিয়ে দেন। ফলে গভীর হতাশায় ডুবে পড়েন যার ফলে

তাকে কিছুদিন হসপিটালের বেডেও জ্ঞানহীন অবস্থায় পড়ে থাকতে হয়। এরপর যখনই সে জ্ঞান ফিরে পায়, শুনতে হয় কঠিন এক সত্যের। তার জ্ঞানহীনতার মাঝেই তার স্ত্রীর মৃত্যুবরণ করেন এবং তার ছেলে-মেয়ে দুইজনই হসপিটালে তার মামার সাথে ফেরার সময় দুর্ঘটনায় মারা যায়। তার হতাশা আর শোকের ব্যাপকতা আরও বেড়ে যাওয়ার ফলে তার মানসিকতাও ক্ষতিগ্রস্থ হয়। যার প্রভাব দীর্ঘমেয়াদী বিস্তার করেছিল। তবে দীর্ঘদিন পরে হলেও তিনি এই কঠিন পরিস্থিতি কাটিয়ে উঠতে তিনি সক্ষম হন এবং আবার স্বাভাবিক জীবনে ফিরে আসতে চেষ্টা করতে থাকেন। এখনও তিনি পুরোপুরি সফল না হলেও বলা চলে তিনি অনেকটাই সফল।

নাবিল সাহেব খেয়াল করলেন লোকটির তার জীবনের এই কঠিন সত্যেকে প্রকাশ করার সময় চোখ দিয়ে একফোঁটা জলও পড়েনি। হয়ত তিনি তার অবস্থা থেকে বের হওয়ার পাশাপাশি মনোবল শক্ত করার প্রশিক্ষণটাও গ্রহণ করে নিয়েছে।

সবশেষে তিনি আবার একটা প্রশ্নের মুখোমুখি দাঁড় করিয়ে দিলেন নাবিল সাহেবকে। তিনি বললেন, সাহেব আমার থেকেও কী আপনার পরিস্থিতি খারাপ? তিনি আর কিছু না বলে তাকে কিছুক্ষণ ভাবার সময় দিয়ে চুপচাপ বসে থাকলেন।

নাবিল সাহেব ভাবতে শুরু করলেন তবে উত্তরটা হবে, ‘না’। কারণ তিনি জানে তার কাছে এখনও প্রচুর সময় ও সুযোগ আছে এবং তা কাজে লাগানোর মাধ্যমও আছে। তিনি এবার বললেন, চল সাহেব এবার তাহলে উঠা যাক। কারণ তিনি তার উত্তরটা আগেই জানতেন।

তারও সুবুদ্ধির উদয় হল। নাবিল সাহেব পূর্বের সমস্ত হতাশা আর পরিকল্পনা ত্যাগ করে তার সাথে হাঁটতে থাকলেন। শুরু হলো তার নতুন জীবনের সূচনা, জীবনটা নিল এক অচেনা পথে মোড় ।

আর এর ফলেই সবার কাছে নাবিল সাহেব আজ একজন সফল মানুষের উদাহরণ। কথাগুলো ভাবতে ভাবতেই তিনি দীর্ঘশ্বাস নিলেন এবং পুনরায় স্মরণ করলেন সৃষ্টিকর্তার সেই মহান বাণীটি, ‘ভেঙ্গে পড়ো না, নিরাশ হয়ো না, সাহায্য আসবেই এটা আল্লাহর ওয়াদা! জেনে রাখো, নিশ্চয়ই আল্লাহর সাহায্য অতি নিকটে’। [সূরা বাকারা:২১৪]



## নেত্রকোণা উত্তর শহরের ছেলেটি!

প্রতীক দাস শাওন
৫৯তম ব্যাচ, আইন বিভাগ

প্রচণ্ড মেধাবী প্রদীপ কুমার দাস ছিলেন নেত্রকোণার পূর্বধলা উপজেলার হিরণপুর উচ্চ বিদ্যালয়ের গণিতের শিক্ষক। লেখাপড়া আর সামাজিক-সাংস্কৃতিক কর্মকাণ্ড নিয়েই মেতে থাকতেন। একাত্তরের ১৬ই আগস্ট দুপুরে স্কুল থেকে বের হয়ে পাশেই হিরণপুর রেলস্টেশনে অবস্থান করছিলেন। তখন রাজাকার-আলবদররা তাঁকে ধরে পাকিস্তানি হানাদার সেনাদের হাতে তুলে দেয়। এরপর তাঁর আর সন্ধান পাওয়া যায়নি।

প্রদীপ কুমার দাসের জন্ম ১৯৪৯ সালের ১৫ই ফেব্রুয়ারি নেত্রকোণা পৌর শহরের পুকুরিয়া মহল্লায়। বাবা হরেন্দ্র কুমার দাস ছিলেন তৎকালীন পূর্ব পাকিস্তানের কৃষি মন্ত্রণালয়ের কর্মচারী। মা সুচিত্রা বালা গৃহিণী। তিন ভাই ও চার বোনের মধ্যে বড় ভাই বীর মুক্তিযোদ্ধা দিলীপ কুমার দাস ছিলেন জাতীয় রক্ষী বাহিনীর সদস্য ও বাংলাদেশ সেনাবাহিনীর কর্মকর্তা। ১৯৯৭ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর আমন্ত্রণে যশোর ক্যান্টনমেন্টে নৈশভোজে অংশগ্রহন করেন এবং সাবেক কর্মকর্তাদের সাথে অনেক দিনপরে সাক্ষাৎ দেখায় নিয়ম মাফিক খাবার গ্রহণ না করায় রাত্রে শরীরের ডায়াবেটিসের অস্বাভাবিক বেশিমাত্রায় বৃদ্ধি ও হৃদরোগে আক্রান্ত হয়ে ক্যান্টনমেন্টে মারা যান। যা পরবর্তী ৮টার সময়ে বাংলাদেশ টেলিভিশনে সম্প্রচার করা হয় তখন পরিবারের সকল সদস্যদের মধ্যে শোকের ছায়া নেমে আসে এবং পরেরদিন বাংলাদেশ সেনাবাহিনী, বাংলাদেশ পুলিশ ও স্থানীয় কমিশনার রাষ্ট্রীয় মর্যাদার কাজ সম্পন্ন করে পরিবারের কাছে লাশ হস্তান্তর করেন। ছোট ভাই দীপক কুমার দাস (বি.এ) প্রিন্টিং প্রেসের ব্যবসা ও প্রকাশনা কাজের সাথে সম্পৃক্ত এবং নিজ এলাকায় সামাজিক উন্নয়ন কর্মকাণ্ডের সাথে জড়িত। প্রদীপ কুমার দাস নেত্রকোণা সরকারি কলেজ থেকে বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি লাভ করেন ১৯৭০ সালে। একই সালে মদন উপজেলার নোয়াগাঁও উচ্চ বিদ্যালয়ে বিজ্ঞানের শিক্ষক হিসেবে কর্মজীবন শুরু করেন। কয়েক মাস পর সেখান থেকে নেত্রকোণার পূর্বধলা উপজেলার হিরণপুর উচ্চ বিদ্যালয়ে যোগ দেন। ছাত্রদের প্রিয় ‘প্রদীপ স্যার’ ছিলেন সদালাপী ও মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ।

একাত্তরের ১৬ আগস্ট দুপুরে প্রদীপ কুমার দাস বিদ্যালয় থেকে বের হয়ে পাশেই হিরণপুর রেলস্টেশনে আসেন। সেখানে তাঁর কয়েকজন ছাত্র ও অভিভাবকের সঙ্গে কথা বলছিলেন। এসময় ময়মনসিংহ থেকে মোহনগঞ্জের উদ্দেশে ছেড়ে আসা ট্রেনটি হিরণপুর থামে। প্রায় যাত্রীশূন্য ট্রেনটি থেকে মুসলিম লীগের চিহ্নিত কয়েকজন নেতা, রাজাকার-আলবদর, আলসামস ও পাকিস্তানি সেনা অস্ত্র হাতে দ্রুত নেমে পড়ে। তারা স্টেশনে থাকা লোকদের জিজ্ঞাসাবাদ ও ধরপাকড় শুরু করে। রাজাকাররা শিক্ষক প্রদীপ কুমারকে ধরে পাকিস্তানি সেনাদের হাতে তুলে দেয়। বর্বর সেনারা তাঁকে মারধর করে ট্রেনে তোলে। এ সময় তাঁর ছাত্ররাও উপস্থিত লোকজন বিএসসি স্যারকে ধরে নিয়ে যাচ্ছে, ধরে নিয়ে যাচ্ছে বলে চিৎকার করতে থাকেন। কিন্তু ট্রেন চলতে শুরু করায় শিক্ষক প্রদীপ কুমার দাসকে তাঁরা রক্ষা করতে পারেননি।

মদনের নোয়াগাঁও উচ্চ বিদ্যালয়ের তৎকালীন প্রধান শিক্ষক ও প্রদীপ কুমার দাসের ভগ্নিপতি সুধীর চন্দ্র দাস জানান, অবিবাহিত প্রদীপ কুমার দাস ছাত্রদের জন্য নিবেদিতপ্রাণ ছিলেন। একাত্তরের মার্চে পাকিস্তানি হানাদাররা গণহত্যা শুরু করলে তিনি ছাত্র ও তরুণদের মুক্তিযুদ্ধে অংশ নিতে অনুপ্রাণিত করাসহ মুক্তিযোদ্ধাদের বিভিন্নভাবে সহযোগিতা করেছেন। গতিধারা প্রকাশনী থেকে ইতিহাসবিদ আলী আহাম্মদ খান নেত্রকোণা জেলার মুক্তিযুদ্ধের ইতিহাস গ্রন্থে প্রদীপ কুমার দাসের কথা উল্লেখ রয়েছে।

প্রদীপ কুমারের ছোট ভাই দীপক কুমার দাস (বি.এ), 'প্রথম আলো'কে বলেন, দেশ স্বাধীন হওয়ার পর তাঁর বাবা হরেন্দ্র কুমার দাসের কাছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমবেদনা জানিয়ে একটি চিঠিও এক হাজার টাকা পাঠান। তিনি আরো বলেন 'ভাই' দেশের জন্য জীবন উৎসর্গ করেছেন, আমরা গর্বিত শহীদ বুদ্ধিজীবী হিসেবে প্রদীপ কুমারের নাম সরকারিভাবে যথা সময়ে গেজেটে অন্তর্ভুক্ত করার দাবি জানান তিনি।

# কবিতা (ফিরে দেখা)



# সোনার তরী

রবীন্দ্রনাথ ঠাকুর

গগনে গরজে  মেঘ, ঘন বরষা।
কূলে একা বসে আছি, নাহি ভরসা।
রাশি রাশি ভারা ভারা
ধান কাটা হল সারা,
ভরা নদী ক্ষুরধারা
খরপরশা।
কাটিতে কাটিতে ধান এল বরষা।

একখানি ছোটো খেত, আমি একেলা,
চারি দিকে বাঁকা জল করিছে খেলা।
পরপারে দেখি আঁকা
তরুছায়ামসীমাখা
গ্রামখানি মেঘে ঢাকা
প্রভাতবেলা-
এ পারেতে ছোটো খেত, আমি একেলা।

গান গেয়ে তরী বেয়ে কে আসে পারে,
দেখে যেন মনে হয় চিনি উহারে।
ভরা-পালে চলে যায়,
কোনো দিকে নাহি চায়,
ঢেউগুলি নিরুপায়
ভাঙে দু-ধারে--
দেখে যেন মনে হয় চিনি উহারে।
ওগো, তুমি কোথা যাও কোন্ বিদেশে,
বারেক ভিড়াও তরী কূলেতে এসে।
যেয়ো যেথা যেতে চাও,
যারে খুশি তারে দাও,
শুধু তুমি নিয়ে যাও
ক্ষণিক হেসে
আমার সোনার ধান কূলেতে এসে।
যত চাও তত লও তরণী-'পরে।
আর আছে?- আর নাই, দিয়েছি ভরে।
এতকাল নদীকূলে
যাহা লয়ে ছিনু ভুলে
সকলি দিলাম তুলে
থরে বিথরে-
এখন আমারে লহ করুণা করে।

ঠাঁই নাই, ঠাঁই নাই- ছোটো সে তরী
আমারি সোনার ধানে গিয়েছে ভরি।
শ্রাবণগগন ঘিরে
ঘন মেঘ ঘুরে ফিরে,
শূন্য নদীর তীরে
রহিনু পড়ি-
যাহা ছিল নিয়ে গেল সোনার তরী।

(ফাল্গুন ১২৯৮ শিলাইদহ)



# খেয়া-পারের তরণী

## কাজী নজরুল ইসলাম

যাত্রীরা রাত্তিরে হতে এল খেয়া পার,
বজ্রেরি তূর্যে এ গর্জেছে কে আবার?
প্রলয়েরি আহ্বান ধ্বনিল কে বিষাণে!
ঝন্‌ঝা ও ঘন দেয়া স্বনিল রে ঈশানে!

নাচে পাপ-সিন্ধুতে তুঙ্গ তরঙ্গ!
মৃত্যুর মহানিশা রুদ্র উলঙ্গ!
নিঃশেষে নিশাচর গ্রাসে মহাবিশ্বে,
ত্রাসে কাঁপে তরণীর পাপী যত নিঃস্বে।

তমসাবৃতা ঘোরা 'কিয়ামত' রাত্রি,
খেয়া-পারে আশা নাই ডুবিল রে যাত্রী!
দমকি দমকি দেয়া হাঁকে কাঁপে দামিনী,
শিঙ্গার হুঙ্কারে থরথর যামিনী!

লঙ্ঘি এ সিন্ধুরে প্রলয়ের নৃত্যে
ওগো কার তরী ধায় নির্ভীক চিত্তে
অবহেলি জলধির ভৈরব গর্জন
প্রলয়ের ডঙ্কার ওঙ্কার তর্জন!

পুণ্য-পথের এ যে যাত্রীরা নিষ্পাপ,
ধর্মেরি বর্মে সু-রক্ষিত দিল্ সাফ!
নহে এরা শঙ্কিত বজ্র নিপাতেও
কাণ্ডারী আহ্মদ তরী ভরা পাথেয়।

আবুবকর উস্মান উমর আলি হায়দর
দাঁড়ি যে এ তরণীর, নাই ওরে নাই ডর!
কাণ্ডারী এ তরীর পাকা মাঝি মাল্লা,
দাঁড়ি-মুখে সারি-গান লা-শরিক আল্লাহ!

'শাফায়ত'-পাল-বাঁধা তরণীর মাস্তুল,
'জান্নাত্' হতে ফেলে হুরি রাশ্ রাশ্ ফুল।
শিরে নত স্নেহ-আঁখি মঙ্গল দাত্রী,
গাও জোরে সারি-গান ও-পারের যাত্রী।
বৃথা ত্রাসে প্রলয়ের সিন্ধু ও দেয়া-ভার,
ঐ হলো পুণ্যের যাত্রীরা খেয়া পার।



# Casabianca

Felicia Hemans

The boy stood on the burning deck
Whence all but he had fled;
The flame that lit the battle's wreck
Shone round him o'er the dead.
Yet beautiful and bright he stood,
As born to rule the storm;
A creature of heroic blood,
A proud, though child-like form.
The flames rolled on–he would not go
Without his Father's word;
That father, faint in death below,
His voice no longer heard.
He called aloud–'say, Father, say
If yet my task is done?'
He knew not that the chieftain lay
Unconscious of his son.
'Speak, father!' once again he cried,
'If I may yet be gone!'
And but the booming shots replied,
And fast the flames rolled on.
Upon his brow he felt their breath,
And in his waving hair,
And looked from that lone post of death
In still yet brave despair.
And shouted but once more aloud,
'My father! must I stay?'
While o'er him fast, through sail and shroud,
The wreathing fires made way.
They wrapt the ship in splendour wild,
They caught the flag on high,
And streamed above the gallant child,
Like banners in the sky.
There came a burst of thunder sound–
The boy–oh! where was he?
Ask of the winds that far around
With fragments strewed the sea!–
With mast, and helm, and pennon fair,
That well had borne their part–
But the noblest thing which perished there
Was that young faithful heart.

# কবিতা

# ঘোর অন্ধকার

প্রফেসর ড. আবদুর রহমান খোকন [৬]

তামাম পৃথিবীময় ঘোর অন্ধকার!
ম্লান ঝলকানো পূর্ণিমার চাঁদের আলো,
সূর্যের রক্তিম আভা যেন ভীষণ কালো।

ফিলিস্তিন, গাজা, ইয়েমেন, ইউক্রেন শিশুদের
গগণবিদারী প্রাণ ওষ্ঠাগত চিৎকার–
তথাকথিত মানবসভ্যতার ললাটে যেন শকুনের প্রতিচ্ছবি।

হায়রে আইসিবিএম–
তুমি আর কত হাড় কঙ্কালময় শিশুর জীবন করবে হরণ?
ধরিত্রীর অসংখ্য জনপদে দৃশ্যমান দুর্ভিক্ষ!
বনের শাকও মা এখন দিতে ব্যর্থ সন্তানের পাতে!

দালান উঠছে, উড়ছে কারখানার চিমনির কালো ধোঁয়া–
শিশুদের ফুসফুস বায়ু দুষণে নিঃশেষ প্রায়।
পশুদের পাশবিক আস্ফালনে ধর্ষিতা বোনের চিৎকার–
বাতায়ন ভেদ করতেও ভয় পায়!

রাষ্ট্রীয় অর্থ লুণ্ঠনের বাটখারা মেলা ভার
কে কার পাপের বোঝা করবে পরিমাপ?
আফ্রিকার গহীন বন থেকে বঙ্গোপসাগর পর্যন্ত
সবকিছু যেন ভীষণ অমানিশার
ঘোর অন্ধকারে ঢাকা।

[৬] উপাচার্য (ভারপ্রাপ্ত), প্রাইম ইউনিভার্সিটি

## অসময় নয়

মাবিয়া মোমেন [৭]

অসময়ে আসিনি আমি
এটাই উপযুক্ত সময়।
এই সেই মাহেন্দ্রক্ষণ, যখন
আমাকে তোমার প্রয়োজন ।
উড়তে উড়তে
ঈগলের যখন পাখার পালক পরে যায়
ক্ষয়ে যায় নখ, ঠোঁট
সেই পালক নিজের ঠোঁটে ছিঁড়ে ফেলা সহজ নয়।
আমি তোমার সেই প্রেষণা
যা তোমাকে নিজের ঠোঁটে
পালক ছিঁড়ে ফেলার উদ্দীপনা যোগায়।
নতুন নখে ভর দিয়ে দৌড়ানোর শক্তি যোগায়।
আমি তোমার সেই প্রপেলার
যেটা তোমার উড়োজাহাজকে
নিয়ে যায় সপ্ত আসমানে।
এভারেস্টের পাথর বাওয়ার সময়
আমি সেই হাত
যা তোমাকে ভারসাম্য দেয়।
আমি সেই কষ্টিপাথর
যার স্পর্শে তুমি পরিণত হও স্বর্ণশীলায়।

৭ প্রভাষক, শিক্ষা বিভাগ

# অপরূপা

মোহাম্মদ জসীম উদ্দিন খান [৮]

মিষ্টিভাষী, শ্রেয়সী, প্রেয়সী, পিয়াসী
হাসলেই ঝরে পড়ে মনি মুক্তা রাশি রাশি!
অপলক চাহনি দেয় হাতছানি
কলিজায় গেঁথে যায় মুখচ্ছবিখানি।
নিচু স্বরে কয় কথা রেখে আনত আঁখি
হয়ে যায় হৃদয়ে হৃদয়ে মাথামাখি।
চারিপাশ তোলপার আপনা আপনি
অন্তর-আত্মা বলে শত জনম জানি-চিনি।
কত কথা কয় সে কোন কথা না বলে–
বলে যাই না বলা কথা ছলে বলে কৌশলে।
অপার মহিমায় হৃদয়ের আঙ্গিনায় বিরাজমান পিয়ারী
মন বলে নও তুমি মানবী, তুমি হলে ফেয়ারী।
হৃদয় উজাড় করে ভালবাসা ঢেলে দেয় হৃদয়ের রাণী
হাতে রেখে হাত দিনরাত বিভোর চোখ দু'খানি।
সুন্দরীতমা গভীরতম মমতায় ছুঁয়ে দেয় হৃদয়খানি
মহাবিশ্ব প্রেমময় পাশে থাকলে অপরূপা অর্ধাঙ্গিনী!

[৮] প্রভাষক, ইংরেজি বিভাগ

# জ্যোৎস্না রাতের কাব্যকথা

মো. মিজান [৯]

আজকের আকাশে তেজঢালা সূর্য,
হেলে পড়েছে পশ্চিম কোণে।
চারদিকে অন্ধকার,
সন্ধ্যা নেমেছে দূর বনে ।
সন্ধ্যার আকাশ খুব মনোরম
সেখানে বসছে তারার মেলা,
চাঁদ উঠেছে তার জ্যোৎস্না নিয়ে
যেন ভাসছে সে স্রোতে ভেলা।

আলোর বন্যায় স্নাত হয়ে, চাঁদ উঠেছে আকাশে।
যেন জ্যোৎস্নার, স্বচ্ছ প্লাবন, গা ভাসিয়ে দিচ্ছে ।
পাশের গ্রামগুলো স্তব্ধতার সাগরে,
ঘুমিয়ে পড়েছে নীরবে।

প্রকৃতিও যেন হাসিমুখে,
বরণ করে নিচ্ছে জ্যোৎস্নাকে ।
নারকেল গাছে পাখা ঝাপটাচ্ছে,
নিশাচর বাদুড়।
তারাও ঠিক বুঝতে পারছে না,
জ্যোৎস্নার বিস্তৃতি কতদূর।
দু-একটা পাখি নিঃশব্দে উড়ে যায়,
তখন, ওরাও হয়তো জ্যোৎস্নাকে গ্রহণ করে নেয়।

তারা শব্দ করে না নিশ্চুপ থাকে,
শব্দে যদি চাঁদের আলো লজ্জা পায়।
এঁকেবেঁকে বয়ে গেছে ছোট একটা খাল,
তার জলের উপর আছরে পড়ছে চাঁদ,
ঝিকিমিকি তার রূপ,
এ দৃশ্য খুবই অপরূপ।
জ্যোৎস্নার এত রূপ, এত ঐশ্বর্য,
এতদিন কোথায় ছিল?
এই রূপের বুঝি ইতি নেই,
যেন জ্যোৎস্না আজ শুধু আমাকেই দেখছে ।

---

[৯] প্রভাষক, ইইই

লিওনার্দ দ্যা ভিঞ্চির মত শিল্পী হলে ,
এ রূপের চিত্র একে অক্ষয় করতাম।
রবীন্দ্রনাথের মত কবি হলে,
লিখে ফেলতাম আরো একটি গীতাঞ্জলী।

জ্যোৎস্নার এই রূপ, রাতের সৌন্দর্য
উভয়ের মিশ্র সৌন্দর্যের কী উপমা খোঁজা যায়!

## অভিমান

### কে. এম আশফিক মাহমুদ শুভ [১০]

হয়নি বলা একটাও কথা
সবাই আছি চুপ,
দেখা হলে পথ ভুলে যাই
অভিমান স্বরূপ।

দিন ফুরিয়ে রাত যায়
বছর পেরিয়ে যায় যুগ,
অভিমানের জন্য বন্ধ হলো
দেখাদেখি মুখ।

রাগের মাথায় সব ভুলে যায়
বোধ হারিয়ে ফেলি,
কান কথা-তে শুনে সবাই
অভিমান খেলা-খেলি।

ছিন্ন হলো ভালোবাসার
ছেদ পড়িলো সবে,
একটু মেজাজ শীতল হলেই
অভিমান হবে শেষ।

[১০] সেকশন অফিসার, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ



# কেমন আছে বাংলাদেশ!


তানজিলা আক্তার চৈতী
৬২তম ব্যাচ, আইন বিভাগ


কেমন আছে বাংলাদেশ, রেখেছো তোমরা খোঁজ?
কেন এতো খুন ধ্বংস, দেখতে হচ্ছে রোজ!

মানুষ কেন পশুর মতো করছে আচরণ,
কোথায় আমাদের ভুল হচ্ছে, কিসেরই কারণ?

তোমরা যারা ভালোবাসো মাটি, মানুষ দেশ
হৃদয় থেকে প্রতিহিংসা করতে হবে শেষ।

আইন আছে প্রয়োগ নেই, রেখেছো তাতে ফাঁক,
উচিত কথায় বন্ধু বেজায় করো না তোমরা রাগ।

পশ্চিমাদের কালচার দিয়ে, ভরে ফেলেছো দেশ,
তাইতো এতো খুন ধর্ষণ, হবে না কভু শেষ।



# রুহ


সাদিয়া মোবাশ্বিরা শশী
৬২তম ব্যাচ, এল এল. বি (অনার্স)


একটি শিশুও ছিল!
আপাদমস্তক ভীতু হলেও
অত্যন্ত সরল, সত্যবাদী ও সাহসী।
যে ভেঙ্গে যেতেই শতবার জুড়ে যায়,
যার নিজেকে বাঁচাতে ফন্দি আঁটতে হয়।
যে সবার জয়ধ্বনি নিয়ে আড়ালে নিজেকে লুটিয়ে ফেলে ।
যার ভিতরে অগাধ প্রেম
তবুও তার শাহাদাত বরণ করার চেষ্টা!
যে তার পরওয়ারদিগারের সাথে বন্ধুত্ব করতে করতে অজান্তেই নিজেকে অনন্য করে ফেলে,
তবে সে নিজেকে যে অপ্রতিম করেই নিয়ে
এসেছে তা বুঝেই উঠছে না।
বেদনা অসহ্যদায়ক বেদনায়
আসে তার এ মোড়।
এখানে দুঃখের মিছিলকে নেতৃত্ব দিয়েছে বলেছে আজ আকাশের শশী হতে পারছে ।
এখানে সেই তার অভিযোগ ।
অনেক রং তাকে ভাসাতে চাইলেও, এক অনিচ্ছা নিয়েই সে শুধু সাদা মেঘে হাঁটতে চায় !
যে নিজের ব্যথাগুলো বুনতে একটু আঁকতে, লিখতে চলে আসে।
একটু গান লিখতে পেরেই আনন্দ কুড়াতে চায়।
অন্যকে শেখানোর চেষ্টায় সে নিজেকে মরণফাঁদে জড়াতে ভয় পায় ।
সে সবার দিকে তাকিয়ে থেকে কিছুই খুঁজে পায় না, পরে মনের হাওয়ার সিক্ত দেহ নিয়ে বলে তোমরা
ব্যস্ত সময়ের দায়েরা!
বাঁচতে উপলব্ধির বরণে মুক্তি লও ।
আর আমার মাঝখানে অনেক বারণ, আমায় কিনারায় বসিও না ।
আমার অশান্ত নদীতে যে শুধু ক্ষতের চিহ্ন মিলবে ।



# যানজট

ইসরাত জাহান মুক্তি
৫৯ তম ব্যাচ, সিএসই বিভাগ

ঘুম থেকে উঠেই আমি
তাড়াহুড়ো করি,
এ কাজ না! ও কাজ করবো!
ভেবেই ভেবেই মরি।
নাস্তা করি, গোসল করি
হুড়োহুড়ি করে,
ঘড়ির দিকে তাকিয়ে দেখি
সময় যায় চলে!
রাস্তায় এসে বাসে উঠবো
এ যেন এক কষ্ট,
বাসের অপেক্ষা করতে করতে
সময় হয় নষ্ট।
বাসে উঠে দোয়া করি
যানজটে না পড়ি,
বাসে বসেই শুরু হয়
হাতে দেখা ঘড়ি।
দীর্ঘ যানজট দেখে
মাথা যায় ঘেটে,
সময় মতো পারবো কি
আমি ভার্সিটিতে যেতে?
সমাধান কি হবে না এই
যানজট এর খেলায়,
হাসবো সবাই, হবো সুখি,
ভাসবো খুশির ভেলায়।



# The Nightingale of My Garden

Abu Bakar Ivna Mafuf
50th Batch, Dept. of English

Your eyes
I ponder
Enough to give a stare
Adequate to love
Perfect to tame a soul
Though you aren't a tamer
And now I wonder why.
Why I had a sudden gaze on you.
I was stuck like a stone
Shattered by your glittering eyes
I would not have thought of that
Form then the world turns into a garden
For me. For you, nay.
You who have bewitched me body and soul
The way Eliza did it to Mr Darcy
Now I am bent and broken without your eyes
And I confess
Those have tamed my solemn heart
I wish I wish
I had those and never wanted to depart.
And I wish to tell you
Far and far from you
I confess
You are the tamer
I have struggled enough apart from you
And again, to the nightingale of my garden
Let's make it suffice
Let my heart give a consent to tell you
How ardently I admire
And love you.



# স্বাধীনতা মানে

জমির উদ্দিন মোল্লা
৬৩ তম ব্যাচ, এলএলএম

স্বাধীনতা মানে
এস এম সুলতানের তুলির আঁচড়
বৃদ্ধ কৃষকের ঘাম ঝরানো দুপুর
বৃদ্ধা মায়ের হাতের এক পেয়ালা দুধ
একটি ছোট্ট আধুলি।

স্বাধীনতা মানে
কাজী নজরুলের মুষ্ঠিবদ্ধ উদ্যত হাত
কিলিয়ে হাড়, জল করিবার হুমকি!
জেলখানায় বসে অনসন
ব্রিটিশের গাঁয়ে কাঁপন!

স্বাধীনতা মানে
জয়নুল আবেদীনের
দুর্ভিক্ষের ছবি আঁকা
অভুজ শিশুর রক্ত মাখানো
শার্টের ছেঁড়া ত্যানা
বুকে চেপে রাখা
অবিনাশী চেতনা।
স্বাধীনতা মানে
মাওলানা ভাসানীর
কাগমারী সম্মেলন,
পল্টন ময়দানে খোদার তরে
জালিমের বিরুদ্ধে নালিশ।

স্বাধীনতা মানে
সোহরাওয়ার্দীর টুঙ্গীপাড়ায়
খোকাকে খুঁজে ফেরা।
স্বাধীনতা মানে
সোনালী সূর্যোদয়ের আগে
প্রভাত ফেরির
মিছিলে যোগদান করা।
স্বাধীনতা মানে
গাফফার চৌধুরীর অবিনাশী রচনা
আমার ভাইয়ের রক্তে রাঙানো
একুশে ফেব্রুয়ারি
আমি কি ভুলিতে পারি।

স্বাধীনতা মানে
চ্যাগা মিয়ার হক কথা
জুলুমবাজ শাসকের কপালে ভাঁজ
লম্বা দাড়ি তালের টুপিটিতে লেখা
লুঙ্গি পরে জমিদারি ছেড়ে
প্রজাবেশে এক কাতারে হাটা।

স্বাধীনতা মানে
সংসদে শেরে বাংলাকে
পূর্বপাকিস্তানের দায়িত্ব দেবার প্রস্তাবনা
অন্য সাংসদের প্রতিবাদ
ভারতের কাছে পূর্বপাকিস্তান
বেঁচে দেবার আশংকা
শেরেবাংলা দাঁড়িয়ে হাস্যরসে কয়
হালার পো হালা
বেইচা দুইডা টাহা পামু
হ্যাওতো তোরা রহো নাই।

স্বাধীনতা মানে
পদ্মার বুকে উত্তাল ঢেউকে
শাসন করে পাল তোলা
নৌকায় পাড়ি জমানো।

স্বাধীনতা মানে
৪৬৮০দিন কারাবাস
খোকা থেকে মুজিব ভাই
চূড়ান্ত স্বাধীনতার নির্দেশনা
৭ই মার্চের ভাষণ,
মহানায়ক থেকে
জাতির পিতা।

স্বাধীনতা মানে
দামাল ছেলের দল
পূর্বাকাশে সোনালী সূর্যোদয়ের ফাঁকে
গুঁড়ি গুঁড়ি কালো মেঘের কোলে
রং ধনুর সাত রং এ
রাঙ্গিয়ে নেবার উচ্ছ্বাস।

# বাঙালি প্রীতি

ডাক্তার মো. ইসহাক তালুকদার
৫৩ তম ব্যাচ, এমএ  ইংরেজি বিভাগ

জাগো বাঙালি, জাগো বাঙালি
হয়ো না কারো কাঙ্গালি
বাঙালি জাতি বীরের জাতি

বনে আছে রয়েল বেঙ্গল টাইগার, হাতি
শৌর্য-বীর্য, জ্ঞান-বুদ্ধির নাই কো কোন কমতি
জ্ঞান-গরিমা ধ্যান-ধারণায় আছে যে শক্তি
একাত্তরে ছিনিয়ে এনেছো স্বাধীনতার মুক্তি
স্বনির্ভরতা অর্জন করে আমায় দাও স্বস্তি

বাংলা মাগো, তোর সন্তানদের
ঐক্য চাই, ঐক্য চাই, ঐক্য চাই
ত্যাগ চাই, ত্যাগ চাই, ত্যাগী রাজনীতিবিদ চাই
সমঝোতা, সহমর্মিতা, দেশ প্রেম চাই
রাজনৈতিক স্থিতিশীলতা চাই
শান্তির জন্য আন্তরিক সংলাপ চাই

হিংসা আর ধ্বংসের রাজনীতির অবসান চাই
নইলে ভাই স্বাধীনতার মূল্য নাই
একথা যে সত্য বলে যায়
পরাধীনতার গ্লানি না চাই
এ



# গন্তব্য

ইয়াছিন আরাফাত
৬১তম ব্যাচ, ব্যবসায় প্রশাসন বিভাগ

এই অচেনা শহরে এসেছি নিয়ে বুকভরা আশা
ছেড়ে এসেছি কত মায়া কত ভালবাসা,
খুঁজতে এসেছি নিজের অস্তিত্ব,
যা এখনো রয়েছে পরিত্যক্ত
দিলাম পাড়ি এই নতুন শহরে কোটি মানুষের ভিড়ে,
তবে কি পারব আমি?
দিতে পাড়ি জীবনের তীরে!
এসেছি এক নতুন জায়গায়,
শিখিলাম আর দেখিলাম কত কি ।
এখন বুঝেছি আমি,
রয়েছে শিক্ষার আরো অনেক কিছু বাকি।
দেখিলাম কত নতুন মানুষ,
দিল কত নতুন দিনের আশা
তবে কি ভুলা যায় সেই পুরনো স্মৃতি সেই ভালোবাসা?
তবুও দিতে হবে জীবনের গন্তব্যে পাড়ি
যা জানি না আরো রয়ে গেছে কতখানি বাকি!



# যেদিন আমি থাকবো না

জুবায়ের আকন প্রান্ত
৫৬তম ব্যাচ, ইইই বিভাগ

যেদিন আমি থাকবো না,
চলার পথের বাঁকে বাঁকে
খুঁজে পাবে আমার পদচিহ্ন।

হয়ত হাসবে!
নয়ত কাঁদবে!
হয়ত বলবে- সাবাস!
নয়ত করবে- উপহাস!
জেনে রেখ,
তবু থামবে না আমার পথচলা।

পথে পথে রেখে যাবই আমার পদচিহ্ন।
যদি ভুলে যেতে চাও,
তোমরা পারলে তা মুছে দিও।



# কবিতা ও তুমি

মোস্তাইন করিম মোজাদ্দেদ
২য় ব্যাচ, বাংলা বিভাগ

তুমি কবির হও কিংবা কবিতার
ভাবনার জগতে তুমি সবি তার।
তোমাকে ঘিরে হয় ভাবনার উদয়।

তুমি কবির হৃদয়ে করো প্রেম সঞ্চয়
ভালোবাসার দ্যুতিতে হৃদয়ে কর প্রেম সংহার।
কল্পনার চিত্রলিপিতে তাই তুমি শুধু তার।
নবরূপে নব লালসে তুমি পাগল কর হৃদয়
তাই তো কবির তোমাকে হারানোর হয় ভয়।

প্রেমিক কবি তাই হয় দিশেহারা,
হৃদয়ে প্রকাশ পায় শুধুই ব্যাকুলতা
কবির কবিতায় তুমি সর্বদাই থাকো বিরাজিত
তাইতো তার কবিতা হয় প্রেমে বিরোচিত।

নব আলেখ্যে কবি তাই লেখে প্রেমকলা
তোমাকে পাবার জন্য কবির বহুদূর পথ চলা ।

সংকল্প চিত্তে কবি তুলে ধরে তোমায় কবিতায়
কিন্তু এভাবে কি তোমায় পাওয়া যায়,
এভাবেই ছেড়ে যাও তুমি অন্যের হাত ধরে,
কবি তার কবিতায় শুধু তোমাকে খুঁজে মরে।



# My Rain

Md. Manjurul Hossain
64th Batch, Department of Business Administration

‘Are you rain?’
‘Haha! Shut up.’

‘But you are rain!’
You came in my life
Just like the rain comes
After decades of drought.

First you brought the clouds,
Shading me from the sun
Dark yet quaintly soothing
That's when my life began.

Then came that bizarre wind,
Wind that calmed my soul
Making me whole
Blew away all my woe
Oh darling take it slow!
For I’m gonna fall real fast.
Right after
It was that faint clap of thunder,
That sound!
Aah sound that made me wonder
What your rain could bring
How serene, how enticing!

When will the rain come?
I was waiting,
More likely
I was praying.
It was few drops that fell first
And I was full of your rain lust.
Knowing what your rain could bring
The storm and the swirling,
Along with eternal bliss,
Serenity, fertility, greenery and peace.

And suddenly it started to rain.
Oh baby look at me!
I drenched in your rain.
It was a gain.
You were a gain.
I drenched in your love.
I drenched in your rain.
With you nothing ever is in vein.
See! You are rain.

“You are my rain.”

# নুনের সংসার

বেনি-আমিন যীম
ব্যাচ-৫৭, ব্যবসায় প্রশাসন বিভাগ

তুমি চলে গেলে এক দুর্ভিক্ষের বৃষ্টিপাতের মতন।
বুকের সিনা টান করে আর কখনো বলা হয়নি, এখনো অনেক ভালোবাসি তোমাকে।
নতুন মানুষ নতুন সংসার আর উতলে উঠা ভালোবাসা।

মাঝ রাতে আর শোনা যায় না, তোমার তীব্র কণ্ঠের সেই হাসির গলা।
তুমি এখনো কি দুঃখ লুকিয়ে রাখ, আগে রাখতে যেমন?
নাকি সব ঘুচিয়ে দিয়েছো নতুন মানুষের আগমন!

আমার কাঙ্ক্ষিত স্বপ্নে বিনা মেঘে অনাকাঙ্ক্ষিত বজ্রপাত।
জীবন হলো চূর্ণ-বিচূর্ণ, সূর্যের তীব্র আলোকেও মনে হয় রাত।
শিহরণে উত্তেজিত তোমার শরীর, স্পর্শ দেয় সদ্য উৎপন্ন হাত।

নক্ষত্রের মতো আলোকিত তোমার জীবন আর আমি অন্ধকার।
সম্মুখে ধ্বংসস্তূপ, আমাদের অলীক কল্পনা সেই নুনের সংসার ।
তুমি আর হলে না আমার

তবুও হয় দেখা, না বলা কত কথা, শুধুই চোখে চোখ রাখা।
গোপনে ভালোবাসা ,
নিস্তব্ধতায় পাশাপাশি পথ চলা, হারানো দিন ফিরে পাওয়ার নেই কোনো ভরসা।
তবুও তোমার ধরণীর আলোতে ফিরে আসা।

সমস্ত চাহিদার পূর্ণতা খোঁজা, তোমার প্রত্যাগমনের ব্যাপক আশা।
অকপট এই জীবনের সহজ স্বীকারোক্তির একটাই ভাষা,
তুমি আমার, তুমি আমার, তুমি শুধুই আমার।



## বুলিং

ইফ্‌ফাত রেবেকা বৃষ্টি
শিক্ষা বিভাগ

মা বলে ওই খানেতে যাস নে খোকা
ছেলেটি আমার বড্ড বোকা।
নিজ প্রাঙ্গণে বাঘ আমি আমার কিসের ভয়?

ছাদের রেলিং এ লাশটি দেখে সকালে সবাই অবাক হয়।
মায়ের কোলটি খালি হলো,
নিঃশ্বাস ভারি হয়ে আসে, আড়ালে দাঁড়িয়ে কারা হাসে?

লেখালেখি হয় পত্রিকাতে কমিটি বসে চলে খোঁজখবর
সব কেঁদে চোখ ভাসিয়ে অবশেষে দিয়ে দেয় কবর।



## চার দেয়াল

মো. আরিফুল ইসলাম
৭ম ব্যাচ, বাংলা বিভাগ

আমি যে দেখেছি দু-নয়ন মিলে চার দেয়ালের ঘর,
সেথায় আছে হাজারো মানুষ সবাই তো অসহায়।

দু-নয়নে অশ্রু ঝরে স্বজনে দেখে না
হাজারো ব্যথা বুকে আছে কেউ তো জানে না।

চার দেয়ালে বন্দি আমি বাইরের আলো দেখি না
সবুজ শ্যামল মাঠের হাওয়া মনটা ছুঁয়ে যায় না।

দু-নয়নের দৃষ্টি তুমি বেঁধে দিলে চার দেয়ালে,
ছুটবো আমি আপন মনে পল্লী হতে নগরে।

সাদা মনে বন্দি আমি লাল দেয়ালের মাঝে
উঁকি দিতে যেতে হয় চৌদ্দশিকের গেটে।



## আমি তো আড়াল করতে জানি

হাসিবুর রহমান জয়
৭ম ব্যাচ, বাংলা বিভাগ

অজানায় নির্ভীক এগিয়ে যেতে পারি
দুর্গম যাত্রী হয়ে হারিয়ে যেতেও রাজি,
তবুও বলবো নাকো দুঃখটুকু কোথায়
আমি তো আড়াল করতে জানি।

সাগর মাঝে তরী পাড়ি দিতে পারি
মেঠোপথ ধরে অজানায় হারিয়ে যেতে রাজি,
তবুও বলবো নাকো কষ্টটুকু কোথায়
আমি তো আড়াল করতে জানি।

মহাকাশে সাহস নিয়ে উড়তে পারি
অন্ধকারে একলা সময় পার করতে রাজি,
তবুও বলবো নাকো ব্যথাটুকু কোথায়
আমি তো আড়াল করতে জানি।

# অতিথি লেখকের লেখা

# সাম্প্রদায়িকতা ও ধর্মান্ধতা রোধে নজরুলের প্রাসঙ্গিকতা

## মাহমুদ কামাল

নজরুলের ওপর এক সময় অভিযোগ ছিল তিনি বিশেষ সময়ের কবি। কিন্তু, আমরা এখন এমন অবস্থার মধ্যে বসবাস করছি, যখন ধর্মের নামে খড়গের নিচে মানুষের মৃত্যু হচ্ছে প্রতিনিয়ত; আর এই সময়ে নজরুলের প্রাসঙ্গিকতা নতুন করে ভাবনার জন্ম দিয়েছে। নজরুল সকল ধর্মান্ধতার বিরুদ্ধে কলম ধরেছিলেন। ব্যক্তিগত জীবন থেকে শুরু করে তাঁর অল্প জীবনের সাহিত্যে তিনি হিন্দু-মুসলিমের অপূর্ব সমন্বয় করেছেন। 'বিদ্রোহী' কবিতার মধ্য দিয়েই নজরুলের উত্থান। এই কবিতার মধ্যে বিদ্রোহ, প্রেম ও ধর্মীয় নানা অনুষঙ্গ পাশাপাশি আবস্থান করেছে। আর প্রতিটি ক্ষেত্রেই তা স্বকীয়তার উজ্জ্বল দৃষ্টান্ত হয়ে আছে। মাত্র একুশ বছর বয়সে লেখা বিদ্রোহী কবিতাটি সেই সময়ে সর্ব মহলে আলোড়ন তুলেছিল। আমরা ভেবে বিস্মিত হই, তিনি লিখতে পেরেছিলেন এমন পংক্তি, 'আমি বিদ্রোহী ভৃগু ভগবান বুকে এঁকে দিই পদ চিহ্ন।' একবার ভাবুন সেই সময়ের কথা। আমরা জানি, দেবতা ভৃগুকে নানা সময়ে শাস্তি দেয়ার কারণে তিনি মহাদেবের  প্রতি ক্ষুব্ধ ছিলেন। মহাদেবের নিদ্রার সুযোগে তিনি তার বুকে চড়ে লাফিয়েছিলেন। পুরাণের সেই বিষয়টি সাহসিকতার সাথে নজরুল কবিতায় ব্যবহার করেছেন। হিন্দু-মুসলমানের ধর্মীয় প্রসঙ্গগুলোও কবিতাটিতে পাশাপাশি অবস্থান করেছে। লিখেছেন, ঈষান-বিষাণের ওংকার, ইস্রফিলের শিঙ্গা, মহাদেবের ডমরু-ত্রিশূল, অর্ফিয়াসের বাঁশি, বাসুকীর ফণা, পুরাণের এইসব বিষয়াদি। তিনি লিখেছেন, 'মম এক হাতে বাঁকা বাঁশের বাশরী আর হাতে রণ তূর্য।' আমরা বলতে পারি, এই কবিতার মধ্যে সামগ্রিকতা বিষয়টি সম্পূর্ণভাবেই উঠে এসেছে।

তিনি বিদ্রোহের কবি, সাম্যবাদের কবি, প্রেমের কবি, ইসলামের কবি, শ্যামা সঙ্গীতের কবি এরকম যার যা সুবিধা সেভাবেই তাকে উপস্থাপিত করা হয়েছে। এ কথা ঠিক উপর্যুক্ত সকল অভীধায় তিনি কবিতা ও গান রচনা করেছেন। মুসলিম এতিহ্য বিষয়ক কবিতা কামাল পাশা, খেয়াপারের তরণী, মহরম, শাত-ইল-আরব, আনোয়ার, কাব্য আমপারা, ঈদ মোবারক, ফাতেহা-ই-ইয়াজদহম লিখেছেন পাশাপাশি স্বত:স্ফূর্তভাবে লিখেছেন হিন্দু ঐতিহ্য বিষয়ক কবিতা, আনন্দময়ীর আগমন, পূজারিণী, রক্তাম্বরধারিণী মা, আগমনী ও পূজা-অভিনয়। বিজয়া এবং হরপ্রিয়া নামে লিখেছেন দু'টো নাটক। লিখেছেন অজস্র ইসলমী গান ও শ্যামা সঙ্গীত। লিখেছেন বটে কিন্তু এর জন্য তাকে কম ধকল সহ্য করতে হয়নি। ইসলামী গান লেখার জন্য যেমন তৎকালের কট্টর হিন্দুত্ব বাদীদের যেমন তিনি রোষানলে পড়েছিলেন পাশাপাশি শ্যামা সঙ্গীত রচনার জন্য মোল্লা-মৌলবীদের কোপানলে পড়তে হয়েছে। 'আমার কৈফিয়ত' কবিতায় তিনি এর জবাবও দিয়েছেন। মুনীর চৌধুরীর ভাষায় বলা যায়, নজরুল ইসলাম বিদ্রোহের কবি, বিপ্লবের কবি, শান্তির কবি, সাম্যের কবি। তিনি প্রেম ও অপ্রেমের, হিংসা ও ভালোবাসার, মিলন ও সংঘাতের কবি। আস্তিকতা ও নাস্তিকতা, ধার্মিকতা ও অধার্মিকতা, ইসলাম ও অনৈসলাম সবই নজরুল-কাব্যে পাশাপাশি আবিষ্কারযোগ্য। সব কিছু মিলিয়েই নজরুল ইসলাম কবি। প্রসঙ্গক্রমে এখানে  কবীর চৌধুরীর 'মুসলিম রেনেসাঁ ও কাজী নজরুল ইসলাম' প্রবন্ধের কিছু অংশ উদ্ধৃত করি। "কোন সত্যিকারের মহৎ শিল্পীই কোন একটি সম্প্রদায়, জাতি কিংবা দেশের হন না। রমাঁ রোলা কি টলস্টয়, শেক্সপিয়ার কি গ্যেটে, রবীন্দ্রনাথ কি নজরুল ইসলাম কোন বিশেষ বা সমাজের লোক নন–তাঁরা সমগ্র বিশ্বের এবং সমগ্র কালের। মহৎ শিল্পী তাঁর রচনায় বহু ধারার সৃষ্টি করেন। তার সৃষ্টি বহু মানুষকে নানাভাবে অনুপ্রাণিত করে। যে ধারা যাকে যে ভাবে প্রভাবান্বিত করে বা অনুপ্রাণিত করে তিনি সেই অনুপাতে গুরুত্ব দেন, তাঁর মূল্যবিচারে ও আলোচনায় সেই স্বীকৃতি প্রাধান্য

পায়। কিন্তু খণ্ডিত বিচারে সাবধান না হলে মূল্য বিকৃতির আশংকা থাকে।”

উপর্যুক্ত দুই বিখ্যাত লেখকের উদ্ধৃতি পাঠে আমাদের খুব সহজেই মনে হয় নজরুল ইসলাম কোনও বিশেষ ধারার কবি নন। আর সাম্প্রদায়িকতা বিষয়েও তিনি তার অবস্থানকে স্পষ্ট করেছেন তারই লেখ ‘কুহেলিকা’ উপন্যাসের নায়ক প্রমত্তর জবানীতে। নায়কের উক্তি এ রকম: আমার ভারত এ মানচিত্রের ভারত নয় রে অনিম। আমার ভারতবর্ষ– ভারতের এই মূক- দরিদ্র-নিরন্ন পর-পদদলিত তেত্রিশকোটি মানুষের ভারতবর্ষ! ..আমার ভারতবর্ষ মানুষের যুগে যুগে পীড়িত মানবাত্মার ক্রন্দন-তীর্থ, ওরে এ ভারতবর্ষ তোদের মন্দিরের ভারতবর্ষ নয়, মুসলমানের মসজিদের ভারতবর্ষ নয়, এ আমার মানুষের– মহামানুষের মহাভারত!”

মানবতার কবি নজরুল সেই গানই গেয়েছেন যেখানে হিন্দু-মুসলিমের সব বাধা ব্যবধান এক হয়ে গেছে। কিন্তু এক কি হয়েছে? এ বিষয়ে তিনিও সন্দিহান ছিলেন। সন্দিহান ছিলেন নিজেকে নিয়েও। তাঁর অল্প দিনের সাহিত্যপ্রদীপ নিভে যাবে তিনি তা বুঝতে পেরেছিলেন সম্ভবত। ‘যদি আর বাঁশী না বাজে’ এই শিরোনামে ১৯৪১ সালের ৫ই এপ্রিল কলকাতা মুসলিম ইনস্টিটিউট হলে বঙ্গীয় মুসলমান সাহিত্য সমিতির রজত-জুবিলী উৎসবের সভাপতি হিসেবে জীবনের শেষ ভাষণ দিয়েছিলেন। দীর্ঘ ভাষণের এক পর্যায়ে তিনি বলেন:– “যদি আর বাঁশি না বাজে–আমি কবি বলে বলছিনে–আমি আপনাদের ভালবাসা পেয়েছিলাম সেই অধিকারে বলছি–আমায় ক্ষমা করবেন–আমায় ভুলে যাবেন। বিশ্বাস করুন, আমি কবি হতে আসিনি, আমি নেতা হতে আসিনি–আমি প্রেম দিতে এসেছিলাম, প্রেম পেতে এসেছিলাম– সে প্রেম পেলাম না বলে আমি প্রেমহীন নীরস পৃথিবী থেকে নীরব অভিমানে চিরদিনের জন্য বিদায় নিলাম।

হিন্দু-মুসলমানে দিন রাত হানাহানি, জাতিতে-জাতিতে বিদ্বেষ, যুদ্ধ-বিগ্রহ,মানুষের জীবনে একদিকে কঠোর দারিদ্র্য, ঋণ,অভাব–অন্যদিকে লোভী অসুরের যক্ষের ব্যাঙ্কে কোটি কোটি টাকা পাষাণ স্তুপের মতো জমা হয়ে আছে–এই অসাম্য, এই ভেদজ্ঞান দূর করতেই আমি এসেছিলাম। আমার কাব্যে, সঙ্গীতে, কর্মজীবনে অভেদ-সুন্দর সাম্যকে প্রতিষ্ঠিত করেছিলাম অসুন্দরকে ক্ষমা করতে, অসুরকে সংহার করতে এসেছিলাম–আপনারা সাক্ষী আর সাক্ষী আমার পরম সুন্দর। আমি যশ চাই না, খ্যাতি চাই না, প্রতিষ্ঠা চাই না, নেতৃত্ব চাই না– তবু আপনারা আদর করে যখন নেতৃত্বের আসনে বসান, তখন অশ্রু সংবরণ করতে পারি না। তাঁর আদেশ পাইনি, তবু রুদ্রসুন্দর রূপ আবার আপনাদের নিয়ে এই অসুন্দর, এই কুৎসিত অসুরদের সংহার করতে ইচ্ছে করে। যদি আপনাদের প্রেমের প্রবল টানে আমাকে আমার একাকিত্বের পরম শূন্য থেকে অসময়েই নামতে হয়–তা’হলে সেদিন আমায় মনে করবেন না আমি সেই নজরুল। সে নজরুল অনেক দিন আগে মৃত্যুর খিড়কি দুয়ার দিয়ে পালিয়ে গেছে। সেদিন আমাকে কেবল মুসলমানের দলে দেখবেন না–আমি যদি আসি, আসব হিন্দু-মুসলমানের সকল জাতির উর্ধ্বে যিনি একমেবাদ্বিতীয়াম্ তাঁরই দাস হয়ে।”

পরের বছরই কবি অসুস্থ হয়ে পরেন। ক্রমে ক্রমে বাকশক্তিহীন। তিনি বুঝতে পেরেছিলেন সাহিত্য জীবন থেকে তার বিদায় আসন্ন। মাত্র ২২/২৩ বছরের লেখালেখিতে তিনি সব সময় মানুষের কথাই বলেছেন। অথচ বর্তমান সময়ে কিছু অমানুষের কারণে আমাদের জীবন-যাত্রা বিপদগ্রস্ত হয়ে পড়েছে। নজরুল তা কখনই চাননি। একুশ শতকের চ্যালেঞ্জ হচ্ছে বিশ্বায়নকে মোকাবেলা করা। আমরা এখন ডিজিটাল যুগে আছি। বিজ্ঞান বহু দূর পর্যন্ত এগিয়েছে। আমাদের পিছিয়ে পড়লে চলবে না। যত বিঘ্নই আসুক নজরুলের চেতনার আলোকে আমাদের এগিয়ে যেতে হবে। আমরা অসুরের নই। আমরা মানুষের– মানবিকতা আমাদের ধর্ম। নজরুল  মানবধর্মের কথাই বলেছেন। ধর্মভীরুতা এবং ধর্মান্ধতা এক কথা নয়। নজরুল সাহিত্যকে বারবার পাঠ করে আমাদের অসাম্প্রদায়িক চেতনাকে আরো বৃদ্ধি করতে হবে।

# আশ্চর্য আপ্যায়ন

## বিলু কবীর

ডাক্তার সাহেব খুব রসিক। 'খুব' বললেও কম বলা হয়। মানে বেজাই রকম। হোমিওপ্যাথির প্র্যাকটিস। রোগীপত্র কম। পসারও বেশি না। তার বড়ো সংসার। ক্ষেতখন্দ নেই। সবমিলিয়ে তিনি বেশ অভাবি। 'বেশ' বললেও কম বলা হয়। মানে খুব বেশি রকম বেশি। তার রসিকতাকেও কম বললে কম বলা হয় কেন! একে গাঢ়-রসিকতা করার রসিক। তাতে ফের বড্ড ভোজনরসিক। তার সাথে বহুদিন ধরে যোগ হয়ে আছে শিল্পরসিকতা। মানে শিল্প-সংস্কৃতি। তিনি রেডিও পাকিস্তান রাজশাহীর এবং একাত্তরের পরে রাজশাহী বেতারের তালিকাভুক্ত কণ্ঠশিল্পী। কিন্তু কুমারগাড়া, কুষ্টিয়া হতে রাজশাহীতে গিয়ে প্রোগ্রাম করতে যাওয়া-আসা, থাকা-খাওয়া দিয়ে যা খর্চাপাতি, সে তুলনায় গায়কের যে সম্মানি তা বড়োই সামান্য। রেডিওতে একটা গান বাজলে মাত্র সাত টাকা সম্মানি। সম্মানি না বলে শ্রেফ মজুরি বললেই ঠিক হয়। মজুরিও না, বলা যায় খোরাকি। অতএব, নিয়মিত ডাক আসলেও তার আর রেডিওতে সেভাবে যাওয়া হয় না, গাওয়া হয় না। আব্বাসউদ্দীন তার প্রিয় শিল্পী। আর কাজী নজরুল ইসলাম প্রিয় গীতিকার। দারিদ্র্য যে কি রস পেয়েছে সবদিক দিয়ে শুকিয়ে যাওয়া এই লোকটার ভেতর! টানাপোড়েন বা গরিবির যে দেবতা, সেই শালার কোনো রুচিঘেন্না নেই। শখ করেও তো এই ডাক্তার সাহেবকে একদিনের জন্য সে নিষ্কৃতি দিতে পারে! ডাক্তার সাহেব মানুষটা কতো ভালো তার একটা উল্লেখ করা যায় দিন আনা-দিন খাওয়ার চাইতেও বেহাল অবস্থা তার। তবু রোগীপত্র যতো কম, তার মনমেজাজ ততোই ভালো। কারণ তার কাছে রোগী কমের অর্থ হলো মানুষ ভালো আছে। সমাজে অসুখ-বিমার, জ্বর-জারি কম হচ্ছে। বড়ো দরিদ্র হলেও কতো বড়ো মাপের বড়ো এবং সংগীতরসিক, তারও একটা উল্লেখ করা যেতে পারে। তাতে তার উচ্চতাকে অনুমান করা যাবে।

সদ্যই বিয়ে করেছি আমি। সদ্য মানে মাত্রই কয়দিন হলো। সংসারজীবন শুরুই হয়নি। ওরিয়েন্টেশন বা বলা যেতে পারে অপেক্ষাধীন কাল চলছে আমাদের। একেবারে মামাতো-ফুপাতো ভাইবোনের মতো ভদ্র পরিমাণ দূরত্ব বজাই রেখে মিলেমিশে থাকার একটা বুনিয়াদি শিক্ষানবিশি সময় বলাই ঠিক হয়। উভয়ে উভয়ের পরীক্ষা-নিরীক্ষার মধ্যে আছি। বাসররাতে স্বামীর পক্ষ থেকে নতুন বউকে কিছু উপহার দেবার চল আছে আমাদের এদিকে। সেটা হার্ট বসানো সোনার আংটি বা ডাইমন্ডের রিং বা নিদেনপক্ষে মুক্তার অঙ্গুরীয়। আমার কাছে সে কি আশা করেছিল জানি না। তবে আমি তাকে একটা বই উপহার দিয়েছিলাম। 'দ্য প্রফেট'। বলাই বাহুল্য পৃথিবীবিখ্যাত এই কিবাতটির লেখক কাহ্‌লিল জিব্রান। সাধারণত দেশি উচ্চারণে আমরা বলি 'খলিল জিবরান'। সেটা পেয়ে বউটা কতটুকু খুশি হয়েছিল জানি না। সম্ভবত সেই প্রথম রাতেই সে মেনে নিয়েছিল তার কপালে দুঃখ আছে। যা-ই হোক।

তো বউকে নিয়ে প্রথম কারো বাড়িতে বেড়াতে যাওয়া। বাড়িটা ডাক্তার সাহেবের। পুরো নাম আলী হোসেন সোনা। যাবো যে, ডাক্তার সাহবকে সে কথা আগ থেকে জানাইনি। নতুন বউ নিয়ে যাওয়া, একটা চাপ পড়বে তার ওপর। গেছি কিছুটা রাত করে– তাদের এবং আমাদের রাতের খাওয়াটা তখন শেষ। চৌড়হাস মোড়ে যে দোকান-পাষাণগুলো, সেই অঞ্চলটা ছাড়িয়ে খানিকটা দূরে তার বাড়ি। কুমারগাড়া– গোরস্তান লাগেয়া। একটা রিক্শা নিয়ে আমরা হাজির হোলাম– একেবারে আচমকা। ডাক্তার সাহেব তো রেগেমেগে ঝাড়ি মারলেন–

এডা একটা কথা নাকি? একেবারে নোতুন বউ নিয়ে আইছো, আগে একটু জানাবা না? ধ্যাট্!

আমি আমার স্ত্রীকে এই ধারণাটা দিয়েছি যে একজন রসিক, গানপাগল, ভালো মানুষের বাড়িতে তোমাকে নিয়ে যাবো তার আশীর্বাদ নিতে। এবং বিয়ের পরে তোমাকে নিয়ে এই প্রথম যাচ্ছি তারই বাড়িতে। বুঝতেই পারছো তিনি আমার কতোটাই শ্রদ্ধেয়! এই কদিনে আমার বউটি কিছুটা আঁচ করতে পেরেছে যে, একজন আধপাগলার সাথে তার বিয়ে হয়েছে এবং কপালে দুঃখ অবধারিত। আমি তাকে বলেছি–

শোনো! একজন সংস্কৃতিবান মানুষের স্বভাবত খুব বেশি শানশওকত-সহায়-সম্পত্তি হয় না। আর আমি জীবনে যতো লেখাপড়া জানাঅলা শিক্ষিত মানুষ দেখেছি, তাদের বেশিরভাগই খারাপ। ভালো আদর্শ মানুষ বলতে যা বোঝায়, এ রকমের যে খুব কমসংখ্যক মানুষ আমার কালেকশনে আছেন, তাদেরই একজন এই ডাক্তার সাহেব। আমরা বলি 'সোনা ডাক্তার'।

এজন্য অবশ্য ডাক্তার সাহেব খুব খুশি যে, আমি সস্ত্রীক তার বাড়িতেই প্রথম বেড়াতে এসেছি।

কামটা তুমি ভালো করোনি কবি। একটু জানাবা না? আমার আর কী? তোমারই মান-সম্মান গেলো! আর তুমার ভাবির কাছে আমাকে লাত্থিগুরি খাওয়া লাগবে। বুঝিছাও?

আমি বউকেতো পূর্বধারণা দিয়েইছি। এরই মধ্যে সালাম-কালাম শিষ্টাচার হয়ে গেছে। ডাক্তার সাহেবের বউ আমার দিকে তাকিয়ে খুশি। কিন্তু তার চোখ যখন ডাক্তার সাহেবের দিকে, তখন তাতে আগুন ঝরে। সেই রাগান্বিত চোখ ব্যথাতুর, করুণ। তাকে ডাক্তার সাহেব বললেন–

ঐ রকম কটমট করে তাকাচ্ছো কেন? কিছু আপ্যায়ন না করে খালি-খালিই কি আমি তাকে যেতে দিচ্ছি নাকি! পেট ভরানোর বহু লোক আছে সমাজে। আমি একটুখানি হলেও নতুন বউয়ের মন ভরিয়ে দেবো। যাও হারমনিডা আনো।

ভাবি হারমনিয়ামটা আনতে গেলেন। ততক্ষণে ডাক্তার সাহেবের শালিক পাখির মতো টিনটিনে দুটো মেয়ে এসে বসেছে আমাদের গা ঘেষে। সোনার পুতুলের মতো মেয়ে দুটো। ইশকুলে পড়ে তারা। একজন বালিকা, অন্যজন কিশোরী। ভারি মিষ্টি। রোগাটে স্বাস্থ্য। তাদেরকে ভ্যানেটি ব্যাগ থেকে বের করে সামান্য উপহার আমার বউ ধরিয়ে দিল।

ডাক্তার সাহেব বললেন–

বুঝলে মিষ্টিতো মিষ্টি, ঘরে একটু ঝাল তিতে পানসে পর্যন্ত নেই যে তোমার বউকে খাওয়াই। ভাত খেয়েছি হাঁড়ি মুছে। এখন কওতো!

হারমনিয়াম হাতে ভাবি আসলেন। সেটা নামিয়ে বাখার মধ্যে তার একটা কষ্ট এবং রাগ প্রকাশ পায়। ডাক্তার সাহেব ওটা টেনে নিয়ে রিডে হাত দেন। তাতে আঙুলের একটু আলাপ বুলিয়ে গান ধরেন–

'আমায় এতো রাতে কেনে ডাক দিলি প্রাণ ককিলা রে'...

রাত রোমাঞ্চিত হয়ে ওঠে। মন ভরে যায় আমাদের। ডাক্তার গান গাচ্ছেন আর দুলে দুলে আমার বউয়ের দিকে তাকাচ্ছেন। হারিকেনের আলোয় আশ্চর্য মায়াময় লাগে এই বাড়ির মানুষগুলোকে ডাক্তার সাহেবের বউ এবং লক্ষ্মী দুটো মেয়েকে। কে বলবে রাতে তারা হাঁড়ি মুছে-কুছে চেটেচুটে ভাত খেয়েছে, অর্থাৎ টানাটানি। তিনি যে তার প্রতিভাজাত অন্তর্খাদ্য দিয়ে আমাদেরকে আপ্যায়ন করলেন, তার ভাবার্থ তাদের

মনের বেদনাকে ঢেকে দিতে পারলো। ডাক্তার সাহেবের সকল সততার শুভসংক্রমণ ঘটেছে এ বাড়ির সবার মধ্যে। আমরা খুশি হলাম, গানের তারিফ করলাম। ডাক্তারের মুখে হাসি ফুটলো। তিনি বললেন–

শোনো নতুন বউডা! আমাকে তোমার ভাবি বলে আমি নাকি 'ছাতার শিল্পী'। তবে মেয়েরা সবসময় আমার পক্ষে। আমি আসলে একটা পেটুক মানুষ। তোমার বউভাতের দিন আমার চাইতে বেশি কেউ খায়নি। একেবারে পেট ফাটফাট করে খাওয়া।

আমার বউ মৃদু হাসলো।

আমি তোমাদের বাসায় গেলে পরে আমাকে কিন্তুক তুমি ঠেসে খাওয়াবা। আজ আমি যে তোমাকে কিছুই খাওয়ালাম না, তার প্রতিশোধ নিবা। বুছিছাও তো?

নতুন বউ মিটমিট করে হাসে। ভাবি নেড়ে নেড়ে আমার বউয়ের গলার গয়না, হাতের বালা, কানের দুল দেখেন আর সুখি হয়। সেটা খুশি হওয়া নয়, সত্যিই সুখি হওয়া।

হঠাৎ ভাবির বিস্ময়–

ও-মা, বউরতো নাকে ফুটো নেই। সেই জন্যি নাকছবি পরোনি!

ডাক্তার মন খুলে হাসেন। মেয়ে দুটো হাসতে চেষ্টা করে। ভাবি গম্ভীর। আমরা বিদায় নিয়ে চলে আসি। আমার বউ মুগ্ধ এবং বিস্মিত। এতো ভালো মানুষ! এতো মহৎ!

বহুদিন পর ডাক্তার সাহেবের সাথে দেখা করতে গেলাম। 'বহুদিন' মানে বছর কয়েক। এর মধ্যে ঈদের ছুটিতে বাড়িতে এসেছি কয়েকবার। ভাগ্যচক্রে একবারও দেখা হয়নি তার সাথে। তিনি কিছুটা শুকিয়ে গেছেন। চোখের কাঁচ মোটা হয়েছে। কমদামি ফ্রেমের চশমাটা ধূসর হয়ে গেছে। কিন্তু তার সেই রসটা কমেনি। বরং সেটা আরও গাঢ় হয়ে মিষ্টির মানটা বেড়েছে। উঠতে-বসতে তার একটা রসিকতা ছিল, রসিকতা না বলে মুদ্রাগুণও বলা যায়। মুদ্রাদোষতো অবশ্যই নয়। সেইটা আবার শোনা গেলো বহুদিন পর–

আমি গরিব মানুষ– হাতের লেখা খারাপ।

এই 'গরিব'এর সাথে হাতের লেখা খারাপ হবার সম্পর্কটা কি, সেটা আমরা সারাজনমে বুঝলাম না। অথচ চিরকাল তার বলাটা এতো সাবলীল যে, যেহেতু গরিব, সেহেতু তার হাতের লেখাতো খারাপ হবেই! সেটাই যেনো স্বাভাবিক।

আমি নতুন একটা দুঃসংবাদ দিলাম তাকে–

ডাক্তার সাহেব, আমাকে তো ঘুণে ধরেছে।

ঘুণে মানে?

ডায়বেটিস।

কবে? কও কী!

এইতো চার-পাঁচ মাস হলো। এখনতো খুব মাপ-জোখ। আধা পেট করে ভাত খাই। প্রতিদিন এক ঘণ্টা হাঁটি। সকালে একটা রুটি, সারাদিনে দিনে কলা আদ্দেক। নয়তো চারটা আঙুর অথবা আধা ছটাক আম,

এই সেই।

ডাক্তার বললেন–

ডায়বেটিসই একমাত্র রোগ, যেটা কোনো 'রোগ'না। শরীরের পরিবর্তন, বুঝলে। ইতিবাচক পরিবর্তন হলে উন্নয়ন, আর নেতিবাচক হলে অধঃপতন। এখন এটাকে উন্নয়ন বা অধঃপতন করাটা তোমার বিষয়। সুগার কন্ট্রোলে রাখতে পারলে ভালোতো থাকবাই, হায়াত পর্যন্ত বেড়ে যাবে।

আমি বললাম–

আরে ধ্যার্ ডাক্তার সাহেব। আজ পাঁচ মাস হলো একটা রসগুল্লা খাইনি। চমচমেরতো প্রশ্নই ওঠে না। ডায়াবেটিক সেন্টারের ডাক্তার সাহেব বলে দিয়েছেন নো মিষ্টি, নো পেট ভরে ভাত। আচ্ছা ভাত আমার কাছে মধুর মতো মিষ্টি। সেই ভাত না খেলে বাঙালি বাঁচে? বলেন তো!

তিনি আরও বললেন–

আরে দূর। ডাক্তার শালার বেটা কী জানে? আমিতো সারাজীবনেই পেট ভরে ভাত পাই না। মানে খেতে পাই না। মিষ্টিতো জোটেই না। তাতে কী!

আমি বললাম–

মিষ্টি নাকি আমার জন্য এখন থেকে হারাম? সারাজনম! কথা নাকি!

সুগার কন্ট্রোলে না থাকলে মিষ্টি কেন, অনেক কিছুই হারাম। শোনো, আমরা আরবি শব্দ শুনলেই তার অন্যরকম ব্যাখ্যা করি। 'হারাম' মানে তো আর কিছু না– স্রেফ নিষেধ। মিষ্টি খাও, গোস্ত-পোলাও খাও, এমনকি মন চাইলে বিষও খাও। কিন্তু সেটা তোমাকে বার্ন করতে হবে। কেলোরির হিসাব ঠিক রাখতে হবে। যেদিন একটু মিষ্টি খাবে, সেদিন একটু শারীরিক খাটুনি বা হাঁটা বাড়িয়ে দেবে, অন্য বেলার কার্বহাইড্রেড একটু কমিয়ে দেবে। তাহলেই ব্যালাঞ্চ হয়ে যাবে।

আমিতো হা করে আছি। ডাক্তার সাহেবের ডিসপেন্সারির উল্টো দিকে রাস্তার ওপারে আব্বাস চাচার বিখ্যাত মিষ্টির দোকান। হাত ধরে টানতে টানতে তিনি আমাকে সেইখানে নিয়ে গেলেন।

বসো। এই কামাল, দুডে চমচম দে। শোনো কবি– তুমি মিষ্টি খেতে পারবা না, সেটা ঠিক আছে। তবে আমাকে সাথে করে খেলে কোনো অসুবিধা নেই! আমি ডাক্তার না? একলা একলা বা আমাকে বাদ দিয়ে খেলেই কিন্তু বিপদ। বুঝতি পারিছো?

আমি হাসলাম। চাঁছি মাখানো দুটো চমচম এলো। ডাক্তার বললেন

বিসমিল্লা কয়ে খাও। ডাইবেটিসের রোগী বলে কি তুমি মানুষ না নাকিন?

আমি অর্ধেক চমচম খেলাম। তার আগে বাকি অর্ধেকটা চামচ দিয়ে ডাক্তার সাহেবের পাতে তুলে দিলাম। তিনি হাসতে হাসতে বললেন–

দাও, না করবোনানে। আমার এই এক দোষ, একে নফ্স কন্ট্রোল করতে পারি না, তাতে আবার ডায়বেটিস, প্রেসার কিচ্ছু নেই! দাও, খেয়ে আলাহামদোলিল্লা বললে সব পানি।

খাওয়ার পর রাস্তা পার হয়ে তার ডিস্‌পেনসারিতে এলাম। কি একটা তরল ওষুধ বের করে ডাক্তার সাহেব বললেন–

কই, হা করো– জিভটা বের করো।

আমি হা করলে এই ওষুদের এক ফোটা জিভের ওপর দিয়ে তিনি বললেন–

তোমার পেটের ভেতরে সবটুকু চমচমকে একেবারে নিমপাতার ভর্তা বানিয়ে দিলাম যাও।

আমি বললাম–

ওষুদই যদি খাওয়াবেন, ভেনিশই যদি কোরে দেবেন, তাহলে আগে বললেন না কেন? আপনাকে ঐ আদ্দেক চমচম আমি দিতাম না!

ডাক্তার বললেন–

বলতে চেয়েছিলাম। কিন্তু নফ্‌স কন্ট্রোল করতে পারিনি। লোভ, বোঝ না? দুঃখু কইরো না। মিষ্টির উপের তুমার কিন্তুক আসলে লোভ করা যাবি না– তুমার ডাইবেটিস না?

ডাক্তারের মুখের দিকে তাকালাম। তিনি দৃঢ়ভাবে আমাকে উপদেশ দিচ্ছেন, কিন্তু তার চোখে-মুখে দুনিয়ার সব মায়া-ভালোবাসা মিলিয়ে কেমন একটা দুঃখ। খুব ভারি। আমি চোখ ফিরিয়ে নিয়ে হাসতে চেষ্টা করলাম। কিন্তু মূলত আমি যেনো ডাক্তার সাহেবের মহানুভবতা অনুভব করে গৌরবে মরে যাচ্ছি।

# তামাশার গান

## আমিনুর রহমান সুলতান

বৃহত্তর রাজশাহী অঞ্চলের বিশেষ করে বৃহত্তর ময়মনসিংহের 'বাইদ্যা' বা 'বাইদ্যানি'র গান, চাঁপাইনবাবগঞ্জের 'আলকাপ', টাঙ্গাইল অঞ্চলের 'সঙযাত্রা'কে আমরা ফোকলোরের এবহৎধ-র বিবেচনায় লোকনাট্য হিসেবে চিহ্নিত করতে পারি। পরিবেশনাগত ফোকলোর এগুলো। লোককবি, লোকনাট্যকার, লোকনাট্যশিল্পী, লোকবাদ্যযন্ত্রীদের অংশগ্রহণে পরিবেশিত হয়ে থাকে। দর্শকরাও গ্রামীণ সাধারণ মানুষ। উদ্দেশ্য বিনোদন হলেও বক্তব্যের সার হিসেবে সামাজিক অসঙ্গতি দর্শক-শ্রোতাদের ভাবিয়ে তোলে।

বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে এসব লোকনাট্য যে-নামেই পরিবেশিত হোক না কেনো এগুলোকে 'তামাশার গান' হিসেবে বিবেচনায় আনা যেতে পারে। ফলে 'তামাশার গান' এই শিরোনামে অন্তর্ভুক্ত করে নতুনভাবে নামকরণ করলে অপ্রাসঙ্গিক হবে না। কেনো 'তামাশার গান'? এর জবাব যে কারও পক্ষে দেওয়া সম্ভব। যদি আলকাপ, সঙযাত্রা, বাইদ্যানীর গান এগুলো আসরে উপস্থিত থেকে প্রত্যক্ষ করা হয়ে থাকে।

আলকাপ, সঙযাত্রা ও বাইদ্যানীর গানে মেয়ের অভিনয় ছেলেকে দিয়ে করানো হয়। অর্থাৎ ছেলেই মেয়ে সেজে অভিনয় করে। এক্ষেত্রে রাজশাহী অঞ্চলে মেয়ে সেজে যে-সব ছেলেরা অভিনয় করে থাকে, তাদেরকে ছোকরা বলা হয়। আর বৃহত্তর ময়মনসিংহে বলা হয় গাড়ু বা ঘাটু। আগেরদিনে ছোকরা বা ঘাটুকে দলের ম্যানেজার বা বিত্তশালী সৌখিন ব্যক্তিরা লালন-পালন করতেন।

তামাশা গানের চরিত্রগুলো অস্বাভাবিক ধরনের হলেও বাস্তবের সঙ্গে চরিত্রগুলোর কোথাও না কোথাও একটা মিল খুঁজে পাওয়া যায়। এসব চরিত্র হাস্যরসের ভিতর দিয়ে সামাজিক অসঙ্গতি তুলে ধরে। তামাশার গানে লোকগানই হচ্ছে পরিবেশনার প্রাণ। আঞ্চলিক শব্দে ও সুরের প্রয়োগ লোকগানের পরিবেশনাকে খুবই প্রাণবন্ত করে তোলে আসরকে।

দুই তিন গ্রাম অন্তর অন্তর চাঁপাইনবাবগঞ্জে আলকাপের দল, টাঙ্গাইলে সঙযাত্রার দল এবং বৃহত্তর ময়মনসিংহে বাইদ্যানীর দল ছিল। বর্তমানে প্রত্যেক অঞ্চলে দল রয়েছে হাতে গোনা।

বিশেষ দিবস উপলক্ষ্যে কখনও কখনও তাদের পরিবেশনা হয়ে থাকে। নিয়মিত বলা যাবে না। অথচ তামাশার গানের আসর গ্রামাঞ্চলে নিয়মিত হলে লোকশিল্পীরা তাদের জীবিকা হিসেবে তামাশার গানকে অবলম্বন করতে পারতেন। তাছাড়া বিলুপ্ত প্রায় তামাশার গানের ধারাটিও লোকসংস্কৃতিতে টিকে থাকা সম্ভব হতো।

জাতীয় পর্যায়ে বিভিন্ন অনুষ্ঠানে তামাশার গানের পৃষ্ঠপোষকতা দেওয়া সম্ভব। এমনকি প্রতি বছর জাতীয় পর্যায়ে সপ্তাহব্যাপী 'তামাশার গান'-এর পরিবেশনা হতে পারে। নাগরিক প্রজন্ম গ্রামীণ পর্যায়ের বিলুপ্ত প্রায় ধারাটিকে টিকিয়ে রাখার ব্যাপারে অনুপ্রাণিত হলে নাগরিক যান্ত্রিক কোলাহলেও নির্মল বিনোদন উপভোগের মাধ্যম খুঁজে পাবে।

ঢাকা শহরে গ্রামীণ ঐতিহ্যকে লালন করে এমন মানুষের সংখ্যা এখনো প্রচুর। এর যথার্থ উদাহরণ তো ঈদোৎসবেই পরিলক্ষিত হয়। বাড়ির টানে, গ্রামের টানে ঢাকা শহর ফাঁকা হয়ে যায় বলা চলে। গ্রাম থেকে উঠে আসা শাহরিক মানুষ সম্পর্কে এ কারণেই কবি শহীদ কাদরীর কবিতার পংক্তির উদ্ধৃতি টেনে বলা

যায়– “আধখানা তার ভাঙা গলা/ আধখানা তার সাধা।”

লোকসংস্কৃতির এই ধারাটি লোকনাট্য হিসেবে মঞ্চায়নও হতে পারে। মঞ্চে প্রচুর দর্শক সমাগম হচ্ছে। মঞ্চনাটকগুলোতে ‘তামাশার গান’ দর্শক বাড়াতেও সাহায্য করবে।

লোকনাট্য হিসেবে, তামাশার গান হিসেবে এক্ষেত্রে ‘বাইদ্যানির গান’ প্রসঙ্গে আলোকপাত করছি। বৃহত্তর ময়মনসিংহের নেত্রকোনা ও কিশোরগঞ্জ অঞ্চলকে ‘পূর্ব ময়মনসিংহ’ অঞ্চল হিসেবে চিহ্নিত করা হয়েছিল। পূর্ব ময়মনসিংহ থেকেই সংগৃহীত হয়েছিল ‘মৈমনসিংহ গীতিকা’র গাঁথাগুলো। ‘মৈমনসিংহ গীতিকা’র মাধ্যমেই এই অঞ্চলের সাংস্কৃতিক সম্পদ বিশ্বসংস্কৃতিতে পরিচিতি পায়।

দীনেশচন্দ্র সেন কর্তৃক সংকলিত ও নেত্রকোনারই সন্তান চন্দ্রকুমার দে সংগৃহীত ‘মৈমনসিংহ গীতিকা’য় নেত্রকোনা অঞ্চলের ‘বাইদ্যানীর গান’ মূলত ‘মহুয়া’ গাঁথা হিসেবে স্থান পায়। কবি দ্বিজ কানাই প্রণীত মহুয়া গীতিকার বর্ণিত ঘটনার স্থান নেত্রকোনার নিকটবর্তী। এ সম্পর্কে বিস্তারিত উল্লেখ রয়েছে ‘মৈমনসিংহ গীতিকা’ গ্রন্থে। ভূমিকায় দীনেশচন্দ্র সেন সূত্রে জানা যায়, “খালিয়াঝুড়ি থানার নিকট রহমৎপুর হইতে ১৫ মাইল উত্তরে ‘তলার হাওর’ নামক বিস্তৃত ‘হাওর’, ইহারই পূর্ব্বে বামনকান্দি, বাইদার দীঘি, ঠাকুরবাড়ীর ভিটা, উলুয়াকান্দি প্রভৃতি স্থান এখন জনমানবশূন্য হইয়া রাজকুমার ও মহুয়ার স্মৃতি বহন করিতেছে। এখন তথায় কতকগুলো ভিটামাত্র পড়িয়া আছে। কিন্তু নিকটবর্ত্তী গ্রামসমূহে এই প্রণয়যুগের বিষয় লইয়া নানা কিংবদন্তী এখনও লোকের মুখে মুখে চলিয়া আসিতেছে। যে কাঞ্চনপুর হইতে ‘হোমরা’ বেদে মহুয়াকে চুরি করিয়া লইয়া যায় তাহা ধনু নদীর তীরে অবস্থিত ছিল। নেত্রকোণার অন্তর্গত সান্দিকোনা পোষ্টাফিসের অধীন মস্‌কা গ্রামের সেক আসক আলী ও উমেশচন্দ্র দে এবং গোরালীর নসুসেকের নিকট হইতে এই গানের অনেকাংশ সংগৃহীত হয়। মস্‌কা গ্রামে মহুয়ার পালা গাহিবার জন্য এখনও নাকি একটি দল আছে। এক সময়ে যে গাথা ইন্দ্রধ্বজের ন্যায় শত শত পল্লীর বক্ষস্থলে প্রতিষ্ঠিত ছিল, আজ তাহা একটি ভগ্নদন্ডে পর্যবসিত।”

‘মহুয়া’র পালাটি হুবহু নয়, বৃহত্তর ময়মনসিংহে প্রচলিত বাইদ্যানির গানই লোকনাট্যে পরিবেশিত হয়ে আসছে। বৃহত্তর ময়মনসিংহের সাধারণ মানুষ এক সময় তামাশার গান হিসেবেই বাইদ্যানীর গান উপভোগ করতেন।

‘মহুয়া’ ও ‘বাইদ্যানির গানে’র কাহিনি ও চরিত্রের ঐক্য খুব একটা নেই।

বৃহত্তর ময়মনসিংহে দুটি রীতিতে ‘মহুয়া’ পালাটির আসর গাওয়া হয়। এক. কিসসার রীতিতে। দুই. নাট্যপালা হিসেবে। বয়াতি বা গায়ক কিসসা পরিবেশনায় বর্ণনার, সুরের, নৃত্যের ও অভিনয়ের সাহায্য নেন। সহযোগিতা করেন একাধিক দোহার। দর্শক অধিকাংশই গ্রামের খেটে খাওয়া সাধারণ মানুষ। পরিবেশন হয়ে থাকে বাড়ির আঙ্গিনায়, উঠানে। পাটি পেতেই আসরমঞ্চ তৈরি করা হয়।

নাট্যপালা পরিবেশনের মুখ্য চালক অভিনেতা-অভিনেত্রীরা। অভিনেতা ও দর্শক উভয়েই গ্রামের সাধারণ মানুষ। দোহারেরও প্রয়োজন হয়ে পড়ে নাট্যপালায়। অভিনেতা ও অভিনেত্রীদের কণ্ঠের গান পুনরাবৃত্তি করে গেয়ে যান দোহাররা। গানে, সংলাপে নাট্যপালা বৈশিষ্ট্যমণ্ডিত। আসরমঞ্চে চৌকি ফেলা হয়। আসরের উপর চাদোয়াও টানানো হয় কখনও কখনও।

প্রচলিত মহুয়ার যে-লোককাহিনি অর্থাৎ মৈমনসিংহ গীতিকায় যে-কাহিনি ‘মহুয়া’ হিসেবে সংকলিত তা ‘কিসসা’-য় পরিবেশিত হচ্ছে। কিস্‌সা ও নাট্যপালায় মহুয়ার দুটি পৃথক পাঠ পাওয়া যায়।

কিসসার পালায় মৈমনসিংহ গীতিকার 'মহুয়া'র কাহিনির মিল রয়েছে। আর নাট্যপালায় সে মিল খুব একটা খুঁজে পাওয়া যায় না। কিসসার কাহিনির মূল বক্তব্য এরকম, যা মহুয়া পালা হিসেবে খ্যাত হুমরা বেদে ধনু নদী তীরস্থ কাঞ্চনপুর গ্রামের এক ব্রাহ্মণ ঘরে ছয় মাসের শিশু কন্যা চুরি করে নিয়ে গিয়ে লালন পালন করে। বড় হয় কন্যা মহুয়া নামে। বেদের দলে সেও খেলা দেখায়। হুমরার মেয়ে হিসেবেই সে বেড়ে ওঠে। শান্তিপুর নইদ্যার ঠাকুরের বাড়িতে খেলা দেখাতে এসে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে নদের চাঁদের সঙ্গে। মহুয়া ও নদের চাঁদ নদীর ঘাটে দেখা করতে গেলে ধরা পড়ে যায় হুমরা বেদের কাছে। প্রেমের সম্পর্ক জানাজানি হলে, হুমরা বেদে দলবল নিয়ে পালিয়ে যায়। কিন্তু মহুয়ার প্রেমে পাগল হয়ে মহুয়ার সন্ধানে বেরিয়ে যায় নদের চাঁদ। খুঁজতে খুঁজতে একসময় পেয়েও যায় সে মহুয়াকে। নতুন অতিথি হয়ে মহুয়ার আশ্রয় পায়। হুমরা বেদে টের পেয়ে যায় নতুন অতিথি আর কেউ নয় নদের চাঁদ। হুমরা নদের চাঁদকে মারার জন্যে মহুয়ার হাতে বিষলক্ষের ছুড়ি তুলে দেয়। কিন্তু মহুয়া তার প্রেমিক পুরুষকে হত্যা না



*ময়মনসিংহের বাইদ্যানির গানের লোকনাট্য শিল্পীদ্বয়*

করে দুজন পালিয়ে যায়। পথে আসে বিপদ। সদাগরের কুনজরে পড়ে যায় নদী পার হবার সময়। সদাগরের হাত থেকে নিজের বুদ্ধি দিয়ে আত্মরক্ষা করে মহুয়া নদীতে ভেসে যাওয়া নদের চাঁদকে খুঁজতে বেরিয়ে পড়ে। পেয়েও যায়। এক সময় হুমরা বেদেও তাদের খুঁজে পায়। আবার বিষলক্ষের ছুরি হাতে তুলে দেয় নদের চাঁদকে মারার জন্য। কিন্তু মহুয়া সে-ছুরি নিজের বুকে আঘাত করে মৃত্যুর কোলে ঢলে পড়ে। নদের চাঁদেরও প্রাণবধ করা হয়। হুমরার অনুতাপ প্রকাশের মধ্য দিয়ে কাহিনি শেষ হয়।

লোকনাট্যের কাহিনির মূল বক্তব্য মহুয়া পালার সাথে খুব একটা মিল নেই আগেই উল্লেখ করেছি। নাট্যপালাগুলোর কাহিনি এরকম অধর্ম ও ধর্মের মধ্যে চলে দ্বন্দ্ব। শ্রেষ্ঠ ও নিকৃষ্ট, ছোট ও বড় নিয়ে যুদ্ধে

নামে তারা। কলিঙ্গ রাজার মন্ত্রী তাদের যুদ্ধ করতে বারণ করে। রাজার কাছে সুবিচার পাওয়া যাবে বলে আশ্বাস দিয়ে রাজার দরবারে হাজির করা হয় ধর্ম, অধর্মকে। রাজা যে-বিচার করেন তাতে সন্তুষ্ট হতে না পেরে অধর্ম অভিশাপ দেয় তার জাত যাবে বলে।

তারপর বড় একটা উল্লম্ফন। আসরে আসে উমরা বেদে ও তার স্ত্রী ভানুমতী। তারা স্থায়ীভাবে বসবাসের জন্যে একটুকরো জমি খোঁজে। মোড়লের কাছে কাঙ্ক্ষিত জমি পেয়েও যায়। নদের চাঁদের বাড়িতে খেলা দেখাতে গেলে নদের চাঁদ ভানুমতীর প্রেমে পড়ে যায়। ভানুমতী নদের চাঁদের প্রেমে আটকা পড়ে যায়। ভানুমতী নতুন জমি, নতুন বাড়ি পেয়ে বোনকে নাইয়র আনতে পাঠায় উমরাকে। উমরা তার শ্যালিকা লবজানীকে নিয়ে আসার সময় প্রতাপসিংহ হরণ করতে চাইলে উদয়সিংহ রক্ষা করে।

নদের চাঁদ এক সময় ভানুমতীর প্রেমে পাগল হয়ে মোড়লের সহযোগিতায় ভানুমতীর বাড়িতে রাত কাটায়। শেষ রাতে তারা পালিয়ে যায়। উমরা বেদে তাদের খুঁজে বের করে বিচারপ্রার্থী হয়।

কিশোরগঞ্জ থেকে মোহাম্মদ সাইদুর সংগৃহীত 'বাইদ্যানির গান' পাণ্ডুলিপির সাথে মহুয়া-র পালার অনেক মিল খুঁজে পাওয়া যায়। কিন্তু বর্তমান ময়মনসিংহের কোনো এলাকার বাইদ্যার গানের পাণ্ডুলিপির সঙ্গে মহুয়ার তেমন মিল নেই। আর নামকরণের দিক থেকেও রয়েছে পার্থক্য।

নাট্যপালাগুলো মুখে মুখে রচনা করতেন গ্রাম্য খেটে খাওয়া সাধারণ মানুষেরাই। আর এ জন্যে যতো না কোনো আদর্শ, দর্শন কাজ করেছে তার চেয়ে অধিক কাজ করেছে বিনোদনটাই। হয়তো এ জন্যেই ভানুমতী পরপুরুষের সঙ্গে পালিয়ে গিয়ে ধরা পড়লেও তাকে তার স্বামী উমরা বাইদ্যার কাছে ফিরিয়ে দেওয়া হয় নাট্যপালাগুলোতে। শাস্তি হিসেবে কোনো মৃত্যুভাবনা ক্রিয়া করেনি।

ময়মনসিংহ গীতিকার 'হুমরা' বেদে বাইদ্যানির গান লোকনাট্যে উমরা বা উনড়া বাইদ্যা হিসেবে স্থান দখল করেছে। অবশ্য এভাবেও বলা ঠিক নয়, কেননা, হুমরার আগেই উনড়া ও বা উমরার ব্যবহার ছিল। আর 'মহুয়া' চরিত্রের ছায়া পড়েছে নাট্যপালার 'ভানুমতী' বা 'বারমতি' চরিত্রে। বিশেষ করে নদীর ঘাটে ভানুমতী ও উমরা বাইদ্যার কথোপকথন মহুয়া পালার নদের চাঁদের সঙ্গে মহুয়ার নদীর ঘাটের কথোপকথনের কাছাকাছি মিল রয়েছে। এরকম মিল আরো কয়েকটি জায়গায় পাওয়া যায়। যেমন– হুমরা বেদে নতুন বাড়ি করার পর মহুয়াকে নিয়ে যে কথোপকথন তা ভানুমতী ও উমরা বাইদ্যার মধ্যেও পরিলক্ষিত। ভানুমতী চরিত্রটি ময়মনসিংহের বিভিন্ন অঞ্চলে বানান ভেদে বিভিন্ন রকম হলেও মূলত একটি নামকেই ধারণ করেছে। নেত্রকোণা অঞ্চলে মহুয়া 'ভারমতি', ঈশ্বরগঞ্জ অঞ্চলে 'বারমতি' এবং মুক্তাগাছা অঞ্চলে ভানুমতী নামে পরিচিত। অঞ্চল ভেদে আঞ্চলিক উচ্চারণের প্রভাবে ভানুমতী বা বারমতী চরিত্রের নামকরণ যাই হোক না কেন প্রকৃত শব্দটি যে 'ভানুমতী' তাতে সংশয় নেই। 'ভানু' অর্থ কান্তি, আর ভানুমতী অর্থে সুন্দরী বা কান্তিমতী। তবে এখানে সুন্দরী অর্থে ভানুমতী নামটি গ্রহণ করেননি লোকনাট্যপালাকাররা। প্রায় একশো বছর আগে 'ভানুমতী' একটি বিদ্যা হিসেবে পরিচিত ছিল। যাকে ভানুমতীর ভেল্কি বা ভানুমতীর জাদু বলা হতো। শূন্যে রশি ধরে ওঠা ভানুমতীর এক প্রসিদ্ধ খেলা ছিল। ভানুমতীর জাদুকরী ও সুন্দরী এই উভয় রূপ, আসরে উপস্থিত সাধারণ মানুষ তামশার গানের ভিতর উপলব্ধি করতো।



*চাঁপাইনবাবগঞ্জের আলকাপের একটি দৃশ্যে লোকনাট্য শিল্পীদ্বয়*

ময়মনসিংহ, নেত্রকোণার অঞ্চলে প্রচলিত বাইদ্যার গান ও বাইদ্যানির গান, মোহাম্মদ সাইদুর কর্তৃক কিশোরগঞ্জের নগুয়া গ্রাম থেকে সংগৃহীত বাইদ্যানির গান, দ্বিজকানাই প্রণীত মহুয়া, পূর্ণচন্দ্র ভট্টাচার্য বিদ্যাবিনোদ কর্তৃক (জঙ্গলবাড়ীর দেওয়ান শেখ কাঙ্গালী চৌকিদার কর্তৃক নানাস্থানে প্রচারিত অনুমান ১২৬৫-৭৫ সাল) সংগৃহীত বাদ্যানির গান বা নদ্যাঠাকুর ও বাদ্যাছেড়ি মেওয়া সুন্দরী পালা তামশার গানকেই প্রতিনিধিত্ব করেছে। বর্তমানে তামাশার গানের প্রচলন তেমন নেই। নতুন করে তামাশার গান পরিবেশিত হয় না বললেই চলে। তামাশার গানের পাশাপাশি বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলে মাইট্যার তামাশারও একটি ধারা প্রচলন ছিল। তামশার গান পরিবেশনা মূলক লোকনাট্য। তবে সাহিত্য হিসেবে মৌখিক। মাইট্যার তামাশা নাট্য ধারার সঙ্গে পরিচিত হওয়ার জন্যেই আমার লেখা একটি তামাশার গানের পাণ্ডুলিপি এখানে মুদ্রিত হলো।

# আগন্তুকের ভেজা হাত

## খসরু পারভেজ

প্রতীক্ষা ও অপেক্ষার মধ্যে কোনো অর্থভেদ নেই
তবু মনে হয় অপেক্ষার চেয়ে প্রতীক্ষা অনেক দীর্ঘ

প্রতীক্ষা শেষে আপনি এলেন
বাজি ফুটলো পাখি উড়লো
আপনি আমার হাতে হাত রাখলেন
আপনার করমর্দনে ভিজে গেল আমার হাত
কান্নায় ভেজানো হাত নাকি রক্তে ভেজা
আমি বুঝতে পারিনি
আর বোঝার কথাও নয়, কেননা এখন
রক্ত আর কান্নার মধ্যে কোনো পার্থক্য নেই
অশ্রুর বদলে চোখ ফেটে যখন রক্ত ঝরে
তখন রক্তই হয়ে ওঠে জীবনচিহ্ন

যদিও আপনার চোখ ছিল কালো চশমায় ঢাকা
আমি জানি আপনার কোনো রুমাল নেই

রক্তেও লবণ থাকে
অশ্রুতেও লবণ থাকে
আপনার স্বাগত সভায় আমি লবণসূত্র শিখি।

# মহীয়সী বেগম রোকেয়াঃ মুক্তচিন্তার আলোকবর্তিকা

## ড. সারিয়া সুলতানা

বাঙালির আধুনিক যুগের ইতিহাসে বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন অবিস্মরণীয় একটি নাম। নারীরা শিক্ষিত না হলে তারা যে পরিবার-সমাজ ও রাষ্ট্রের সব ধারা থেকে পিছিয়ে পড়বে, তা অনুধাবন করতে পেরেছিলেন শতবর্ষ আগেই বেগম রোকেয়া। নারী তোমার ভেতরে লুক্কায়িত হাজারো গোলাপ, পাপড়ি ছিটিয়ে তুমি জানান দাও তোমার পদযাত্রা। তুমি কন্যা, জায়া, জননী। তুমি আমাদেরই করেছ মহীয়ান। কন্যারা জাগ্রত না হওয়া পর্যন্ত দেশ-মাতৃকার মুক্তি অসম্ভব।

বেগম রোকেয়ার অসাধারণ চিন্তাচেতনায় মিশে আছে নারীর অধিকার, নারীর কল্যাণ, নারীর মুক্তি। সংগ্রামী রোকেয়ার ছিল অপরিসীম মনোবল। পথের কাঁটা ডিঙিয়ে তিনি সাফল্য ও সার্থকতার ঝুলি সাজিয়েছিলেন। শুধু বাংলাদেশেই নয়, ভারতবর্ষজুড়ে তার খ্যাতি আজও বিদ্যমান। একজন ভাবুক রোকেয়া আজও সাহিত্য সাধক হয়ে বেঁচে রয়েছেন পরিচয়ের পূর্ণতা নিয়ে। বিন্দুমাত্র সংকীর্ণতা ও সাম্প্রদায়িকতার ক্লেশ তাকে স্পর্শ করেনি।

বেগম রোকেয়ার অবরোধ-বাসিনী এক অসাধারণ সৃষ্টি। সে সময়ের পর্দার নামে সামাজিক অবরোধের কুফল তিনি কাগজের পাতায় লিপিবদ্ধ করেছেন। এজন্য তাকে সাধুবাদ জানাতেই হয়। তৎকালে তোতা পাখির মতো আরবি-ফারসি মুখস্থ করতে হতো। এভাবে কিছুটা মুখস্থ থাকলেই মেয়েদের পড়াশোনার পর্ব শেষ বলে মনে করা হতো। আজ থেকে ৩০ বছর আগেও দেখেছি, গ্রামবাংলায় বিয়ের কনে দেখতে এলে পবিত্র কোরআন শরিফ থেকে কয়টা সুরা মুখস্থ বলতে হতো। ভালো হলে মেধাবী মনে করা হতো, আর না হলে তো কথাই নেই! এভাবে কত মেয়ের জীবনে লেখাপড়ার পাঠ শেষ হয়েছে সে গল্প বলে শেষ করা যাবে না। বেগম রোকেয়ার জীবনেও তার ব্যত্যয় ঘটেনি। পাঁচ বছর বয়সে একবার কলকাতা যাওয়ার সুযোগ হয়েছিল শিশু রোকেয়ার। কাপড়ে ঢাকা পালকিতে চড়ে প্রখর রোদ্রের মধ্যে কলকাতায় পৌঁছাতে রোকেয়াকে প্রচুর কষ্ট করতে হয়েছিল। একবার রোকেয়ার জন্য কলকাতায় এক মেম অর্থাৎ বিদেশি মহিলা শিক্ষিকা নিয়োগ করেছিলেন তার ভাইয়েরা। কিন্তু সে আয়োজনও দীর্ঘস্থায়ী হতে পারেনি প্রতিবেশীদের প্রবল বাধার মুখে। মেম সাহেবের সংস্পর্শে গেলেও নাকি মুসলমান বালিকার পর্দা নষ্ট হয়, এমন কুসংস্কার ও গোঁড়ামি ভর করেছিল তৎকালীন সমাজে।

রোকেয়া রচনাবলি গ্রন্থে (পৃষ্ঠা ২৯৯) বেগম রোকেয়া নারী জাতির দুঃখবোধ, নারীশিক্ষা, সমাজে নারীর প্রতিষ্ঠা– এসব বিষয়ে এক বুক আশা নিয়ে লিখেছেন, 'বুক ঠুকিয়া বল মা! আমরা পশু নই, বল ভগিনী! আমরা আসবাব নই, বল কন্যে! জড়াউ অলঙ্কার রূপে সিন্দুকে আবদ্ধ থাকিবার বস্তু নই, সকলে সমস্বরে বল, আমরা মানুষ।'

সাবের পরিবারের জমিদারবাড়ির চারদিকে শুধু দেয়ালই ছিল না, উঁচু দেয়াল ছিল তৎকালীন মানুষের মনেও। পর্দাপ্রথার কারণে আট-নয় বছরের শিশুর সামনেও অবরোধ প্রথার দেয়াল তৈরি হয়েছিল। শিশু রোকেয়াকে কলকাতার বাসায় চিলেকোঠায় কাটাতে হতো তিন-চার দিন পর্যন্ত। সামান্য দুধ ও খই মাঝে মাঝে জুটলেও বেশিরভাগ সময় অনাহারে থাকতে হতো শিশু রোকেয়াকে। মুক্ত পৃথিবীর আলো তাকে কাছে টানলেও অবরোধ ভাঙার সর্বাত্মক চেষ্টায় শিশুমন উন্মাদ হয়ে বিহঙ্গের মতো উড়ত। শতবর্ষের আগের পুরুষতন্ত্রের ধারাবাহিকতা আজও সমাজে প্রবাহমান। এখনকার সমাজ প্রগতিতে এগোলেও মানসিকতা এগোয়নি অনেকটাই। কিন্তু বেগম রোকেয়া ঘুণে ধরা সমাজকে বদলানোর জন্য নারী-পুরুষকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানিয়েছিলেন। তিনি আশার আলো দেখেছিলেন, নারী-পুরুষ একযোগে কাজ করলে উন্নয়নের ধারা বা সমতা অব্যাহত থাকে।

মুক্তচিন্তার আলোকবর্তিকা মহীয়সী বেগম রোকেয়া। আধুনিক সময়ে এসে আমরা তাকে আবিষ্কার করেছি একজন নিরেট, আধুনিক হিসেবে। শতবর্ষ আগের চিন্তা বর্তমান আধুনিক সময়কেও ডিঙিয়ে গেছে। তার শিক্ষার গুরুত্ব ছিল প্রখর। সাহসী নারী বেগম রোকেয়া নারী জাতির ঘুম ভাঙিয়েছেন। তিনি নারীদের নিয়ে স্বপ্ন দেখেছেন এভাবেঃ One evening I was lounging in an easy chair in my bed-room and thinking lazily of the condition of Indian womanhood. I am not sure whether I dozed off or not. But, as far as I remember, I was wide awake. I saw the moonlit sky sparking with thousands of diamond-like stars, very distinctly. - Mrs. R. S. Hossen, Sultanas Dream বেগম রোকেয়া নারীর ক্ষমতায়নের ভবিষ্যৎ রূপরেখা এঁকেছিলেন এভাবেঃ 'তোমাদের কন্যা শিশুদিগকে শিক্ষিত করিয়া ছাড়িয়া দাও দেখিবে তারা নিজেদের অন্ন-বস্ত্রের ব্যবস্থা নিজেরাই করিয়া নিতে পারিবে।' সমাজ সংস্কারক মহীয়সী বেগম রোকেয়ার চিন্তাাচেতনায় মিশে আছে নারী জাগরণ। তিনি বহু আগেই সমাজ পরিবর্তনের ঝাণ্ডা তুলে ধরেছেন, তিনি শতবর্ষ আগেই বলে গেছেন, মানবসমাজ একটি দুই চাকার গাড়ির মতো। সমাজ এগিয়ে যায় সেই চাকার ওপর ভর করেই। কিন্তু এক চাকাকে দুর্বল রেখে কিংবা অচল রেখে অপর চাকার ওপর নির্ভর করে খুব বেশি দূর এগোনো যায় না। গৃহের সিলেবাসে বন্দি নারীরা আজ অনেকটাই শৃঙ্খলমুক্ত। তাই তো বর্তমানে নারীরা রুটিন কর্ম থেকে বের হয়ে জাগরণের স্পৃহা নিয়ে দেশের প্রতিটি সেক্টরে প্রতিনিধিত্ব করছে। এটা নারীর ক্ষমতায়নের একটি ইতিবাচক দিক। বাংলাদেশের নারীসমাজের ভাগ্যের চাকা পরিবর্তনে বেগম রোকেয়ার দর্শন ছড়িয়ে দিতে হবে।

বুদ্ধি, মনন এবং দর্শনচেতনায় তিনি সেসময় থেকে একশ বছর অগ্রসর ছিলেন, মার্ক্সের রচনার সঙ্গে পরিচয় না থাকা সত্ত্বেও নারীসমাজের অর্থনৈতিক মুক্তির ব্যাপারটিকে গভীরভাবে অনুধাবন করেছিলেন। একজন সুলতানার ভেতরের মুক্তচিন্তার অনুপ্রবেশ ঘটেছিল বহু আগে। তিনি নারী ও পুরুষের সঙ্গে সমানতালে দেশের সামগ্রিক উন্নয়নে অংশগ্রহণ করার মানসিকতা তৈরিতে একবিন্দু কুণ্ঠাবোধ করেননি।

বেগম রোকেয়া ছিলেন প্রথম বাঙালি নারী চিন্তাবিদ, প্রাবন্ধিক, উপন্যাসিক এবং বিজ্ঞানমনস্ক একজন উঁচুমানের সমাজ সংস্কারক। উদ্ভাবনীশক্তি ও যুক্তিবাদিতা সমৃদ্ধ করেছে তার লেখনীর জগৎ। ব্রিটিশ ভারতে বেগম রোকেয়া এক বিপ্লবী নাম। পিছিয়ে পড়া নারীসমাজকে তিনি রাষ্ট্র ও পরিবার-কাঠামোর মূল প্রবাহে জায়গা করে দিতে চেয়েছেন। তার এই চাওয়া শেষ পর্যন্ত একটি বিশেষ সমাজ-দর্শনে পরিণতি লাভ করে। কলকাতা এবং বিশেষভাবে পূর্ববঙ্গের সমাজকে তিনি প্রধান বিবেচ্য রেখে তুলনামূলক পর্যবেক্ষণের প্রয়োজনে সারা দুনিয়ার নারীসমাজকে আমাদের সামনে হাজির করেছেন। সব প্রতিবন্ধকতার জগদ্দল পাথর তিনি তাঁর স্বভাবসুলভ বুদ্ধিমত্তা দিয়েই সমাজ থেকে অপসারণ করেছেন।

প্রথম কল্পবিজ্ঞানের কাহিনির লেখক বেগম রোকেয়া তাঁর 'সুলতানাজ ড্রিম' সুলতানার স্বপ্ন ঘিরে নারীর নিজস্ব ভুবন রচনার স্বপ্ন দেখেছিলেন। নিজের প্রবল আগ্রহ ও স্বামীর সাহচর্যে থেকে বেগম রোকেয়া সংগ্রহ করেছিলেন দেশ-বিদেশের অসংখ্য গ্রন্থ। নামকরা সংবাদপত্রও তিনি নিয়মিত পাঠের আসরে রাখতেন। রোকেয়ার বিবাহিত জীবন ছিল মাত্র চৌদ্দ বছরের। স্বামীর মৃত্যুতে তিনি ভীষণভাবে ব্যথিত হন। নিজের দুটি শিশুকন্যার অকালমৃত্যু ঘটে। মাত্র ৩০ বছর বয়সে বিধবা বেগম রোকেয়া তৎকালীন সমাজের প্রথাগুলো মেনে নিয়ে একটি নীরব সংগ্রাম করে গেছেন, যার প্রতিকূলতা আজও প্রবাহমান। একসময় সতিনকন্যাদের বিরুদ্ধতার জন্য ছোট বোনকে নিয়ে কোনোরকম প্রাণ হাতে করেই বেগম রোকেয়াকে ভাগলপুর থেকে কলকাতায় চলে আসতে হয়েছিল। ১৯১০ সালের ৩ ডিসেম্বর ভাগলপুর ছেড়ে আসার পরই আরেক রোকেয়ার পুনর্জন্ম ঘটে।

একটি অন্ধকারাচ্ছন্ন, কুসংস্কারাচ্ছন্ন সমাজে জন্ম নিয়ে তিনি তার হৃদয় দিয়ে অনুভব করেছিলেন নারীর কষ্ট, যন্ত্রণা, বৈরিতা। স্থির বিশ্বাস ও ধীর বুদ্ধি বেগম রোকেয়ার জীবনকে পাল্টে দিয়েছিল। কলকাতায় বসে তিনি আঁধার ভাঙার প্রচেষ্টায় নিজেকে নিয়োজিত করেছেন। মধ্যযুগের নানাবিধ বর্বরতা তিনি স্বচক্ষে প্রত্যক্ষ করে সহনশীল মনোভাব নিয়ে অত্যন্ত বিচক্ষণতার সঙ্গে সমাজের নারীমুক্তির ঝাণ্ডা তুলে ধরেছেন। বেগম রোকেয়ার অবদানকে স্মরণ করে ৯ ডিসেম্বর 'রোকেয়া দিবস' হিসেবে পালন করা হয়। বেগম রোকেয়া দিবস বাংলাদেশে সরকারিভাবে পালিত একটি জাতীয় দিবস। এদিন বাংলাদেশ সরকার বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখা নারীদের বেগম রোকেয়া পদক প্রদান করে। ২০২১ সালে আমার পরম সৌভাগ্য হয়েছিল বেগম রোকেয়া পদক (পল্লি উন্নয়ন) সর্বকনিষ্ঠ অর্জন করার।

বেগম রোকেয়ার আদর্শে অনুপ্রাণিত হয়ে এ দেশের নারীরা সমাজে আজ প্রতিষ্ঠিত। নারীদের পদচারণা এখন সর্বোচ্চ পর্বতশৃঙ্গ থেকে আটলান্টিকের তলদেশে। নারীরা পাইলট হয়ে আকাশ ছুঁয়েছেন, খেলাধুলায় এগিয়ে। জাতিসংঘের শান্তি মিশনে এই নারীরা দেশের গৌরব বাংলার পতাকা উড়িয়ে দেশটির প্রতিনিধিত্ব করছেন। আমাদের দেশের প্রধানমন্ত্রী নারী, স্পিকারও নারী। একজন দেশবরেণ্য শিক্ষাবিদ তার আলোচনায় বলেছিলেন, মেয়েদের পুরুষের সমকক্ষ না হয়ে পুরুষকে ডিঙিয়ে যেতে হবে, তাহলে নারীর জয় অনিবার্য হবে। বেগম রোকেয়ার স্বপ্ন মাস্তুলের বড় অংশজুড়ে  রয়েছে নারীমুক্তি ও নারীর ক্ষমতায়ন। অর্থনৈতিক ও সামাজিকভাবে মুক্তি পেতে হলে নারীর দরকার উদারমুখী শিক্ষা। সেই শিক্ষার সুবাতাস তিনি বইয়ে দিতে পেরেছিলেন। তিনি নারীমুক্তির লড়াইয়ে মানবমুক্তির এক অমিত সম্ভাবনা দেখতে পেয়েছিলেন।

আপন আলোয় জ্বলে উঠুক নারীরা। আজ থেকে ১০০ বছর আগে নারীমুক্তি আন্দোলনের অগ্রদূত বেগম রোকেয়া যে দীপশিখা জ্বালিয়েছেন, তা আজকের পৃথিবীতে জেন্ডার সমতা অর্জনের এক গুরুত্বপূর্ণ অনুশীলন। আমরা টেকসই উন্নয়ন এসডিজি-৫ বলে আজ এত সভা, সেমিনার করছি। সবকিছুর জন্য প্রয়োজন নারী-পুরুষের সমান অংশীদারী। নারীরা শিক্ষিত না হলে তারা যে পরিবার, সমাজ ও রাষ্ট্রের সব ধারা থেকে পিছিয়ে পড়বেন, তা অনুধাবন করতে পেরেছিলেন শতবর্ষ আগেই বেগম রোকেয়া। জীবনের অন্তিমবেলায় তিনি লিখে রেখে গেছেন, 'মেয়েমানুষ নয়, মানুষ হয়ে বাঁচতে হবে, তবেই সার্থক মানব জনমের'। সভা-সেমিনারে যেখানেই আমরা বেগম রোকেয়ার স্বপ্নকে তুলে ধরি না কেন, তার দর্শনের যথার্থ প্রয়োগ ঘটানো ভীষণ জরুরি। তাই তো আমরা দেখতে পাই, বেগম রোকেয়ার দর্শনে উদ্বুদ্ধ হয়ে নারী মুক্ত হয়েছে অশিক্ষার অভিশাপ থেকে, যুক্ত হয়েছে দেশ, সমাজ ও রাষ্ট্র বিনির্মাণে। মেধার রাজ্যে রোকেয়ার অসাধারণ মনোযোগ অবহেলিত নারী সমাজের অবস্থার পরিবর্তনের চিন্তায় মগ্ন থাকত সবসময়। মোমবাতির ম্লান আলোয় রোকেয়াকে পড়া শিখিয়েছেন তার বড় ভাই। রত্ন তৈরির সূত্রে খুব যতনে বোনকে নিয়ে চলত ভাইবোনের নীরব সাধনা। সেই শিশু রোকেয়া আজ এক আলোকবর্তিকার নাম। উপমহাদেশে নারী জাগরণে মহীয়সী নারী বেগম রোকেয়াকে নিয়ে গর্ব করতেই হবে প্রতিটি নারীর।

সমাজ সংস্কারক মহীয়সী বেগম রোকেয়ার চিন্তাচেতনায় মিশে আছে নারী জাগরণ। তিনি বহু আগেই সমাজ পরিবর্তনের ঝাণ্ডা তুলে ধরেছেন। একজন সুলতানার ভেতরের মুক্তচিন্তার অনুপ্রবেশ ঘটেছিল বহু আগে। একটি অন্ধকারাচ্ছন্ন, কুসংস্কারাচ্ছন্ন সমাজে জন্ম নিয়ে তিনি তার সমস্ত হৃদয় দিয়ে অনুভব করেছিলেন নারীর কষ্ট, যন্ত্রণা, বৈরিতা। স্থির বিশ্বাস ও ধীর বুদ্ধি বেগম রোকেয়ার জীবনকে পাল্টে দিয়েছিল। ১৯৩২ সালের ৯ ডিসেম্বর মৃত্যুবরণ করেন  এই মহীয়সী, নারীর আলোকবর্তিকা আমাদের শুকতারা। বেগম রোকেয়ার দেহটা অন্তপুরীতে থাকলেও তার অবদান আজও চিরস্মরণীয়। তাঁর  সৃষ্টিকর্ম ও দর্শন ছড়িয়ে পড়ুক প্রতিটি নারীর হৃদয়ে।

# মিজোরামের মিনিতাজ ঘুরে : শুধু তব অন্তরবেদনা

## মাসুদ রহমান

প্রথমে প্রাবাদিক কথাটা শুনেছিলাম লিওনার্দো দ্য ভিঞ্চির বহুখ্যাত 'মোনালিসা' চিত্রকর্মটিকে নিয়ে, আর তা হলো: 'পৃথিবীর মানুষদের দুভাগে ভাগ করা যেতে পারে–এক পক্ষে থাকবেন যাঁরা সামনাসামনি ছবিটি দেখেছেন, আরেক পক্ষ যারা সরাসরি তা দেখেননি।' ২০০০ সালে তখনকার মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটন ভারত সফরে এসে এই কথাটিই বলেছিলেন তাজমহল প্রসঙ্গে। তা আমি এখনও দুটোতেই আছি দ্বিতীয় দলে। তবে এর মাঝে সচক্ষে দেখে নিয়েছি অন্য এক তাজমহলকে, যেটি মিনি বা ছোট তাজ হিসেবে বিশেষ পরিচিতি পেয়েছে। এটির অবস্থিতি দিল্লি-আগ্রা থেকে বহুদূরে ভারতেরই দক্ষিণ-পূর্ব কোণের রাজ্য মিজোরামে। সে যেন এক বনফুল–খুব বেশি মানুষ দেখেনি তাকে, ফুটে আছে বনমধ্যে, বসরাই গোলাপের মতো নাম-ডাক নেই তার।

মিজোরামে গিয়েছিলাম ২০২২ সালের শেষাশেষি–শীতকালীন ছুটিতে। করোনার কারণে বিগত দুবছর তেমন ঘোরাঘুরি হয়নি। সেসময় কোভিডের কোপ কিছু কমে যাওয়ায় একটু বেরুনোর সিদ্ধান্ত নিলাম। কর্মস্থল নোয়াখালী হতে ভারতবর্ষে প্রবেশের জন্যে নিকটতম সীমান্ত পারাপার আখাউড়া-আগরতলাকেই বেছে নিলাম। আমার দুই ছেলের শিক্ষা প্রতিষ্ঠানের ছুটির শুরু ও শেষ এমন যে, তাদের চাপে ভ্রমণসূচি স্যান্ডউইচ হয়ে গেল। ভাবলাম তবে ত্রিপুরা তো যাই, সেখান থেকে সেভেন-সিস্টার রাজ্যগুলোর কোনো একটি ঘুরে আসা যাবে। ত্রিপুরার তিনদিকে বাংলাদেশ, পূর্বদিকে আসাম ও মিজোরাম। আসাম কিছুটা দেখা আছে আমাদের। তাই মনিপুর-নাগাল্যান্ড-অরুণাচল ইত্যাদির কথা ভাবছিলাম। তবে ইন্টারনেটে ঘেঁটে শেষতক মিজোরামই ঠিক হলো। কী আছে এই রাজ্যে? সমুদ্র কিংবা মরুভূমি নেই; বরফের বালাই নেই ঘোর শীতেও। খ্রিষ্টান অধ্যুষিত এই রাজ্যে দর্শনীয় প্রাচীন বা বিশাল তো দূরের কথা, ছোটখাটো মন্দির-মসজিদও খুঁজে পাওয়া ভার। রাজনৈতিক ইতিহাসের মঞ্চেও রাজ্যের তেমন কোনো কেন্দ্রীয় ভূমিকা ছিল না কোনোকালেই, তাই নেই কোনো দর্শনীয় বা বিশাল দালান-দরবার। তবু পাহাড়-বনভূমির এই রাজ্যে গেলাম, তার অন্যতম কারণ ওয়েবসাইটে হঠাৎই চোখে পড়লো এক তাজমহলের কথা।

তবে মিজোরামে যাওয়ার পর ওই তাজমহলে যাওয়ার আর সময় হয়ে উঠছিল না। কারণ, আমরা যে কয় রাত থাকবো, তা শুধু রাজধানী আইজলেই। কাজেই দূরের দ্রষ্টব্যগুলো আগে দেখে নিতে হবে; 'তাজমহল'টি নাকি কাছেই, কাজেই সে পরে হবে। কোনোদিন যাচ্ছি মুইফাং পাহাড়ের চূড়ায়, কোনোদিন যাই ফালকৌনে মিজোদের গ্রাম দেখতে। ফিরে এসে সুন্দর-পরিচ্ছন্ন আইজল শহরের রাস্তায় ঘুরি, কিংবা দেখে আসি দৃষ্টিনন্দন সলোমন টেম্পল।

আসলে আর যা ঘটছিল তা হচ্ছে, এই ছোটতাজের নাম-সাকিন নিয়ে সমস্যা হচ্ছিল। একেকজন সেখানে যাওয়ার একরকম দূরত্ব ও মাধ্যমের কথা বলছিল। বিদেশিদের বিভ্রান্ত করার দুষ্টবুদ্ধি থেকে যে এমনটি করছিল, তা কিন্তু নয়–যেমনটি আমরা অনেকেই করে থাকি আর কী। বস্তুত, মিজো জাতি সহজ-সরল, সদা সহাস্য এবং আন্তরিকভাবেই সাহায্যপরায়ণ। সেকারণে ভাষাও সমস্যা করছিল না। ভারতের এই এক রাজ্য যেখানে হিন্দি খুব কমজনই বোঝে। ইংরেজি জানে বেশির ভাগ মানুষ–শিক্ষার হারে রাজ্যটি বেশ এগিয়ে–সম্ভবত দ্বিতীয়। সড়কে-শপিং মলে মুম্বাই চলচ্চিত্রের সেলিব্রেটিদের ছবি চোখে পড়ে না। আররে, বিজেপি-কংগ্রেসের নেতানেত্রীর ছবিও কোথাও দেখিনি! হিন্দি গানও শুনিনি। সারাবছর উৎসবে

মেতে থাকা এই রাজ্যে এই ক্রিসমাসের কালেও হিন্দি গান বাজছে না কোথাও–রাস্তার উপর কনসার্টে কিংবা ক্লাব থেকে ভেসে আসে ইংরেজি বা মিজো ভাষার গান। তবে একটু নিম্নস্তরে–যেমন হোটেল বয় বা ম্যানেজার (মানে আমরা যে হোটেলে ছিলাম–জারকার্ট এলাকার হোটেল চালনতে) কিংবা ড্রাইভাররা তো 'ইয়েস-নো-ভেরিগুডে'র চাইতে খুব বেশি ইংরেজি জানে না। তাইতে তাজমহল চিনতে বেশ ঝক্কি হচ্ছিল। মানে আমরা তো সেই নেটদুনিয়া থেকে দেখে 'মিনি তাজ', 'ছোটা তাজ' বলে চলেছি, ওরা তখন আগ্রার তাজমহলের কথা ভেবে বড়ো সমস্যায় পড়েছে–কীভাবে আমাদের সে দূরদেশে যাওয়ার নির্দেশনা দেবে! পর্যটক ও শিক্ষিতজন ছাড়া মিনি তাজ বা তাজমহল বলে সবাই হয়তো এখনও একে জানে না। আর হ্যাঁ, এটির আসল নাম 'কে ভি প্যারাডাইস'।

একজন মিজো ক্‌হাওলরিং ছাওনথুয়ামার (Khawlhring Chhawnthuama) ক এবং তাঁর স্ত্রী রোসাংপুই ভার্ট (Rosangpuii Varte)-এর ঠ–এই দুই আদ্যক্ষর দিয়ে নাম রাখা হয়েছে কে ভি প্যারাডাইস। এ স্বর্গ নয়, একটি সমাধি। সেখানে শুয়ে আছেন রোসাংলুই ভার্ট–যিনি ছিলেন জনপ্রিয় স্কুল শিক্ষক, যাঁর শখ ছিল বেড়ানো। সেজন্যে স্বামী-স্ত্রী মিলে আলাদা করে টাকা-পয়সা জমাচ্ছিলেন। ৩১ লাখ রুপি পর্যন্ত সঞ্চিততও হয়েছিল–কারণ স্ত্রীর ইচ্ছে ছিল বহির্দেশ দেখার। কিন্তু ২০০১ সালেল ১৭ নভেম্বর তাঁদের সব শখ-স্বপ্নের শেষ হয়। এদিন এক সড়ক দুর্ঘটনায় ভার্ট মৃত্যুকে বরণ করেন মাত্র চুয়াল্লিশ বছর বয়সে। স্বামী ছাওনথুয়ামা কী করবেন তখন? একমাত্র সন্তান পুত্র ভানলাল্লুয়াইয়ার বয়স মাত্র এগারো। সেই জমানো টাকায়ই বা কী করবেন? নাহ্, তিনি আর বিশ্বভ্রমণে বেরুবেন না। কিন্তু পরিকল্পনা যা করলেন, তাতে সে টাকাও যথেষ্ট নয়। শোককাতর স্বামী ঠিক করলেন, প্রিয়তমা স্ত্রীর সমাধিকে কেন্দ্র করে তিনি সৌধ বানাবেন। তা এমনই দৃষ্টিনন্দন হবে যে, দূর-দূরান্ত থেকে মানুষ সেটি দেখতে আসবে। রোসাংলুই ভার্ট বিশ্ব দেখতে যেতে পারেননি, এখন সারা বিশ্ব থেকে মানুষ যেন তাকে দেখতে আসে।

ভ্রমণ খাতের সেই জমানো টাকায় মাত্র এক-তৃতীয়াংশ মিটেছিল। মেঝের গ্রানাইট ও মার্বেল পাথর নেওয়া হয়েছিল রাজস্থান থেকে। ১২ মিলিমিটার পুরু নকশা কাঁচ সংগ্রহ করা হয়েছিল চেন্নাই থেকে আর দর্শনীয় ঝর্না আনা হয়েছিল কলকাতা থেকে। শুধু আলোকায়নের জন্যেই ৬ লক্ষ রুপি ব্যয়িত হয়েছিল। এভাবে লাখ নয়, খরচের হিসেব গিয়ে ঠেকেছিল কোটি রুপির ঘরে। ছয় বছর ধরে দোতলা এই স্মৃতিসৌধের নির্মাণ কাজ চলেছিল। এটি নির্মাণের পর 'দি টেলিগ্রাফ; পত্রিকায় এক সাক্ষাৎকারে ক্‌হাওলরিং বলেছিলেন: "I think I have done everything for her. In life I gave her my heart, my love. After her life ended, I still wanted to give her the best." আইজল শহরের কেন্দ্রস্থল থেকে ৭.৭ কিলোমিটার উত্তরে দুর্তলাং (Durtlang) পাহাড়ের চূড়ায় অবস্থিত এই ব্যক্তিনির্মিত দর্শনীয় স্থাপনাটি। মিজোরাম ছাড়ার আগের দিন সকালে আমরা সেটি দেখতেই রওনা হলাম।

দিনটি ছিল ২৪ ডিসেম্বর অর্থাৎ ক্রিসমাসের আগের দিন। মিজো ড্রাইভার চ্যাং বার বার বলছিল পথে খুব জ্যাম হবে। সেকথা অবশ্য মিজোরামের লেংপুই বিমানবন্দরে নামার পর থেকে সব ড্রাইভারের মুখেই শুনে আসছি। জনসংখ্যার শতকরা ৮৭ ভাগ খ্রিষ্টান, তাদের সবচেয়ে বড়ো অনুষ্ঠান। তাই আমি সে সম্ভাবনাকে স্বাভাবিক ধরেই নিয়েছিলাম। কিন্তু এই কয়দিন জ্যাম আতঙ্ক ছড়িয়ে দেওয়ার পর যা দেখিয়েছে, তাতে মনে হলো, এদের সবকটাকে যদি বাংলাদেশের যে-কোনো জেলা শহরে নিয়ে যেতে পারতাম! তবেই বুঝতো, জ্যাম কত প্রকার ও কী কী। পার্বত্য শহরের দুই লেনের রাস্তাগুলোতে শপিঙের সময়ে তো মাঝে-মধ্যে গাড়িগুলোকে দু-দেড় মিনিটের জন্য আটকে পড়া লাগতেই পারে। দ্রুতই আবার চলতে শুরু

করছে। করবেই তো, পাশের বিপরীতমুখী লেন খালি থাকলেও কেউ তাতে ঢুকে পড়ছে না, তাই জটও বাঁধছে না। অকারণে হর্ন দেয় না এরা, আর হর্ন দেওয়ার কারণও সহজে ঘটে না। ওরকম দাঁড়িয়ে থাকার সময় একবার অসাবধানতবশত চ্যাঙের হাত স্টিয়ারিঙের মাঝে পড়েছিল হর্ন বাজানোর জায়গায়। আমি সামনের সিটেই ছিলাম। জানালা দিয়ে পথিপার্শ্বের দোকানপাট দেখছিলাম, বিশেষ করে তাকিয়েছিলাম ওই ফলের দোকানটির দিকে, যেখানে কোনো বিক্রেতা নেই। প্রত্যেক সামগ্রীর পাশেই দাম লেখা আছে, ক্রেতারা তাই দেখে বাক্সে টাকা রেখে ফল নিয়ে যাচ্ছে। মিজোরাম জুড়েই এমন দোকান চোখে পড়ে। আমাদের দেশ হলে...সম্ভবত এসব ভাবতে গিয়েই আমার কানে পোঁ-পুঁ কিছুই আসেনি। তবে একটু হলেও হর্ন বেজেছিল নিশ্চয়, না হলে চ্যাং ওভাবে আগে-পিছের ড্রাইভার-বাইকারদের দিকে নমস্কার ও মাফ চাওয়ার মাঝামাঝি অবস্থানে হাতজোড় করে 'সরি, সরি' বলবে কেন? তারাও যে ক্ষেপে কিছু একটা বলেছে এমন নয়। শুধু ভ্রূ-কোঁচকানো একটু– রাগ নয়, কিছুটা বিস্ময় সেসব চাহনিতে।

দ্রুতই ব্যস্ত রাস্তা শেষ হয়ে গেল। একসময় মাটির রাস্তা পড়লো একেবারে পাহাড়ের ধার ঘেঁষে। ভয় মনের মধ্যে জেঁকে না বসতেই সে রাস্তাও শেষ হলো। গাছপালার মধ্যে সিঁড়ির রেলিঙের মতো কিছু একটা দেখা যাচ্ছে। ড্রাইভার সেদিকে অঙ্গুলীনির্দেশ করে দুটো ইংরেজি বর্ণের মিজো উচ্চারণ করলো–কে ভি। প্যারাডাইসই হবে, নইলে পথ কেন ঊর্ধ্বপানে? সমাধি তো নিচের দিকে। গাছপালার মধ্য দিয়ে সুসজ্জিত সিঁড়ি চলে গেছে আকাশ পানে। আর হ্যাঁ, এখানকার আকাশও খুব বেশি নীল। আসমানি রং বলতে আমরা যে হালকা নীলকে বুঝি সেরকম নয়। কোনো বিচ্ছেদ-বেদনার কারণেই কি এখানে আকাশ এতোটা গাঢ় নীল? হতে পারে, এক মৃত্যুর কাহিনি মনের মধ্যে নিয়ে এসেছি বলেই এমনটা লাগলো। আবার রৌদ্রালোক ছিল বলে আকাশ ছেয়ে আনন্দ-আবেশও ক্রিয়াশীল ছিল। কিন্তু আকাশ ছোঁয়ার আগেই সিঁড়ি শেষ হয়ে গেল।

দেখা দিল এক উঁচু দোতলা বাড়ি– শ্বেতশুভ্র প্রাসাদ। সামনে বেশ বড়ো লন কংক্রিটে মোড়া। মাঝে-মাঝে অবশ্য ফুলগাছ লাগানো হয়েছে মাটি খালি রেখে। পুরো প্রাঙ্গণ রেলিং-ঘেরা। সেটি শুধু সৌন্দর্যের জন্যেই নয়, সুরক্ষার জন্যেও বটে। কারণ সম্পূর্ণটাই নাতিউচ্চ এক টিলার উপর। এখান থেকে আইজল শহরটি দেখা যায় মনোজ্ঞ রূপে। অপর দিকে পাহাড়ের ওপারে পাহাড়। তারও ওপারে পাহাড়। এখানে এলে যে কেউ প্রথমে ছুটে যাবে ওই রেলিঙের ধারে। প্রকৃতিকে অপূর্ব মুগ্ধতায় দেখবে। ছবি তুলবে। আমরাও তেমনটি করছিলাম। কিন্তু নির্জন আর সুউচ্চ এই স্থানটিতে বাতাস কেমন যেন রহস্যময়! মনে হলো, কী যেন বলতে চায়। হয়তো, স্মারণ করিয়ে দিচ্ছিল কেন হেথা আগমন। তাইতো, কোথায় সেই সমাধি? সেটি দেখার জন্যে চারজনের টিকেট কাটতে হলো–জনপ্রতি ত্রিশ রুপি। রোববার সাপ্তাহিক ছুটির দিন বাদে সকাল দশটা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত প্রদর্শনের সময়। টিকেট-বিক্রেতা ইশারায় প্রাসাদের সম্মুখের বড়ো দরজা দেখিয়ে দিলেন। সেখানে জুতা খুলে রাখার নির্দেশনা। হতেই পারে; মনে হচ্ছিল বড়ো একটা বাড়ির ড্রইংরুমে ঢুকবো, জুতো খোলাই তো দস্তুর। তাজমহলের ছবি শৈশবে দেখে যেমন মসজিদ ভাবতাম, এ-ও তেমনই এক ধনীগৃহই বোধ হচ্ছে–শীর্ষচূড়ার ক্রসচিহ্নটি সত্ত্বেও। আর হ্যাঁ, ঢুকতেই সুসজ্জিতা হাসিমাখা মুখের রমণীকে দেখছি যে! ইনি নিশ্চয়ই গৃহকত্রী–স্বাগত জানানোর ভঙ্গিতেই দাঁড়িয়ে। অচিরেই ভুল ভাঙলো। সেটি আসলে রোসাংলুই ভার্টের প্রমাণ সাইজের রঙিন ছবি। বস্তুত, ঘরটির মধ্যে আমাদের অভ্যর্থনা জানানোর জন্যে কেউ নেই। বসবার আসন নেই কোনো। সাদা দেয়ালের সে ঘর অনেকটাই ফাঁকা–মাঝখানে কালো মার্বেল পাথরে আচ্ছাদিত কবরখানি। মাথার দিকে ভার্টের হাস্যোজ্জ্বল আবক্ষ ছবি। ছবির নিচে তাঁর জন্ম ও মৃত্যু তারিখটি লেখা আছে। নামের নিচেই 'কঁস' বা বয়স

লেখা হয়েছে ৪৪। ওখানে আরো আছে বেশকিছু ফুলের স্তবক। রঙিন ক্রসচিহ্ন। সমাধিশায়িতার পায়ের দিকে আমরা দাঁড়িয়েছি নিঃশব্দে। আর মাথার দিকের দেয়ালেই প্রমাণসাইজের সেই ছবিটি। এতো প্রাণবন্ত যে ভার্টের মৃত্যু তারিখটি অবান্তর-উপেক্ষণীয় মনে হলো। ওই চুয়াল্লিশ বয়সটিই চিরসত্য মনে হলো। কিন্তু দেয়ালের আরেক দিকে এক কিশোরের সাদাকালো আবক্ষ ছবি। নাম লেখা ভানলাল্যুয়াইয়া। তার মানে কে ভি দম্পতির একমাত্র সন্তান। কিন্তু তার জীবনরেখারও অন্ত দেখছি! ২০১০ সালে মাত্র বিশ বছর বয়সে তিনি মারা যান। মৃত্যুর কারণটি জানা গেল না। তবে উপরতলায় শিলং-এর আসাম রাইফেলস পাবলিক স্কুলের ছাত্রদের একটি বাঁধানো শোকবার্তা আছে। শোকবার্তা কি? সেটিতে তো লেখা হয়েছে যে, তারা মনে করে প্রিয় সহপাঠী এখনও তাদের মাঝেই আছে।

ডুপ্লেক্স ধরনের এই প্রাসাদটির উপরতলায় উঠবার সিঁড়ির দেয়ালেই ক্হাওলরিং-ভার্টের বিবাহদিনের ছবি টাঙানো। দোতলায় মরণ নয়, সপ্রাণতার আবহ। বড়ো একটি ওয়ার্ডরোবে ভার্টের ব্যবহৃত পোশাক-পরিচ্ছদ, কয়েক জোড়া জুতো– এমনভাবে সাজানো যে, মনে হবে এগুলো এখনও নিয়মিত ব্যবহার করেন এর অধিকারিণী। হয়তো এই মুহূর্তে বাইরে আছেন, সান্ধ্য-অনুষ্ঠানে এখান থেকেই নতুন কোনো পোশাক নিয়ে পরবেন। কিন্তু এসব পরিচ্ছদের সাথে যখন সেই দুর্ঘটনার দিনে পরিহিত লাল পোশাকটি আর তার সাথে মিলিয়ে লাল হাতব্যাগটি চোখে পড়ে, তখন আবার বাস্তবে ফিরে আসতেই হয়।

কিন্তু রোসাংলুই ভার্টের মৃত্যুই কি শেষ কথা–চূড়ান্ত বাস্তব? এখানে এলে তা মনে হয় না। এখানে স্মরণের আবরণে মরণকে ঢেকে রাখা হয়েছে তাজমহলের মতোই। আয়তন, স্থাপত্যিক বিশিষ্টতা, পরিচিতি, নির্মাণব্যয়, ইতিহাসখ্যাতি প্রভৃতি প্রায় সব দিক দিয়েই, তাজমহলের তুলনায় অনেক ক্ষুদ্র, অতি ক্ষুদ্র কে ভি প্যারাডাইস। কিন্তু ওই অন্তরবেদনা ও প্রেমময় আবেগের দিক দিয়ে একটুও ছোট নয়। রবীন্দ্রনাথের 'বাঁশি' কবিতায় যেমন শিল্পের ভুবনে 'আকবর বাদশার সঙ্গে হরিপদ কেরানির কোনো ভেদ' থাকে না, তেমনি এখানে প্রেমের ভবনে মোগলরাজ শাজাহানের সাথে মোটেলমালিক ক্হালরিং এক হয়ে যান।

শুনেছি, এদিককার নতুন বরবধূ নাকি এখানে এসে ছবি তোলেন। কেউ একজন বিস্ময় প্রকাশ করেছেন একারণে যে, আনন্দঘন বিবাহ-অনুষ্ঠানের মধ্য দিয়ে যখন নতুন জীবনে প্রবেশ করা হচ্ছে, তখন কেন মৃত্যুর সামনে আসা! বস্তুত, এরা সমাধির কাছে নয়, প্রেমের স্মারকের সামনে আসে। জীবন তো সীমিতসময়ের এবং সেই সীমাটাও আবার অনিশ্চিত; তাই এরা চায় সেই প্রেমকে প্রতিষ্ঠা করতে, যে প্রেমে 'জীবন-মরণের সীমানা ছাড়ায়ে' বন্ধু সদা থাকবে দাঁড়ায়ে। সেজন্যেই অমর প্রেমের সাক্ষ্য ভার্টের সমাধি-সদনে আসা। এই সঙ্গে যোগ করি, অকালে আপনজন হারানো শোকার্তদের প্রিয়ের স্মৃতি-স্মারক রাখার অনুমতি দিয়েছেন মিস্টার ক্হালরিং।

অবশ্য সেরকম কিছু আমাদের চোখে পড়েনি। কোটিতে ক'জনই বা শাজাহানের মতো সমাধিমহল বানাতে পারে, সবাই তো আর ক্হলারিঙের মতো গোরগৃহও গড়তে পারে না, আবার হয়তো কারো কাছে প্রিয়জনের সামান্যস্মৃতিবস্তুও নেই। এমনকী কারো বা আকাশপ্রদীপ না জ্বাললেও চলে! এমনিতেই তো রাতের দূর-আকাশে তারা জ্বলে ওঠে। এই যেমন আজ রাতের আকাশের কথাই বলি। বিকেলের দিকেই ফিরে এসেছি আইজল শহরে। ক্রিসমাসের আগের দিন এদিকের রাস্তায় যানবাহন চলাচল বন্ধ করে দেওয়া হয়েছিল দুপুর হতেই। চেনা-চেনা হাস্যোজ্জ্বল মুখের অসংখ্য-অচেনা মানুষের সঙ্গে আমরাও হেঁটে বেড়িয়েছি এই ছোট্ট শহরে। রাস্তাজুড়ে পণ্য নিয়ে বসেছিল পসারিরা, চলেছিল নাচগান, খানাপিনা তো বটেই। এখন সবকিছুই স্তিমিত। কাল মিজোরাম ছেড়ে যাবো। তাই রাত করে দোতলায় ছোট্ট উঠোনের

মতো যে বারান্দা, সেখানে এসে দাঁড়িয়েছি। শেষবারের মতো শহরের রাতের রূপটি দেখতে চাই। অন্ধকারে, পাহাড়ের খাঁজে খাঁজে জোনাকির মতো আটকে আছে বাড়িগুলো। একসময় চোখ গেল আইজলের আকাশে। কিছুটা ঠান্ডা থাকলেও কুয়াশার কণা নেই এই ডিসেম্বরের শেষেও। আর তাই দেখা গেল বাংলাদেশের–একেবারে বরিশালের কবির 'নক্ষত্রের রাত'!–

যে-নক্ষত্রেরা আকাশের বুকে হাজার-হাজার বছর আগে ম'রে গিয়েছে
তারাও কাল জানালার ভিতর দিয়ে অসংখ্য মৃত আকাশ সঙ্গে ক'রে এনেছে;
যে-রূপসীদের আমি এশিরিয়ায়, মিশরে, বিদিশায় ম'রে যেতে দেখেছি–
কাল তারা অতিদূর আকাশের সীমানার কুয়াশায়-কুয়াশায় দীর্ঘ বর্শা হাতে ক'রে
কাতারে-কাতারে দাঁড়িয়ে গেছে যেন–
মৃত্যুকে দলিত করবার জন্য?
জীবনের গভীর জয় প্রকাশ করবার জন্য?
প্রেমের ভয়াবহ গম্ভীর স্তম্ভ তুলবার জন্য?

'হাওয়ার রাত'-এ আকাশের তারকারাজি দেখে জীবনানন্দ দাশ মৃত্যুকে পরাজিত হতে দেখেছিলেন। ঊর্ধ্বাকাশের ওই নক্ষত্রমালা এক পরমসত্তার সৃষ্টি। আর এই মর্ত্যভূমিতেও পথে-প্রান্তরে স্মরণের আবরণে মৃত্যু ঢেকে রাখতে চাইছে ক্ষুদ্র-নশ্বর মানুষ। তারই একটি কে ভি প্যারাডাইস– এবার মনে হলো, সত্যিই স্বর্গ সে, সমাধি নয়।

# কাঁটা কিংবা অস্থির পাথর

## স. ম. শামসুল আলম

মাঝে মাঝে অদ্ভুত একটি স্পন্দন আমাকে পাশ ফিরে শুইয়ে দেয়। সেই স্পন্দনে ক্ষত নাকি ক্ষতি অনুভব করি, ঠিক বুঝে উঠতে পারি না। তাই ইচ্ছে করলেও অনেক কিছু করা হয়ে ওঠে না। সাধ-আহ্লাদের দিকে আগ্রহের পাল্লা ভারী করিনি কোনোদিন। কিন্তু এবার বড় ছেলে রউফের অনুরোধ উপেক্ষা করা সম্ভব হলো না। হাজারো আপত্তি জানানোর পরও শেষ পর্যন্ত রাজি হতে হলো বেড়াতে যেতে। আমার অবশ্য তাজমহল দেখার ইচ্ছে ছিল, কিন্তু এই বয়সে এসে সেই ইচ্ছেটাও মরে গিয়েছিল। রউফ বারবার তোষামোদ করল, চলো না মা, ঘুরে আসি। আমরা তো যাচ্ছিই, তুমি সাথে থাকলে আমাদের ভালো লাগবে।

শুধু তাজমহল নয়, দিল্লি থেকে কাশ্মির যাওয়া হবে। সেখানে তুষারপাত দেখার আছে, বরফের পাহাড়ে ওঠার সুযোগ আছে, রোপওয়েতে ওঠা যাবে ইত্যাদি। এসব লোভনীয় অফার শুধু রউফের নয়, বৌমারও অনুরোধ– মা, আপনি না করবেন না। আপনার ছেলের খুব ইচ্ছে আপনাকে বিদেশ নিয়ে ঘুরে দেখানোর। বৌমার সাথে দুই নাতি রবিন আর রাশেদেরও একই কথা, চলো না দাদি– তুমি গেলে আমাদের বেশি মজা হবে।

বাড়ি থেকে কদিন আগেই রউফের বাসায় উঠেছি। এর মধ্যে ওদের চারজনের অনুরোধ ফেলতে পারলাম না। পাসপোর্ট আগেই করা ছিল। ভিসার আবেদন করা হলো। এবং ভিসা হয়েও গেল। এবার আর 'না' বলার সুযোগ থাকল না।

এমনিতেই বুকের মধ্যে খচখচ করে। নানা ধরনের খচখচানি। মেয়েটা থাকে টরন্টো, স্বামী-সন্তান নিয়ে। ছোট ছেলে মফস্বল শহরের বাড়িতে। পেঁয়াজ আর পাটের ব্যবসা তার। সবার কথাই মনের গহিনে কাঁটার মতো বেঁধে। সবাই হয়তো সুখে আছে, কিন্তু ছোটবেলার মতো একসাথে নেই। এটাই নিয়ম। নিয়তির কাছে হার মানতেই হয় মানুষের। রউফের বাবাও গত হয়েছে বছর তিনেক হলো। শোক থাকবেই, আনন্দ থাকবে না তা তো হয় না। ইচ্ছে করে কিছু আনন্দ গ্রহণ করতে হয়। মানুষ এমনই– কখনো খড়কুটো কিংবা শোলার মতো ভেসে যায়, কখনো ভারী পাথরের মতো ডুবে যায়, কখনো ভাসতে ভাসতে কিনারা খুঁজে পায়। আমার জীবন না ডোবার, না ভাসার, না কিনার খুঁজে পাবার। জীবনের শেষবেলায় এসে মনে হয়, একটা জীবন কখন কীভাবে কেটে গেল বুঝতেই পারলাম না।

শুধু একটি স্পন্দনের অনুভূতি আমাকে সতেজ করে রাখে। নাকি মৃতের মতো বেঁচে থাকতে সাহায্য করে। বুঝতে পারি না। তবে এটুকু জানি, সেই অদ্ভুত স্পন্দনের নাম অপ্রসন্ন কাঁটা অথবা জীবন্ত পাথর। টের পাই, থেকে থেকে বুকের মধ্যে কাঁটাটি বেঁধে। আবার কখনো টের পাই, সেই জীবন্ত পাথর, দাপটের সাথে হেঁটে বেড়াচ্ছে বুকের মাঝখান দিয়ে। কৈশোরিক এই ব্যথা কোনোদিন কাউকে বলা হয়নি। না স্বামীকে, না কোনো বন্ধুকে, না সন্তানদেরকে। আহা রে স্পন্দন, তুই ছিলি বলে আমি কিছু না কিছু অন্তত টের পাই।

বাংলাদেশ বিমানের টিকিট করা হয়েছে। বিজনেস ক্লাসের দাম অনেক বেশি বলে ইকোনোমি ভরসা। তাতে আমার আপত্তি থাকার কথা নয়। তবু রউফ বারবার বলতে লাগল, মাকে নিয়ে যাচ্ছি অথচ বিজনেস ক্লাসে যাওয়া হলো না। এতে আক্ষেপের কিছু নেই, তবু মায়ের প্রতি যে ভালোবাসা প্রকাশ পেল এটাই বা

কম কীসে। রবিন আর রাশেদের কথা হলো, খামাখা বিজনেস ক্লাসের প্রয়োজন কী? সেই বাড়তি টাকায় আমরা না হয় আরেকটি স্থান বেশি ঘুরব। ওরা ভার্সিটিতে পড়ে, ওদের জ্ঞান আরো বেশি। আমি অনেক কিছু বুঝি না বলে ওরা সাহায্য করে। মজা করে বলে, আরে এইটা বোঝো না দাদি। তোমাকে দিয়ে কিচ্ছু হবে না। আমি মিটমিট করে হাসি। কিছুই যদি না বুঝতাম, তোরা পৃথিবীতে এলি কেমন করে? তোদের দাদার সাথে কি এতটা বছর সংসার করতে পারতাম? মনে মনে বলি আর মিটিমিটি হাসি। এই হাসির অর্থ বোঝার সাধ্য কারো নেই।

আমার প্রতি রউফের যথেষ্ট খেয়াল। এয়ারপোর্টে গিয়ে বোর্ডিং পাস নেবার সময় আমাকে কোথায় বসিয়ে রাখবে, কী করবে ভেবে অস্থির। তার এই ছেলেমানুষি দেখে রবিন আর রাশেদ হেসে কুটিকুটি। বৌমাও মুখ ফিরিয়ে মিষ্টি মিষ্টি হাসে। কিন্তু ওরা তো রউফের মনের কথা ধরতে পারে না। আমি পারি। আমি মা। রউফকে ছোটবেলায় কম খেয়াল করতে হয়েছে আমাকে? এক নাড়িতে একটা সময় দুজন বাঁধা ছিলাম। একথা কি কেউ ভোলে? মানুষের ভেতরে এক গভীর থাকে, গভীরের ভেতরে এক গোপন থাকে, সেই গোপনের ভেতরে থাকে ভালোবাসা। সেটাই তো প্রকাশ হয় প্রয়োজন মুহূর্তে। মা-ছেলের এই ভালোবাসা দেখে হাসবার কিছু নেই বাছারা।

বিমানে গিয়ে উঠলাম। রউফ সারাক্ষণ আমার হাত ধরে রাখল। সাতষট্টি বছর বয়স হয়েছে, তবু বললাম, একাই পারব। কিন্তু কে শোনে কার কথা। নির্ধারিত সিটে বসলাম আমরা। আরো অনেক যাত্রী উঠে যার যার সিটে বসছে। এর মধ্যে গুঞ্জন উঠল, ঐ দেখ, দেখেছিস? এখনো নায়ক মনে হয়।

আমি এদিক-ওদিক তাকিয়ে কিছু দেখতে পেলাম না। পাশে বসা রবিন বলল, দাদি, তোমার পছন্দের নায়ক এসেছে।

এই বয়সে আমার নায়ক আবার কে? ভাবলাম, রবিন ফাজলামো করছে। তখন রাশেদ বলল, তুমি যার অভিনয় পছন্দ করো সেই নায়ক।

বুঝতে বাকি রইল না, সজল ভৌমিক। সেই আশির দশক থেকে তার নাটক দেখে আসছি। তখন শুধু বিটিভি ছিল। সেখানে চমৎকার সব নাটকে নায়ক চরিত্রে অভিনয় করতেন সজল ভৌমিক। এখন বাবা-চাচা-দাদার চরিত্রে অভিনয় করেন। শুধু নাটক নয়, অনেকগুলো সিনেমাও করেছেন। এখনো করছেন। তার টিভি নাটক বা সিরিয়াল সবগুলোই আমি দেখি। ভালো লাগে। এটা আমাদের পরিবারের সবাই জানে। রউফের বাবাও জানত।

সজল ভৌমিক আমার পছন্দের অভিনেতা। এই অভিনেতা এখন আমার পাশ দিয়ে সামনের দিকে চলে গেলেন। তাঁকে সবাই সম্মান জানাচ্ছে। আর সম্মান জানাবেই না কেন? তিনি শুধু অভিনেতাই নন, একজন বীর মুক্তিযোদ্ধা।

মনের ভেতর কেমন যেন একটা তোলপাড় শুরু হলো। যদি তার সাথে কথা বলতে পারতাম, ভালো লাগত। নাকি লাগত না? তার কণ্ঠ তো কতই শুনেছি। টিভিতে কবিতা আবৃত্তিও শুনেছি। তবুও কাঁটাটি আবার খোঁচা দিল বুকে, নাকি পাথরটি নড়তে শুরু করল। নতুন কোনো বিষয় সামনে এলেই এমনটি হয়। এটা নতুন কিছু নয়, অভ্যস্ত হয়ে পড়েছি। সংসারের ঘানি টানতে টানতে সবকিছু সহনীয় হয়ে গেছে। চোখে ঠুলি পরতে হয়নি, কিন্তু চোখ দুটো সারাজীবন অন্ধই রেখেছি। এদিক-ওদিক কতকিছু দেখবার ছিল, দেখা হয়নি। এখন তো এমন অবস্থা, লোকে বলবে, এক পা গোরে গেছে, বুড়ির ঠাট যায়নি। অবশ্য

কোনোদিনই আমি ঠাট-বাটের ধারে-কাছে যাইনি।

রউফ এসে বলল, ভুলই হয়ে গেছে মা। বিজনেস ক্লাসে টিকিট কাটলে এখন সজল বাবুর সাথে কথা বলতে পারতে। ইস্! তোমার প্রিয় অভিনেতাকে কাছে পেয়েও দেখা করতে পারলে না। কথা বলতে পারলে না।

আমি কিছুটা উদাস ভঙ্গিতে বললাম, থাক না। তাঁকে তো টিভিতেই দেখা যায়। তাছাড়া রবিন-রাশেদকে বললে যখন-তখন ইউটিউবেও দেখা যায়।

রউফ আমার রোগ ধরে ফেলল হয়ত। আমি যে সজল ভৌমিককে ইউটিউবে দেখি এটা সে জানত না। এখন জেনে গেল। তার অস্থিরতা একটু বেড়ে গেল বৈ কি! এয়ার হোস্টেসকে ডাকল 'এক্সিকিউজ মি' বলে। মেয়েটি সামনে এসে দাঁড়াল, তার বুকে নেমপ্লেট ঝুলছে, ইংরেজিতে 'SAZIA' লেখা। রউফ বলল, যদি কিছু মনে না করেন, বিজনেস ক্লাসে সজল বাবু বসেছেন, তিনি আমার মায়ের খুব প্রিয় একজন অ্যাক্টর। এই যে আমার মা– মাকে যদি উনার সাথে একটু কথা বলিয়ে দিতেন–। তাছাড়া আমি দেখেছি বিজনেস ক্লাসে শুধু সজল বাবু আর একজন যাত্রী আছেন। অন্য সিটগুলো ফাঁকা। যদি আমার মাকে– এই, এ-ই যে আমার মা।

ভাঙা ভাঙা গলায় কথাগুলো বলে রউফ আঙুল দিয়ে আমাকে দেখাল। আমার পরনে অফ হোয়াইট কালারের শাড়ি আর সাদা ব্লাউজ। মুখে কোনো প্রসাধন নেই। বয়সের ছাপ স্পষ্ট, সেটা জানি।

সাজিয়া আমার দিকে তাকিয়ে বা আমার বেশভূষার দিকে তাকিয়ে বলল, ঠিক আছে ম্যাডাম, আমি দেখছি কী করা যায়। তাছাড়া এখন সম্ভব নয়। বিমান ফ্লাই করুক, তারপর দেখছি।

সাজিয়া আর দাঁড়াল না। আমার খচখচানিটা বাড়িয়েই গেল বোধ হয়। রউফের অস্থিরতা দেখে রাশেদ বলল, বাবা তুমি যে কী করো না? দাদিকে কি তারা নিয়ে বিজনেস ক্লাসে বসাবে? নাকি সজল বাবুকে এখানে ডাকবে?

রউফ বলল, আরে তুই তো জানিস না, আমার মা উনার কতটা ভক্ত। সেই ছোটবেলা থেকে দেখে আসছি।

রাশেদ বলল, জানি বাবা, জানি। কিন্তু তাই বলে এখানে কি এমন অফার দেয়া যায়? আমরা না হয় দিল্লি এয়ারপোর্টে নেমে উনার সাথে কথা বলার চেষ্টা করব। রবিন বলল, আহা আস্তে বল না, সবাই শুনতে পাচ্ছে।

আমি ইশারা দিলে ওরা কথা বলা বন্ধ করল। বিমানও ছেড়ে দিয়ে রানওয়ের দিকে এগোতে থাকল। একটা নির্ধারিত জায়গায় এসে থামল এবং কিছুক্ষণ পর চলতে শুরু করল। গতি বাড়ল এবং তারপর মাটি থেকে আকাশের দিকে উড়তে শুরু করল। এর মধ্যে রউফ শুধু একবার জিজ্ঞেস করল, তোমার খারাপ লাগছে মা? আমি 'না' সূচক মাথা ঝাঁকালাম। পাখির মতো উড়তে পারলে কার না ভালো লাগে? বেশ কিছুক্ষণ সময় উড়ার পর কলিং বেলের মতো একটা আওয়াজ হলো। রবিন বলল, এখন তুমি সিট বেল্ট খুলতে পারো দাদি।

আমি ইতস্তত করে বললাম, না, খোলার কী দরকার। বাঁধা আছে থাক না। সেফটির ব্যাপার আছে না?

রাশেদ বলল, দাদি তুমি সেফটিও জানো?

ওরা দুজন মৃদু হাসতে লাগল। আমিও বোকার মতো একটু হাসলাম। আগেও বিমানে চড়েছি, একথা ওরা জানে। রউফের বাবা একবার কলকাতা নিয়ে গিয়েছিল। বেড়াতে যাওয়ার সেই স্মৃতি এখনো মনে গেঁথে আছে। অনেক স্মৃতি...। তখন সাজিয়া এসে বলল, এক্সকিউজ মি, উনি রাজি হয়েছেন। আপনি আসুন আমার সাথে।

রবিন-রাশেদ খানিকটা অবাক হয়ে তাকিয়ে থাকল। রউফ তাড়াতাড়ি উঠে এসে আমার সিট বেল্ট খুলে দিল। তার মনে খুব আনন্দ হচ্ছে। আমাকে ধরে উঠিয়ে দিল। আমি এদিক-ওদিক তাকালাম। নাতি দুটো ইশারায় বলল, যাও না! বৌমাও আনন্দ পেল।

সাজিয়া মেয়েটি বেশ ভালো। সে-ও আমাকে ধরে নিতে সাহায্য করল। সজল বাবুর পাশের সিটে বসিয়ে চঞ্চল মেয়েটি চলে গেল।

অচেনা, অথচ কত চেনা একজন মানুষের পাশে বাসার সৌভাগ্য হলো। তিনি বললেন, হ্যালো–।

আমি কী বলব বুঝে উঠতে পারছি না। বিজনেস ক্লাসের ব্যাক সাইড উঁচু সিটে বসে কেমন যেন অস্বস্তি বোধ করছিলাম। না, সিটের জন্য অস্বস্তি নয়, পাশে বসা বিখ্যাত লোকটির জন্য। সজল ভৌমিক। তিনি অভিনেতা, তিনি মুক্তিযোদ্ধা। কত সুনাম আর সম্মান নিয়ে আছেন। জীবনে কটা মানুষের এই প্রাপ্তি থাকে? আমরা পাশাপাশি বসেছি আর আমাদের সামনের সারিতে এক ভদ্রলোক বসা। তিনি আমাদেরকে দেখতে পাচ্ছেন না। এমন একটি পরিবেশে সজল বাবুর দিক থেকেই কথা এলো, আপনি কেমন আছেন?

মনে হলো বহুদিনের পরিচিত কেউ কুশল জিজ্ঞেস করছেন। কিন্তু তিনি তো এটা তার স্বভাব থেকে জানতে চেয়েছেন। বললাম, ভালো আছি। আপনি?

'ভালো' বলে মুখটা আমার দিকে ঘোরালেন। জানতে চাইলেন, আমার অভিনয় আপনার ভালো লাগে?

আপ্লুত হয়ে বললাম, খুব। সেই '৭৯ সাল থেকে। যেদিন আমাদের ঘরে প্রথম টিভি এলো। সাদাকালো। সেদিনই আপনার নাটক ছিল।

আমি মূলত এত কথা বলি না। কেন যে গড়গড় করে কথাগুলো বললাম বুঝতে পারিনি। সজল বাবু হেসে দিলেন, বললেন, এত বছর আগের কথা আপনার এখনো মনে আছে?

মনে না থাকার কিছু নেই। তাঁর অভিনয় আমার এত ভালো লাগে যে, পারলে তাঁর প্রতিটি চরণ ফেলা গুনে রাখতাম। আমার ভাগ্যটা হয়ত ভীষণ খারাপ, নাকি ভীষণ ভালো, এখনো বুঝতে পারিনি। নিজের জীবনের পদক্ষেপগুলোই তো গোনা সম্ভব নয়, অন্যেরটা কী করে সম্ভব? খুব অল্প বয়সেই আমার বিয়ে হয়ে গিয়েছিল। স্কুল শিক্ষক বাবা বলল, ভালো পাত্র, টিএন্ডটি-তে চাকরি করে। তখন এমন একজন ভালো পাত্র আমাকে বিয়ে করতে রাজি হয়েছিল, এটা বড় সৌভাগ্যের ব্যাপার। হয়ত আমার শরীরের গঠন আর সুন্দর মুখমণ্ডল অনেকটা কাজে লেগেছিল।

সবে ইন্টারমিডিয়েট পাস করেছি, ডিগ্রিতে ভর্তি হব, ঠিক তখনই এই সম্বন্ধ এলো। আর আমিও বোকা একটি মেয়ের মতো ঝুলে পড়লাম টিএন্ডটি-র গলায়। সে অবশ্য অফিস থেকে এসে মজার মজার গল্প শোনাত। তার অফিসে গিয়ে অনেকে ফোন করত। কেউ ঢাকায় ফোন করত, কেউ চিটাগাং, কেউ অন্য শহরে। সদ্য বিয়ে করে রেখে গেছে স্বামী, এমন একটি মেয়ে এসে ফোন করে বলে, তুমি যদি তাড়াতাড়ি

বাড়িতে না আসো, আমি গলায় দড়ি দিব। এমন কথা শুনে দুজন হেসে মরেছি। আবার দুঃখের কথাও আছে। এক বাবা এসে তার ছেলেকে ফোনে বলছে, বাজান রে, যদি এই মাসে টাহা না পাটাস, তোর মা আর বোনরে না খাইয়া মরতি হবি। এমন কত কত সুখ-দুঃখের গল্প। সে-সময় তো চিঠি আর টিএন্ডটি ফোনই ছিল সবার ভরসা। আমি কোনো কথা বলছি না দেখে সজল বাবু বললেন, কই কিছু বলছেন না যে!

সম্বিৎ ফিরে পেয়ে আমি বললাম, আমি আসলে আপনার বিরাট ভক্ত। আপনার কত নাটক দেখেছি কত চ্যানেলে তার ঠিক নেই।

সজল বাবু হেসে বললেন, তাই নাকি?

আমি বললাম, জ্বি। যেমন ধরেন– আমার পতাকা, বাড়ি ফেরা, দূরবিন দিয়ে দেখা, আজ সারাদিন আকাশ কেঁদেছে, মুক্তিযোদ্ধার পা, উদার আকাশ চাই, স্বপ্নভূমি, হাপর... ।

: থাক থাক, আর বলতে হবে না। আমি আপনার ইন্টারভিউ নিচ্ছি না। বুঝতে পেরেছি আপনি আমার একজন সিরিয়াস দর্শক।

: তা বলতে পারেন। আমি মনোযোগ দিয়ে আপনাকে দেখি, আপনার অভিনয় দেখি। হয়ত আমার মতো এমন ভক্ত লাখ লাখ আছে আপনার।

: আছে, কিন্তু সবার সাথে তো পরিচয় হয় না, কথা বলার সুযোগ হয় না। আপনাকে পেয়ে, মানে আপনার সাথে কথা বলে ভালো লাগল।

লোকটা বোধ হয় আমাকে তাড়িয়ে দিতে চাচ্ছেন। আমার বয়স হয়েছে তো? বয়স্ক লোককে কেউই পছন্দ করে না। একজন বয়স্ক পুরুষও তরুণীর দিকে ঝোঁকে, একজন বয়স্ক নারীও তরুণ খোঁজে। নাটক-সিনেমা, গল্প-উপন্যাসে এমনটাই দেখা যায়। বাস্তব জীবনেও হয়ত তাই। আমার কি এখনই উঠে পড়া উচিত? নাকি আরো কিছুক্ষণ থাকব? থাকলেই বা কী কথা বলব? আমার জীবনের কথাই বা তাঁকে শুনিয়ে লাভ কী? বিয়ের পর গ্রাম ছেড়ে মফস্বল শহরে চলে যেতে হলো। স্বামীর ঠিকানায়। যেটাকে আমি বলি আমার টিএন্ডটি'র শহর। সেখানে তাদের ছোট্ট একতলা একটা দালান। অবশ্য বেশ জায়গা জুড়ে। শাশুড়িমাকেও পেলাম মায়ের মতোই ভালো। শ্বশুরও অবিকল বাবার মতো। আমার দিকে তাদের অসম্ভব রকমের খেয়াল। সেই সময়ে যেটা ছিল বিরল ঘটনা। শ্বশুরবাড়িতে আমার আনন্দেই দিন কেটেছিল। তবুও কেন যেন বুকের খচখচানি দূর করতে পারিনি। রউফ এলো আমার কোল জুড়ে। তবুও পারিনি। কত আনন্দ, কত ভালোবাসো। তবুও কাঁটা বেঁধে, নাকি পাথর নড়াচড়া করে। ঘুমাতে পারি না। সজল সাহেব আমার নীরবতা দেখে খানিকক্ষণ নীরব থেকে বললেন, আপনি কি কিছু ভাবছেন?

তিনি হয়ত একথা বলে আমাকে বিদায় করতেই চাইছেন। কিন্তু আমার আরও কিছুক্ষণ তাঁর কাছে থাকার ইচ্ছে। বললাম, আপনি একজন বীর মুক্তিযোদ্ধা। টিভিতে আপনার বেশ কয়েকটি সাক্ষাৎকার দেখেছি।

: ইন্টারেস্টিং। আপনি আমার সাক্ষাৎকারও দেখেছেন? ইট্স মাই প্লেজার।

: আপনি সাক্ষাৎকারে বলেছেন ইন্ডিয়া গিয়ে ট্রেনিং নিয়েছিলেন। তারপর দেশে ফিরে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন।

: ইট্স ট্রু।

: কিন্তু কখন কীভাবে ইন্ডিয়া গেলেন তা কখনো বলেননি।

: আপনি হয়ত খেয়াল করেননি, আমি বলেছি। বলেছি এপ্রিল মাসের মাঝামাঝি। আচ্ছা, আপনি কে বলুন তো?

: আমি আপনার একজন সামান্য ভক্ত।

তখন সাজিয়া এসে উপস্থিত। বলল, স্যার, ওনাকে কি নিয়ে যেতে পারি?

সজল বাবু বললেন, উনি থাকতে চাইলে আমার আপত্তি নেই। একা থাকলে বোর ফীল করতাম। ওনার সাথে কথা বলতে ভালোই লাগছে।

আমি মৃদু হেসে বললাম, কথা বিশেষ খুঁজে পাচ্ছি না। আমি বরং আমার সিটে গিয়ে বসি।

সাজিয়া আমার হাত ধরে উঠিয়ে নিলে সজল বাবু বললেন, ভালো থাকবেন।

আমি ভালো থাকতেই চাই। পৃথিবীতে ভালো থাকতেই এসেছি। তাঁর কথার উত্তরে বললাম, আপনিও।

নিজের সিটে এসে বসামাত্র রবিন-রাশেদ অস্থির হয়ে উঠল, এতক্ষণ কী কথা বললে দাদি?

রউফও জানতে চাইল আমি খুশি হয়েছি কিনা। খুশি না হবার কোনো কারণ নেই। এত বড় একজন গুণী মানুষের সান্নিধ্য পাওয়া অনেক বড় ব্যাপার। ঢাকা থেকে দিল্লি আড়াই ঘণ্টার পথ হলেও খুব দ্রুত সময়টা শেষ হয়ে গেল। তারপরও বুকের মধ্যে খচখচ করতে লাগল। সজল বাবুর হাতটা কি ধরতে ইচ্ছে করেছিল? ধরলেই বা কি তিনি বিব্রত বোধ করতেন? এত বড় একজন মানুষের হাতের স্পর্শে নিশ্চয়ই ধন্য হতাম। মনের অজান্তেই দুটি চোখ সিক্ত হয়ে উঠল। ঐ হাত একদিন আমার জীবনে কোমল অনুভূতি প্রকাশ করে, আমাকে ভাসিয়ে নিয়েছিল মেঘের ভেলায়, অনন্ত আকাশে।

তখন খুব অস্থির সময় ছিল। ১৯৭১ সাল। সারাদেশে টালমাটাল অবস্থা। প্রায় প্রতিদিন রাতে আমাদের বাড়ি ভরে যেত ভারতগামী লোকে। হিন্দুদেরকে পেলেই পাকিস্তান আর্মিরা হত্যা করত। প্রাণভয়ে ভারতে পালিয়ে যাওয়া ছাড়া গত্যন্তর ছিল না তাদের। তারা অনেকেই পায়ে হেঁটে সীমান্ত অতিক্রম করত পরিবারসহ। দূর-দূরান্ত থেকে আসা ক্লান্ত লোকগুলোকে রাতে আশ্রয় দেয়াটা নৈতিক দায়িত্বের মধ্যে পড়েছিল আমাদের পরিবারের। আমার শিক্ষক বাবা মানবসেবায় খুব দরদী আর মহানুভব ছিলেন। মা, চাচি আর দাদিকে রান্না নিয়ে ব্যস্ত থাকতে হতো। রাতের অতিথিদের যত্নআত্তি করতে বাবা আর চাচাকে হিমশিম খেতে হতো। এরপর শোয়ার ব্যবস্থা করা। কোনো কোনোদিন দুটো টিনের ঘরের মেঝে ভরে আবার রান্নাঘরেও বিছানা পাতা হতো। কেউ কেউ উঠোনেও ঘুমিয়ে পড়ত। তখন আমি ক্লাস সেভেনে পড়তাম। প্রতিদিন মনে পড়ে সেই দিনটির কথা। একদল লোকের মধ্যে সজল বাবুও এসেছিলেন তাঁর মা-বাবা ভাই-বোনের সাথে। তিনি তখন ইন্টারমিডিয়েটের ছাত্র। সবার খাওয়া-দাওয়া ও শোয়ার ব্যবস্থায় বিশেষ ভূমিকা রেখেছিলেন। এক বৃদ্ধ ডাকেন, বাবা সজল, এদিকে একটু আসো। আরেকজন ডাকে, সজল, তুমি তো বললে না আমি কোথায় শোব? সেই সূত্রে একটু-আধটু কথাও হয়েছিল আমার সাথে। কেননা আমিও মায়ের সাথে আগান-যোগান করা নিয়ে ব্যস্ত ছিলাম। হারিকেনের আলোয় দেখা সেই সজল বাবুকে আমি কোনোদিন ভুলতে পারিনি। ঘরের মেঝেতে শপ বিছিয়ে কাঁথা বিছানো হয়েছে। কেউ বালিশ পেয়েছে, কেউ পায়নি। রান্নাঘরেও লোক, উঠোনেও লোক। আমি আর আমার ছোট ভাই কোথায় শোব জায়গা খুঁজে বেড়াচ্ছি। ঘরে ঢুকে দেখি মাচার কাছে অল্প একটু জায়গা। সজল বাবু সেখানে শুয়ে আছেন।

বললেন, চলে আসো তিন্নি, দুজনের হয়ে যাবে। তার কাছে গিয়ে দুজন শুয়ে পড়লাম। ছোট ভাইটির বয়স তখন ৭ বছর। ওকে নিরাপদে রাখতে মাচার দিকে, কোনায় শুতে দিলাম। আর আমি সজল বাবুর পাশে। তখন আমার বুক অতটা উন্নত হয়নি। আমার বয়সী দু-একজন বাদে কেউ ওড়নাও পরত না। আমি পরতাম। সাদা সুতি কাপড়ের পাতলা একটি ওড়না। আর আমার গায়ে ছিল লাল-নীল-হলুদ রঙে ছোট ছোট ফুলের প্রিন্ট করা কামিজ। পরনে ছিল লাল রঙের সালোয়ার, আমরা বলতাম পায়জামা।

হারিকেনের সলতে কমিয়ে দেয়া হলো। হেঁটে আসা লোকগুলো সবাই ক্লান্ত এবং খুব দ্রুতই তারা ঘুমিয়ে পড়েছে মনে হলো। হঠাৎ আবিষ্কার করলাম সজল বাবুর হাত আমার ঘাড়ের কাছে, পিঠের খোলা অংশে। কী করব বুঝে উঠতে পারছিলাম না। ভাবলাম ঘুমের ভেতর হাতটা চলে এসেছে। পরে বুঝলাম হাতটা সরে এসে আমার বুকে আলতো ছোঁয়া দিয়ে রেখেছে। আমি ছোট ভাইটির দিকে মুখ করে ওকে ছড়িয়ে ধরে রেখেছি। কিন্তু সেই হাতটি ভাইবোনের মাঝখানে দেয়াল হয়ে দাঁড়িয়ে আছে। আর সেই স্পর্শের অনুভূতিটাও একটু অন্যরকম লাগছে। এমন একটি সময়ে কী করা উচিত আমার জানা নেই। বুকের স্পন্দন বেড়ে গেল। হয়ত আমার প্রশ্রয় পেয়েই সজল বাবু আমাকে পাশ ফিরে শুইয়ে দিলেন। মুখটা তাঁর মুখের সাথে লেগে গেল। অন্যরকম অনুভূতিটা আরেকটু তীব্র হলো বোধ করি। সজল বাবুর অপর পাশে তাঁর ছোট বোন। আমার অপর পাশে আমার ছোট ভাই। এসব কথা ভাবনায় এলো। কিন্তু কেন যেন তাঁর স্পর্শ আমাকে অন্য কোনো জগতে নিয়ে গেল। আমার একটি হাত নিয়ে তিনি তাঁর নিম্নাঙ্গে ধরতে সাহায্য করলেন। স্পন্দন অন্য মাত্রা পেল যেন। আর এই সুযোগে তিনি আমার কামিজ উপরে তুলে নাভিতে আঙুল ছোঁয়ালেন। আমি অভিভূত হলাম। টের পেলাম, আমার পায়জামার ফিতা খুলে গেছে এবং কাপড়টা ক্রমশ নিচের দিকে নামছে। আমি এবার ভয় পেয়ে গেলাম।

হয়ত সজল বাবুর মনেও ভয় কাজ করছিল। তবুও সকল ভয় উপেক্ষা করা হলো। সকালে আমার ঘুম ভাঙল একটু দেরিতে। উঠে দেখি অতিথিরা কেউ নেই। প্রতিবার এভাবেই তারা খুব ভোরে উঠে চলে যায়। তবে এবার কী যেন নিয়ে গেল আমার। বুকে হাত দিয়ে মনে হলো হৃদয়খানা নেই। এই স্মৃতি কখনো ভুলবার নয়। প্রথম একটি অমূল্য স্বাদ গ্রহণ, যা কোনো মানুষ কখনো ভুলতে পারে না। কিন্তু সজল বাবু কোনোদিন তাঁর সাক্ষাৎকারে বলেননি, ইন্ডিয়া যাবার পথে একদিন একটি বাড়িতে আশ্রয় নিতে হয়েছিল। আমরা বাড়ির সবাই তাঁদেরকে আপ্যায়ন করেছিলাম কি করিনি সেটা না বললেও কোনো ক্ষতি ছিল না। তবে আশ্রয়ের কথাটা আসা জরুরি ছিল।

# সার্থকতা

ওবায়েদ আকাশ

সার্থকতা বড় হলে তোমার পাশে দাঁড়াতে শিখবে
আলিঙ্গন করে পারম্পর্য ছিনিয়ে নিয়ে বলবে–
সকলে অদ্ভুত আঁধারে থেকেও কেমন চক্ষুষ্মাণ দেখো

চোখগুলো খুলে পড়তে পড়তে তারা পৃথিবী পেরিয়ে যাবে
তুমি তাদের ধরতে ধরতে রাত্রি উড়িয়ে দেবে

মানুষের উদ্যান পেরিয়ে যে সার্থকতা বেড়ে উঠেছে
তাকে কি চেন?

তাকে চুম্বন করে, ঘ্রাণ নিয়ে বলো, এতদিনে ইতিহাস গড়ে গেছ
একটি জীবনের ভিতর থেকে যে অগণিত জীবনের আসা-যাওয়ার
ঘটনা গড়িয়ে যায়– ধরতে গেলে সেও তো সার্থকতাই

সার্থকতার পাশে অন্তত একরাত জিরিয়ে নিও
নিঃশঙ্ক সে সহস্র রাত্রির অনিঃশেষ গল্প শোনাবে–

(এপ্রিল ২০২৩, পুরানা পল্টন)

# উন্নয়নের অগ্রযাত্রায় নারী এক হিরণ্ময় চরিত্র

## নুরুন্নাহার মুন্নি

সকালে ঘুম থেকে উঠে গরম ভাতের হাড়িতে কিংবা সাজানো গোছানো নাস্তার টেবিলে আমরা যার ছবিটা মনে মনে দেখতে চাই বা দেখি অথবা প্রত্যাশা করি তিনি হচ্ছেন একজন মা কিংবা একজন স্ত্রী অথবা একজন বোন। সারাদিন যাপনের মধ্য দিয়ে রান্নাঘরের চিত্রপটে যুগের পর যুগ আমাদের চিন্তা-চেতনাকে দাপিয়ে বেড়িয়েছে, আজও আমরা সেটাই প্রত্যাশা করি এবং নারীরা তাদের ধৈর্য, দক্ষতা এবং ক্ষমতার বিশেষ গুণে গুণান্বিত বলেই শুধু পরিবার নয়, অফিস আদালতেও তাদের বুদ্ধি এবং মেধার স্বাক্ষর রেখে চলেছেন বিভিন্ন প্রতিকূলতা ছাপিয়েও।

তৃণমূল পর্যায় থেকে শুরু করে বহুজাতিক কোম্পানির বোর্ডরুম পর্যন্ত নারীর অংশগ্রহণ লক্ষ করার মতো। সেকারনেই 'যে রাঁধে সে চুলও বাঁধে' প্রবাদটি এখনও বিশেষভাবে আমাদের সর্বস্তরে প্রচলিত। নেপোলিয়ান বোনাপার্টের সেই বিখ্যাত উক্তির কথা আমরা কম বেশি সবাই শুনেছি, 'তোমরা আমাকে শিক্ষিত মা দাও, আমি তোমাদের শিক্ষিত জাতি  দেবো।' সক্ষমতার আধুনিক যুগে দাঁড়িয়ে আফ্রিকা, লাতিন আমেরিকা দক্ষিণ-পশ্চিম এশিয়ার নারী সমাজে শিক্ষা, স্বাস্থ্য, অর্থনীতি, এবং রাজনীতিতে যথেষ্ট অগ্রগতি পরিলক্ষিত হলেও তা পুরুষ সমাজের অর্জিত সাফল্যের সমকক্ষ হয়ে উঠতে পারেনি। কঠোর সাধনা এবং সংগ্রামের মধ্য দিয়ে লক্ষ্যস্থলে পৌঁছাতে গিয়ে পিছিয়ে পড়া নারীদের সংখ্যাও কম নয়, এর পেছনের গল্পে থাকে জানা অজানা পুরুষতান্ত্রিক সমাজের নানামুখী চাপ এবং নারীদের ঘরবন্দীকরে রাখার সেকেলে মানসিকতা। আমরা দেখতে পাই, 'সমতা অর্জনের জন্য নারীদের সংগ্রামের গল্প কোন একক নারীবাদী বা কোনও একটি প্রতিষ্ঠানের নয় যারা মানবাধিকার সর্ম্পকে যত্নশীল তাদের সম্মিলিত প্রচেষ্টার অন্তর্ভুক্ত।' সুতরাং পরিবারকে হতে হবে সর্বপ্রথম সেই সমতা অর্জনের প্রধান অনুপ্রাণন এবং প্রধান সমবায় কেন্দ্র। সেখানে উন্নয়নশীল দেশগুলোতে প্রায় ৬০ কোটি নারী দারিদ্র্যসীমার নিচে রয়ে গেছে। ইতালি, ফ্রান্স এবং সুইজারল্যান্ডের মতো উন্নয়নশীল রাষ্ট্রেও ২৫ শতাংশ নারী দারিদ্র্যসীমার নিচে সেখানে বাংলাদেশে নারীশিক্ষার অগ্রগতি হলেও পারিবারিক নির্যাতন, যৌন নিপীড়ন, আধুনিক পদ্ধতিতে যৌতুক আদায়, চাকরিক্ষেত্রে নানান কায়দায় চাপ প্রয়োগে নারীদের অনৈতিক এবং অসামাজিক কাজে বাধ্য করা, চাকুরির প্রলোভন দেখিয়ে নারী পাচার, শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষিত লেবাসধারী কিছু পিশাচ শ্রেণির শিক্ষকদের উপর কন্যাসন্তানের অভিভাবকদের আস্থাহীনতা, গ্রামীণ সমাজে বেড়ে ওঠা পরিবারে ভেতর আড়াল আবডালে এখনও বাল্যবিবাহের প্রবণতা এদেশের শিক্ষিত নারী এবং নারীদের দারিদ্র্যসীমার নিচে ও নারী পুরুষ সমতা অর্জনে প্রধান প্রধান অন্তরায়। ধর্মীয় গোঁড়ামিকেও বাদ দেয়া যায় না।

সেই আদিকাল থেকেই নারীদেরকে দুর্বল এবং সন্তান উৎপাদনের মেশিন হিসেবে নীচু মানসিকতার বীজ ডিজিটাল যুগে এসেও চোখে পড়ার মতো। বিভিন্ন ধর্মে পৈত্রিক সম্পত্তি বণ্টন নিয়েও অসম স্পষ্ট বক্তব্য পরিবার নিয়ম মনে করে মেনে আসছে বিধায় সেই শৈশব কাল থেকে পিতামাতা কন্যা সন্তান আর পুত্র সন্তানের মাঝে ভালোবাসা এবং সম্পদ বণ্টনেও কঠোর হয়ে ওঠেন। যদিও ডিজিটাল যুগ পেরিয়ে আমরা স্মার্ট যুগে পদার্পন করছি তবুও ধর্মীয় গোঁড়ামির নিকট কখনও কখনও হেরে যাচ্ছে আমাদের শিক্ষা, নীতিবোধ। আর এভাবেই অবহেলিত হয়ে যাচ্ছে এখন অনেক অনেক নারী।

বাংলাদেশের মতো উন্নয়নশীল রাষ্ট্রের প্রধান প্রধান চেয়ারগুলোতে, উন্নয়নের বিভিন্ন সেক্টরে নারীদের সাফল্য বিশেষভাবে ঈর্ষণীয় হলেও নারী সাফল্য পুরুষদের সহ্য না করার প্রবনতা বিদ্যমান এবং এক প্রকার দম্ভ ও অহংকারী ভাব তাদের প্রতিহিংসা পরায়ন করে তোলে, তাদের এহেন শত্রুভাবাপন্ন আচরণ প্রায়শই আমাদের চোখ বিদ্ধ করে। 'কোন কালে একা হয়নিকো জয়ী পুরুষের তরবারি, প্রেরণা দিয়াছে, শক্তি দিয়াছে বিজয় লক্ষ্মী নারী', কাজী নজরুল ইসলামের অমর সেই বাণী কতটুকু বুদ্ধিদীপ্ত সমাজে প্রভাব ফেলতে পেরেছে বা পারবে অদূর ভবিষ্যতে সেটাই দেখার বিষয়। উন্নয়শীল রাষ্ট্রে মসজিদের পাশে গড়ে ওঠা পার্লার আর মন্দিরের পাশে লুকানো শ্রীঘরের জমজমাট বাণিজ্য নিয়ে নারীদের বংশ নির্বংশ করতে চড়াও হওয়া জাতি নারীদের দুঃখ দুর্দশা বুঝতে অপারগ অথচ গোপন আস্তানাগুলোতে গৃহবধূ কিংবা স্কুল ছাত্রীদের গণধর্ষণের শিকার করা সংবাদে টেলিভিশন আর পত্রিকার পাতাগুলো আমাদের সমাজের নারীদের লজ্জিত করে।ধর্ষণের শাস্তি মৃত্যুদণ্ড হওয়া স্বত্ত্বেও সতর্ক ও শোধরানো মানসিকতা তৈরি না হওয়া কতিপয় পুরুষ অগণিত নারীর জীবন হন্তারকের ভূমিকায়!

পৃথিবীর সব কাজের যেমন ইতিবাচক এবং নেতিবাচক দিক আছে তেমনি নারী পুরুষের ব্যক্তিগত চারিত্রিক বিন্যাসেও ব্যতিক্রমী মানসিকতার মানুষে ভরপুর। নারী পুরুষ উভয় শ্রেণিতেই ভালো মন্দ জড়িয়ে আছে। সমাজে স্বাধীনতার নামে উগ্রতা, রাষ্ট্র প্রদত্ত নারী সুবিধা আদায়ের জন্য বিভিন্ন অপরাধমূলক কাজে জড়িয়ে পড়া কিছু নারী সমাজকে কলুষিত করছে। এরা অপরাধীর তালিকায় দৃষ্টান্ত হতে পারে কিন্তু এরা সমগ্র নারী সমাজের অগ্রগতির অন্তরায় হতে পারেনা। ২০২৪ সালের বাংলাদেশে আশার কথা হচ্ছে শিক্ষাক্ষেত্রে নারীদের আশানুরূপ সাফল্য চোখে পড়ার মতো একইভাবে কর্মসংস্থানেও কিছুটা বেড়েছে নারীদের অংশগ্রহণ তবে যথেষ্ট নয়। কর্মসংস্থানেও যথাযথ সুযোগ প্রদান করে এই লিঙ্গ বৈষম্য একেবারে বন্ধ করা উচিত। শুধুমাত্র ৮ই মার্চ অর্থাৎ আন্তর্জাতিক নারী দিবসেই নয় সমসুবিধা আদায়ের আন্দোলনে নারীদের পাশাপাশি সচেতন নাগরিক হিসেবে পুরুষদেরও পাশে দাঁড়ানো উচিত। কমিউনিস্ট ও নারী অধিকার কর্মী ক্লারা জেটকিন শ্রমিক আন্দোলনের উদ্যোক্তা। ১৯০৮ সালের এই দিনে শ্রমিকদের কর্মঘণ্টা কমিয়ে আনা, বেতন বৃদ্ধি এবং ভোটাধিকারের দাবিতে প্রায় ১৫০০০ নারী নিউইয়র্ক শহরের রাস্তায় আন্দোলনে নেমেছিল। মূলত উদ্দেশ্য ছিল দিনটিকে আন্তর্জাতিক নারী দিবসে পরিনত করার উদ্যোগ।

১৯১০ সালে কোপেনহেগেনে কর্মজীবী নারীদের এক আন্তর্জাতিক সম্মেলনে এ ধারণার প্রস্তাব পেশ করেন। ঐ সম্মেলনে ১৭টি দেশের ১০০ জন নারীর সকলেই তার প্রস্তাব সর্বসম্মতভাবে গ্রহণ করেন। তারপর ১৯১১ সাল থেকে আন্তর্জাতিক ভাবে পালিত হয়ে আসছে এই ৮ মার্চ বিশ্ব নারী দিবস। দেশীয় এবং আন্তর্জাতিক অগ্রযাত্রায় আমাদের নারীশক্তি কাজে লাগাতে প্রয়োজন সঠিক ব্যবস্থাপনা এবং সাহসী উদ্যোগ। শুধুমাত্র দিবসের বাণীতে আটকে না রেখে সমাজে শিক্ষিত স্বনির্ভর এবং দায়িত্বশীল নারীদের সর্বস্তরে মর্যাদা রক্ষার লড়াইয়ে নারীদের পাশাপাশি সচেতন নাগরিক হিসেবে পুরুষদেরও বন্ধুসুলভ উদ্যোগী ভূমিকা রাখা একান্ত প্রয়োজন। তবেই সম্ভব- আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশকে স্মার্ট দেশ হিসেবে রিপ্রেজেন্ট করা, আগামী ১১৪ তম আন্তর্জাতিক নারী দিবসে প্রত্যাশার ঘরে আসুক ইতিবাচক যোগফল।

## চা-পাতার সৌরভ

### সৈয়দ তৌফিক জুহরী

কী ভীষণভাবে পেতে চাই
তা যে জেনে ফেলেছে,
তারা কাছে খেলা শুরুর আগেই
পরাজিত আমরা।

তাই-তো গরম জলে
ঢেলে দেয়া চা-পাতার মতো
বুকের ভেতরটা ক্রমে লাল হয়ে ফুলে ওঠে।
এই লাল হয়ে মরে যাওয়া কী চা-পাতার পরাজয়?

এখন উত্তাপে আর ধোঁয়ার বুদ্‌বুদে
ধীরে-ধীরে সরে যাচ্ছে
অশ্রুসিক্ত সূর্য – পূর্ব থেকে পশ্চিমে।

সেই ঘ্রাণ আর সৌরভে বিভোর পৃথিবীতে
এক নেশাগ্রস্থ বিড়াল
দেয়ালের ওপরে তার রোমাঞ্চিত দেহ রেখে
ঝোলাচ্ছে লেজ।
যেন আমার বাইরে বের হবার
খবর সে পেয়েছে।
তাই- তো সারা পথে সে ছড়িয়ে রেখেছে
অভ্যর্থনাহীন তারকাঁটা।

এভাবেই গ্লাস-ভর্তি চায়ের গাঢ় লাল লিকারে
প্রতিদিন লেখা হয়
পরাজিত সবুজ চা-পাতার ইতিহাস।

# রবীন্দ্রপ্রবন্ধে শিক্ষাদর্শন

## জান্নাতুল যূথী

উনিশ শতকে শিক্ষা ও সমাজসংস্কার নিয়ে যারা সোচ্চার হয়েছিলেন তাঁদের মধ্যে রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৬১-১৯৪১) অন্যতম। রবীন্দ্রনাথ শুধু কবি, ঔপন্যাসিক, গল্পকার, নাট্যকার, প্রাবন্ধিক ও চিত্রকরই নয়; তিনি জীবনের একটি বড় সময় ব্যয় করেছেন শিক্ষা সংস্কারে। রবীন্দ্রনাথের শিক্ষাদর্শন এক নতুন জগতের সন্ধান দেয়। যেই পথে আজও আমরা হাঁটতে পারেনি বলেই জ্ঞান হয়।

রবীন্দ্রনাথ বিশ্বাস করতেন, শিক্ষার সঙ্গে আনন্দের সংযোগ থাকা অবশ্যম্ভাবী। যে শিক্ষায় আনন্দ যুক্ত থাকে না, তা দিনান্তে জড়ভরতে পরিণত হয়। রবীন্দ্রনাথ তাঁর 'শিক্ষার হেরফের' প্রবন্ধে ব্যক্ত করেছেন, মানুষ মৃত্যু বরণ করলে তাকে সাড়ে তিন হাত জায়গার মধ্যে কবর দেওয়া হয় কিন্তু তাই বলে সে পৃথিবীতে এই সামান্য জায়গায় বসতি স্থাপন করে না। কারণ তাতে তার স্বাধীন চলাফেরায় ব্যাঘাত ঘটে। কিন্তু শিক্ষার ক্ষেত্রে আমাদের দেশে ঠিক শিশুদের পাঠ্যের মধ্যেই নিবদ্ধ রাখা হয়। পাঠ্যের বাইরে শিশুকে অভ্যস্ত করে তোলা হয় না বরং মানসিক শক্তি হ্রাসকারী নিরানন্দ শিক্ষা শিশুকে গেলানো হয়। যাতে পরীক্ষায় পাস দিয়ে কাজে প্রবিষ্ট হতে পারে। রবীন্দ্রনাথ এ বিষয়ে মন্তব্য করেছেন, 'মাস্টার বলে ছাত্রও বলে, আমার রসে কাজ নাই, টানিয়া-বুনিয়া কোনমতে একটা অর্থ বাহির করিতে পারিলে এ যাত্রা বাঁচিয়া যাই, পরীক্ষায় পাস হই, আপিসে চাকরি জোটে।'

ভারতবর্ষে যে শিক্ষাব্যবস্থা প্রচলিত ছিল তাতে জীবন নেই, আনন্দ নেই, অবকাশ নেই, নবীনতা নেই এমনকি নড়ে বসার মতো তিলমাত্র স্থানও নেই। সেটাকেই শিক্ষার অন্যতম মাধ্যম করে তোলা হয়েছে। বর্তমানেও এই জড়ভরত সদৃশ শিক্ষাব্যবস্থা থেকে জাতি মুক্তি পায়নি। এই শিক্ষাব্যবস্থায় মানসিক পুষ্টি, চিত্তের প্রসার ও চরিত্রের বলিষ্ঠতা বৃদ্ধি পায় না। বরং এক বিকলাঙ্গ গোলাম জন্ম নেয়। যে বা যারা জানে শুধু মুখস্থ করতে, নকল করতে ও গোলামি করতে। বুদ্ধি খাটিয়ে, নিজের বল খাটিয়ে বাধা অতিক্রম করতে জানে না। রবীন্দ্রনাথ বিশ্বাস করতেন:

চিন্তাশক্তি এবং কল্পনাশক্তি জীবনযাত্রা নির্বাহের পক্ষে দুইটি অত্যাবশ্যক শক্তি তাহাতে আর সন্দেহ নাই। অর্থাৎ যদি মানুষের মতো মানুষ হইতে হয় তবে ঐ দুটা পদার্থ জীবন হইতে বাদ দিলে চলে না। অতএব বাল্যকাল হইতে চিন্তা ও কল্পনার চর্চা না করিলে কাজের সময় যে তাহাকে হাতের কাছে পাওয়া যাইবে না একথা অতি পুরাতন।

রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তার মূল বিষয় তিনি যেমন বিশ্বাস করতেন শিক্ষা আনন্দমুখী হওয়া জরুরি তেমনই তিনি আরো জোর দিয়েছিলেন শিক্ষার সঙ্গে চিন্তা ও কল্পনার মিশ্রণকে। গ্রোগাসে গিলে বা মুখস্থ করে উগরে দেওয়াকে তিনি শিক্ষার ধর্তব্যের মধ্যে আনতেন না। হাতে-কলমে শিক্ষাকে কাজে লাগানোর বিষয়ে তার জোর দাবি ছিল। যেমন পড়ানো হয় অমনি সঙ্গে সঙ্গে ভাবনার কাজটিও করানোর প্রতি তার জোর দাবি ছিল। স্তূপ উঁচা করতে চাইলে তার সঙ্গে নির্মাণটাও জরুরি। নতুবা ইটসুরকি, কড়িবরগা, বালিচুন একস্থানে করে তাকে পিটাইলেই অট্টালিকা গড়ে উঠবে না। তেমনই শিশুকে বিদ্যাশিক্ষা বা সুশিক্ষা প্রদানের জন্য তার মানসিক বৃদ্ধি জরুরি।

অতত্রব ছেলে যদি মানুষ করিতে চাই, তবে ছেলেবেলা হইতেই তাহাকে মানুষ করিতে হইবে, নতুবা সে

ছেলেই থাকিবে, মানুষ হইবে না। শিশুকাল হইতেই কেবল স্মরণশক্তির উপর সমস্ত ভর না দিয়ে সঙ্গে সঙ্গে যথাপরিমাণে চিন্তাশক্তি ও কল্পনাশক্তির স্বাধীন পরিচালনার অবসর দিতে হইবে। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত কেবলই লাঙল দিয়া চাষ এবং মই দিয়া ঢেলাভাঙা, কেবলই ঠেঙা লাঠি, মুখস্থ এ একজামিন-আমাদের এই 'মানব-জনম' আবাদের পক্ষে আমাদের এই দুর্লভ ক্ষেত্রে সোনা ফলাইবার পক্ষে, যথেষ্ট নহে। এই শুষ্ক ধূলির সঙ্গে এই অবিশ্রাম কর্ষণ-পীড়নের সঙ্গে রস থাকা চাই। কারণ মাটি যত সরস থাকে ধান তত ভালো হয়। তাহার উপর আবার এক-একটা বিশেষ সময় আসে যখন ধান্যক্ষেত্রের পক্ষে বৃষ্টি বিশেষরূপে আবশ্যক। সে-সময়টি অতিক্রম হইয়া গেলে হাজার বৃষ্টি হইলেও আর তেমন সুফল ফলে না, বয়োবিকাশেরও তেমনই একটা বিশেষ সময় আছে যখন জীবন্ত ভাব এবং নবীন কল্পনাসকল জীবনের পরিণতি এবং সরসতা সাধনের পক্ষে অত্যাবশ্যক। ঠিক সেই সময়টিতে যদি সাহিত্যের আকাশ হইতে খুব এক পশলা বর্ষণ হইয়া যায় তবে 'ধন্য রাজা পুণ্য দেশ'।

শিশুর বিকাশের জন্য উপযুক্ত সময় শৈশব-কৈশোর। একমাত্র তখনই তার মনের মাটি সরস থাকে আর রবীন্দ্রনাথ বলেছেন সেই সরস মাটিতেই সোনা ফলানো সম্ভব। বাল্যকাল থেকে কথার বোঝা টেনে লাভ নেই তাতে উপাদেয় কিছু ফলে না বরং পচন ধরাই স্বাভাবিক। শীতের সঙ্গে শীতবস্ত্রই প্রয়োজন গ্রীষ্মবস্ত্র নয়। আমাদের আজকের দীনতা আমরা সমন্বয়হীন। ক্ষুধার সঙ্গে অন্ন, শীতের সঙ্গে বস্ত্র, ভাবের সঙ্গে ভাষা আর শিক্ষার সঙ্গে জীবনকে একত্র করতে ব্যর্থ হই। ফলে শিক্ষার প্রকৃত উদ্দেশ্য, জীবনের উদ্দেশ্য বিফল হয়। যেমনটি আজও এ সমাজে বর্তমান। শিশু শুধু মুখস্থের ওপর নিজের ভিত্তি রচনা করতে অভ্যস্ত। তা কিভাবে কোথায় কাজো লাগানো প্রয়োজন তা তার অজনা ফলে শিক্ষা শুধু পাঠেই সীমাবদ্ধ থাকছে বাস্তবতায় নয়।

রবীন্দ্রনাথের শিক্ষা চিন্তার মূলে রয়েছে চাকরির অধিকারের কথা না ভেবে মনুষ্যত্বের অধিকারী হওয়া। দেশের লোককে যদি শিশুকাল থেকে মানুষ করবার সদুপায় উদভাবন করা যায় তবেই কেবল আমরা সর্বপ্রকারে বিনাশপ্রাপ্ত হবো না নতুবা আমরা অন্নে, স্বাস্থ্যে, বুদ্ধিতে, চরিত্র মরবো বলেই বিশ্বাস করতেন রবীন্দ্রানাথ ঠাকুর। তাঁর বিশ্বাসের গোঁড়ায় এতটুকুও ঘুণ ধরেনি বলেই মনে হয় যখন সমাজের অবক্ষয়কে প্রত্যক্ষ করি! প্রকৃত শিক্ষার অভাবে আজ জাতি নিমজ্জিত। রুচিতে, মেধা-মননে ও মগজে সমাজের ধ্বংস হয়েছে।

ঘরের মধ্যে আবদ্ধ রেখে শিক্ষা প্রদানের পক্ষপাতী ছিলেন না রবীন্দ্রনাথ। তিনি খোলা আকাশ, বাতাস, গাছপালার সান্নিধ্যে শিক্ষাকে গুরুত্ব দিয়েছেন আজীবন। সেলক্ষ্যে রবীন্দ্রনাথ বীরভূম জেলার বোলপুরে **১৯২১** সালে বিশ্বভারতী প্রতিষ্ঠা করেন। পরবর্তীকালে **১৯৫১** সালে এটি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের মর্যাদা লাভ করে। বিশ্বপ্রকৃতির সঙ্গে প্রত্যক্ষ হৃদয়ের যোগেই শিক্ষা লাভ হয়। যে মানুষ জলস্থল-আকাশবায়ুর চিরন্তন ধাত্রীক্রোড়ে জন্মিয়েছে সেখান থেকে তাকে বিছিন্ন করা যথার্থ নয়। মাতৃস্তনের মতো তার অমৃতরস আকর্ষণ করে, উদার মন্ত্র গ্রহণের মাধ্যমেই প্রকৃত শিক্ষার বাণীমন্ত্র লব্ধ করে বালকহৃদয়।

রবীন্দ্রনাথ মনে করতেন, শিক্ষার জন্য তাই বনের প্রয়োজন আছে। তাঁর মতে, আদর্শ বিদ্যালয় যদি স্থাপন করিতে হয় তবে লোকালয় হইতে দূরে নির্জনে আকাশ ও উদার প্রান্তরে গাছপালার মধ্যে তাহার ব্যবস্থা করা চাই। সেখানে অধ্যাপকগণ নিভৃতে অধ্যয়ন ও অধ্যাপনায় নিযুক্ত থাকিবেন এবং ছাত্রগণ সেই জ্ঞানচর্চার যজ্ঞক্ষেত্রের মধ্যেই বাড়িয়া উঠিতে থাকিবে। যদি সম্ভব হয় তবে এই বিদ্যালয়ের সঙ্গে খানিকটা ফসলের জমি থাকা আবশ্যক; এই জমি হইতে বিদ্যালয়ের প্রয়োজনীয় আহার্য সংগ্রহ হইবে, ছাত্ররা চাষের

কাজে সহায়তা করিবে। দুধ-ঘি প্রভৃতির জন্য গোরু থাকিবে এবং গোপালনে ছাত্রদিগকে যোগ দিতে হইবে। পাঠের বিশ্রামকালে তাহারা স্বহস্তে বাগান করিবে, গাছের গোড়া খুঁড়িবে, গাছে জল দিবে, বেড়া বাঁধিবে; এইরূপে তাহারা প্রকৃতি সঙ্গে কেবল ভাবের নহে, কাজের সম্বন্ধও পাতাইতে থাকিবে।

রবীন্দ্রনাথ গতানুগতিক শিক্ষা পদ্ধতির নানাবিধ সমালোচনা করেছেন। তিনি প্রকৃতির সঙ্গে নিবিড় সংযোগ ও উন্মুক্ত শিক্ষাকে গুরুত্ব দিয়েছেন। শিক্ষাচিন্তক রবীন্দ্রনাথ বিশ্বাস করতেন মানুষের শিক্ষা কৌশল বিভিন্ন পরিস্থিতিতে বিভিন্ন রকম তাই কোনো নির্দিষ্ট নিয়মে শিক্ষাব্যবস্থাকে বেঁধে ফেলা নিষ্প্রয়োজন। 'সুখও তাকে শিক্ষা দেয়। দুঃখ তাকে শিক্ষা দেয়। শাসন নইলেও তাহার চলে না। স্বাধীনতা নইলেও তাহার রক্ষা নাই।'

রবীন্দ্রনাথের শিক্ষণ পদ্ধতি মূলত তিনটি নীতির ওপর প্রতিষ্ঠিত। স্বাধীনতা, সৃজনশীলতার মাধ্যমে আত্মপ্রকাশ ও প্রকৃতির সঙ্গে সক্রিয় সংযোগের মাধ্যমে যে শিক্ষা গৃহীত হয় তাতেই রবীন্দ্রনাথের মনোযোগ নিবিষ্ট। তাইতো তিনি বিশ্বভারতীর সান্নিধ্যে শিক্ষার্থীদের প্রকৃত শিক্ষার ব্যবস্থা করেন। শিক্ষক-শিক্ষার্থীর নিবিড় মনোযোগে পাঠ হয়ে উঠবে আনন্দের একইসঙ্গে শিক্ষার। ফলে রবীন্দ্রনাথ শিক্ষাচিন্তায় শিক্ষার্থীর বিকাশের পথে প্রকৃতির সংযোগের সঙ্গে শিক্ষকের প্রাণবন্ত সম্পর্ককেও গুরুত্ব দিয়েছেন। তিনি বলেছেন, 'যে গুরুর অন্তরে ছেলেমানুষটি একেবারে শুকিয়ে কাঠ হয়েছে তিনি ছেলেদের ভার নেওয়ার অযোগ্য। উভয়ের মধ্যে শুধু সামীপ্য নয় আন্তরিক সাজুয্যও সাদৃশ্য থাকা চাই। এই যে দেনা-পাওনার নাড়ির যোগ থাকে না।' তাই শিক্ষক হতে হবে শিক্ষার্থীর বন্ধু, পথপ্রদর্শক ও প্রেরণাদায়িনী শক্তি।

শিক্ষার্থীদের সর্বাঙ্গীন বিকাশের প্রতি বিশেষ গুরুত্ব দিয়েছেন রবীন্দ্রনাথ। তাঁর মতে শিক্ষার মাধ্যমে দৈহিক-মানসিক-সামাজিক-আধ্যাত্মিক ও বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির বিকাশ সাধন হবে। এছাড়া শিক্ষণ পদ্ধতি হবে সমস্যা সমাধানমূলক। যাতে স্বাধীন ও স্বাভাবিক পরিবেশে বাস্তব জীবনের সংযোগে শিক্ষা গ্রহণ করতে পারে শিক্ষার্থীরা।

রবীন্দ্রনাথ সারাজীবন দেশের মানুষের কথা ভেবেছেন। সে ভাবনা লেখকের ভাবনা নয় বরং একজন রক্তমাংসের সামাজিক দায়িত্বশীল মানুষের ভাবনা। তাইতো দীর্ঘ চল্লিশ বছর ধরে তিনি শিক্ষা সম্পর্কে ভেবেছেন। সে মতো কাজ করেছেন। গড়ে তুলেছেন শিক্ষা প্রতিষ্ঠান। রাজশাহী অ্যাসোসিয়েশনে পঠিত প্রবন্ধে তাঁর শিক্ষানুরাগ সুস্পষ্টভাবে ফুটে উঠেছে:

আমাদের বঙ্গসাহিত্যে নানা অভাব আছে সন্দেহ নাই; দর্শন বিজ্ঞান এবং বিবিধ শিক্ষণীয় বিষয় এ পর্যন্ত বঙ্গভাষায় যথেষ্ট পরিমাণে প্রকাশিত হয় নাই; এবং সেই কারণে রীতিমত শিক্ষালাভ করিতে হইলে বিদেশীয় ভাষায় সাহায্য গ্রহণ করা ব্যতীত উপায়ান্তর দেখা যায় না। কিন্তু আমার অনেক সময় মনে হয় সেজন্য আক্ষেপ পরে করিলেও চলে, আপাতত শিশুদের পাঠ্যপুস্তক দুই চারিখানি না পাইলে নিতান্ত অচল হইয়া দাঁড়াইয়াছে। বর্ণবোধ, শিশুশিক্ষা এবং নীতিপুস্তকের অভাব নাই, কিন্তু তাহাকে আমি শিশুদিগের পাঠ্যপুস্তক বলি না।

পৃথিবীর পুস্তকসাধারণকে পাঠ্যপুস্তক এবং অপাঠ্যপুস্তক, প্রধানত এই দুই ভাগে বিভক্ত করা যাইতে পারে। টেক্সট বুক কমিটি হইতে যে-সকল গ্রন্থ নির্বাচিত হয় তাহাকে শেষোক্ত শ্রেণীতে গণ্য করিলে অন্যায় বিচার করা হয় না।

পাঠ্যপুস্তকের অভাবের কথা বিবেচনা করে রবীন্দ্রনাথ নিজেই কলম ধরেন। রচনা করেন সহজ পাঠ, ইংরেজি সোপান নামক গ্রন্থ। তিনি শিক্ষাকে দেখেছেন বৃহৎ পরিসরে তাইতো শুধু বিদ্যাচর্চাকে শিক্ষা হিসেবে গণ্য করেননি। রবীন্দ্রনাথের মতে, প্রকৃত শিক্ষা হলো জীবনচর্চা। বাস্তব জ্ঞানের সম্মিলিত রূপেই শিক্ষার সম্যক রূপ পরিগ্রহ হয়।

হাতে-কলমে শিক্ষাকে রবীন্দ্রনাথ এতোটাই গুরুত্ব দিয়েছেন যে তাঁর 'শিক্ষার মিলন' প্রবন্ধেও এ বিষয়ে দৃঢ় বক্তব্য তুলে ধরেছেন। তিনি উদাহরণ দিয়ে বুঝিয়েছেন, এক পিতার দুই পুত্র। পিতা মোটর হাঁকিয়ে চলেন। তবে পিতা মনে মনে স্থির করেছেন তার যে পুত্র মোটর চালাতে শিখবে মোটরটা তারই হবে। ওর মধ্যে একটি চালাক ছেলে আছে। তার কৌতুহল অনেক। সে তন্ন তন্ন করে মোটর চালানোর পদ্ধতি আয়ত্ত করেছে। পরে গাড়ি চালাবার শখ তাকে এতো পেয়ে বসলো যে, পিতা থাকা না থাকাকে সে আমলেই আনলো না। এতে পিতা রুষ্ট না হয়ে বরং প্রসন্নই হলো কারণ তিনি স্বয়ং যে রথের রথী তার ছেলেও সেই রথেরই রথী। অর্থাৎ শিক্ষার সঙ্গে বাস্তব জ্ঞানের সম্মিলন ঘটাতে হবে। যা করতে সক্ষম বহির্বিশ্ব। আমরা জানি, আজকের দিনে পৃথিবীতে পশ্চিমের লোক জয়ী হয়েছে। পৃথিবীকে তারা কামধেনুর মতো দোহন করে চলেছে। কিন্তু বাঙালি ওই দ্বিতীয় ছেলের মতো আমার কিছুতে দরকার নেই'তেই নিমজ্জিত। পিতার রূঢ় আচরণের শিকার হবে কিনা তা ভাবতে গিয়ে কোনো কাজেই সে অংশগ্রহণ করে না। দিনশেষে তার ভাগ্যে তিরস্কার বা পুরস্কার কোনটাই জোটে না! তাই বর্তমান যুগের সাধনার সঙ্গে বর্তমান যুগের শিক্ষার সঙ্গতি হওয়া চাই। শিক্ষাব্যবস্থাকে রাষ্ট্রনৈতিক ভেদবুদ্ধির বাইরে এসে জ্ঞানচর্চার অংশী করা চাই। আনন্দের সঙ্গে মুক্তবিহঙ্গের মতো উড়তে শিখতে হবে। তবেই শিক্ষার্থীর মানসিক পুষ্টি সাধন হবে, মনন ও মগজের প্রসার ঘটবে।

## মানুষ উৎপাদন জরুর

আইরিন সুলতানা লিমা

সত্য কথাগুলো আজ গলা উঁচিয়ে
পায়ে পা লাগিয়ে ঝগড়া করছে

মিথ্যেরা জিতে যাচ্ছে মাঠে ময়দানে...

কথারা খই হয়ে ফুটছে জ্বলন্ত চিতায়
গলায় কাঁটা হয়ে বিঁধছে বাচালতা
মাঠে ময়দানে মারা পড়ছে সম্মানের চাঁদোয়া
মানুষগুলো মুখোশে ঢেকে রাখছে চারিত্রিক কুটিলতা।

হারিকেন দিয়ে এখন মানুষের ছায়া দেখা যায় না
যাদের ছায়া দেখা যায় তারা পুঁজের নদীতে হাবুডুবু খায়।

এই বন্ধ্যা পৃথিবী–
তার সজীবতা হারিয়েছে
মানুষ হারিয়েছে মানুষকে...

বিগলিত সভ্যতায় মানুষ উৎপাদন জরুর

অ্যাম্বুলেন্সে শুয়ে মানুষ উৎপাদন করা যায় না।

# আহীর আলমের বাম পা

## মনি হায়দার

আর ইকটু ইকটু...শরীরের নীচের অংশ খাটের উপর রেখে কোমড়ের উপরের অংশ শূন্যে ভাসিয়ে পাশের টেবিলের উপর থেকে পানির গ্লাসটা ধরার চেষ্টা করছেন আহীর আলম। বাম হাতে মাথার কাছের খাটের বাতা ধরে ঝুঁকে ডান হাত বাড়াচ্ছেন পানির গ্লাসটা ধরার জন্য। বার বার চেষ্টা করছেন কিন্তু এক ইঞ্চির হাফ ইঞ্চির জন্য জলভরা জগটা পাচ্ছেন না নাগালে। চেষ্টা করে নাগালে না পাওয়ায় তৃষ্ণা আরও বাড়ছে। মনে হচ্ছে গলা শুকিয়ে যাচ্ছে। গলা শুকিয়ে কফ জমা হচ্ছে। শিরশিরে একটা অস্বস্তি এবং ভয় গ্রাস করছে আহীর আলমকে, আমি পানি খেতে পারবো না? পানি না খেয়েই মারা যাবো?

বাসা থেকে সিলভিয়া আখতার কখন গেলো? তাকান ঘড়ির দিকে, বিকেল সাড়ে চারটায় গেছে। এখন সন্ধ্যা সাড়ে সাতটা। দুপুরের দিকে বাসা ছেড়েছে স্ত্রী সিলভিয়া আখতার, কন্যা  বাসনা আর পুত্র অবিরাম। তিনজনে মিলে গেছে বেড়াতে মাত্র দুদিনের জন্য। গতকাল দুপুরে খাবার সময়ে সিলভিয়া আখতার কৌশলে প্রশ্ন করেছিলো, তুমি দুটো দিন একা একা থাকতে পারবে না?

মুখের মধ্যে গুড়ো মাছের সঙ্গে ভাতের লোকমা চিবুতে চিবুতে তাকায় সিলভিয়ার দিকে, একা থাকবো মানে?

আহীর আলমের মুখের দিকে এক পলক তাকিয়ে নিজের থালার উপর চোখ রাখে সিলভিয়া, ওরা বলছিল অনেক দিন নানার বাসায় যায় না।

বেশতো যাও না–সবাই মিলে ঘুরে আসো দু'চার দিন, সহাস্যে বলেন আহীর আলম।

কিন্তু তুমি পা নিয়ে হাঁটতে পারো না, কি করে কি করবে বাসার মধ্যে একা একা... অনেকটা বিষন্ন গলা সিলভিয়া আখতারের।

আরে না, আমার কোনো সমস্যা হবে না। ঘুরে আসো দুদিন–বাসার মধ্যে একজন রুগীর সঙ্গে থাকতে থাকতে ওরা বোরিং হয়ে গেছে, আমার জন্য চাল আর তরকারী রান্না করে ফ্রিজে রেখে যাও। আমিতো একটু একটু হাঁটতে পারি বাসার মধ্যে, গরম করে খেতে পারবো। আর গোপালের মা তো আছেই...

তুমি কিছু মনে করবে নাতো! বড় কাতর দৃষ্টিতে তাকায় সিলভিয়া আখতার।

আরে না, পরিস্থিতি হালকা করার চেষ্টা করেন আহীর আলম। আমি তো জানি, আমাকে নিয়ে তোমরা একটা ঘোরটোপে আটকে আছো। যাও, ওদের নিয়ে তুমি দুদিন ঘুরে এসো। একটু রিক্রেয়শন দরকার তোমাদের। আর যাই হোক বোঝার সঙ্গে বেশিদিন এক নাগাড়ে থাকা যায় না।

খাওয়া শেষে ভাতের থালা নিয়ে উঠে যেতে যেতে তীর্যক চোখে তাকায় সিলভিয়া, বাজে কথা না বললে ভালো লাগে না?

খাওয়া শেষে হাতের আঙুল চাটতে চাটতে আপন মনে হাসেন আহীর আলম, সত্য তো সত্য। জানিতো আমাকে নিয়ে তোমরা কতোটা অসুস্থ দিন যাপন করছো, বিরক্তির উৎপাদন হচ্ছে, দাঁতে চেপে সহ্য করে যাচ্ছো– যাও দুটি দিনে একটা হাওয়া বাতাস লাগিয়ে এসো। আমি থাকি আমার মতো।

পরের দিন দুপুরের খাবার খেয়ে তিনজনে বের হয়ে যায় মোহাম্মাদপুরের তাজমহল রোডের বাসা ভাড়া থেকে। দরজায় দাঁড়িয়ে বিদায় জানিয়ে বাম পায়ের উপর কম ভর দিয়ে সামান্য খুঁড়িয়ে খুঁড়িয়ে নিজের রুমে এসে বিছানায় বসেন আহীর আলম। রুমের মধ্যে, বাসার মধ্যে হঠাৎই নিস্তব্ধতা নেমে আসে, কেউ নেই, কোথাও নেই। মনে হচ্ছে বাসা নয়, আহীর আলম দাঁড়িয়ে আছেন খোলা এক মাঠে। চারদিকে উড়ছে কাক আর চিল। ঘাসের সবুজ থেকে ভেসে আসছে রিমঝিম গন্ধ। শুনছেন অগনিত মানুষের কোলাহল। তিনি আবেগে চক্ষু মুদ্রিত করলেন, মরমে পশিয়া যাচ্ছে সবুজ ঘাসে মোড়ানো মাঠের ঘাস ফড়িংয়ের উড়াউড়ির নিটোল শব্দমালা...। শুনছেন শ্রাবণ বৃষ্টির একটানা গল্প... চক্ষু খুললেন, দেখলেন সব ফাঁকা। বসে আছেন বিছনার উপর পরিত্যক্ত লবনাক্ত থালার মতো, বিষাক্ত শরীরে।

শুয়ে পড়লেন বিছানার উপর। ছাড়লেন টিভি। টিভিতে চলছে সিনেমা। রাজ্জাক ববিতার সাদা কালো ছবি- 'অনন্ত প্রেম'। গত শতকের সত্তুর দশকের ছবি কিন্তু ভীষণ দর্শক প্রিয় হয়েছিল। অসম্ভব জনপ্রিয় একটা গান ছিল– ও চোখে চোখ পড়েছে যখনই.... সুরকার ছিলেন আজাদ রহমান। শিল্পী ছিলেন সাবিনা ইয়াসমিন ও খুরশীদ আলম। এখন কেউ হলে গিয়ে সিনেমা দেখে না, দেখে হাতের মোবাইলে বা বাসার টিভিতে। দেখতে দেখতে চলে এলো বিজ্ঞাপন বিরতি। বিজ্ঞাপনের অধিকাংশই অন্যদেশ থেকে বানিয়ে এনেছে কর্তৃপক্ষ! একটা স্বাধীন দেশ, বিজ্ঞাপন বানানোর সকল উপকরণ আছে, টেকনিশিয়ান আছে- তারপরও বহুজাতিক কোম্পানিগুলো এই দেশটাকে ভাগাড়ে পরিনত করে চলেছে। দেখার কি কেউ নেই?

আহীর আলম রিমোর্ট টিপে টিভি বন্ধ করে বিছনার উপর শুয়ে পড়লেন। ডান পায়ের সঙ্গে বাম পা ধীরে ধীরে তুলে বিছনার উপর রাখলেন। ব্যথাটা ক্রমশ ছড়িয়ে পড়ছে বাম পায়ের নীচের দিকে। মাস খানেক আগে ব্যথাটা ছিল হাটুর মাঝ বরাবর। মনে হতো বাম পায়ের মাঝখানের ভেতরের অংশটা জ্বলে যাচ্ছে। পাটায় বাটা মরিচ আর হলুদের বাটনার মতো বাটছে, কাউকে বলা যাচ্ছে না। কেবল দাঁতে দাঁত চেপে সহ্য করে যান আহীর আলম। ওষুধ খাচ্ছেন, খুব একটা কাজ হচ্ছে- মনে হয় না। কিন্তু খেতে হচ্ছে, খাচ্ছেন। গরম সেক দিতে বলেছে ডাক্তার, দিচ্ছেন। যখন সেক দিচ্ছেন, দুই-তিন ঘন্টা ভালোই যায়, ব্যথাটা কমে গেলেও হাড় মজ্জার মধ্যে শিরশিরে একটা অনুভূতির আসা যাওয়া অনুভব করতে পারছেন।

আমি কি কোনোদিন হাঁটতে পারবো না স্বাভাবিকভাবে? বোঝা হয়ে যাচ্ছি? আহীর আলমের চোখের কোনে পানি জমে। আহ, কেনো সেই ব্যথাটা পেয়েছিলাম? শরীরতো একটা যন্ত্রের কারখানা। গরু জবাই হলে আহীর আলম লক্ষ্য করেছেন– গরুর শরীরের মধ্যে যে সব যন্ত্র থাকে, সবই নিশ্চয়ই আছে মানুষের মধ্যেও, আমার শরীরের মধ্যেও।। মগজটা গরুর বুদ্ধিমান নয়, ফলে মানুষের মতো প্রাণীদের পোষ মেনে চালচাষ করতে হয়, আবার পেটের উপাদেয় খাবারের মেনুও হতে হয়। আরও একটা পার্থক্য গরুর সঙ্গে মানুষের– গরুর চারটেই পা, মানুষের দুই পা দুই হাত। দুই হাতেই সব অপকর্ম করে কিন্তু, উহু... সেই ব্যথাটা কেনো পেয়েছিলাম? আর্তনাদে আর আর্তনাদে থেতলে যেতে থাকেন।

বিক্ষিপ্ত অসুস্থ ভাবনার মধ্যে ঘুমিয়ে পড়েন তিনি। হাত থেকে পড়ে যায় টিভির রিমোর্ট। সন্ধ্যার একটু আগে তীব্র শব্দে মোবাইল বাজলে ঘুম ভাঙ্গে- হ্যালো? মোবাইল কানে নেন আহীর আলম।

কি করছিলে? ওপাশে সিলভিয়া আখতার।

ঘুমিয়ে পড়েছিলাম।

এখন ওঠো, এক চা খাও–

ঠিক আছে, ওরা.. শব্দটা উচ্চারণ করে থেমে যান আহীর আলম। ওপাশে বুঝে যায় সিলভিয়া আখতার, গত আট নয় মাসে ছেলে মেয়েদের সঙ্গে দুরত্ব বেড়েছে। বাসনা মেয়েটা মাঝে মধ্যে বাপের কাছে বসে, ওষুধ পত্র এগিয়ে দেয়, খোঁজ খবর রাখে কিন্ত ছেলেটা একদম একগুয়ে। নিজের মতো থাকে, ডাকলেও কাছে যায় না। হাসপাতালে দেখতে যায় নি বাপকে।

হ্যাঁ ওরা ভালো আছে! ফোন রেখে দেয় সিলভিয়া আখতার।

বুঝতে পারেন আহীর আলম, পালিয়ে বেঁচে গেছে স্ত্রী। মনে মনে হাসেন- মানুষ কতো ক্ষুদ্র নিজের সংসারে! তিনি বিছনা থেকে খুব ধীরে ধীরে নামলেন। বাম পা আরও ভারী মনে হচ্ছে। ডান পা ফোলা বাম পা ফেলতে গেলেই, গোটা বাম পা- কোমড় থেকে পায়ের পাতা পর্যন্ত মাংসপেশীগুলো প্রতিবাদ মিছিলে ভারী হয়ে যায়। তীব্র ব্যথা ছড়িয়ে পড়ে পায়ের মাংস থেকে সারা শরীরের মাংস পিন্ডের দোকানে দোকানে। দাঁতে দাঁত ঘষে পাশের বাথরুমে ঢোকেন তিনি। অনেক যন্ত্রনায় দাঁড়িয়ে দাঁড়িয়ে প্রসাব সেরে মুখে পানি দিলেন। বাথরুমে ঝোলোনা গামছায় মুখ হাত পা মুছে আবার ফিরে এলেন সেই যন্ত্রণা সয়ে সয়ে বিছনায়। দুই হাতের উপর ভর দিয়ে আহীর আলম শরীর রাখলেন বিছানার উপর।

এবং শুয়ে পড়লেন বিছনার উপর। পা সোজা করতে গিয়ে বুঝতে পারলেন, বাম পা শরীরের সঙ্গে নেই। শরীর থেকে বাম পা বিচ্ছিন্ন হয়ে আলাদা একটা ব্যথার রাজ্য নির্মান করেছে। সোজা শুয়ে আহীর আলম অনেকক্ষণ নিঃশব্দে থেকে ব্যথাটা সইয়ে নিলেন। অনেকক্ষণ হলো, পানির তৃষ্ণা পেয়েছে। তাকিয়ে দেখলেন, হাতের কাছে পানির জগ বা গ্লাস নেই। শরীর নিয়ে উঠতে হবে, হাত বাড়ালেও পেতে পারেন পানির জগ... । দূরের টেবিলে পানির গ্লাস আর জগ দেখে পানি পানের ইচ্ছেটা তীব্র হলো। ব্যথার মধ্যেও হাসি এলো মুখে– দুঃসময়ে পানির তৃষ্ণা!

আর একটু আধা ইঞ্চি– হাত গেলেই পানির জগের নাগাল পাওয়া যাবে। অনেক কষ্টে আহীর আলম ডান হাতের সঙ্গে শরীরের অর্ধেক খাটের বাইরে নিয়ে এলেন, পানির জগটা ধরলেন, সঙ্গে সঙ্গে গোটা শরীর ছুটে নীচে পড়ে গেলেন মৃত কুমিরের গতিতে। একই সঙ্গে পড়লো পানি ভরা কাঁচের জগটা। বাম পায়ে আবদ্ধ যন্ত্রণা মুহূর্তের মধ্যে সারা শরীরে ছড়িয়ে পড়ে। মনে হচ্ছে গোটা শরীরটা অসার হয়ে গেছে। শরীর জুড়ে মাংস আছে, রক্ত আছে, হৃদপিন্ড আছে, করোটি আছে কিন্তু কারো সঙ্গে কারো সর্ম্পক নেই। সব মাংসের অস্তিত্ব শরীর থেকে আলাদা হয়ে গেছে। সেই আলাদা আলাদা মাংসের স্তূপের সঙ্গে যুক্ত হয়েছে জগের সমুদয় জল আর ভাঙ্গা জগের টুকরো টুকরো কাঁচ।

হিহিহি... । শব্দের উৎসের দিকে তাকালে তিনি দেখতে পাচ্ছেন জলে ভিজে থাকা জগের টুকুরোগুলো হাসছে। কাঁচ ভাঙ্গা জগের টুকরোগুলোকে হাসতে দেখে তিনিও হাসতে শুরু করেন, নিঃশব্দে। আহীর আলমকে হাসতে দেখে, ভাঙ্গা কাঁচের টুকরোগুলো মুখ গোমড়া করে অন্যদিকে তাকিয়ে রইলো।

অসহ্য অসহায়ত্বের মৌনতার গিরিসংকটে বসে তিনি বসে বসে কাঁদতে শুরু করলেন। কান্নায় কোনো শব্দ নেই, কেবল চোখের দুই কোন বেয়ে নেমে আসছে অশ্রু। জগের পানি ছড়িয়ে পড়ছে গোটা মেঝেতে। মাঝখানে বসে আছেন আহীর আলম। কি করবেন বুঝে উঠতে পারছেন না। নিঃশব্দে বসে আছেন। কতোক্ষণ বসে ছিলেন, হিসেবে নেই। বুঝলেন, এভাবে থাকলে শরীর কাঁপিয়ে জ্বর আসতে পারে। আহীর আলম অনুভব করলেন, পানির তৃষ্ণা নেই। আবার হাসি পায় আহীর আলমের, পানির মধ্যে বসে থাকতে থাকতে তৃষ্ণা চলে গেছে? নাকি জীবনের পরিধি আমার সঙ্গে পরিহাসের দাবা খেলছে? যাই খেলুক,

আমাকে উঠতে হবে। তিনি উঠতে চেষ্টা করলেন মেঝে থেকে। কৌশল অনেকটা জেনে গেছেন গত আট নয় মাসে। আগে দুই পাশের দুটি হাতের উপর ভর দিয়ে কোমড়টা উচু করে, অর্ধেক দাঁড়ান কোমড় বাঁকা করে। সেইভাবে অনেক সাধনায় নিজেকে বিছনার উপর নেয়ার আগে দাঁড় করান। বালিশের কাছে রাখা গামছা দিয়ে শরীর ভালো করে মুছে, জামা প্যান্ট পাল্টে বিছনার উপর বসলেন। তীব্র খিদে পেটের মধ্যে জ্বলে ওঠে। আহীর আলম অনুভব করলেন, বাসায় একা থাকলে খিদেটা পেয়ে বসে পেল্লায়। আবার নামা- ফ্রিজ খোলা, গরম করা!

তিনি তাকালেন পাশের রুমের ডাইনিং টেবিলটার দিকে। টেবিলের উপর দুপুরের খাবার এখনও ঢাকা আছে, ওসব দিয়ে রাতের খাবারটা চালিয়ে দেবেন। কিন্তু এখন বাজে মাত্র সন্ধ্যা সাড়ে সাতটা– এখনই ভাত খাবেন রাতের? রাতের ভাততো খান দশটায়, এগারোটায়....

আবার মোবাইল বাজে, তাকিয়ে দেখেন স্ত্রী সিলভিয়া আখতারের ফোন। কানে নিয়ে বললেন, হ্যালো?

আব্বা আমি বাসনা।
বলো মা।
তুমি কি করছো?
শুয়ে শুয়ে টিভি দেখছি।
তোমার পায়ের ব্যথা কেমন?
আগের চেয়ে কম।
কম?
হ্যাঁ মা। সারাটা সময়তো শুয়ে আছি, বাম পায়ের নড়াচড়া নেই, সেই কারণে হয়তো ব্যথা কম।

ডাক্তার তো তোমাকে সেটাই বলেছে, নড়চড়া না করতে। তুমি কি শোনো? চলো তোমার ইচ্ছে মতো। তুমিতো ওষুধও ঠিকভাবে খাও না, দূরালাপনে মেয়ের বকাটা মধুর স্বাধে গ্রহণ করলেন আহীর আলম। আত্মজা কতোদিন পরে এমন করে অনুযোগ করলো! বাসায় থাকলে চোখের উপর দেখে, অনুযোগ করার সময় কোথায়? বুকের মধ্যে এক ধরনের চিত্তহরা শোক উতলে ওঠে। প্রাণ খুলে চিৎকার করে কাঁদতে ইচ্ছে করছে। কিন্তু নিজেকে প্রবলবেগে সামলে নিলেন, আর কিছু বলবি?

তোমার তো খিদে লাগে বাসায় থাকলে। খাটের বাম পাশে নীচের দিকে, হাতের নাগালে টিপয়ের উপর আপেল, আর বিস্কুটের বৈয়াম আছে। খিদে লাগলে খেয়ে নিও। আর সমস্যা হলে ফোন দিও- আমরা চলে আসবো।

না, তোমাদের চলে আসতে হবে না। বেড়াও– আমার কোনো সমস্যা নেই। এভাবে চুপচাপ থাকলে আমি অল্পদিনের মধ্যে ভালোও হয়ে যেতে পারি, গলায় আশাবাদ ফুটিয়ে বলেন আহীর আলম। তোমরা প্রয়োজন মনে করলে আরও দু-চার দিন পরে এসো।

তুমি থাকতে পারবে?

পারবো! পায়ের ব্যথাটা ধীরে ধীরে কোমড় থেকে শরীরের গহীনে চোখে না দেখা আজদাহা সাপের শক্রতায় প্রবেশ করছে। বুঝতে পারছেন আহীর আলম, আর কয়েক সেকেন্ডের মধ্যে ব্যথাটা করোটিতে পৌঁছে যাবে।

জানো পাপা, আগামীকাল আমরা শীতলক্ষ্যা নদীতে বেড়াতে যাবো। বাসনার গলায় উল্লাসমাখা আনন্দ। আহারে মেয়েটি কতোদিন এমন করে বাইরে বেড়াতে পারেনি। বুক চিড়ে একটা কালো দীর্ঘশ্বাস বের হয়ে আসে আহীর আলমের, তাই?

হ্যাঁ পাপা।
কে কে যাবে?
আমি, অবিরাম, শ্রেষ্ঠা, রোজা, অন্তু ভাইয়া, অন্তু ভাইয়ার বৌ, যাদু, ছোট মামা..
তোমাদের মা যাবে না?
যাবে তো।
ওকে ধরে রেখো। তোমার মা পানি খুব ভয় পায়–
আচ্ছা!
তুমিও সাঁতার জানো না, ট্রলারের পাশে যাবে না।
ঠিক আছে, যাবো না- ফোন ছেড়ে দেয় বাসনা।

আহীর আলম ফোন ছেড়ে দিয়ে বসে থাকেন। মেয়ে তবু ফোন দিয়েছে, বাপের খবর নিয়েছে। কিন্তু পুত্র কি নেবে? একটা বার মনেও করবে না। অবশ্য মনে করাটাও কি জরুরি?

কি দরকার? খবরহীন খবর হয়ে থাকাও একটা জীবন। সবার কী খবর হয়? প্রতিদিন রাস্তাঘাটে বনে বাদাড়ে কতো মানুষ মারা যায়? কে খবর রাখে? রাখারইবা দরকার কী? খবর রাখতে হবে এমন দিব্বি কে দিয়েছে? খবর না নেয়াও একটা খবর!

আহীর আলম নুয়ে বিছানার নীচ থেকে দুটো আপেল তুলে খেতে শুরু করেন। বিস্কিট খেলে পানি খেতে হবে। এখন কোথায় পাবেন পানি? আপেলের মধ্যে রস আছে, পানির দরকার হবে না। তিনি একটা আপেল খেতে খেতে আবার টিভি ছাড়েন। টিভিতে খবর দেখাচ্ছে– চুয়াডাঙ্গায় জমি ভোগ করার জন্য কিভাবে ছোট ভাই, ছোট ভাইয়ের স্ত্রী, ওদের চার ও তিন বছরের দুটি সন্তান এক সঙ্গে হত্যা করে নিজেদের রান্নাঘরের মেঝে খুড়ে চাপামাটি দিয়ে রেখেছে– ঘটনাস্থলে হাজার হাজার মানুষ, পুলিশ। টিভির ক্যামেরায় দেখাচ্ছে খুনি বড় ভাইয়ের মুখে অনেক বড় বড় দাড়ি, মুখখানা গোলাকার, চোখ দুটো ভাবলেশহীন– খুন হয়ে যাওয়া মানুষগুলোর পক্ষে কাঁদবারও কেউ নেই। গ্রামের মানুষেরা বিষাদগ্রস্ত। খুনের সঙ্গে জড়িত বড় ভাইয়ের স্ত্রী ও দুই ছেলে পলাতক। নিশ্চয়ই পুলিশের জালে ধরা পড়বে। সম্ভবত, কোনো খুনের দায় নিয়ে এই প্রথম কোনো নারী পলাতক!

মানুষ কবে প্রথম মানুষ খুন করছে? আহীর আলম মনে মনে প্রশ্ন করলেও উত্তর পাওয়া কঠিন। ইতিহাসেও কোনো নজির নেই। আপেল দুটি খাওয়ার পর একটু স্বস্থির লাগে আহীর আলমের। তিনি টিভি দেখতে দেখতে আবার শুয়ে পড়েন। শুয়ে টিভি দেখতে দেখতে রাত দশটা বাজে। ভাত খেতে উঠতে হবে– কিন্তু বাম পায়ের যন্ত্রনা মনে করে চুপচাপ শুয়ে থাকেন। টিভিটা বন্ধ করে দিলেন। হিসেব বা যোগ বিয়োগ করার চেষ্টা করছেন– ব্যথা সহ্য করে ভাত খাওয়া ভালো, নাকি না খেয়ে শুয়ে থাকা ভালো? হিসেবে কিছুতেই মেলাতে পারেন না। কিন্তু পেটের মধ্যে ক্ষুধা ক্রমশ জেগে উঠছে। ক্ষুধা নিজেই একটা খুনী। মানুষের যদি ক্ষুধার ব্যপারটা না থাকতো, জগতের অনেক সমস্যারই সৃষ্টি হতো না, উঠে বসতে বসতে আহীর আলম ভাবেন, আমি কী দার্শনিক হয়ে যাচ্ছি!

বিছনা থেকে নেমে, বাপ মা হেচোড়াতে হেচড়াতে এলেন খাবারের টেবিলের কাছে। ছোট গামলায় ভাত, টাকনা তোলার সঙ্গে সঙ্গে একটা বিদঘুটে গন্ধ পেলেন আহীর আলম। বুঝতে পারলেন, ভাতটা নষ্ট হয়ে গেছে। ছোট মাছের সঙ্গে শাকের তরকারীটাও...। উচিৎ ছিল দুপুরে খাবারের পর সব ফ্রিজে তুলে রাখা। কিন্তু সিলভিয়া আখতার কিংবা মেয়ে কেউ রাখেনি। আবার কান্না পাচ্ছে– টেবিলের সামনে দাঁড়িয়ে আহীর আলম প্রাণপনে নিজেকে সহ্য করে নিচ্ছেন, না আমি কাঁদবো না। একবেলা না খেলে কি হয়? সিরিয়ায়, মায়ানমারে, ফিলিস্তিনে, ইয়েমেনে কতো মানুষ দিনের পর দিন না খেয়ে আছে- বুকের কণ্ঠার হাড় জেগে গেছে না খেয়ে...। একটা দৃশ্য ভেসে উঠলো অনেক বছর পর, বসনিয়া হারজোগোভিনায় সার্বরা কয়েক হাজার মানুষ একটা ক্যাম্পে আটকে রেখেছে, পড়নে সামান্য কাপড় সেই সাদা চামড়ার মানুষগুলোর। অনেক দিন না খেতে পেয়ে বুকের হাড়, কণ্ঠার হাড়, পেটের হাড় বের হয়েগিয়েছিল... লোকগুলো নিষ্প্রান পাথুরে চোখে ক্যামেরার দিকে তাকিয়ে ছিল। সেই চোখের দিকে তাকালে সভ্যতাকে ঘৃণা করা ছাড়া উপায় থাকে না।

আবার মোবাইল বাজে। আহীর আলম অনুমান করেন, সিলভিয়া আখতারের ফোন। ফোনটা ধরবেন কি ধরবেন না ভাবতে ভাবতে ফোন শেষ। তিনি স্বস্তির নিঃশ্বাস রাখেন কিন্তু নিঃশ্বাস শেষ করতে পারেন না, আবার ফোন ডাকতে শুরু করে। তিনি খুঁড়িয়ে খুঁড়িয়ে আবার বিছানার কাছে গেলেন। ফোনের দিকে তাকিয়েই নিজের অনুমানকে দেখলেন, সিলভিয়ার ফোন।

হ্যালো?

কি করছো? সিলভিয়ার গলায় হালকা সুখের আমেজ। বাপের বাড়ির কাছে দুই বোনের শ্বশুড়বাড়ি। সিলভিয়া আখতার বাপের বাড়ি গেলে ওই দুজন হাজির হয়ে যায়। সঙ্গে ছোট ভাই– জমে ওঠে গল্প আর আড্ডা। সেই আড্ডার পরিবেশে থেকে ফোন করেছে সিলভিয়া, বুঝতে পারেন আহীর আলম।

এই মাত্র খেলাম।
ও খেয়েছো?
হ্যাঁ খেলাম–
সব গরম করে খেয়েছো?
গরম? হ্যাঁ তুমিতো জানো আমি ফ্রিজের খাবার গরম না করে খেতে পারি না।
ঠিক আছে, বাকী খাবার ফ্রিজে রেখে দিও।
রেখে দেবো।
ওষুধ খেয়েছো?
মাত্র তো ভাত খেলাম- ওষুধ একটু পরে খাবো।
ঠিকাছে! শোনো, বাসনা বলেছে না, আমরা শীতালক্ষ্যা নদীতে যাচ্ছি –
হ্যাঁ শুনেছি। সাবধানে থেকো।
ঠিক আছে।

ওদিকে আড্ডা চলছে। সেই আড্ডার মধ্যে মনে করে ফোনে স্ত্রী খবর নিয়েছে, অনেক বড় ঘটনা! হাসেন আহীর আলম, খবর না নিলে বা কী করতে পারতাম? কেউ খবর না নিলে কি বাড়াবাড়ি করা যায়? আমি অসুস্থ, কিন্তু চারপাশের মানুষ কেনো অসুস্থ? আমি আমার অসুখ দেখতে পাচ্ছি, ওরা কেনো দেখতে পাচ্ছে

না? তিনি আবার বিছানায় শুয়ে পড়েন। শরীরটা ভীষণ ক্লান্ত লাগছে। রিমোর্ট টিপে টিভি বন্ধ করেন। রুমের লাইটও অফ করেন বিছনায় রাখা সুইচ টিপে। গোটা বাসাটা অন্ধকারে ডুবে যায়। অনেক দিন পর আহীর আলম বাসায় একা– মনে হলো নীরব নিস্তব্ধ কবরের মধ্যে ডুবে আছেন। কবর কী এমন অন্ধকারে মোড়ানো? নিঃশ্বাস বন্ধ আসার হয়ে জোগাড়। তিনি বাম পা-টাকে সোজা করে ডান পা-টাকে বাঁকা করে মোড় ফিরলেন। ফিরেই দেখলেন বালিশের পাশেই ক্ষুধা এবং অন্ধকার গলা ধরাধরি করে শুয়ে আছে। দুজনার মুখে তীক্ষ্ণ ছুড়ির ধারালো হাসি। সেই ধারালো হাসি নিয়ে ক্ষুধা এবং অন্ধকার আহীর আলমকে আলিঙ্গন করতে আসছে। আলিঙ্গনের কুৎসিত আঘাতে আঘাতে ঘুমিয়ে গেলেন তিনি।

সকালের অনেক পরে ঘুম ভাঙ্গতেই আহীর আলম নাকে একটা সূক্ষ্ম গন্ধ পেলেন। কিসের গন্ধ? চারদিকে তাকালেন। না, এই গন্ধ ইলেকট্রিক তার পোড়ার গন্ধ না। বাইরে বা দূর থেকে গন্ধটা আসছে না, গন্ধটা আসছে বিছানা থেকে? বিছনা থেকে? হতম্ভব আহীর আলম?

বিছনা থেকে এমন গন্ধ? তিনি শরীরের উপর রাখা পাতলা কাঁথা সরিয়ে দিলেন। সঙ্গে সঙ্গে গন্ধটা বাড়লো আরও। এবং বুঝলেন গন্ধটা আসছে বাম পায়ের নীচে গোড়ালি থেকে। জানালা দিয়ে বাইরের ঝকঝকে রোদের দেখলেন কিন্তু মুখের ভেতরটা তিক্ততায় ভরে আছে। শরীর ও মন একত্রে ক্ষুদ্র বালু কণার গতিতে ঝরে ঝরে যাচ্ছে, তিনি ক্রমশ অশরীরী হয়ে যাচ্ছেন? শরীরে মন নেই, মনে শরীর নেই- তিনি হালকা পালকের শরীরে বিছনার উপর যাবতীয় ক্লেদ আর ভারাক্রান্ত মাংসের স্তূপের মতো বসে আছেন। বুঝতে পারছেন, বাম পায়ের গোড়ালি বা নীচের দিকে কোথাও পচন ধরেছে।

আহীর আলম নিজের ডান গালে ডান হাতে চটাস শব্দে একটা থাপ্পর দিলেন, হ্যাঁ বেঁচে আছি। কিন্তু এই কেমন বেঁচে থাকা? উহু! প্রচণ্ড ব্যথা পেলেন নিজের ডান গালে এবং ডান হাতে। বাম পা নাড়াতে চাইলেন কিন্তু কয়েকশো মন ভারী পাথরের ওজনে বাম পা বিছনার উপর বসে গেছে। বাথরুমের চাপ পেয়েছে প্রচন্ড, দাঁত ব্রাশ করে মুখটা ধোয়া দরকার। কিন্তু কিভাবে নামবেন তিনি খাট থেকে?

বাথরুমের প্রবল বেগের কারণে দাঁতে দাঁত চেপে নীচে ডান পা-টা বাড়িয়ে, শরীর নুইয়ে দুই হাতে বাম পা হাটুর নীচে ধরে খাটের নীচে নামিয়ে হাপায়, বাজে মোবাইল। খাটের উপর মোবাইলটা চিৎকার করছে। তাকিয়ে দেখেন স্ত্রী সিলভিয়া আখতারের ফোন। নিজেকে সামলে ফোনটা কানে নেন আহীর আলম, হ্যালো?

তুমি কিছু শুনতে পাচ্ছো? ওপাশে উল্লাসে বিচ্ছুরিত গলা সিলভিয়া আখতারের।

কানে মোবাইল ধরে ঠেসে, চেপে। হ্যাঁ অনেক মানুষের কলরব শোনা যাচ্ছে, ইঞ্জিনের শব্দ আসছে, গান বাজনা হাসি আনন্দেরও উচ্ছাস ভেসে আসছে। বুঝতে পারছেন আহীর আলম, স্ত্রী কন্যা পুত্র এখন মচ্ছবে আছে। শীতালক্ষ্যা নদীর স্রোতে ভাসমান এবং চলমান ট্রলারের মেশিনের কদাকার শব্দের ভয়াবহ উচ্ছিষ্ট ভেসে আসছে মোবাইলে।

হ্যাঁ, ফ্যাঁসফ্যাসে গলায় উত্তর দিতে চেষ্টা করছেন আহীর আলম স্ত্রী সিলভিয়া আখতারের প্রশ্নের, তোমরা তো ট্রলারে শীতলক্ষায় আছো?

ঠিক ধরেছো, বড় আপাও এসেছে। জীবন আর মোহনও এসেছে। ওরা ড্রাম বাজাচ্ছে আর নাচছে আর গাইছে গান। তুমি থাকলে খুব ভালো হতো।

আছি তো তোমাদের সঙ্গে মোবাইলে।

নাস্তা করেছো?
হ্যাঁ করেছি।
গোপালের মা এসেছিল?
না, আসেনি।
বলো কি? কেনো আসেনি? আচ্ছা, আমি ওর জামাইয়ের নাম্বারে ফোন দিচ্ছি। তোমার দুপুরের খাবার গরম করে দিয়ে যাক আর বাসাটা পরিষ্কার করে ..

সিলভি, বাম পা নীচে নামায় গোড়ালির মধ্যে হাড়ে ও মাংসে তীব্র ব্যথা ছড়িয়ে পড়ছে। ব্যাথায় গোটা শরীর টনটন করছে আহীর আলমের, শোনো ও মহিলা আসুক বা না আসুক-

তুমি টেনশন করো না। অনেক দিন পর একটু বাইরে গেছো, উপভোগ কর। আমার বাসায় আমি আছি– কোনো সমস্যা নেই।

ঠিক আছে, আমি বিকেলের মধ্যে বাসায় আসছি। তুমি দিনটা কোনোভাবে কাটাও... বাই, লাইন কেটে দেয় সিলভিয়া আখতার। মোবাইল নামিয়ে রেখে আবার বসেন বিছনার উপর আহীর আলম। বসার সঙ্গে সঙ্গে উপরের ভারের চাপ কমে যাওয়ায়, বাম পায়ের ব্যথাটা কমে যায় খানিকটা। কিন্তু বাথরুমের চাপটা... অসহায় হাসিতে মুখটা উদ্ভাসিত আহীর আলমের, ব্যথার ফাঁদে আটকে পড়া এক বগা আমি...।

মনে পড়ে আব্বাসউদ্দিনের গাওয়া গান- ফাঁন্দে পড়িয়া বগা কান্দেরে...। হায় কোথায় সেই উদাস সুরের শিল্পী? সুরের ভাবনার মধ্যে আবারও বাথরুমের ধাক্কা। কি করবেন আহীর আলম? হঠাৎ বিছানা থেকে নেমে উপুর হয়ে মাটিতে বসেন এবং চার হাত পায়ে হামাগুড়ি দিয়ে বাথরুমের দিকে যেতে শুরু করেন এবং অনুভব করলেন, বাম পায়ের ব্যথাটা তেমন লাগছে না। নিজের আবিষ্কারে মুগ্ধ হামাগুড়ি দেয়া আহীর আলমের মুখে হাসি ফোটে, শুয়োরের বাচ্চার মানুষ হারে না, হারে না মানুষ।

বাথরুমে ঢুকে দরজা বন্ধ করেন তিনি।

সকালে আর দুপুর মিলিয়ে আহীর আলম বিসকিট আর আপেলই খেলেন। হামাগুড়ি দিয়ে পানিও আনলেন। ঘুমিয়ে পড়েছিলেন বিকেলের দিকে। কলিং বেলের শব্দে ঘুম ভাঙ্গে। ঘুম থেকে জেগে বসতেই মেয়ে বাসনার চিৎকার, পাপা! তাড়াতাড়ি দরজা খেলো। আমি বাথরুমে যাবো। বাইরে থেকে আসলেই বাসনার এই চিৎকারটা শোনা যাবেই।

বাসায় প্রবেশ করার দরজা না, কলাসিবল গেট। গেটের বাইরে দাঁড়িয়ে বাসার লম্বা বারান্দা অনেকটা দেখা যায়। কলাপসিবল দরজার বাইরে অপেক্ষায় থাকা- বাসনা, অবিরাম আর সিলভিয়া আখতারের তিনজোড়া চোখ দেখতে পায় চার পেয়ে একটা জন্তু আসছে, মুখে চাবির গোছা।

# সমাজে সাহিত্যের প্রভাব ও লেখকের দায়

## মোহাম্মদ নূরুল হক

লেখালেখি করে কী হয়? এমন একটি প্রশ্ন বেশকিছু দিন ধরে সাধারণ মানুষ তো বটেই খোদ লেখকদের কাছ থেকেও উঠছে। লেখালেখি করে কী হয়– এই প্রশ্নের দুটি দিক রয়েছে। একটির উদ্দেশ্য সমাজের ওপর সাহিত্যের প্রভাব কী, তা জানার; অন্যটি সাহিত্যচর্চাকারের প্রতি প্রচ্ছন্ন বিদ্রুপ। জানার ইচ্ছায় হোক আর বিদ্রুপের উদ্দেশ্যেই হোক– প্রশ্ন উঠছে যখন, তখন এর জবাবও খুঁজতে হবে। জবাব খুঁজতে গেলে প্রয়োজন হবে কার্যকারণ সম্পর্ক নির্ণয়ের। আর এই কার্যকারণ সম্পর্কের পেছনে রয়েছে লাভ-ক্ষতির হিসাব।

আবার লাভ-ক্ষতির হিসাব কষার নেপথ্যে কাজ করছে কল্যাণ-অকল্যাণচিন্তা। অর্থাৎ একটি প্রশ্ন যখন উঠছে, তখন তার পেছনে একটি উত্তরও নিশ্চয় রয়েছে। সেই উত্তরের পেছনে পেঁয়াজের খোসার মতো একের পর প্রশ্নের আবরণও থাকবে। এবার সেসব প্রশ্ন, প্রশ্নের নেপথ্য কারণ ও সম্ভাব্য উত্তর খুঁজে দেখাই সাহিত্যিকর্মীর কাজ।

যারা বলছেন, ‘লেখালেখি করে কী হয়’– আগে তাদের শ্রেণি-বয়স-পেশা শনাক্ত করতে হবে। আমাদের বুঝতে হবে, কারা এই ধরনের প্রশ্ন তুলছেন? তারা সমাজ থেকে প্রত্যাশা করছেন? আবার যারা সমাজ থেকে ‘কিছু পাওয়ার’ প্রত্যাশা করছেন, তারা সমাজকে কী দিয়েছেন, সেটিও বিবেচনায় আনতে হবে।

সাধারণত লাভ-ক্ষতির হিসাব করে বণিকসম্প্রদায়। যারা অর্থ বিনিয়োগ করে লাভ-ক্ষতির হিসাব করে। একজন ব্যবসায়ী, ঠিকাদার, আড়ৎদার কিংবা শিল্পপতি বিভিন্ন খাতে ভিন্ন-ভিন্ন মেয়াদে অর্থ বিনিয়োগ করেন। মেয়াদ শেষে বিনিয়োগ তুলে আনার পাশাপাশি মুনাফাও আশা করেন। সম্প্রতি কিছু কিছু কৃষকও বাণিজ্যিকভিত্তিতে চাষাবাদ করছেন। ফসল চাষ থেকে লাভের আশা করছেন তাঁরা। যে ফসল চাষে তাঁরা লাভের মুখ দেখেন না, সেই ফসল পরের বার চাষ থেকে বাদ দিয়ে বিকল্প ফসলে মনোযোগ দেন। মৌসুম শেষে যে ফসলে লাভের মুখ দেখেন, চাষি সেই ফসল চাষে মনোযোগও বেশি দেন। এই লাভ মূলত বৈষয়িক-অর্থনৈতিক। অর্থাৎ যেখানে অর্থ বিনিয়োগ করলে লাভের সম্ভাবনা বেশি, বিনিয়োগকারীর আগ্রহও সেখানেই। এটি মানবস্বভাবের স্বাভাবিক প্রবৃত্তি।

কিন্তু সমাজচিন্তক, শিল্পী, সাহিত্যিকের এমন নগদ-অর্থপ্রাপ্তির চিন্তা শোভন সম্মত নয়। সাহিত্যিককে মনে রাখতে হবে, তার কাজ আর সমাজকর্মী কিংবা রাজনৈতিক নেতা-কর্মীর কাজ এক নয়। সমাজকর্মী ও রাজনৈতিক নেতা-কর্মীর কাজ দৃশ্যমান। সেই কাজের ফলভোগীরা সমাজের দশজন। কারণ, প্রকৃত কবিতা সমাজ-রাষ্ট্র-মানুষকে উপেক্ষা করে রচিত হয় না। মানবকল্যাণের উদ্দেশ্য যে কবিতায় উপেক্ষিত, সে কবিতা সাময়িক মনোরঞ্জনের উপচার হয় মাত্র; চিরকালের মন জাগাতে পারে না। মন জোগাতে পারলেই সে কবিতার উদ্দেশ্য শেষ, চিরকালের পাঠ্য হওয়ার কোনো গূঢ়ার্থ সেখানে থাকে না। কবি সামাজিক, তাই সমাজের ভালো-মন্দে তাঁর ভেতরে প্রতিক্রিয়া সৃষ্টি হয়। প্রাত্যহিক ঘটনাবলিও তাঁর চিন্তার বিষয়।

সাহিত্যের প্রভাব সমাজে সঙ্গে সঙ্গে পড়ে না। রাজনৈতিক নেতাকর্মী-সমাজকর্মীর কাজ ছোট নদীর ঢেউয়ের মতো। দূর থেকেও তা দৃশ্যমান। কিন্তু সাহিত্যিকের কাজ মহাসমুদ্রের মধ্যভাগের তলদেশের

জলরাশির মতো। অতিকায় জাহাজ চলাচলেও যেখানে ঢেউ দৃশ্যমান হয় না। তাঁর কাজ অতল গভীরে, নিঃশব্দের বয়ে চলা স্রোতের মতো। সাহিত্যিককে মনে রাখতে হয়, কেবল কল্পনা ও অভিজ্ঞতার সুষম বিন্যাসেই সাহিত্যকর্ম সম্পন্ন হয় না। এর সঙ্গে যুক্ত করতে হয় সমাজ-রাষ্ট্র-ধর্ম-দর্শনের অনুষঙ্গও। সামাজিক দায় অনুভবের ছাপ রাখতে হয় সৃষ্টিতে। ব্যক্তিকে হয়ে উঠতে হয় সমষ্টির প্রতিনিধি। যিনি সমষ্টির প্রতিনিধি হয়ে উঠতে পারেন, তাঁর সৃষ্টি জনগণের সম্পদে পরিণত হয়ে যায়। একবার যে সৃষ্টি জনগণের সম্পদে পরিণত হয়, তা সাধারণত কয়েকযুগেও বিস্মৃতির গহ্বরে ডুবে যায় না।  এই কথা সহজেই অনুমান করা যায়, বাল্মিকীর 'রামায়ণ' এবং কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাসের 'মহাভারত' তাঁদের স্ব-স্ব কালের সমাজ পরিবর্তনে বিপুল ভূমিকা পালন করেছে। বিশেষত, ধর্ম-অধর্ম, ন্যায়-অন্যায়ের বোধ জাগ্রত করতে এবং ধর্মের প্রতিষ্ঠা ও অধর্মের বিনাশে এই দুটি মহাকাব্য দুই রচয়িতা মহাকবির জীবদ্দশায় সমাজ পরিবর্তন ও বিনির্মাণে ভূমিকা রাখতে সক্ষম হয়েছিল। তাই দুই কবির প্রয়াণের কয়েক হাজার বছর পরও লোকে তাঁদের ঋষিতুল্য সম্মান করে। একইসঙ্গে কালের বিবর্তনে 'রামায়ণ' ও 'মহাভারত' সাহিত্যকর্মের পাশাপাশি ধর্মীয় গ্রন্থরূপেও সমাজে সমাদৃত হচ্ছে। বাংলা ভাষার দিকে তাকালেও অনুরূপ সাহিত্যকর্মের দৃষ্টান্ত মিলবে। বিশেষত, রাজা রামমোহন রায়ের 'সহমরণ বিষয়ক প্রবর্ত্তক ও নিবর্ত্তক সম্বাদ পুস্তিকা' (১৮১৮) এবং ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'বিধবাবিবাহ প্রচলিত হওয়া উচিত কি না, এতদ্বিষয়ক প্রস্তাব' (১৮৫৫) পুস্তিকাসহ এমন বহু গ্রন্থ রচনা করে গেছেন, যেগুলো শতবর্ষ পরেও হিন্দু নারীদের জন্য রক্ষাকবচ হয়ে আছে। সাহিত্যের শক্তি এখানেই। মীর মশাররফ হোসেনের বিষাদ-সিন্ধু। প্রথম দুজনের সাহিত্যকর্ম হিন্দু সমাজের বিপুল পরিবর্তন এনেছে, শেষোক্তজনের সাহিত্যকর্ম মুসলিম সমাজের বিশ্বাসকে পর্যন্ত নাড়িয়ে দিয়েছে। বিষাদ-সিন্ধু পাঠে বাঙালি মুসলমান সমাজ ইতিহাসের সত্য থেকে দূরে সরে আসতে প্ররোচিত হয়েছে। বিষাদ-সিন্ধুর পাঠক বাঙালি মুসলমানের কাছে হজরত মোহাম্মদ (সা.)-এর নাতি ঈমাম হাসান ও ঈমাম হোসেন নির্দোষ মুসলমান, আর এজিদ কাফের হিসেবেই পরিগণিত। অথচ ইতিহাসের পাঠক মাত্রই জানেন, এজিদ হলেন হজরত মোহাম্মদ (সা.)-এর প্রিয় সাহাবি হজরত মুয়াবিয়ার সন্তান। অর্থাৎ ঈমাম হাসান ঈমাম হোসেনের মতোই এজিদও মুসলমান। কিন্তু মীর-মানসে এজিদ হয়ে গেলেন কাফের।  আর তাঁর পাঠককুলও সেই বিশ্বাসে বিশ্বাসী হলেন।  কালের যাত্রায় আজও সেই বিশ্বাস থেকে মানুষের মনে অনড় হয়ে আছে।

সাহিত্যিককে লাভ-ক্ষতির হিসাব করতে হয় না। তার ধর্ম-কর্ম করে যাওয়া। কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস রচিত মহাভারতের কুরুক্ষেত্রে অর্জুনের উদ্দেশে শ্রীকৃষ্ণ বলেছিলেন, 'হে অর্জুন কর্ম করে যাও, ফলের আশা করো না।' অর্থাৎ রণভূমিতে বীরের ধর্ম হলো যুদ্ধ করে যাওয়া। তার ফল কী হবে, তা নিয়ে চিন্তিত হওয়া বীরের ধর্ম নয়। ফল পূর্ব-নির্ধারিত। যুদ্ধে জয়লাভ করলে কাঙ্ক্ষিত রাজ্য কিংবা রাজত্ব কিংবা সিংহাসন অথবা অন্য যে-কোনো বস্তু লাভ হবে। আর হেরে গেলে মৃত্যু কিংবা দাসত্বের শৃঙ্খল পরতে হবে। অর্জুনের উদ্দেশ্যে শ্রীকৃষ্ণ যা বলেছেন, তা আজকের সাহিত্যিকদের জন্যও পালনীয়।  তাঁদের দায়িত্ব হলো- কর্ম করে যাওয়া। সেই কর্ম সমাজের কল্যাণের স্বার্থে, মঙ্গলের স্বার্থে। এই প্রসঙ্গে রবীন্দ্রনাথ ঠাকুরের উক্তি প্রণিধানযোগ্য। তিনি 'সাহিত্যের তাৎপর্য' শীর্ষক এক প্রবন্ধে বলেছেন, 'বিশ্বের নিশ্বাস আমাদের চিত্তবংশীর মধ্যে কি রাগিণী বাজাইতেছে সাহিত্য তাহাই স্পষ্ট করিয়া প্রকাশ করিবার চেষ্টা করিতেছে। সাহিত্য ব্যক্তিবিশেষের নহে, তাহা রচয়িতার নহে, তাহা দৈববাণী। বহিঃসৃষ্টি যেমন তাহার ভালোমন্দ তাহার অসম্পূর্ণতা লইয়া চিরদিন ব্যক্ত হইবার চেষ্টা করিতেছে, এই বাণীও তেমনি দেশে দেশে, ভাষায় ভাষায়, আমাদের অন্তর হইতে বাহির হইবার জন্য নিয়ত চেষ্টা করিতেছে।'[১]

রবীন্দ্রনাথ সাহিত্যকে মানবসৃষ্ট কর্ম বলে স্বীকার করেও তাকে দৈববাণী বলে উল্লেখ করেছেন। এর কারণ সম্ভবত এই- মানুষ যখন বিশ্বলোকের কল্যাণের চিন্তা করে, তখন তা আর ব্যক্তিবিশেষের চিন্তামাত্র থাকে না। তা হয়ে ওঠে সমষ্টির চিন্তা। আর সমষ্টির চিন্তা যিনি করেন, তিনি একক কোনো ব্যক্তিহৃদয়ের দাবিকে গুরুত্বপূর্ণ মনে করেন না। তিনি সমগ্র মানবজাতির কল্যাণচিন্তায় নিজেকে দায়িত্বপ্রাপ্ত সত্তা মনে করেন। ফলে তাঁর সাহিত্যকর্মও তখন আর ওই লেখকের নিজস্ব সম্পদে সীমাবদ্ধ থাকে না। একইসঙ্গে তাকে আর নিছকই মানবের বাণী বলেও তুচ্ছ করা যায় না। তা মানবমনের কথা হয়ে দৈববাণীর মর্যাদায় উন্নীত হয়।

জগৎ-সংসারে যারা বিশ্বাসী, বিশেষত ঐশীধর্মে যাদের গভীর-গভীরতর আস্থা রয়েছে– তাঁরা দৈববাণীতেই আস্থা রাখেন সন্দেহাতীতভাবে। তাঁদের সেই আস্থায় কোনো জড়পদার্থ কিংবা বিজ্ঞানের প্রমাণিত শক্তিও অনেক সময় চিড় ধরাতে পারে না। কারণ তারা বস্তুসত্যের প্রমাণ চান না, চিত্তে অনাবিল শান্তি কামনা করেন। ফলে তাঁদের কাছে যুক্তি ও বিজ্ঞানের চেয়ে চিত্তে শান্তিদায়ী অমিয়বাণীই বেশি গ্রহণযোগ্য হয়ে ওঠে। সম্ভবত এ কারণে রবীন্দ্রনাথ সাহিত্যকর্মকে ঐশীবাণী বলে উল্লেখ করেছেন। ফলে ঐশীবাণীতে আস্থাবানরা যেমন ঐশীবাণী অনুযায়ী নিজ-নিজ কর্মপন্থা তৈরি করতো, তেমনি সাহিত্যে অনুপ্রাণিতরাও সমাজ পরিবর্তনে ভূমিকা রাখতে পারে।

সাহিত্য সমাজকে যা দেয়, তা সাদা চোখে দেখা যায় না। তার জন্য দর্শককে পূর্বাপর ঘটনার পরম্পরা বিচার করতে জানতে হয়। যে সময়কালে দাঁড়িয়ে প্রশ্নকর্তা প্রশ্ন ছুড়ে দিচ্ছেন, সেই সময়ে একযুগ আগে তাঁর সমাজব্যবস্থা কেমন ছিল, ওই সময়ের সাহিত্যিকর্মে সমাজ পরিবর্তনের অঙ্গীকার কতটা প্রকাশিত হয়েছিল, তার সঙ্গে উপস্থিত কালের পরিবর্তন কতটুকু হয়েছে, তা বিশ্লেষণ করলেই প্রমাণ পাওয়া যাবে। এই প্রসঙ্গে বিশেষভাবে উল্লেখ করা যায়, 'সহমরণপ্রথা বিলোপ', 'বিধবাবিবাহ প্রবর্তন আন্দোলন', 'বাল্যবিবাহ নিরোধ', 'যৌতুকবিরোধী আন্দোলন', 'অ্যাসিডবিরোধী সমাজসচেতনমূলক আন্দোলন' ভিত্তিক প্রবন্ধ- উপন্যাস-গল্প-কবিতা-নাটক-সিনেমা-গানের কথা। সমাজ থেকে সহমরণ প্রথা বিলুপ্ত হয়েছে রাজা রামমোহন রায়ের প্রচেষ্টায়। তিনি একের পর এক প্রবন্ধ রচনা করে সহমরণ-প্রথা অ-শাস্ত্রীয় ও অমানবিক-নিষ্ঠুরতা তা প্রমাণ করেছেন। তিনি প্রবন্ধ রচনার মাধ্যমেই সহমরণ বিরোধী সামাজিক আন্দোলন গড়ে তুলতে সক্ষম হয়েছিলেন। আমাদের মনে রাখতে হবে, সহমরণের মতো নিষ্ঠুর-অমানবিক প্রথা বিলুপ্তির জন্য কোনো রাজনৈতিক ব্যক্তি, সমাজপতি কিংবা ধর্মবেত্তারা এগিয়ে আসেননি। হিন্দু বিধবাদের জীবনদানে এগিয়ে এসেছিলেন একজন সাহিত্যিক।

হিন্দু বিধবাদের জীবনদানের কাজটি রাজা রামমোহন রায় করার পর তাদের পুনঃবিয়ের পথে এগিয়ে এসেছেন আরেক সাহিত্যিক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। 'রাজা রামমোহন রায় নবজীবন দেওয়ার পর বিধবার জীবনকে নতুন করে রাঙিয়ে দেওয়ার আন্দোলনে ব্রতী হন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। শেষোক্তজনের কাজ অনেক কঠিন, দায়িত্বপূর্ণ সরাসরি প্রচলিত সমাজরীতি বিরুদ্ধে ছিল। তবু ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ছিলেন স্বীয় পরিকল্পনায়-সিদ্ধান্তে অনড়-অবিচল। তাঁর এই আন্দোলনের প্রভাব সমাজ ও ব্যক্তিজীবনে যেমন পড়ে, তেমনি সাহিত্যজগতেও বিপুল আলোড়ন তোলে। তাঁর সমসাময়িকরা তো বটেই, পরবর্তীকালের সাহিত্যিকরাও বিধবাবিবাহ নিয়ে প্রবন্ধ, নিবন্ধ, ছোটগল্প ও উপন্যাসে পক্ষে-বিপক্ষে তুমুল বিতর্কের ঝড় তুলেছিলেন।'[২]

সমাজের এত বড় দুটি পরিবর্তন সাধিত হয়েছে দুই মহান সাহিত্যিকের প্রাণপণ প্রচেষ্টার ফলে। সেখানে রাজনীতিবিদ, ধর্মবেত্তারা কোনো সহযোগিতা করেননি। উপরন্তু তারা পাহাড় সমান বাধা হয়ে

দাঁড়িয়েছিলেন– এই ইতিহাস আজ জ্বলন্ত সত্য।

এত বড় দুটি প্রমাণ উপস্থিত করার পরও যারা বলবেন, সাহিত্যচর্চা করে কী হয়– তাঁদের সামনে পাল্টা প্রশ্ন ছোঁড়া হবে– ভাত-মাছ-মাংস-সবজি ক্ষুধার্তের পেট ভরে। পানি তৃষ্ণা মেটায়। কিন্তু হাওয়া কি খেতে পারা যায়, না পান করা যায়? হাওয়া কি ধরা যায়, না ছোঁয়া যায়? তবু খাদ্য না খেয়েও মানুষ দিনের পর দিন বাঁচতে পারে, কিন্তু হাওয়া ভিন্ন কয়েকমুহূর্তও বাঁচা সম্ভব নয়। হাওয়া দৃশ্যমান কোনো উপকার করে না সত্য, তার উপস্থিতিও জানান দেয় না, এও সত্য। প্রকৃত সত্য ভিন্ন। তাহলো হাওয়ার অভাবে মানুষ তো বটেই, কোনো প্রাণী এমনকি জীবও বাঁচতে পারে না। তেমনি মানবজাতির আরোও আরোও কর্মের ভিড়ে সাহিত্যও দৃশ্যের আড়ালে থেকে নিরন্তর মানবকল্যাণের কাজটি করে যায়। যুগে-যুগে ভেতরে ভেতরে সাহিত্য সমাজের বিপুল পরিবর্তনে ভূমিকা রাখে। কখনো সেই ভূমিকা প্রচ্ছন্নভাবে, কখনো প্রকটভাবে। যিনি সমাজ পরিবর্তনে সাহিত্যের ভূমিকা অস্বীকার করবেন, তিনি হয়তো হাওয়া থেকে অক্সিজেন গ্রহণ করেন বলে মানেন না। নয়তো জানেন না। তাই সাহিত্যের সামাজিক মূল্যও স্বীকার করেন না।

এই প্রসঙ্গে জীবেন্দু রায়ের উক্তি স্মরণ করা যাক। তিনি 'সমাজ পরিবর্তনে সাহিত্যের ভূমিকা' শীর্ষক প্রবন্ধে বলেছেন, '[...] জীবনই সেখানে প্রকাশ পাবে তার প্রকৃতি এবং সম্ভাব্য ভবিষ্যৎ সমেত, তবে কলা বা শিল্পের অনুশাসন মেনে তথা রসসৃষ্টিকেই প্রাথমিক লক্ষ্য হিসেবে স্বীকার করে।'[৩] এ বলেই তিনি থামেননি।

সমাজ পরিবর্তনে সাহিত্যের নিয়ামকগুলো কার্যকরী ভূমিকা প্রসঙ্গে আরও স্পষ্ট করে জীবেন্দু রায় ওই প্রবন্ধে বলেছেন, 'এটুকু অনুশাসন মেনে নিলে সমাজপরিবর্তনে বা জীবনের বাঞ্ছিত রূপের চিত্রায়ণে সাহিত্যের সদর্থক ভূমিকা থেকেই যায়। 'সমাজ পরিবর্তন' বলতে বিপ্লব বা আধুনিক নিয়মতান্ত্রিক রাজনীতির চেষ্টা বা প্রতিশ্রুতি নয়, মানুষের মনের নতুন কালের উপযোগী নির্মাণের উদ্যোগ-প্রত্যক্ষ বা পরোক্ষভাবে। সাহিত্যের বিষয়বস্তু সেই পরিবর্তনের দায়িত্ব জীবনের ধর্মেই গোচরে অথবা অগোচরে নেয়। বঙ্কিমের 'বিষবৃক্ষ' বা 'কৃষ্ণকান্তের উইল'- এর পর 'নষ্টনীড়' বা 'চোখের বালি'-র সমাজ মন আর অতটা অনড় থাকেনি।'[৪]

শতবর্ষ আগে সমাজ পরিবর্তনে সাহিত্যের ভূমিকা আজ প্রমাণিত। বিশেষত বাল্মিকী, কৃষ্ণদ্বৈপায়ন, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, রবীন্দ্রনাথ ঠাকুর ও মীর মশাররফ হোসেনে সাহিত্যকর্মের প্রভাব সমাজকে কতভাবে প্রভাবিত করেছে, তা নিয়ে আজ আর নতুন করে প্রশ্ন তোলার অবকাশ নেই। অতীতে যদি সমাজ পরিবর্তনে সাহিত্য ভূমিকা রাখতে পারে, বর্তমানেও পারবে। পারবে ভবিষ্যৎ-পৃথিবীর গতিপথ তৈরিতেও ভূমিকা রাখতে। এই প্রসঙ্গে 'সমাজ ও সাহিত্য' প্রবন্ধে আবদুল হক বলেছেন, 'এটা সুপ্রমাণিত যে, সাহিত্য কেবল পাঠককে আনন্দ দেয় না, তাঁকে প্রভাবিত করে, এবং সমাজকেও। কাব্য, নাটক ও কথাসাহিত্য সর্বদাই সমাজকে বিপুলভাবে প্রভাবিত করে এসেছে।'[৫]

এখানে আরেকটি বিষয় প্রাসঙ্গিক। একদা সমাজ পরিবর্তনে বিপুলভাবে ভূমিকা রাখতো ধর্ম। ধর্মপ্রবর্তকেরা সমাজ থেকে অধর্ম ও অন্যায়কে দূর করার জন্য যুগে যুগে নতুন নতুন বার্তা নিয়ে আসতেন। তাঁদের সেই বার্তা সমাজের ওপর বিপুলভাবে প্রভাব বিস্তার করতো। বর্তমান সময়ে সেই ধর্মীয় অবতারের আবির্ভাব আর হয় না। ফলে নতুন ধর্মের প্রবর্তন হয় না। সমাজ-সংস্কার ও সমাজ পরিবর্তনে সেই ভূমিকা

এখন পালন করেন সমাজচিন্তক ও সাহিত্যিকেরা। বিষয়টিকে পরিষ্কার করেছেন আবুল ফজল। 'সমাজ ও সাহিত্য' প্রবন্ধে তিনি বলেছেন, 'নবী আগমনের পথ বন্ধ গেছে চিরতরে, এখন নবীদের সামাজিক কর্তব্য এসে বর্তেছে শিল্পী-সাহিত্যিকদের ওপর। তাই নবীদের মতো তাঁদেরও থাকতে হয় চির-সচেতন আর দায়িত্বশীল। এক হিসেবে নবীদের চেয়ে লেখকদের সামাজিক দায়িত্ব অনেকগুণ বেড়ে গেছে, কারণ নবীদের আমলে সমাজ ছিল গণ্ডিবদ্ধ, ঐ সমাজের কর্মকাণ্ড আর ক্রিয়াকলাপ ছিল নিতান্ত সীমিত।'[৬]

এতক্ষণে মনে হয় সমাজ পরিবর্তনে সাহিত্যের ভূমিকার একটি পরিচয় পরিষ্কার হয়েছে। সাহিত্য ও সমাজের মধ্যে একটি যে-সম্পর্ক, তা দৃশ্যমান নয়; সম্পূর্ণই আত্মিক। আত্মা যেমন বাইরে থেকে দেখা যায়, স্পর্শেরও অতীত, কেবল অনুভব করা যায়; সমাজের ওপর সাহিত্যের ভূমিকাও তেমন। সমাজকে সাহিত্য সূর্যের আগুন দিয়ে পোড়ায় না, কিন্তু তেজ ও আলো দিয়ে দীপ্তিমান করে তোলে। সূর্য যেমন দূর থেকে সৌরজগৎকে বাঁচিয়ে রাখে, বৃক্ষ যেমন মাটির গভীরে তার শেকড়ের মাধ্যমে সঞ্জীবনী সংগ্রহ করে, সাহিত্যও তেমনি সমাজকে গভীরে থেকেই প্রাণবায়ু দিয়ে যায়।

আর অর্থনৈতিক লাভা-লাভের বিষয়টিও একেবারেই তুচ্ছ নয়। যিনি সাহিত্যচর্চা করেন, তিনি আর্থিকভাবেও কিছুটা লাভবান তো হন। আর শিক্ষাঙ্গনে যিনি সাহিত্যের শিক্ষকতা করেন, তিনিও সাহিত্য পড়িয়েই জীবিকা নির্বাহ করতে পারেন। ফলে সাহিত্যচর্চার আর্থিক মূল্য নেই, কথাটা খাটে না। এদিক থেকে দেখলে ব্যবসায়ীদের মতো সাহিত্যসেবীদেরও আর্থিক লাভের একটি দিক অবশ্যই আছে। পরন্তু মানসিক তৃপ্তি, খ্যাতি ও প্রতিপত্তিও রয়েছে। যা বাড়তি পাওনা। এর বাইরে একটি জরুরি কথা রয়েছে। শিল্প-সাহিত্যে যে দেশ ও জাতি যতটা উন্নত, তারা ততটাই সভ্য। একইসঙ্গে জ্ঞান-বিজ্ঞান ও শিক্ষাদীক্ষায় অগ্রগন্য। এরমধ্যে জার্মানি, ব্রিটেন, গ্রিস, ফ্রান্স, ইরান, রাশিয়া, জাপান ও ভারতের প্রসঙ্গ সবার আগে উল্লেখ করা যায়। এসব দেশের সাহিত্য যতটা উন্নত, জ্ঞান-বিজ্ঞানের অন্যান্য শাখায় ততটাই উন্নত। এর কারণে সাহিত্য এসব জাতিকে সুকুমারবৃত্তির উপকরণ জুগিয়েছে। চিন্তা ও কল্পনার সীমা প্রসারিত করেছে। ফলে তাঁদের কল্পনা-চিন্তার সঙ্গে প্রজ্ঞা ও অনুসন্ধিৎসাও বেড়েছে। বিপরীতে আফগানিস্তান, উত্তর কোরিয়া, মিয়ানমারসহ পৃথিবীর বহু দেশ আছে, যেসব দেশের সাহিত্য যত অবহেলিত, তাঁদের সভ্যতাও ততটাই পশ্চাৎপদ। তাঁরা ততটাই বর্বরতায় আচ্ছন্ন।

**তথ্যসূত্র**

১. রবীন্দ্রনাথ ঠাকুর, প্রবন্ধ সমগ্র, সময় প্রকাশন, ঢাকা, ২০১৫, পৃ. ৪১১

২. মোহাম্মদ নূরুল হক, বাংলা উপন্যাসে বিধবা : বঙ্কিম-রবীন্দ্রনাথ-শরৎ, বাংলানামা, ঢাকা, ২০২৩, পৃ. ৯

৩. হীরেন চট্টোপাধ্যায় ও কৃষ্ণগোপাল রায় সম্পা., সাহিত্য-প্রবন্ধঃ প্রবন্ধ-সাহিত্য, বঙ্গীয় সাহিত্য সংসদ, কলকাতা, ২০১৪, পৃ. ৯৯৬

৪. তদেব, পৃ. ৯৯৬

৫. আবদুল হক, শ্রেষ্ঠ প্রবন্ধ, কথা প্রকাশ, ঢাকা, ২০১৫, পৃ. ১৭৬

৬. আবুল ফজল, শ্রেষ্ঠ প্রবন্ধ, কথা প্রকাশ, ঢাকা, ২০১৭, পৃ. ৮৫

# অনুবাদ

# সুখী কর্মী ও সমৃদ্ধ প্রতিষ্ঠান: পর্যবেক্ষণ

অনুবাদ : মো. আল-আমীন
মূল : অ্যানি ম্যাকি

অধিকাংশ কর্মজীবীর ধারণা, কর্মক্ষেত্রে সফলতার সাথে কর্মক্ষেত্রে সুখী থাকার কোনো যোগ নেই। শুধু তাই নয়, তারা এটাও ভেবে থাকেন, সহকর্মীদের সাথে ভালো সম্পর্ক রক্ষা ও মূল্যবোধসমূহের বিনিময় খুব বেশি অর্থ বহন করে না। 'কাজ কিংবা কর্মক্ষেত্র ব্যক্তিগত গণ্ডি বহির্ভূত'– এই চিন্তাই কাজ করে তাদের মস্তিষ্কে; যা খুবই অনর্থক এবং বিধ্বংসী ভাবনা।

এই বিষয়ে আমার গবেষণা বিদ্যমান; যাতে অন্তর্ভূক্ত আছে কয়েক ডজন কোম্পানির শতাধিক মানুষ। গবেষণাটি সম্পাদনে নিউরোসায়েন্টিস্ট রিচার্ড ডেভিডসন এবং ভি.এস রামচন্দ্র এবং বিশিষ্ট পণ্ডিত শ্যান আচোর যুক্ত ছিলেন। তারা সকলেই একটি সহজ বিষয় তুলে ধরেছেন; আর তা হলো– সুখী মানুষই উত্তম কর্মী। যে সকল কর্মজীবী তাদের কাজের সাথে ও সহকর্মীদের সাথে অনেক বেশি সম্পৃক্ত তারা অনেক বেশি দক্ষতা অর্জন করে। কেবল তাই নয়, তারা অনেক বেশি পরিশ্রমও করতে সক্ষম। তথাপি, উল্লেখযোগ্য সংখ্যক মানুষকে এই ভাবনার সাথে যুক্ত করা যায়নি। ২০১৩ সালের সোবারিং গ্যালাপ এর তথ্যানুসারে, মার্কিন যুক্তরাষ্ট্রের মাত্র ৩০ শতাংশ কর্মী এই ধারণাকে নিজের মধ্যে ধারণ করেন। খুব কম সংখ্যক মানুষ সত্যিকারার্থে তাদের কর্মক্ষেত্রের প্রতি 'বুদ্ধিবৃত্তিক ও আবেগীয় দৃষ্টিকোণ থেকে অঙ্গীকারবদ্ধ'। এর চেয়ে ভয়ানক ব্যাপার, চারপাশে কী ঘটছে তা নিয়ে অধিকাংশেরই কোনো ভ্রূক্ষেপ নেই। তাদের জন্য, বুধবার সপ্তাহের মাঝামাঝি একটি দিন এবং তারা সকলেই শুক্রবারের জন্য অধীর আগ্রহে থাকেন। প্রতি পাঁচজনের একজন তাদের কর্মক্ষেত্রে সরাসরি সম্পৃক্তিবোধ করেন না– এমন তথ্যও গ্যালাপ রিপোর্টে স্পষ্টরূপে বিবৃত আছে। এসকল ব্যক্তিরা কর্মক্ষেত্রকে ক্রমশ বিনাশ করেন, সহকর্মীদের অগ্রগতি নষ্ট করেন এবং স্বভাবতই এদের মাধ্যমে স্ব স্ব কর্মক্ষেত্র ধ্বংসক্ষেত্রে পরিণত হয়।

দ্য গ্যালাপ রিপোর্ট অনুসারে, অর্থনৈতিক ব্যবস্থার উত্থান-পতন ব্যতীত কর্মীদের এই অবস্থার উল্লেখযোগ্য উন্নতি সম্ভব হয়নি বহুবছর যাবৎ। ভীতিকর ব্যাপার হলো, কর্মীরা কর্মক্ষেত্রে নিবেদিত নয় এবং বহুবছর যাবৎ তারা কর্মক্ষেত্রে যুক্ত ছিলোই না।

বিচ্ছিন্ন, অসুখী মানুষ কখনোই কাজে আনন্দ খুঁজে পায় না; যার ফলে কর্মক্ষেত্রগুলোতে খুব বেশি মূল্যমানও যুক্ত হয় না। তারা আমাদের কর্মক্ষেত্রগুলোতে (বিশেষত অর্থনীতিতে) গুরুত্বপূর্ণভাবে নেতিবাচক প্রভাব বিস্তার করে চলেছে। পরিস্থিতি আরও বিপজ্জনক হয়ে ওঠে যখন নেতৃত্বে থাকা ব্যক্তিগণ বিচ্ছিন্নতা ধারণ করে এবং তাদের নেতিবাচক মনোভাব দ্বারা সাধারণ কর্মীদের সংক্রমিত করেন। তাদের আবেগ এবং মনোভাব অন্যদের অনুভূতি ও কর্মদক্ষতায় ব্যাপকভাবে সংক্রমিত হয়। সর্বোপরি বিচার্য যে, চিন্তা ও চিন্তার কৌশলের আমাদের অনুভূতির সাথে সরাসরি যোগ আছে। অন্যভাবে বললে, চিন্তা অনুভূতিতে অনুরণন সৃষ্টি করে এবং অনুভূতি নিয়ন্ত্রণ করে আমাদের চিন্তাজগৎ।

ব্যক্তিগত অনুভূতি কর্মক্ষেত্রে কোনো ভূমিকা পালন করে না, এই পরাবাস্তব চিন্তা ছুঁড়ে ফেলার এখনই উত্তম সময়। এক্ষেত্রে বিজ্ঞানেরও সায় পাওয়া যাবে। বিজ্ঞান বলছে, অনুভূতি, চিন্তা আর কর্মের মধ্যে সরাসরি যোগাযোগ বিদ্যমান। আমাদের মধ্যে যখন নেতিবাচক অনুভূতিগুলো প্রবলভাবে কাজ করে তখন

এক অর্থে আমাদের মাঝে অন্ধত্ব ক্রিয়াশীল হয়। আমরা অধিকাংশ সময়ই কষ্টের উৎসের প্রতি দৃষ্টিপাত করতে অভ্যস্ত। প্রাপ্ত তথ্যগুলোকে ঠিকঠাক বিশ্লেষণ করি না, সৃজনশীল চিন্তা করি না; এমনকি আমরা ভালো সিদ্ধান্তসমূহও গ্রহণ করতে পারি না। হতাশা, ক্রোধ বা রাগ এবং পীড়ন গুরুত্বপূর্ণ প্রভাবকের ভূমিকা পালন করে এবং আমাদের পুরোদস্তুর থামিয়ে দেয়। বিচ্ছিন্ন হয়ে পড়ার এই যে প্রবণতা তা উৎপন্ন হয় নেতিবাচক অনুভূতি ধারণ করার মাধ্যমে এবং স্নায়ুবিক ও মনস্তাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে তখন এটা খুব সহজাত ব্যাপার হয়ে দাঁড়ায়।

কেবল নেতিবাচক অনুভূতিসমূহই যে ক্ষতিকর প্রভাব ফেলে তা নয়, অতিমাত্রায় ইতিবাচক মনোভাবও একই রকম নেতিবাচক প্রভাবকের ভূমিকা পালন করে। কিছু কিছু গবেষণায় দেখা গেছে, অতিরিক্ত সুখানভূতি সৃজনশীলতা বিনষ্টের পাশাপাশি ঝুঁকিপূর্ণ মনোভাবকে ত্বরান্বিত করে (বিষয়টি প্রেমে পড়ার ক্ষেত্রে আমরা যেমন বোকার মতো আচরণ করি ঠিক তেমনই)। অনেকে কাজের ক্ষেত্রে অনেক বেশি উন্মত্ততা প্রদর্শন করেন এবং সাহসিকতাকে অনেক বেশি ধারণ করেন। এসব ক্ষেত্রে খুব কমই শিক্ষার্জন কিংবা উদ্ভাবনের সুযোগ সৃষ্টি হয়। এ ধরনের মাদকতা অনেক বেশি সংকট সৃষ্টি করে।

যদি আমরা ধরে নেই যে, কর্মক্ষেত্রে আমার অনুভূতি গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচিত হওয়া আবশ্যক তাহলে কর্মীদের সম্পৃক্ততা বৃদ্ধিতে এবং কর্মদক্ষতা উন্নয়নে কি করা প্রয়োজন সেটা আলোচনাও খুব দরকার।

গত কয়েক বছরে টেলোস লিডারশিপ ইন্সটিটিউটের গবেষণা দল এবং আমি ডজনেরও বেশি প্রতিষ্ঠান ও হাজারেরও বেশি মানুষের সাক্ষাৎকার গ্রহণ করেছি। প্রাথমিক অবস্থায় প্রতীয়মান হয় যে, অনুভূতিধারণ ও সম্পৃক্ততার ধরনে যোগসূত্রতা খুবই চিত্তাকর্ষক হিসেবে উঠে এসেছে। তাদের ভাষ্যানুযায়ী, কর্মীদের প্রত্যাশা ও প্রয়োজনের মাঝে অবিশ্বাস্যরকম সাদৃশ্য রয়েছে। এক্ষেত্রে তাদের অবস্থান, কর্মক্ষেত্র কিংবা দক্ষতায় নির্বিশেষ একইরকম মনোভাব ক্রিয়াশীল থাকে। আমরা প্রায়শই ভেবে থাকি যে, শিল্পকারখানা ও বহির্বিশ্বের মাঝে বিস্তার তফাৎ বিদ্যমান কিন্তু গবেষণায় প্রাপ্ত ফল এই ধারণার পরিপন্থি ভাষ্যই আমাদের সামনে উপস্থাপন করে।

পুরোদস্তুর সম্পৃক্ত করতে কিংবা কর্মীদের সুখে রাখতে নিম্নোক্ত তিনটি বিষয়ে মনোযোগী হওয়া আবশ্যক:

১. ভবিষ্যতের যথার্থ রূপরেখা: গবেষণাকর্মে আমরা যাদের সাথে কথা বলেছি তারা অধিকাংশই কর্মক্ষেত্রের প্রাতিষ্ঠানিক প্রাপ্তি ও অপ্রাপ্তির সমীকরণ সামনে এনেছেন এবং প্রত্যেকেই প্রাতিষ্ঠানিক রূপরেখোর ওপর গুরুত্বারোপ করেছেন। কর্মীগণ ভবিষ্যতকে বাস্তবায়নের সক্ষমতা অর্জন করতে চায় এবং সেই অনুযায়ী নির্মাণ করতে চায় কর্মপন্থা।

দুঃখজনক হলেও সত্য, অনেক প্রতিষ্ঠানের নেতৃবৃন্দ তাদের ভবিষ্যত পরিকল্পনা কর্মীদের কাছে উন্মুক্ত করেন না, যার ফলে কর্মীর ব্যক্তিগত ভবিষ্যত-ভাবনার সাথে একটি বিচ্ছিন্নতা তৈরি হয় এবং একসময় এই কর্মীগণ খুবই হতাশায় নিমজ্জিত হন।

২. উদ্দেশ্যসমূহের যথার্থতা: কর্মীগণ সবসময় ভাবতে স্বাচ্ছন্দ্যবোধ করেন যে, তাদের কাজ প্রতিষ্ঠানের জন্য গুরুত্বপূর্ণ এবং তাদের অবদানেই প্রতিষ্ঠান তার অভীষ্ট লক্ষ্য অর্জন করবে। অনেকক্ষেত্রে শুধুমাত্র টাকা-পয়সা তাদের যথার্থতা নির্দেশ করতে পারে না কিংবা অনেকক্ষেত্রে সম্পৃক্তও করতে পারে না। সকল কর্মীই তার কর্মস্থলকে জানতে চায়, তারা যে কাজ করছে এটার প্রাতিষ্ঠানিক মূল্যায়ন বা প্রশংসাও অনেক ক্ষেত্রে গুরুত্বপূর্ণ।

৩. তাৎপর্যপূর্ণ আন্তঃসম্পর্ক: এটা ধারণাই করা হয় যে, মানুষ কোথাও যোগদান করছে তার অর্থ হলো সে একজন বসের অধীনে জীবন শুরু করলো। বসের সাথে আন্তরিকতাবর্জিত সম্পর্ক খুবই যন্ত্রণাদায়ক। সহকর্মীদের সাথে এরূপ সম্পর্ক তো কখনোই সুখকর নয়। দলগতভাবে কাজ করার ইচ্ছাধারণ ও মানসিক অবস্থার উত্তরণে একটি প্রতিষ্ঠানের নেতৃত্ব, ব্যবস্থাপনা পর্ষদ ও কর্মীদের মাঝে সৌহার্দপূর্ণ, বিশ্বস্ত ও গভীর সম্পর্ক খুবই আবশ্যক বলে আমাদেরকে অনেক প্রতিষ্ঠান জানিয়েছে।

প্রসঙ্গত, বুদ্ধিমত্তা ও প্রাতিষ্ঠানিক গবেষণা প্রকৃতপক্ষে পুরাতন এবং জরাজীর্ণ সব ধারণার স্বরূপ উন্মোচন করছে: কর্মক্ষেত্রে অনুভূতি খুবই গুরুত্বপূর্ণ অনুষঙ্গ। সুখী থাকাও গুরুত্বপূর্ণ বিষয়। পুরোপুরি নিবেদিত থাকতে কর্মীর পাশাপাশি কর্মক্ষেত্রেরও দূরদর্শী ভাবনা, প্রাসঙ্গিক কর্মপরিকল্পনা, উদ্দেশ্যসমূহ সুনির্দিষ্টকরণ এবং পারস্পারিক সম্পর্কোন্নয়ন খুবই দরকার।

উন্নততর সম্পর্ক নির্মাণে আমাদের সকলকে (কর্মী ও নিয়োগকর্তা) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। নেতৃত্বদানকারী ব্যক্তিদের কর্মের সুষ্ঠু পরিবেশ সৃষ্টিতে কাজ করা প্রয়োজন। এটা খুবই সাবলীল হওয়া প্রয়োজন এবং একইসাথে বাস্তবতাকে সমীকৃত করতে প্রভাবিত করবে বলেই বিশ্বাস। যদি আপনি কর্মীদের মাঝে কর্মস্পৃহা বাড়াতে চান তো তাদের চিন্তাকে গুরুত্ব দিন, দূরদর্শী স্বপ্নকে সম্মান করুন এবং সর্বোপরি সার্বিক কল্যাণকে ত্বরান্বিত করতে কর্মীদের কাজের স্বীকৃতি দিন। এর ফলে অন্য কর্মীরাও নিজেদের অধিকতর সম্পৃক্ত করে কাজে মনোনিবেশ করবে এবং প্রতিষ্ঠান 'সফল ও সার্থক' দলগত প্রচেষ্টারূপে প্রতিষ্ঠা লাভ করবে।

# ধর্মীয় রচনা



# দুর্ব্যবহার

মো. মিনহাজুল ইসলাম
৬১তম ব্যাচ, ব্যবসায় প্রশাসন বিভাগ

মানুষ নামাজ রোজা তাসবিহ তাহলিল দোয়া দরুদের ব্যাপারে যতটা যত্নবান, মানুষের সঙ্গে আচার-আচরণের ব্যাপারে ততটা যত্নবান নন আচরণের মধ্যে সওয়াবের গন্ধও খুঁজে পায় না। আর দুর্ব্যবহার করলে যে পাপ হয়ে যায় তাও অনুভব করেন না।

দুর্ব্যবহার কী?

দুর্ব্যবহার হলো এমন এক আচরণ বা কর্ম যার মাধ্যমে স্রষ্টার কোন সৃষ্টি কষ্ট পায়। দুর্ব্যবহার শুধু কটু ভাষার মধ্যে সীমাবদ্ধ নয়। আকার-ইঙ্গিতে কথায়-আচরণে কাউকে কষ্ট দেয়া বা হাত দিয়ে কাউকে প্রহার করা বা কাউকে তার প্রাপ্য সম্মান-স্নেহ বা যত্ন থেকে বঞ্চিত করা, আদর-যত্নে বৈষম্য করা বা আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধবের সঙ্গে কথাবার্তা বন্ধ রাখাও দুর্ব্যবহার। এছাড়া গাছপালা পশুপাখি জীবজন্তুকে কষ্ট দেওয়াও দুর্ব্যবহার।

'আল্লাহর কাছে সর্বাধিক নিকৃষ্ট জঘন্য হল ঝগড়াটে লোকগুলো যারা ন্যায় ও সত্যের শত্রু' (বোখারি শরিফ ২৫৬৯, তিরমিজি ৪৩০০)। অর্থাৎ যে যত দুর্ব্যবহার করবে, ঝগড়া-ফ্যাসাদ করবে সে আল্লাহর ঘৃণার পাত্রে রূপান্তরিত হবে। যদিও নামাজ পড়তে পড়তে তার কপালে দাগ পড়ে গেছে বা রোজা রাখতে রাখতে সে কৃশ হয়ে গেছে, বা হজ ও উমরাতে দৌঁড়াতে দৌঁড়াতে হাজি পদবি তার রক্তে মাংসে মিশে গেছে।

কি কি কাজ করলে কত লাখ নেকি হবে, কী কী কাজ করলে সহজে বেহেশতে যাওয়া যাবে তা বাঙালির মুখস্ত। নামাজে কত রাকাতে কত সওয়াব, রোজা রাখায় কত নেকি, মকবুল হজের কত সওয়াব, ওজুর পরে আকাশের দিকে তাকালে কত নেকি সব জানা আছে। শুধু জানা নাই নামাজের নেকি, রোজার বরকত কিভাবে নষ্ট হয়ে যায়, বা কি কি অপরাধ করলে জান্নাতের দরজা বন্ধ হয়ে যায়।

কল্পনা করুন একজন পরহেজগার নামাজি ভদ্রলোকের কথা যিনি সমাজে ভদ্র হিসেবে পরিচিত হলেও সন্তানের সাথে দুর্ব্যবহার করে, স্ত্রীকে ছোটলোকের বাচ্চা বলে গালি দেয়, শ্যালকের বউকে তার সন্তানকে যাদু টোনা করেছে বলে অপবাদ দেয়। তার পড়শি মদখোর সবার কাছে বলে বেড়ান। এভাবে তিনি প্রতিবেশীর গীবত করেছেন, ভদ্রলোক যখন কেয়ামতের ময়দানে নেকির পাহাড় নিয়ে হাজির হবেন তখন স্ত্রী, ছেলের বউ, প্রতিবেশী প্রতিপক্ষ হয়ে যাবে। স্ত্রী গুনে গুনে বলবে ৪০ বছরের দাম্পত্য জীবনে ৫০ হাজার বার দুর্ব্যবহার করেছেন, বিশ হাজার বার ছোটলোকের বাচ্চা বলে গালি দিয়েছেন, ত্রিশ বার গায়ে হাত তুলেছেন, শ্যালকের বউ নরম কণ্ঠে বলবে, হে আল্লাহ তুমি সাক্ষী আমি জাদু করি নাই। তবে উনি হাজার বার যাদু টোনার অপবাদ দিয়েছেন। প্রতিবেশী বলবে আমি তওবা করে ভালো হয়ে গেছি কিন্তু মদখোরের অপবাদ আমাকে ছাড়েনি। উনার বদনামের কারণে আমি আমার মেয়ের জন্য উপযুক্ত বর জোগাড় করতে পারি নাই। এক্ষেত্রে সবাই অভিযোগ জানাবে ও নেকি কেটে নিয়ে যাবে। কল্পনা করেন

কি নিদারুণ কষ্টের মধ্যে ওই ভদ্রলোক পড়ে যাবেন, যখন তার দুর্ব্যবহার এর কারণে সকল নেকি নিঃশেষ হয়ে যাবে।

সেজন্যই রসুলে আকরাম (স.) বলেছেন দুর্ব্যবহারের কারণে তার উম্মত কেয়ামতের দিন মারাত্মক বিপদের মধ্যে পড়বে। (আর্থিক ঋণ পরিশোধ করা যায় কিন্তু কথার ঋণ শোধ করা যায় না)

(কৃতজ্ঞতা ডা. আহামদ মরতুজা চৌধুরী)

# ভ্রমণ কাহিনি



# লাদাখ ডায়েরি


এনামুল হক নবীন

৫৫তম ব্যাচ, সিএসই বিভাগ


অক্টোবরের ১০ তারিখ, ঘড়িতে ঠিক সকাল ৯টা আর তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস। দিল্লি ইন্দিরা গান্ধী ইন্টারন্যাশনাল এয়ারপোর্টে ইমিগ্রেশন পর্ব শেষ করে বসে আছি ৩৯নং এন্ট্রি গেটে। ঠিক ১০.৪৫ মিনিটে স্পাইস জেটের একটি ফ্লাইটে চেপে বসি লাদাখের রাজধানী লেহ এর উদ্দেশ্যে। লাদাখ মূলত পৃথিবীর ছাদ এবং নিষিদ্ধ দেশখ্যাত তিব্বতের পূর্বদিকের ভারতের একটি কেন্দ্রশাসিত বিরল ও আধ্যাত্মিক অঞ্চল। এই এলাকার অধিবাসীরা ইন্দো-আর্য এবং তিব্বতী বংশোদ্ভূত। এরা মূলত লাদাখি ভাষা বা বোধি ভাষায় কথা বলে যা একটি তিব্বতি ভাষা। সেমিস্টার ফাইনাল পরবর্তী অবকাশ ভ্রমণ হিসেবে লাদাখকে বেছে নিয়েছি দুটি কারণে প্রথমত দীর্ঘ ৬ বছর পর আন্তর্জাতিক ট্রাভেলারদের জন্য লাদাখের সংরক্ষিত জায়গাগুলো অনুমতি সাপেক্ষে ভ্রমণের জন্য খুলে দেয়া হয়েছে আর দ্বিতীয় কারণ এই সময়ে আবহাওয়া আমার অনুকূলযোগ্য।

মেঘ আর স্বল্প নিচের সাদা আর ধূসর পাহাড়ের ভয়ংকর সৌন্দর্য দেখতে দেখতে ১২.৪৫ মিনিটে অবতরণ করি ভূপৃষ্ঠ থেকে ১২ হাজার ফিট উপরের নৈসর্গিক শহর লেহতে। এটি মূলত একটি সামরিক এয়ারপোর্ট তাই বিমান পার্কিং এর ব্যবস্থা নেই। বিমানগুলো কিছুক্ষণ বাদেই যাত্রী নিয়ে ফিরে যাবে দিল্লিতে। লেহ'তে তাপমাত্রা মাত্র ৮ ডিগ্রি সেলসিয়াস। তাই জ্যাকেট পড়ে আর ইমিগ্রেশন শেষ করে রওনা দিলাম লেহ সিটির হোটেলের উদ্দেশ্যে। উচ্চতার কারনে এখানে অক্সিজেন স্তর কিছুটা নিম্নমুখী তাছাড়া মোশন সিকনেস এর কারণে আমরা যারা সমতলে বসবাস করি তাদের এখানে সমস্যা দেখা দিতে পারে বিধায় প্রথমেই অক্সিজেন সিলিন্ডার এবং মেডিসিন কিনে নিই এবং সংরক্ষিত অঞ্চল ভ্রমণের জন্য লেহ ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বরাবর আবেদনপত্র জমা দিই। যাত্রাসঙ্গী হিসেবে ছিল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী অগ্রজ সদস্য প্রতিক-বর্ষা দম্পতি এবং রাজশাহী মেডিকেল কলেজের শিক্ষার্থী কনিষ্ঠ সদস্য নীরব।

যথারীতি পরের দিন চারজনই অনুমতি পেয়ে যাই। সারাদিন লেহ সিটি ট্যুর সম্পন্ন করে রাতে হোটেলে অবস্থান করি। বলাবাহুল্য, লেহতে রাতে তাপমাত্রা মাইনাস ১-৩ ডিগ্রি সেলসিয়াসে নেমে আসে। পরদিন সকালে ট্যুর এজেন্সি থেকে বুকিং করা গাড়ি হোটেলে চলে আসে। এবার যাত্রাসঙ্গী হিসেবে যুক্ত হয় ভদ্র এবং বিনয়ী আমেরিকান ট্রাভেলার ডা. নাতালিয়া। পাঁচ জনের দারুন একটি টিম নিয়ে প্রথমেই ছুটে চলি খারদুংলা পাসের দিকে। ভূপৃষ্ঠ থেকে ১৭,৯৮২ ফুট উচ্চতার খারদুংলা পাস বা গিরিপথ পৃথিবীর অন্যতম উঁচু হাইওয়ে এবং জনপ্রিয় পর্যটন কেন্দ্র। বিশ্বের উচ্চতম মোটর চালানোর যোগ্য পথ, এই গিরিপথেই। লাদাখের মনোমুগ্ধকর প্রাকৃতিক বৈচিত্র্যের অন্যতম সাক্ষী খারদুংলা পাস লে শহর থেকে ৪০ কিমি দূরে। খারদুংলা পাসকে নুব্রা ভ্যালির প্রবেশপথ বলা হয়। লে থেকে যেতে সময় লেগেছিল দুই ঘণ্টার মতো। গাড়ি থেকে নেমে অক্সিজেন স্বল্পতা অনুভব করেছি, বরফে ঢাকা এই খারদুংলা পাস জয় করা আমার

জীবনের একটা দারুণ ইচ্ছে ছিল। অবশেষে স্বপ্নকে গল্প করে ফেললাম।

কিছুসময় এখানে কাটিয়ে রওনা দিলাম লাদাখের রানী খ্যাত নুব্রা ভ্যালির উদ্দেশ্যে। ধূসর পাহাড় আর অপরূপ সৌন্দর্যের শহর নুব্রা ভ্যালি। ৬ ঘন্টার জার্নি শেষে পৌঁছে যাই নুব্রা ভ্যালির প্রধান আকর্ষণ ডিস্কিট বৌদ্ধমন্দিরে। পাহাড়ের উঁচুতে এর অবস্থান এখান থেকে গোটা শহরটা স্পষ্ট দেখা যায়। দর্শন শেষ করে দুপুরের খাবারটা সেরে নিই ডিস্কিট শহরেই। লাদাখে মূল সমস্যা খাবারে, কোনোভাবেই বাঙ্গালি খাবার নেই; সব তিব্বতিয় বা লাদাখি খাবার। আমাদের গোটা লাদাখে ভরসাই ছিল গমের রুটি আর সবজিতে। এই অঞ্চল সবজি বা গম কিংবা অন্যান্য খাবার উৎপাদনের জন্য অনুপযোগী তাই প্রতিবেলায় খাবারের জন্য চড়া মূল্য প্রদান করেছি। খাবার শেষ করে চলে যাই ভারতের একমাত্র শীতল মরুভূমি হান্টার ভ্যালিতে। বিকাল ৪.৩০টা নাগাদ মরুভূমিতে প্রবেশ করি তাপমাত্রা তখন মাত্র ২ ডিগ্রি সেলসিয়াস তুষারপাতের আভাস দিচ্ছে। এখানে চাইলেই উট সাফারি করার ব্যবস্থা রয়েছে। এখানকার উটগুলো বেশ আলাদা। উষ্ণ মরুভূমি রাজস্থানের থরে আমার উঠ সাফারির অভিজ্ঞতা রয়েছে তাই সহজেই আলাদা করা সম্ভব। রাতে হান্টার ভিলেজের একটি রিসোর্টে অবস্থান করি। হান্টার ভিলেজে রাতে তাপমাত্রা দাঁড়িয়েছিল মাত্র মাইনাস ১০ ডিগ্রি সেলসিয়াস।

পরদিন খুব সকালে রওনা দিই পৃথিবীর সর্ব উচ্চতায় অবস্থিত সল্ট লেক প্যাংগং লেকের উদ্দেশ্যে। যাত্রাপথে ভয়ংকর হাইওয়ে আর পাহাড়ি রাস্তার রোমাঞ্চকর অভিজ্ঞতা নিতে নিতে দীর্ঘ ৬ ঘন্টা পর পৌঁছে যাই ভারত এবং চীনকে বিভক্তকারী বিখ্যাত সল্ট লেক প্যাংগং-এ। প্রচন্ড ঠাণ্ডা আর নীল পানির ওপারে ধূসর পাহাড়ের দারুন সংমিশ্রণ। জীবন যেন এখানে দীর্ঘশ্বাস ফেলেই ভারমুক্ত হয়েছে এমন।

দুপুরের খাবারটা এখানে শেষ করে ছুটতে হবে রাজধানী লেহ এর পথে। দুপুর দুইটার আগে অবশ্যই বিপদজনক চ্যাংলা পাসকে পার হতে হবে নয়তো তুষারপাতে রাস্তা আটকে গেলে গাড়িতেই রাতটা কাটাতে হবে। দুদিন ধরে গাড়িতে উঁচু নিচু পাহাড়ি রাস্তায় ছুটছি তাই সবাই বেশ ক্লান্ত তাই এ ধরনের রিস্ক না নেয়াই উত্তম মনে করেছি। ঠিক দেড়টায় আমরা চ্যাংলা পাসে পৌঁছে যাই। ভূপৃষ্ঠ থেকে ১৭,৬৮৮ ফিট উচ্চতায় অবস্থিত চ্যাংলাতে নেমেই পেয়ে যাই কাঙ্ক্ষিত তুষারপাতের দেখা। প্রচন্ড ঠান্ডা সাথে তুষারপাত। আমরা পাঁচজনই দ্রুত স্থানটি পরিদর্শন করে গাড়িতে চেপে বসি। রাত নাগাদ পৌঁছে যাই লেহ হোটেলে। টানা দুদিন গাড়িতে ভয়ংকর রাস্তায় রোমাঞ্চকর জার্নির মধ্যদিয়ে লাদাখের সংরক্ষিত জায়গাগুলা পরিদর্শন করি এবং দুর্দান্ত সব অভিজ্ঞতা নিয়ে রাজধানী লেহতে নিরাপদে ফিরে আসি আলহামদুলিল্লাহ।

লেহ শহরে একদিনের বিশ্রাম নিয়ে পরদিন রওনা হই পৃথিবীর স্বর্গখ্যাত কাশ্মিরের উদ্দেশ্যে। লেহ এবং কাশ্মির রুটের লম্বা সফরেই জোজিলা পাসকে দেখার সৌভাগ্য হয়। তবে পাহাড় কেটে নতুন রাস্তা তৈরি হচ্ছে তাই হয়তো সুদূর ভবিষ্যতে এই উচু পাহাড় মানুষকে আর উঠতে হবে না। দীর্ঘ ১১ ঘন্টার জার্নি শেষে রাত ৮টায় কাশ্মিরের রাজধানী শ্রীনগরে পৌঁছে যাই। লেখনীতে শব্দের সীমাবদ্ধতার কারনে কাশ্মির ভ্রমণ নিয়ে বলার সুযোগ হচ্ছে না। কাশ্মির ভ্রমণ সম্পন্ন করে শ্রীনগর ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট থেকে এয়ার ইন্ডিয়ার একটি ফ্লাইটে ঢাকা হযরত শাহজালাল আন্তর্জাতিক এয়ারপোর্টে অবতরণ করি এবং আমার জীবনের অন্যতম সেরা ভ্রমণের সমাপ্তি করি।

# রম্যরচনা

# কাঁঠাল কাণ্ড

## রাকিব উদ্দিন [১১]

অনেকদিন বাড়ি যাই না। হবে হয়তো ছয় মাস বা তার চেয়ে কিছু বেশি। অনেকদিন থেকেই প্ল্যান ছিল ঈদের পরের দিন বাড়ি যাবো কিন্তু কিছু ব্যক্তিগত সমস্যা এবং অফিসের ছুটি কম হওয়াতে সে প্ল্যানটা প্ল্যানই থেকে গেল। যাই হোক একদিন অফিস করার পরে আবার দুই দিন ছুটি পেলাম, ভাবলাম এই দুই দিনে ঘুরে আসা যাক।

ফজরের নামাজ শেষে বের হলাম বাড়ির উদ্দেশ্যে, আমার পছন্দের বাহনে করে। কিছুদূর যেতে না যেতেই মনে হচ্ছে মোটরসাইকেলের ইঞ্জিনে কিছু একটা সমস্যা হয়েছে। যাই হোক নিয়ত যেহেতু করেছি বাড়ি যাবো, সমস্যা যাই হোক ইনশাল্লাহ বাড়িতে যাবোই। মাওয়া এক্সপ্রেস ওয়েতে ওঠার পর সমস্যা আরোও প্রকট আকার ধারণ করল। যতই এগোচ্ছি স্পিড ততো কমছে। পদ্মা ব্রিজ পার হলাম। এখন আমার মোটরসাইকেলের স্পিড ঘণ্টায় ১৬ কিলোমিটার। মানুষ হেঁটে হেঁটে আমার আগে চলে যাচ্ছে আর তারা কেমন যেন এক অস্বাভাবিক দৃষ্টিতে আমার দিকে তাকাচ্ছে। অসহায়ের মত পথ চলছি মাঝেমধ্যে কাউকে জিজ্ঞেস করছি, 'ভাই এখানে কোন মোটরসাইকেল এর গ্যারেজ আছে?'

তখন সম্ভবত সাতটা বাজে ওইভাবেই চলতে থাকলাম, তার মধ্যে আবার প্রথমে ঝিরিঝিরি বৃষ্টি তারপরে মুষলধারে, মনে হচ্ছে শেক্সপিয়ারের ওই লাইনটাই বাস্তবে পরিণত হচ্ছে 'Misfortune never comes alone.' সৃষ্টিকর্তাকে ডাকতে থাকলাম প্রাণভরে, দোয়া করলাম সর্বোচ্চ আকুতি নিয়ে, 'আল্লাহ কোনো ভাবে আমাকে বাড়ি পৌঁছায় দাও আর অলৌকিকভাবে আমার মোটরসাইকেলটা ঠিক করে দাও'। এইভাবে কাজিরহাট পর্যন্ত আসলাম। ব্রিজ পার হয়ে প্রায় এক ঘণ্টা বা তার কিছু বেশি সময় লেগেছে।

ভিজে পুরো কাক। এক চায়ের দোকানদারকে জিজ্ঞেস করলাম, 'ভাই, এখানে কোনো মোটরসাইকেলের মেকানিক আছে?' তিনি একটা দোকানের দিকে ইশারা করলেন। দোকান আছে, লোক নাই। কিছু দূরে এক লোক দাঁড়িয়ে রাস্তার পাশে সম্ভবত নাম্বার ওয়ান সেরে আসছে। চোখে মুখে এখনো ময়লা। লোকটা আসলে দোকানেই ঘুমিয়ে ছিল আর মাত্র ঘুম থেকে উঠলো। আমাকে দেখেই লোকটার মনে হচ্ছে একটু করুনা জাগ্রত হল। 'কি হয়েছে?' জিজ্ঞেস করার ধরন দেখে মনে হল এই লোকটা মনে হচ্ছে কাজটা করতে পারবে। আমিও সমস্যাটা একদমে বলে ফেললাম। প্রায় দুই ঘণ্টা চেষ্টা শেষে তিনি বাইকটি ঠিক করলেন এবং আমি উপরওয়ালার অপার করুনায় বাড়ি পৌঁছলাম।

পরের দিন সকাল। ঢাকায় ব্যাক করবো। সকাল থেকেই মা এবং ভাবী পরিকল্পনা করছে সর্বোচ্চ কয়টা কাঁঠাল ঢাকায় পাঠানো যায়। দুজনেরই এক দাবি, প্রতি গাছ থেকে সর্বনিম্ন একটা করে নিতেই হবে আর যেটির কাঁঠাল সবচেয়ে মজার তার থেকে দুইটা। যাই হোক সবশেষে মোট পাঁচটি কাঁঠাল ঢাকায় আনার ব্যাপারে সিদ্ধান্ত হলো। একা একা তো এতোগুলো কাঁঠাল মোটরসাইকেলে করে আনা সম্ভব না, সিদ্ধান্ত হলো আমার সাথে আমার ভাগ্নে জোনায়েদ ঢাকায় আসবে। দুটো বস্তায় চারটা কাঁঠাল ঢুকালাম আর মোটরসাইকেলের দুই পাশে বাধলাম। হচ্ছে না, এভাবে নেয়া সম্ভব না। আবার বস্তা খুললাম। চারটা থেকে বেস্ট দুটো আমার ব্যাকপ্যাকে ঢুকালাম আর একটা ফিমেল পাদানিতে বাধলাম। মনে মনে ভাবছি,

[১১] সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ

এই কাঁঠাল ঢাকায় নিয়েই ছাড়বো।

কিছুদূর আসলাম, পথিমধ্যে পাদানীর কাঁঠালটা খুলে গেল। আবার বাঁধলাম এবং কিছুদূর আসলাম আবার খুলে গেল। পুনরায় আবার বাঁধলাম, কিছুদূর আসলাম, খুলে গেল। এভাবে করে তিনবার। আশাহত হলাম। এটা কোনোভাবেই ঢাকায় নেয়া সম্ভব না। হাইওয়ের পাশে একটা বাড়ির সামনে বাইকটা পার্ক করলাম। বাড়ির ভেতরে একজন পুরুষ মানুষ ছিল। ডাকলাম। 'ভাই, একটু ঝামেলা হয়েছে আসবেন?' লোকটি সাত-পাঁচ না ভেবেই চলে আসলো। আমি বললাম, 'ভাই আমরা একটা বিপদে পড়েছি, এই কাঁঠালটা ঢাকায় নেয়ার জন্য বাড়ি থেকে নিয়ে আসছি। কিন্তু বারবার খুলে যাচ্ছে, আবার রাস্তায় ফেলে দিতে ভালো লাগছে না, আপনি যদি নিয়ে যেতেন কাঁঠালটা'। তিনি রাজি হলেন।

যাই হোক শেষমেষ দুটো কাঁঠাল নিয়ে ঢাকায় পৌঁছতে পেরেছি। পরের দিন সকালেই কাঁঠালের ঘ্রাণ জানান দিচ্ছে, সে পেকেছে। ভাঙলাম, কাঁঠালটা আসলেই খুব মজার ছিল। তার চেয়ে বড় ব্যাপার হলো আমাদের এই গাছের কাঁঠাল এর আগে আমি কখনোই খাইনি। মনে মনে ভাবলাম, এতো মজার কাঁঠাল আমার কলিগদের জন্য নিয়ে যাই। গতকাল ছিল মঙ্গলবার, ইউনিভার্সিটিতে নেওয়ার জন্য একটা কাঁঠাল ব্যাগেও ঢুকালাম আর কিছুক্ষণের মধ্যেই জানতে পারলাম খালু মারা গেছে, আজকে অফিসে আর যাওয়া হচ্ছে না।

আজ সকালে কাঁঠালটা চেক করলাম ঠিক আছে কিনা। সব ঠিক আছে। অফিসে নিয়ে আসলাম। এসে দেখি আরো দুজন কলিগ তাদের বাড়ি থেকে কাঁঠাল নিয়ে এসছে। কি একটা অবস্থা। যাই হোক প্ল্যান করা হলো সকালে একজনেরটা, দুপুরে একজনেরটা, আর বিকালে আরেকজনেরটা খাবে।

কিন্তু শেষমেষ আমার কাঁঠাল আমার কলিগদের আর খাওয়া হলো না। অন্যান্য ডিপার্টমেন্টের কলিগদের সাথে আমার একটা মিটিং ছিল ওইখানেই ওটা শেষ। যা অবস্থা তাতে মনে হচ্ছে আবার বাড়ি গিয়ে কাঁঠাল নিয়ে এসে আবার কলিগদের খাওয়াতে হবে।

তবে এটা নিশ্চিত, বাড়ি গিয়ে কাঁঠাল আনার এই ভয়ংকর রিস্ক আর নিব না।

# Photo Gallery

# PHOTO GALLERY



Honorable Members of the Board of Trustees with Vice Chancellor (acting) & Treasurer, Dean and Registrar at the Annual General Meeting 2024

Achievement in 2nd time Championship by PU students at Public Parliament Debate at ATN Bangla staged on February 9, 2024





A group photo during 'CSE Fest 2024' organized by the Department of CSE on March 7 and 8, 2024

# PHOTO GALLERY




Students of the Department of EEE visited the United Power Plant at Ashuhanj on November 28, 2024



Department of Civil Engineering organized a vibrant Fruit Festival on June 7, 2024



Department of Business Administration won the second runners-up position in an interuniversity Business Case Competition on April 28, 2024

# PHOTO GALLERY




Students of the Department of Law in a court visit program at the Court of District and Sessions Judge, Dhaka with their course teacher for January 17, 2024

Students with the Head of the Department at ‘Annual Picnic 2024’ organized by the Department of Bangla on November 1, 2024





Participants with the Faculty Members of the Department of English in ‘Extempore Speech Competition 2024 held on February 28, 2024

# PHOTO GALLERY




Mabia Momen, Lecturer of Education delivering a speech in a seminar on 'Teacher's Perception and Practice about Teaching' organized by the Department of Education on March 03, 2024




Prof. Dr. Fatima Velez de Castro, Coordinator, Faculty of Arts and Humanities, University of Coimbra, Portugal delivering a speech in a seminar on 'Climate Change Impacts and Cascading Effects on Emergency Response' Organized by Centre for Research, HRD and Publications, Prime University and Development for Peace (CDP)



A team of enrolled international students along with the Coordinator, the International Affairs Office met Prof. Dr. Abdur Rahman, Vice Chancellor (acting) and Treasurer of the University to discuss their experiences, academic concerns, and aspirations while studying at Prime University on December 04, 2024

# PRIME UNIVERSITY

Govt. & UGC Approved

*... a home for rendering prime knowledge*

## ADMISSION GOING ON

### Faculty of Business Studies

- Bachelor of Business Administration (BBA)
- Bachelor of Business Information System (BBIS)
- Master of Business Administration (MBA)

### Faculty of Arts & Social Science

- BA (Hons) in Bangla
- BA (Hons) in English
- Bachelor of Education (BEd)
- Master of Education (MEd)
- MA in English (ELT/Literature)

### Faculty of Engineering

- BSc in Civil Engineering
- BSc in Computer Science & Engineering (CSE)
- BSc in Electrical & Electronic Engineering (EEE)
- BSc in Electronics & Telecommunication Engineering (ETE)

### Faculty of IT

- BSc in Computer Science (CS)

### Faculty of Law

- Bachelor of Laws (Hons)
- Master of Laws (LLM-Regular)
- Master of Laws (Preli & Final)



**UP TO 100% TUITION FEE WAIVER**

### International Collaboration

Centurian University

### Financial Facilities & Features:

- Students with GPA-5.00 both SSC & HSC examinations shall get 100% tution fee waiver.
- The Children Freedom Fighters shall get tuition fee waiver as per government rules.
- Spouse and Sibling of existing students shall get 100% tuition fee waiver.
- Physically Challenged, Tribal, Cultural activists and Sports persons shall get up to 50% tuition fee waiver.
- Rich Library with UDL and E-Resources facilities, Credit transfer, Collaboration with International Universities.
- Friday and Evening Classes for Engineering (Diploma Hoder), MBA, LLM, Bed, MED, MA in English.
- Tuition fees payable in monthly installments.
- Hostel facility for the students.

## Contact:


114/116, Mazar Road, Mirpur-1, Dhaka-1216

Mobile: 01939-425030, 01710-996196, 01687-191986

E-mail: admission@primeuniversity.edu.bd, admission.primeuniversity@gmail.com

Website: www.primeuniversity.ac.bd, facebook.com/primevarsity




প্রাইম ইউনিভার্সিটি
PRIME UNIVERSITY
114/116, Mazar Road, Mirpur-1, Dhaka-1216, Bangladesh
Phone 0241002435, PABX 0241002432, Mobile: 01711-924210. Fax: 48038149
E-Mail: info@primeuniversity.edu.bd Website: www.primeuniversity.ac.bd
Follow us: